গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বার্ষিক প্রতিবেদন

## ২০২৪-২০২৫



## শিল্প মন্ত্রণালয়

# বার্ষিক প্রতিবেদন
## ২০২৪-২০২৫



## শিল্প মন্ত্রণালয়



**উপদেষ্টা**
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

শিল্প মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর ও সংস্থাগুলোর কার্যক্রমের তথ্যভিত্তিক বার্ষিক প্রতিবেদন ২০২৪-২০২৫ প্রকাশের উদ্যোগকে স্বাগত জানাই।

উন্নয়ন ও অগ্রগতির প্রতিটি ধাপে শিল্প খাতের অবদান অপরিসীম। বাংলাদেশের জাতীয় উন্নয়ন ও অগ্রগতির ক্ষেত্রে প্রতিষ্ঠালগ্ন থেকে শিল্প মন্ত্রণালয় শিল্পোন্নয়নের মাধ্যমে তাৎপর্যপূর্ণ অবদান রেখে চলেছে। বাংলাদেশকে একটি উন্নত রাষ্ট্রে পরিণত করার লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় স্টেকহোল্ডারদের জন্য প্রয়োজনীয় নীতি সহায়তা প্রদান করছে। ফলে দেশে নতুন নতুন উদ্যোক্তা, সরবরাহকারী, বাজারজাতকারী ও ব্যবসায়ী তৈরি হচ্ছে, যা সামগ্রিকভাবে বিপুল সংখ্যক মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করছে। বিনিয়োগকারীদের জন্য বিনিয়োগবান্ধব পরিবেশ সৃষ্টি, অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা, প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ এবং আর্থিক সুরক্ষার জন্য সামগ্রিক সহায়তা প্রদান করা হচ্ছে। শিল্প মন্ত্রণালয় হতে ইতোমধ্যে বিভিন্ন নীতি প্রণয়ন করা হয়েছে, যা আধুনিক শিল্প বিকাশে ব্যাপক ভূমিকা রাখবে।

আমি বিশ্বাস করি, দেশীয় উদ্যোক্তাদের বিকাশ, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের সম্প্রসারণ, আমদানি বিকল্প পণ্য উৎপাদন, রপ্তানি বৃদ্ধি, দক্ষ জনশক্তি ও কর্মসংস্থান সৃষ্টিতে দায়িত্বশীল ব্যবস্থাপনার সমন্বয়ে শিল্প এবং অর্থনীতিকে সমৃদ্ধ করার মাধ্যমে একটি টেকসই, আত্মনির্ভরশীল ও উন্নত বাংলাদেশ গড়ে তুলতে শিল্প মন্ত্রণালয়ের অগ্রণী ভূমিকা অব্যাহত থাকবে।

এই প্রতিবেদনে শিল্প মন্ত্রণালয়ের ২০২৪-২০২৫ অর্থবছরের সামগ্রিক কার্যক্রমের একটি সুস্পষ্ট চিত্র উপস্থাপিত হয়েছে, যা প্রশংসাযোগ্য । আমি শিল্প মন্ত্রণালয়ের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করছি। বার্ষিক প্রতিবেদন ২০২৪-২০২৫ এর প্রকাশনার সাথে সম্পৃক্ত সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

**(আদিলুর রহমান খান)**



**সচিব**
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাণী

স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন প্রতিষ্ঠায় মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সম্পাদিত কার্যক্রম এবং ভবিষ্যৎ পরিকল্পনা জনগণের নিকট তুলে ধরতে বার্ষিক প্রতিবেদন একটি গুরুত্বপূর্ণ দলিল। আমি এ বার্ষিক প্রতিবেদন প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে শিল্প খাতের ভূমিকা অপরিহার্য । শিল্পায়ন উচ্চতর প্রবৃদ্ধির প্রধান শর্ত। দেশের অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় সহায়ক ভূমিকা পালন করছে এবং প্রয়োজনীয় নীতি সহায়তা দিয়ে আসছে। শিল্পোন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে দেশব্যাপী পরিবেশবান্ধব শিল্পের দ্রুত বিকাশ, অভ্যন্তরীণ সম্পদের পূর্ণ ব্যবহার নিশ্চিতকরণ, শিল্পখাতে উদ্ভাবন ও গবেষণা জোরদারকরণ, দেশীয় প্রযুক্তির প্রসার, বিনিয়োগ ত্বরান্বিতকরণ, দক্ষ জনশক্তি ও উদ্যোক্তা তৈরি, বেসরকারি শিল্পখাতে প্রণোদনা, রাষ্ট্রায়ত্ত শিল্প কারখানাসমূহকে লোকসান হ্রাসকরণ ও লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তর, ক্ষুদ্র, কুটির ও গ্রামীণ শিল্পের বিকাশ, খাতভিত্তিক উৎপাদনশীলতা বৃদ্ধি, শ্রমঘন, রপ্তানিমুখী ও আমদানি বিকল্প শিল্পের প্রসার, পণ্যের গুণগতমানের উন্নয়ন, পণ্যে মূল্য সংযোজন এবং দেশের সব অঞ্চলে সুষমভাবে শিল্প প্রতিষ্ঠান স্থাপন করতে শিল্প মন্ত্রণালয় দৃঢ় প্রতিজ্ঞ।

২০২৪-২৫ অর্থবছরে শিল্প মন্ত্রণালয় কর্তৃক ১টি আইন ইংরেজিতে অনুবাদ, ২টি বিধিমালা ও ১টি প্রবিধানমালা প্রণয়ন করা হয়েছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচির ৬৮.৪১% বাস্তবায়ন, ২২.৫২ লক্ষ মে.টন লবণ উৎপাদন, ১১.২৮ লক্ষ মে.টন ইউরিয়া সার উৎপাদন, ৪৬১৮৭ মে.টন চিনি উৎপাদন, শিল্প পণ্যের গুনগত মান উন্নয়নের লক্ষ্যে ২৯০টি পণ্যের মান প্রণয়ন, মেধা সম্পদ সুরক্ষায় ২৪ টি পণ্যকে ভৌগোলিক নির্দেশক পণ্য হিসেবে নিবন্ধন, ১২টি প্রতিষ্ঠানকে নতুন এ্যাক্রেডিটেশন প্রদান করা সম্ভব হয়েছে। সাভারের সিইটিপিকে সর্বোচ্চ মনিটরিং ও ওভারহোলিং এর আওতায় আনয়নের ফলে ইফ্লুয়েন্টের মানমাত্রা পরিবেশ আইনে নির্ধারিত মান মাত্রার অনুরূপ মান ধরে রাখতে সক্ষম হয়েছে।

প্রথম বারের মতো কোরবানির চামড়া সংরক্ষণের লক্ষ্যে ১১৫৭১ মে.টন লবণ বিভিন্ন মসজিদ, মাদ্রাসা, এতিমখানা ও জনগণের মাঝে বিনামূল্যে বিতরণ করা হয়েছে। ডিপিডিটির অটোমেশনের লক্ষ্যে IPAS version 3.1.1 হতে IPAS version 4.0 উন্নীতকরণ, বিএসইসির দাপ্তরিক কাজে স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে Accounting, Payroll & Inventory Module তৈরি এবং বিটাক কর্তৃক স্টোর ম্যানেজমেন্টের জন্য ইনভেন্টরি সফটওয়্যার তৈরির কাজ সম্পন্ন হয়েছে। বাংলাদেশ জাহাজ পুনঃ প্রক্রিয়াজাতকরণ বোর্ডের (বিএসআরবি) দাপ্তরিক কার্যক্রম শুরু হয়েছে এবং এপর্যন্ত মোট ১৪টি ইয়ার্ড HKC Compliance অর্জন করেছে।

এছাড়াও ৪র্থ শিল্প বিপ্লবের অভিঘাত বিবেচনায় দক্ষ জনশক্তি তৈরি, পণ্যের গুণগত মানোন্নয়ন, পণ্যের প্রচার-প্রসার, পণ্য বৈচিত্র্যকরণ, ভেজাল প্রতিরোধ, জাতীয় উৎপাদনশীলতা বৃদ্ধিতে প্রয়োজনীয় কার্যক্রম বাস্তবায়ন এবং শিল্প সম্পর্কিত নব নব উদ্ভাবনসহ শিল্পায়ন প্রক্রিয়া সংশ্লিষ্ট অনুঘটকসমূহের অগ্রগতির উল্লেখযোগ্য তথ্য এ প্রতিবেদনে উপস্থাপন করা হয়েছে।

সফল বাস্তবায়নের ধারাবাহিকতায় আলোকে শিল্প মন্ত্রণালয় বার্ষিক প্রতিবেদন ২০২৪-২৫ প্রকাশিত হলো। শিল্পোন্নয়নজনিত সার্বিক কর্মকান্ডের ওপর ভিত্তি করে প্রণীত এ বার্ষিক প্রতিবেদন অবাধ তথ্য প্রবাহ ও হালনাগাদ ডাটা সংগ্রহে সহায়ক ভূমিকা পালন করবে মর্মে আমি বিশ্বাস করি।

এ প্রতিবেদনের তথ্য-উপাত্ত মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের নিষ্ঠা ও পরিশ্রমের প্রতিফলন। আমি বার্ষিক প্রতিবেদন ২০২৪-২৫ প্রকাশনার সার্বিক সাফল্য কামনা করি।

**(মোঃ ওবায়দুর রহমান)**



**অতিরিক্ত সচিব**
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# আহ্বায়কের কথা

শিল্প মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার কার্যক্রমের তথ্যভিত্তিক 'বার্ষিক প্রতিবেদন ২০২৪-২০২৫' প্রকাশের সাথে সম্পৃক্ত সকলকে আন্তরিক শুভেচ্ছা জানাই।

শিল্পায়ন আর্থ-সামাজিক উন্নয়নের পূর্বশর্ত এবং দেশের সার্বিক অর্থনৈতিক অগ্রযাত্রায় শিল্পখাত অগ্রণী ভূমিকা পালন করে চলেছে। শিল্প খাতে নতুন উদ্যোক্তা সৃষ্টি, টেকসই ও পরিবেশবান্ধব শিল্পের বিকাশ, শ্রমঘন, রপ্তানিমুখী ও আমদানি বিকল্প শিল্পের প্রসার, পণ্যের গুনগতমান উন্নয়ন, পণ্যে মূল্য সংযোজন, খাতভিত্তিক উৎপাদনশীলতা বৃদ্ধি এবং বেসরকারি শিল্প খাতের বিকাশে শিল্প মন্ত্রণালয়ের গুরুত্ব অনস্বীকার্য। এ গুরুত্বকে বিবেচনায় রেখে দেশের ক্রমবর্ধমান টেকসই শিল্পায়নের চাহিদাপূরণ, টেকসই উন্নয়ন অভীষ্ট-২০৩০ ও উচ্চ-মধ্যম আয়ের দেশ বিনির্মাণের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে শিল্প মন্ত্রণালয় বিভিন্ন উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করেছে।

এ মন্ত্রণালয় যুগোপযোগী শিল্পনীতি এবং বিভিন্ন আইন ও বিধিমালা প্রণয়নের মাধ্যমে দেশের শিল্পায়নের ধারাকে ত্বরান্বিত করছে। এছাড়াও দেশজ উৎপাদন বৃদ্ধি, শিল্পখাতে দক্ষ জনবল তৈরি, শিল্পখাতে রপ্তানি আয় বৃদ্ধির পাশাপাশি বিপুল সংখ্যক জনগোষ্ঠীর জন্য কর্মসংস্থান সৃষ্টি, বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলা করে টেকসই শিল্পায়নের প্রসার ও বিকাশ, পণ্য ও সেবার আন্তর্জাতিক মান বজায় রাখা, রাষ্ট্রায়ত্ত শিল্প-কারখানাকে লাভজনক করা, মেধাসম্পদের সুরক্ষাসহ শিল্পক্ষেত্রে গবেষণা ও উদ্ভাবনকে উৎসাহিত করতে শিল্প মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ নিরলস কাজ করে যাচ্ছে।

এ প্রতিবেদনে ২০২৪-২০২৫ অর্থবছরে শিল্প মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক সম্পন্ন বিভিন্ন কার্যক্রম সংক্ষিপ্ত পরিসরে উপস্থাপন করা হয়েছে। প্রয়োজনীয় ক্ষেত্রে সারণী, গ্রাফ ও চিত্র ব্যবহার করা হয়েছে। এতে করে সহজেই গুরুত্বপূর্ণ তথ্য-উপাত্ত খুজে পাওয়া সম্ভব হবে। আমি বিশ্বাস করি, শিল্প মন্ত্রণালয়ের এ কর্মপ্রচেষ্টা, দেশের শিল্পায়ন, কর্মসংস্থান ও অর্থনৈতিক উন্নয়নে সহায়ক হবে। এ প্রতিবেদনটি পাঠ করে সকলেই সরকারের শিল্পখাত সম্পর্কে সম্যক ধারণা লাভ করতে পারবে।

'বার্ষিক প্রতিবেদন ২০২৪-২০২৫' প্রস্তুতে সর্বাত্মক সমর্থন ও সহযোগিতার জন্য শিল্প মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব আদিলুর রহমান খান ও শিল্প মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মোঃ ওবায়দুর রহমান-এর প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছি। ধন্যবাদ ও কৃজ্ঞতা জ্ঞাপন করছি তাঁদের প্রতি, যাদের মেধা, মনন ও কায়িক পরিশ্রমের মাধ্যমে এ প্রতিবেদনটি প্রকাশিত হলো।

শিল্প মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ২০২৪-২৫ এর সর্বোচ্চ উপযোগিতা ও ফলপ্রসূতা সকলের কর্মোদ্দীপনা বৃদ্ধি করবে বলে আশা করছি।

**(মোঃ নুরুজ্জামান এনডিসি)**

# বার্ষিক প্রতিবেদন
## ২০২৪-২০২৫

### সম্পাদনা উপদেষ্টা
জনাব মোঃ ওবায়দুর রহমান, সচিব, শিল্প মন্ত্রণালয়

### প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশনা কমিটি

| | | |
|---|---|---|
| জনাব মোঃ নূরুজ্জামান এনডিসি, অতিরিক্ত সচিব, শিল্প মন্ত্রণালয় | - | আহ্বায়ক |
| জনাব মোঃ জাহাঙ্গীর আলম, যুগ্মসচিব, শিল্প মন্ত্রণালয় | - | সদস্য |
| জনাব প্রতাপ চন্দ্র বিশ্বাস, যুগ্মসচিব, শিল্প মন্ত্রণালয় | - | সদস্য |
| জনাব নূরুন নাহার, উপসচিব, শিল্প মন্ত্রণালয় | - | সদস্য |
| জনাব রমেন্দ্র নাথ বিশ্বাস, উপসচিব, শিল্প মন্ত্রণালয় | - | সদস্য |
| জনাব সিদ্ধার্থ ভৌমিক, সিনিয়র সহকারী সচিব, শিল্প মন্ত্রণালয় | - | সদস্য |
| জনাব মো. আলমগীর হোসেন, জনসংযোগ কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয় | - | সদস্য |
| জনাব মোহাম্মদ ইশতিয়াক জাহান, সিস্টেম এনালিস্ট, শিল্প মন্ত্রণালয় | - | সদস্য |
| ড. মোঃ সাইফুল ইসলাম, উপসচিব, শিল্প মন্ত্রণালয় | - | সদস্য-সচিব |

### প্রকাশকাল

অক্টোবর, ২০২৫ খ্রিষ্টাব্দ
কার্তিক, ১৪৩২ বঙ্গাব্দ

### প্রকাশক ও কপিরাইট

শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

### ডিজাইন ও মুদ্রণ

বর্ষা (প্রাঃ) লিমিটেড
৮/৩, বাবুপুরা নীলক্ষেত, ঢাকা-১২০৬।

# সূচিপত্র


| অধ্যায় | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| প্রথম অধ্যায় | শিল্প মন্ত্রণালয়ের সংক্ষিপ্ত পরিচিতি | ১৩ |
| দ্বিতীয় অধ্যায় | ২০২৪-২০২৫ অর্থবছরের গুরুত্বপূর্ণ অর্জন | ১৮ |
| তৃতীয় অধ্যায় | বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | ২৪ |
| চতুর্থ অধ্যায় | মানব সম্পদ | ২৮ |
| পঞ্চম অধ্যায় | সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম | ৩৫ |
| ষষ্ঠ অধ্যায় | টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়ন | ৩৭ |
| সপ্তম অধ্যায় | বাজেট ও অডিট | ৩৯ |
| অষ্টম অধ্যায় | মামলা সম্পর্কিত তথ্য | ৪২ |
| নবম অধ্যায় | অন্যান্য উল্লেখযোগ্য বিষয়াদি | ৪৪ |
| দশম অধ্যায় | বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) | ৪৫ |
| | বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি) | ৫৭ |
| | বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) | ৭১ |
| | বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) | ৮৭ |
| | বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই) | ৯৯ |
| | বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) | ১১১ |
| | বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) | ১২৫ |
| | পেটেন্ট, শিল্পনকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি) | ১৩৩ |
| | ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) | ১৪৩ |
| | প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় | ১৫১ |
| | বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) | ১৫৭ |
| | বাংলাদেশ জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ বোর্ড (বিএসআরবি) | ১৬৩ |
| | ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমইএফ) | ১৬৭ |
| | ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন (এসএমসিআইএফ) | ১৭৫ |
| | উপসংহার | ১৮২ |



# শিল্প মন্ত্রণালয়ের সংক্ষিপ্ত পরিচিতি

# প্রথম অধ্যায়
# শিল্প মন্ত্রণালয়ের সংক্ষিপ্ত পরিচিতি

## ১.০ শিল্প মন্ত্রণালয়

শিল্পখাত বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নের অন্যতম প্রধান চালিকাশক্তি। ২০২৪-২০২৫ অর্থবছরে বাংলাদেশের জিডিপিতে শিল্পখাতের অবদান ৩৭.৪৪% এবং ম্যানুফ্যাকচারিং খাতের অবদান ২৪.৯৯% (অর্থনৈতিক সমীক্ষা ২০২৫)। টেকসই ও সুষম অর্থনৈতিক উন্নয়নের পথে বাংলাদেশকে দ্রুত এগিয়ে নিতে ১৯৭২ সালে শিল্প ও বাণিজ্য মন্ত্রণালয় গঠিত হয়। পরবর্তীসময়ে ১৯৮৫ সালে বাণিজ্য মন্ত্রণালয় পৃথক হয়। দেশে শিল্পায়নের ধারা জোরদারে শিল্প মন্ত্রণালয়ের ভূমিকা গুরুত্বপূর্ণ। এ লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় দেশে টেকসই শিল্প স্থাপন ও প্রসার, নীতি সহায়তা, কৌশল প্রণয়ন এবং প্রয়োজনীয় সুযোগ সুবিধা ও সহায়তা প্রদান করে আসছে। বর্তমানে শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন ৪টি কর্পোরেশন, ৬টি সংস্থা, ২টি বোর্ড এবং ২টি ফাউন্ডেশনসহ মোট ১৪টি দপ্তর/সংস্থা রয়েছে।

### ভিশন

উচ্চ মধ্যম আয়ের দেশ বিনির্মাণে পরিবেশবান্ধব শিল্পায়ন।

### মিশন

রপ্তানিযোগ্য ও আমদানি বিকল্প শিল্পের প্রসার, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকল্পে সার, চিনি, লবণ উৎপাদন ও সরবরাহ, দক্ষ জনবল ও কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে উচ্চ মধ্যম আয়ের দেশ বিনির্মাণে পরিবেশবান্ধব শিল্পায়ন।

## ১.১ শিল্প মন্ত্রণালয়ের উল্লেখযোগ্য কার্যাবলি

- যুগোপযোগী শিল্পনীতি, আইন ও বিধিমালা প্রণয়ন এবং পরিবেশবান্ধব শিল্পায়ন নিশ্চিতকরণ;
- আন্তর্জাতিক সহযোগিতার লক্ষ্যে বিভিন্ন দেশ/সংস্থার সাথে চুক্তি/ সমঝোতা স্মারক স্বাক্ষর, বিনিয়োগ বৃদ্ধি ও সুরক্ষা;
- শিল্পোদ্যোক্তা সৃষ্টি এবং শিল্প ব্যবস্থাপনা প্রশিক্ষণের মাধ্যমে শ্রম দক্ষতার উন্নয়ন ও উৎপাদনশীলতা বৃদ্ধি;
- পণ্যের পেটেন্ট, ডিজাইন এবং ট্রেডমার্কস নিবন্ধন কার্যক্রমকে শক্তিশালীকরণ এবং মেধাসম্পদ সুরক্ষা;
- ক্ষুদ্র, কুটির ও মাঝারি শিল্পের উন্নয়ন এবং রাষ্ট্রীয় ব্যবস্থাপনায় সার, চিনি ও লবণ উৎপাদন;
- পণ্য ও সেবার আন্তর্জাতিক মানের সাথে সংগতিপূর্ণ দেশীয়মান নির্ধারণ ও সামঞ্জস্যকরণ;
- রাষ্ট্রায়ত্ত শিল্প কারখানাকে দুর্নীতিমুক্ত ও লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তরকরণের উপায় উদ্ভাবন;
- জাহাজ নির্মাণ ও জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ শিল্প ব্যবস্থাপনায় নীতিগত সহায়তা প্রদান;
- আয়োডিনযুক্ত লবণ ও ভিটামিন 'এ' সমৃদ্ধ ভোজ্য তেলের ব্যবহার নিশ্চিতকরণ;
- রাষ্ট্রীয় শিল্প কারখানা লাভজনক করার জন্য বিভিন্ন উদ্যোগ ও কার্যক্রম গ্রহণ।

## ১.২ শিল্প মন্ত্রণালয়ের কার্যবন্টন

সরকারের গুরুত্বপূর্ণ দায়িত্বসমূহ Allocation of Business অনুযায়ী বিভিন্ন মন্ত্রণালয়ের ওপর অর্পণ করা হয়েছে। কার্যবিধিমালা ১৯৯৬ এর তফসিল ১ (Allocation of Business Among the Different Ministries of Division) অনুযায়ী শিল্প মন্ত্রণালয়ের দায়িত্ব নিম্নরূপঃ

[25] Ministry of Industries

1. Preparation of schemes relating to the public sector industries.
2. Administration of industrial policy.
3. Promotion and protection of investment through international investment agreements.
4. Dealings and agreements with other countries and international organisations for technical assistance, aid etc,. in the field of industry.

5. National agencies and institutions for
   (a) promoting industrial productivity, and
   (b) Testing industrial products
6. Standards and quality control
7. Explosive (excluding the administration of explosive substance Act and Rules)
8. Prescription and review of criteria for assessment of spare parts and raw materials for industries
9. Production, supply and distribution of processed foodstuff
10. Industrial monopolies, combines and trusts
11. Factories and Boilers and administration of boilers Act
12. Industrial research
13. Standardization of weights and measures
14. Matters relating to patent, design and trademarks department
15. Testing and quality control of industrial and commercial products
16. Industrial exhibition and demonstrations
17. Deleted
18. Matters relating to National Productivity Organization
19. Industrial credit, State aid to industries
20. Development of salt industry, including manufacture and trade in salt, control of price and development of salt cottage industry
21. Matters relating to micro, cottage industries and SME's
22. Industrial management
23. Cooperation in the industrial sector
24. Assistance to all industries other than these dealt with by any other Ministry/Division
25. Coordination of the development work of small scale industries
26. Coordination of matters relating to rural industrialization
27. Coordination of matters of general policy of non-financial undertakings
28. Formulation of policies and examination of problems common to nationalized industrial corporations
29. Calling for and submission to the Minister, appropriate papers and documents containing information about performance of the industries under this ministry
30. Communicating to the corporations government's social, economic and development policies and obtaining for the Minister any general information that may be required to prepare industrial policy
31. Pricing policy of the products of nationalized industries
32. Analyzing the half-yearly financial reports of the corporations and advising the minister of any deviation in performance from budget and suggesting to the minister of corrective actions
33. Ensuring adherence to financial rules and practices
34. Submission of annual performance reports including balance sheets of sector corporations to the Cabinet
35. Secretariat administration including financial matters
36. Administration and control of subordinate offices and organizations under this ministry
37. Liaison with international organizations and matters relating to protocols and agreements with other countries and world bodies relating to the subjects allotted to this Ministry
38. All laws on subjects allotted to this Ministry

39. Inquiries and statistics on any of the subjects allotted to this ministry
40. Fees on respect of any of this subjects allotted to this Ministry except fees taken in courts
41. Matters relating to ship building, breaking and recycling.

## ১.৩ মন্ত্রণালয়ের সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

- রাষ্ট্রায়ত্ত শিল্প কারখানার পুরাতন অবকাঠামো ও প্রযুক্তি পরিবর্তনপূর্বক আধুনিকায়ন;
- প্রাকৃতিক গ্যাসের সরবরাহ স্বল্পতার মধ্যে ইউরিয়া সার উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জন, সরকারি মালিকানাধীন চিনিকলগুলোর পূর্ণ উৎপাদন ক্ষমতায় সচল রাখা;
- অলাভজনক শিল্প প্রতিষ্ঠানকে ক্রমান্বয়ে লাভজনককরণ;
- যথাসময়ে সরকারি ভর্তুকি প্রাপ্তি;
- চাহিদানুযায়ী দক্ষ জনবল তৈরি;
- শিল্পে উৎপাদনশীলতা বৃদ্ধি ও মানসম্মত পণ্যের সরবরাহ নিশ্চিতকরণ;
- শতভাগ মানুষকে আয়োডিনযুক্ত ভোজ্য লবণ ও ভিটামিন 'এ' সমৃদ্ধ ভোজ্য তেল সরবরাহ;
- নির্ধারিত সময়ে উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন;
- বিদ্যমান আইন ও বিধি যুগোপযোগীকরণ ইত্যাদি।

## ১.৪ চ্যালেঞ্জসমূহ উত্তরণের উপায়সমূহ

- শিল্পখাত সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ আইন, বিধি ও নীতিমালা প্রণয়ন ও যুগোপযোগীকরণ;
- জ্বালানি সাশ্রয়ী ও পরিবেশবান্ধব ঘোড়াশাল পলাশ ইউরিয়া সার কারখানার অনিস্পন্ন কার্যক্রম দ্রুত নিস্পন্নকরণ;
- সারের নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত করতে উৎপাদিত সার সংরক্ষণ ও বিতরণ সুবিধার জন্য দেশের বিভিন্ন জেলায় ৩৭টি বাফার গুদাম নির্মাণ;
- লোকসানি শিল্প প্রতিষ্ঠানের লোকসান ক্রমান্বয়ে হ্রাসকরণ এবং বন্ধ কারখানা চালুকরণ;
- চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় দক্ষ জনবল তৈরি;
- নির্ধারিত সময়ে উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন;
- আয়োডিনযুক্ত লবণ ও ভিটামিন 'এ' সমৃদ্ধ ভোজ্য তেলের শতভাগ ব্যবহার নিশ্চিতকরণ ইত্যাদি।

## ১.৫ শিল্প মন্ত্রণালয়ের কার্যক্রম পরিচালনায় ৯টি অনুবিভাগ

- জাতীয় সংসদ, সমন্বয়, প্রধানমন্ত্রী ও মন্ত্রিপরিষদ এবং এপিএ অনুবিভাগ;
- প্রশাসন অনুবিভাগ;
- রাষ্ট্রায়ত্ত কর্পোরেশন অনুবিভাগ;
- বিসিক, এসএমই ও বিটাক অনুবিভাগ;
- নীতি, আইন ও আন্তর্জাতিক সহযোগিতা অনুবিভাগ;
- মান নিয়ন্ত্রণ ও ব্যবসা সহায়তা অনুবিভাগ;
- আইসিটি, ইনোভেশন ও পলিসি রিসার্চ এন্ড গ্লোবাল ইস্যুজ ম্যানেজমেন্ট অনুবিভাগ;
- জাহাজ পুনঃপ্রক্রিয়া, বিরাষ্ট্রীকরণ, বেসরকারি খাত ও বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) অনুবিভাগ;
- পরিকল্পনা অনুবিভাগ।

## ১.৬ শিল্প মন্ত্রণালয়ের অধীন ১৪টি সংস্থা/দপ্তরসমূহ

১। বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি)
২। বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি)
৩। বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি)
৪। বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)
৫। বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই)
৬। বাংলাদেশ শিল্প ও কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)
৭। বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)
৮। পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি)
৯। ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও)
১০। প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়
১১। বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)
১২। বাংলাদেশ জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ বোর্ড (বিএসআরবি)
১৩। ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমইএফ)
১৪। ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন (এসএমসিআইএফ)

# দ্বিতীয় অধ্যায়
# ২০২৪-২০২৫ অর্থবছরের গুরুত্বপূর্ণ অর্জন

**২.০** দেশের শিল্প খাতের উন্নয়ন ও গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে সরকার কর্তৃক প্রণীত আইন, নীতিসমূহ সফল বাস্তবায়নের নিমিত্ত স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ করা হয়। শিল্প মন্ত্রণালয় কর্তৃক ২০২৪-২০২৫ অর্থবছরে নিম্নবর্ণিত গুরুত্বপূর্ণ কার্যাবলি সম্পাদিত হয়েছে।

## ২.১ সাংগঠনিক কাঠামো পুনর্গঠন

শিল্প মন্ত্রণালয়ের বিদ্যমান ২৪৩ জনবল বিশিষ্ট সাংগঠনিক কাঠামো অনুমোদনের পর মন্ত্রণালয়ের কার্যবিধি বিবেচনায় অতিরিক্ত আরও ১৫টি নতুন পদ সৃজন করা হয়েছে। বর্তমানে মন্ত্রণালয়ের জনবল ২৪৩ থেকে ২৫৮ এ উন্নীত করা হয়েছে।

## ২.২ প্রকল্প এলাকায় CCTV স্থাপন ও মনিটরিং

শিল্প মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক আওতাধীন সকল দপ্তর/সংস্থার চলমান প্রকল্পসমূহের Real time মনিটরিং এর জন্য সকল প্রকল্প এলাকায় সিসিটিভি স্থাপন করা হয়েছে। প্রজেক্ট ম্যানেজমেন্ট সফটওয়্যার ব্যবহার করে সার্বক্ষণিক প্রকল্প এলাকা পর্যবেক্ষণ ও মনিটরিং করা হচ্ছে। ফলে প্রকল্প বাস্তবায়নের স্বচ্ছতা ও গতিশীলতা বৃদ্ধি পেয়েছে। ২০২৪-২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির ৬৮.৪১ % বাস্তবায়িত হয়েছে।

## ২.৩ জনবল নিয়োগ ও পদোন্নতি

আউটসোর্সিং পদ্ধতিতে মন্ত্রণালয়ে ২৭ জন জনবল নিয়োগ এবং দপ্তর/সংস্থায় ১৯০ জনকে নিয়োগ প্রদান করা হয়েছে। মন্ত্রণালয়ে ০৮ জনকে এবং দপ্তর/সংস্থায় ১৪২৮ জনকে পদোন্নতি দেয়া হয়েছে।

## ২.৪ আইন প্রণয়ন

আয়োডিনযুক্ত লবণ আইন, ২০২১ এর ইংরেজি অনুবাদ করা হয়েছে এবং গত ১৯ মে ২০২৫ তারিখে এসআরও জারি করা হয়েছে এবং বাংলাদেশ পেটেন্ট আইন ২০২৩ গত ২৭/২/২০২৫ তারিখ হতে কার্যকর করা হয়েছে।

## ২.৫ বিধিমালা প্রণয়ন

আয়োডিনযুক্ত লবণ বিধিমালা, ২০২৪ প্রণয়নপূর্বক ২২ অক্টোবর, ২০২৪ তারিখে গেজেটে প্রকাশিত হয়েছে এবং বয়লার বিধিমালা ২০২৫, ২৯ জুন ২০২৫ তারিখে গেজেটে প্রকাশিত হয়েছে।

## ২.৬ প্রবিধানমালা প্রণয়ন

বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা ২০২৫ প্রণয়ন করা হয়েছে।

## ২.৭ সহযোগিতা চুক্তি/সমঝোতা স্মারক স্বাক্ষর

- বাংলাদেশ সরকার ও কাতার সরকারের মধ্যে 'Agreement Between the Government of the People's Republic of Bangladesh and the Government of the State of Qatar on Reciprocal Promotion and Protection of Investments' শীর্ষক চুক্তিটি স্বাক্ষরিত হয়। চুক্তির অনুসমর্থন প্রস্তাব উপদেষ্টা পরিষদ বৈঠকে ২২ আগস্ট ২০২৪ তারিখে অনুমোদিত হয়। চুক্তিটি গত ০৮/০২/২০২৫ তারিখ হতে কার্যকর করা হয়েছে।

- বিএসটিআই এবং রাশিয়ার Federal Agency on Technical Regulating and Metrology (GOST R) এর মধ্যে 'Memorandum of Understanding in the field of Standardization' শীর্ষক সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়।

- এটলাস বাংলাদেশ লিমিটেড (এবিএল) এর নিজস্ব নাম Atlas EV জ্বালানি সাশ্রয়ী ও পরিবেশবান্ধব ইলেকট্রিক বাইক ও স্কুটারের যন্ত্রাংশ আমদানি করে নিজস্ব কারখানায় সংযোজন ও বিপণন করার লক্ষ্যে চীনের Zhejiang Luyuan Electric Vehicle Co. Ltd. (Luyuan) এর সাথে MoU স্বাক্ষর হয়েছে।

## ২.৮ আইসিটি ও ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম

- ডিপিডিটির অটোমেশনের লক্ষ্যে IPAS version 3.1.1 হতে IPAS version 4.0 উন্নীত করণ কার্যক্রম ২৭/৫/২৫ তারিখে উদ্বোধন করা হয়েছে।
- বিএসইসির দাপ্তরিক কাজে স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে Management & Accounting System of BSEC এর আওতায় Accounting, Payroll & Inventory Module সম্পন্ন হয়েছে এবং সেপ্টেম্বর ২০২৪ তারিখে এ কার্যক্রমটি বাস্তবায়ন করা হয়েছে।
- আইসিটির বিষয়ক কার্যক্রম তরান্বিত করার লক্ষ্যে বিসিআইসি'র আইসিটি ল্যাব স্থাপন কাজ সম্পন্ন হয়েছে।
- বিটাক কর্তৃক স্টোর ম্যানেজমেন্টের জন্য ইনভেন্টরি সফটওয়্যার তৈরির কাজ সম্পন্ন হয়েছে।

## ২.৯ অডিট আপত্তি নিষ্পত্তিতে অর্জন

২০২৪-২৫ অর্থবছরে নিষ্পত্তিকৃত অডিট আপত্তির সংখ্যা ৩২১টি এবং ব্রডশিট জবাব প্রদানের সংখ্যা ৬৬৬টি। নিষ্পত্তিকৃত অডিট আপত্তিতে জড়িত মোট টাকার পরিমাণ ২৭৭৩.৮৯ কোটি টাকা।

## ২.১০ আরএডিপি বাস্তবায়ন

শিল্প মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনার প্রধান চালিকাশক্তি হচ্ছে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বা উন্নয়ন বাজেট। ২০২৪-২০২৫ অর্থবছরের আরএডিপিতে শিল্প মন্ত্রণালয়ের আওতায় মোট ২৫টি অনুমোদিত প্রকল্প (বিনিয়োগ ২২টি, কারিগরি সহায়তা ০৩টি) অন্তর্ভুক্ত ছিল। ২০২৪-২০২৫ অর্থবছরের আরএডিপিতে মোট বরাদ্দ ছিল ১২০০.২২ কোটি টাকা (জিওবি ১১৬১.৮৩ কোটি টাকা, প্রকল্প সাহায্য ৭.২৪ কোটি টাকা এবং স্ব-অর্থায়ন ৩১.১৫ কোটি টাকা)। এ বরাদ্দের বিপরীতে জুন, ২০২৫ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৮২১.০৩ কোটি টাকা। অর্থাৎ জুন, ২০২৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি হার ৬৮.৪১ %। উল্লেখ্য, ২০২৪-২০২৫ অর্থবছরে মোট ০৮টি প্রকল্প সমাপ্ত হয়েছে।

## ২.১১ ডি-ফাইলিং

ডি-ফাইলিং বা ইলেকট্রনিক পদ্ধতিতে নথি সম্পাদন সরকারের একটি ডিজিটাল উদ্যোগ। শিল্প মন্ত্রণালয় কর্তৃক ২০২৪-২০২৫ অর্থবছরে ডি-ফাইলিং এ নিষ্পত্তিকৃত কার্যক্রম ৯৪.২০%।

## ২.১২ দেশের খাদ্য নিরাপত্তায় সার উৎপাদন

দেশীয় সার কারখানায় ২০২৪-২৫ অর্থবছরে ১১.২৮ লক্ষ মে.টন ইউরিয়া, ৭২০০৪ মে.টন টিএসপি, ৪৯৫৩২ মে.টন ডিএপি সার উৎপাদন করা হয়েছে। উক্ত অর্থবছরে ১৬.৪৪ লক্ষ মে. টন ইউরিয়া সার আমদানি করা হয়েছে এবং ২৬.৪৪ লক্ষ মেট্রিক টন ইউরিয়া সার বিতরণ করা হয়েছে। ফলে দেশে ইউরিয়া সারের কোনো সংকট/ঘাটতি দেখা যায়নি।

## ২.১৩ জাহাজ পুনঃ প্রক্রিয়াজাতকরণ শিল্প

বাংলাদেশ জাহাজ পুনঃ প্রক্রিয়াজাতকরণ বোর্ডের (বিএসআরবি) দাপ্তরিক কার্যক্রম ১০ এপ্রিল ২০২৫ তারিখ হতে শুরু করা হয়। ২০২৪-২৫ অর্থবছরে ৮টি ইয়ার্ডকে HKC Compliance সার্টিফিকেট প্রদান করা হয়েছে এবং পূর্বে ০৬টি ইয়ার্ড HKC Compliance অর্জন করেছে। মোট ১৪টি ইয়ার্ড HKC Compliance অর্জন করেছে। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় হতে ২টি শিপইয়ার্ড 'গ্রিন ফ্যাক্টরি অ্যাওয়ার্ড ২০২৫' অর্জন করেছে। ২০২৪-২০২৫ অর্থবছরে ১০৯ টি জাহাজ আমদানির জন্য অনাপত্তি সনদ প্রদান করা হয়েছে এবং ৯৯ টি জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণের লক্ষ্যে কাটিং এর অনুমতি দেয়া হয়েছে।

## ২.১৪ চিনি উৎপাদন

২০২৪-২৫ আখ মাড়াই মৌসুমে ৮,৩৯,২১৯ মে.টন আখ মাড়াই করে ৪৫,০০০ মে.টন লক্ষ্যমাত্রার বিপরীতে ৪৬,১৮৭ মে. টন চিনি উৎপাদিত হয়েছে। Good Agriculture practice (GAP) এর উন্নত প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে একর প্রতি আয়ের ফলন বৃদ্ধি পেয়েছে। ২০২৪-২৫ অর্থবছরে আখ কর্তন ও চাষে যান্ত্রিকীকরণের মাধ্যমে খরচ সাশ্রয় করা সম্ভব হয়েছে।

## ২.১৫ প্রাইস গ্যাপের অর্থ ও পরিচালন ঋণ প্রাপ্তি

২০২৪-২৫ অর্থবছরে পরিচালন ঋণবাবদ (আখের মূল্য বাবদ) সর্বমোট ৩৫০ কোটি টাকা ছাড়ও বিতরণ করা হয়েছে। এছাড়া গ্রাচুয়িটি বাবদ ১৫০ কোটি টাকা ছাড় করা হয়েছে, যা অবসরপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীদের মাঝে বিতরণ করা হয়েছে।

## ২.১৬ লবণ উৎপাদন ও লবণে আয়োডিন যুক্তকরণ

২০২৪-২৫ অর্থবছরে মোট ২২.৫২ লক্ষ মে. টন লবণ উৎপাদিত হয়েছে এবং ৮.৯২ লক্ষ মে.টন লবণে আয়োডিন যুক্ত করা হয়েছে। বর্তমানে প্রায় শতভাগ ভোজ্যলবণে আয়োডিন যুক্ত করা হয়।



মাঠ পর্যায়ে লবণ উৎপাদন

## ২.১৭ সাভারের ট্যানারির CETP-এর Compliance নিশ্চিতকরণে কার্যক্রম

পরিবেশ সুরক্ষার বিষয়টি অগ্রাধিকার দিয়ে সরকার ঢাকাস্থ হাজারীবাগের ১৬২টি ট্যানারি শিল্প সাভারের হেমায়েতপুরে স্থানান্তর করা হয়। এই শিল্প নগরীতে ট্যানারিসমূহের উৎপন্ন তরল বর্জ্য পরিশোধনের লক্ষ্যে সিইটিপি এবং কঠিন বর্জ্য সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে একাধিক ডাম্পিং স্টেশন নির্মিত হয়। ট্যানারি ক্রোমযুক্ত ও ক্রোমবিহীন কঠিন বর্জ্য আলাদাভাবে সংরক্ষণ করা হচ্ছে। CETP কে সর্বোচ্চ মনিটরিং ও ওভার হোলিংয়ের মাধ্যমে ইফ্লুয়েন্টের ঘনমাত্রা পরিবেশ আইনে নির্ধারিত মানমাত্রায় ধরে রাখার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। CETP এর সকল ইউনিটের ওভারহোলিং এর কাজ সম্পন্ন হয়েছে এবং এতে ক্যাপাসিটি ও কার্যক্ষমতা বৃদ্ধি পেয়েছে।

- ইউরোপিয়ান ইউনিয়নের তত্ত্বাবধানে Italprogetti কর্তৃক CETP এর Rectification, Upgradation ও ডিজাইনসহ কারিগরি অ্যাসেসমেন্টের কাজ সম্পন্ন হয়েছে।
- CETP এর ওপর ইফ্লুয়েন্টের অতিরিক্ত চাপ হ্রাসকরণের লক্ষ্যে চামড়া শিল্পনগরীতে ৬টি ট্যানারিকে নিজস্ব ইটিপি স্থাপনের অনুমোদন দেওয়া হয়। তন্মধ্যে ২টি ট্যানারি ইটিপি স্থাপন করেছে এবং ১টি ট্যানারি ( বে-সিমোনা) ক্রাস্ট টু ফিনিশড লেদার উৎপাদনে LWG Gold Certificate অর্জন করেছে।
- ক্রোমযুক্ত কঠিন বর্জ্য ব্যবস্থাপনার লক্ষ্যে চীন ভিত্তিক Bangladesh JW Animal Protein Co. Ltd এর সাথে চুক্তি স্বাক্ষর হয়েছে এবং তারা প্রতিদিন ক্রোম শেভিং ডাস্ট তাদের ফ্যাক্টরিতে নিয়ে যাচ্ছে।
- কঠিন বর্জ্য রাখার জন্য ২টি পুকুর সংস্কার করা হয়েছে। এখানে ফ্লেশিং (ঝিল্লি) ফেলা হচ্ছে।
- ইপিএস-১, ইপিএস-২, ইপিএস-৩ এর ক্রোম সেপারেশন ইউনিটের ৯০% সচল করা হয়েছে। এতে ক্রোমের লেভেল ৩০ থেকে ৮ এর নীচে নেমে এসেছে।
- ল্যাবরেটরিতে এসিসহ সিল্ড ডোর স্থাপন করা হয়েছে। ল্যাবরেটরিতে বর্তমানে টেস্টের সংখ্যা ৪টি থেকে ১১টিতে উন্নীত করা হয়েছে।

## ২.১৮ প্রথমবারের মত কোরবানীর চামড়া সংরক্ষণে লবণ বিতরণ

কোরবানির চামড়া সংরক্ষণের লক্ষ্যে প্রথম বারের মত ৩০,০০০ মে. টন লবণ বিতরণের লক্ষ্যমাত্রার বিপরীতে ১১, ৫৭১ মে. টন লবণ বিভিন্ন মসজিদ, মাদ্রাসা, এতিমখানা ও জনগণের মাঝে বিনামূল্যে বিতরণ করা হয়। এছাড়া কাচাঁ চামড়া সংরক্ষণের ব্যাপক সচেতনা বৃদ্ধির লক্ষ্যে টিভি স্ক্রল, লিফলেট, ব্যানার ও পত্রিকায় বিপুল প্রচারের জন্য বিজ্ঞাপন দেওয়া হয়েছে।

## ২.১৯. রাসায়নিক গোডাউন স্থাপন ও স্থানান্তর

দুর্ঘটনার পুনরাবৃত্তি রোধে ঢাকায় অবস্থিত রাসায়নিক পদার্থ মজুদের গুদাম ও কারখানাসমূহ নিরাপদ স্থানে স্থায়ীভাবে স্থানান্তরের নিমিত্ত শিল্প মন্ত্রণালয়ের তিনটি প্রকল্পের মাধ্যমে কাজ করছে। ইতোমধ্যে বিসিআইসি কর্তৃক ঢাকাস্থ শ্যামপুরে সম্পূর্ণ জিওবি'র অর্থায়নে 'অস্থায়ী ভিত্তিতে রাসায়নিক দ্রব্য সংরক্ষণের জন্য গুদাম নির্মাণ' শীর্ষক প্রকল্প বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। সেখানে ৫৪ টি কেমিক্যাল গোডাউন তৈরি করা হয়েছে তন্মধ্যে ৩৩টি অফিসসহ গোডাউন ভাড়া প্রদান করা হয়েছে। অবশিষ্ট ২১টি ভাড়া প্রদানের জন্য প্রতি বর্গফুট ১৫ টাকা হারে ভাড়া নির্ধারণ করে পত্রিকায় পুনঃ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। বিএসইসি কর্তৃক ৯৩.৬৮ কোটি টাকা ব্যয়ে গাজীপুরে রাসায়নিক গুদাম নির্মাণ প্রকল্পটি সম্পন্ন হয়েছে। সেখানে ৫৩ টি গুদাম তৈরি করা হয়েছে তন্মধ্যে ১৭ টি ভাড়া প্রদান করা হয়েছে। বিসিক কর্তৃক ১৪৫৪.৮০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে ৩০৮ একর জমিতে বিসিক কেমিক্যাল ইন্ডাস্ট্রিয়াল পার্ক, মুন্সিগঞ্জ, (২য় সংশোধিত) প্রকল্পটির বাস্তবায়ন চলমান আছে ।

## ২.২০ শিল্পনগরী ও শিল্প প্লট বরাদ্দ

দেশব্যাপী বর্তমানে বিসিকের ৮৩টি শিল্পনগরীতে ১৩১৪০ টি শিল্প প্লট রয়েছে যার মধ্যে বরাদ্দকৃত ১১৩৩২টি এবং অবরাদ্দকৃত প্লট ১৮১৮টি । বরাদ্দকৃত শিল্পপ্লটে ৬২২৩টি শিল্প কারখানায় রয়েছে। । ২০২৪-২৫ অর্থবছরে ১২৬ টি শিল্প প্লট বরাদ্দ প্রদান করা হয়েছে।

## ২.২১ প্রগতি ইন্ডাস্ট্রিজ লি. (পিআইএল) কর্তৃক গ্রিন ফ্যাক্টরি অ্যাওয়ার্ড ২০২৫ অর্জন

অটোমোবাইল ইন্ডাস্ট্রিজ খাতে শোভন কর্মপরিবেশ নিশ্চিতকরণে অসামান্য কৃতিত্বের স্বীকৃতস্বরূপ প্রগতি ইন্ডাস্ট্রিজ লি. (পিআইএল) কর্তৃক 'গ্রিন ফ্যাক্টরি অ্যাওয়ার্ড ২০২৫' অর্জন করেছে।



গ্রিন ফ্যাক্টরি অ্যাওয়ার্ড ২০২৫

## ২.২২ প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড কর্তৃক গাড়ি সংযোজন ও সরবরাহে অর্জন

প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড কর্তৃক ২০২৪-২৫ অর্থবছরে বিভিন্ন মডেলের ৩৯৭ টি গাড়ি সংযোজন করা হয় এবং ২৯৬টি গাড়ি বিক্রয় করা হয়। প্রগতি ইন্ডাস্ট্রিজ লি. (পিআইএল) এ পণ্য বহুমুখীকরণের অংশ হিসেবে দক্ষিণ কোরিয়ার কিয়া ব্রান্ডের সেডান কার সংযোজনপূর্বক বাজারজাত করা হচ্ছে। ৪০টি কিয়া ব্র্যান্ডের সেরাটো সিডান কারের সিকেডি আমদানি করা হয়েছে এবং নতুন মডেল কিয়া ব্র্যান্ডের ১৪টি সেরাটো সিডান কার বিক্রয় করা হয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরে প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড ৪৬.০৬ কোটি টাকা মুনাফা অর্জন করেছে।

## ২.২৩ বাংলাদেশ ইস্পাত প্রকৌশল কর্পোরেশনের (বিএসইসি) মুনাফা অর্জন

২০২৪-২০২৫ অর্থবছরে বিএসইসি মোট ৬০.৭৮ কোটি টাকা মুনাফা অর্জন করেছে।

## ২.২৪ মন্ত্রণালয়ের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি

মন্ত্রণালয়ের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির জন্য কর্মকর্তা/কর্মচারীগণের দেশে ও বিদেশে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০২৪-২৫ অর্থবছরে মন্ত্রণালয়ে প্রতিমাসে ইনহাউজ প্রশিক্ষণ এবং মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা হতে ১০৬ জন কর্মকর্তা বিভিন্ন বিষয়ে বিদেশে প্রশিক্ষণ গ্রহণ করেন। মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ বৈদেশিক প্রশিক্ষণ শেষে মন্ত্রণালয়ের নির্দিষ্ট ছকে প্রশিক্ষণের বিষয়াবলীর সাথে বাংলাদেশে প্রয়োগযোগ্য ক্ষেত্রসমূহের সামঞ্জস্য বিধান করে প্রতিবেদন দাখিল করেন।

## ২.২৫ দক্ষ জনশক্তি ও উদ্যোক্তা তৈরি

দক্ষ জনশক্তি ও উদ্যোক্তা তৈরিতে বিটাক, বিসিক, বিআইএম ও এসএমইএফ প্রশিক্ষণ প্রদান করে থাকে। ২০২৪-২৫ অর্থবছরে দক্ষ জনবল তৈরিতে সর্বমোট ৩৩,৮৩২ জনকে (বিসিক ১৮৫৭৯ জন, বিটাক ৭৮২৪ জন, এসএমইএফ ৪৬২৩ জন এবং বিআইএম **২৮০৬** জন) বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



বিটাকে দক্ষ জনশক্তি ও উদ্যোক্তা তৈরিতে হাতে কলমে প্রশিক্ষণ

## ২.২৬ শিল্প পণ্যের মান প্রণয়ন

শিল্প পণ্যের গুনগত মান উন্নয়নের লক্ষ্যে ২০২৪-২৫ অর্থবছরে বিএসটিআই কর্তৃক ২৯০টি পণ্যের মান প্রণয়ন করা হয়েছে। ৩১৭৭টি পণ্যের সার্টিফিকেট মার্ক (CM) নতুন প্রদান করা হয়েছে এবং ৪২৫৫টি মান সার্টিফিকেট নবায়ন করা হয়েছে।

## ২.২৭ বিএসটিআই কর্তৃক জাতীয় হালাল ল্যাব স্থাপন ও হালাল সার্টিফিকেট প্রদান

বিএসটিআই কর্তৃক দেশীয় পণ্য আন্তর্জাতিক বাজারে রপ্তানির সুবিধার জন্য ন্যাশনাল হালাল ল্যাবরেটরি স্থাপন করা হয়েছে এবং স্থাপিত ন্যাশনাল হালাল ল্যাবরেটরি আন্তর্জাতিক মানসম্পন্ন পরীক্ষণ সক্ষমতা অর্জন করেছে। ২০২৪-২৫ অর্থবছরে বিএসটিআই হতে বিভিন্ন পণ্য, সিস্টেম এর অনুকূলে ৬৫টি জাতীয় হালাল সনদ প্রদান করা হয়েছে। বিভিন্ন খাদ্যপণ্য, প্রসাধনী সামগ্রী, মৎস্য, প্রাণীসম্পদ পণ্যের এবং প্রক্রিয়ার অনুকূলে BDSOIC/SMIIC মান অনুসরণ করে এ পর্যন্ত ১৯৯টি হালাল সার্টিফিকেট ইস্যু করা হয়েছে।

## ২.২৮ বিএসটিআই কর্তৃক সোলার প্যানেল টেস্টিং ল্যাবরেটরি, ও হেলম্যাট টেস্টিং ল্যাব স্থাপন

বিএসটিআই কর্তৃক নবায়নযোগ্য জ্বালানি খাতে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে দেশের একমাত্র অত্যাধুনিক সোলার প্যানেল টেস্টিং ল্যাবরেটরি এবং হেলমেট টেস্টিং ল্যাবরেটরি স্থাপন করা হয়েছে।

## ২.২৯ মেধাস্বত্ব সংরক্ষণ

২০২৪-২৫ অর্থবছরে ২৪টি জিআই পণ্য নিবন্ধিত হয়েছে এবং এ পর্যন্ত মোট ৫৫টি জিআই পণ্য নিবন্ধিত হয়েছে। এছাড়া ২০২৪-২৫ অর্থবছরে মেধাসম্পদ বিষয়ক মোট ৩০৯০৩টি নথি নিস্পত্তি করা হয়েছে, তন্মধ্যে পেটেন্ট ২৪৬টি, শিল্প নকশা ৮১৯টি এবং ট্রেডমার্কস ২৯৮৩৮ টি।

## ২.৩০ শিল্পে এ্যাক্রেডিটেশন প্রদান

২০২৪-২৫ অর্থবছরে ৬৯টি এ্যাক্রেডিটেড প্রতিষ্ঠানের সারভাইলেন্স সম্পন্ন করা হয়েছে, ৪৯টি এ্যাক্রেডিটেড প্রতিষ্ঠানের নবায়ন সম্পন্ন করা হয়েছে ও ১২টি প্রতিষ্ঠান/সংস্থার নতুন এ্যাক্রেডিটেশন প্রদান করা হয়েছে। এ পর্যন্ত মোট ১৬০ টি প্রতিষ্ঠানকে এ্যাক্রেডিটেশন সনদ প্রদান করা হয়েছে।

## ২.৩১ শিল্প প্রতিষ্ঠানে ঋণ প্রদান

ক্ষুদ্র, মাঝারি ও কুটির শিল্পে অর্থায়নের লক্ষ্যে বিসিক ৫২.৪১ কোটি টাকা, এসএমইএফ ৩৪৯.৩৮ কোটি টাকা এবং এসএমসিআইএফ কর্তৃক ৩৪.৭৫ কোটি টাকা স্বল্পসুদে ঋণ সহায়তা প্রদান করা হয়েছে।

## ২.৩২ মেলা আয়োজন

২০২৪-২৫ অর্থবছরে উদ্যোক্তাদের পণ্যের প্রচার ও প্রসারের লক্ষ্যে বিসিক কর্তৃক ৩১টি মেলা এবং এসএমইএফ কর্তৃক ৪টি মেলা আয়োজন করা হয়েছে। এছাড়া বিসিক ১৭টি বিভিন্ন মেলায় অংশগ্রহণ করেছে।



বৈশাখী মেলা ১৪৩২ এর শুভ উদ্বোধন অনুষ্ঠান

## ২.৩৩ সেমিনার ও কর্মশালা আয়োজন

শিল্পনীতি ২০২২ এর আলোকে অংশীজনের ভূমিকা, Climate-resilient Industrialization for a green economy in Bangladesh, ও মেধাসম্পদ সম্পর্কিত আইনসমূহের সাথে TRIPS চুক্তির সামঞ্জস্য এবং IPR সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়ন শীর্ষক ৩টি কর্মশালা আয়োজন করা হয়।

## ২.৩৪ গবেষণা কার্যক্রম

২০২৪-২০২৫ অর্থবছরে মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক ৪৪টি গবেষণা কার্যক্রম পরিচালিত হয়।

# তৃতীয় অধ্যায়

# বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন

## ৩.০ ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) সংক্রান্ত তথ্যাদি

শিল্প মন্ত্রণালয়ের কর্মপরিকল্পনার প্রধান চালিকাশক্তি হচ্ছে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বা উন্নয়ন বাজেট। ২০২৪-২০২৪ অর্থবছরের আরএডিপিতে শিল্প মন্ত্রণালয়ের আওতায় মোট ২৫টি অনুমোদিত প্রকল্প (বিনিয়োগ ২২টি, কারিগরি সহায়তা ০৩টি) অন্তর্ভুক্ত ছিল। ২০২৪-২০২৫ অর্থবছরের আরএডিপিতে মোট বরাদ্দ ছিল ১২০০.২২ কোটি টাকা (জিওবি ১১৬১.৮৩ কোটি টাকা, প্রকল্প সাহায্য ৭.২৪ কোটি টাকা এবং স্ব-অর্থায়ন ৩১.১৫ কোটি টাকা) । এ বরাদ্দের বিপরীতে জুন, ২০২৫ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ৮২১.০৩ কোটি টাকা। অর্থাৎ জুন, ২০২৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি হার ৬৮.৪১%। উল্লেখ্য, ২০২৪-২০২৫ অর্থবছরে মোট ৮টি প্রকল্প সমাপ্ত হয়েছে।

## ৩.১ এক নজরে বিগত ৫ বছরের আরএডিপি-এর বাস্তবায়ন অগ্রগতি

(কোটি টাকায়)

| অর্থ বছর | প্রকল্প সংখ্যা | আরএডিপি বরাদ্দ | | | | অর্থ ছাড় (%) | মোট ব্যয় (%) | জিওবি |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি | প্রকল্প সাহায্য | স্ব-অর্থায়ন | | | |
| ২০২০-২১ | ৪৮ | ৩৮৪২.৫৫ | ১৬৯৯.৯১ | ০৯৮.৪৫ | ৪৪.১৯ | ৩১২৭.৪৭ (৮১.৩৯%) | ৩০১৯.২৫ (৭৮.৫৭%) | ১৩৯৮.৫২ (৮২.২৭%) |
| | | | | | | ১৫% সংরক্ষিত বরাদ্দ বাদে | | |
| | | | | | | (৮৫.৬৭%) | (৮২.৭১%) | (৯২.৭৬%) |
| ২০২১-২২ | ৩৫ | ৪৩৩৯.৮৭ | ১৬১১.৪৯ | ৭.০৩ | ২৭২১.৩৫ | ৪৯.২১.২২ (১১৩.৪০%) | ৪৮৭১.০৮ (১১২.২৪%) | ১৫৫৪.৪১ (৯৬.৪৬%) |
| ২০২২-২৩ | ২৬ | ৩৪৩৬.৬২ | ১৮৯০.৫৮ | ০.০০ | ১৫৪৬.০৪ | ৩৩৯১.৮৭ (৯৮.৭০%) | ৩২৭৪.৬৯ (৯৫.২৯%) | ১৫৫৫.৭৭ (৮২.২৯%) |
| | | | | | | ১৫% সংরক্ষিত বরাদ্দ বাদে | | |
| | | | | | | (১০২.৭৫%) | (৯৯.২০%) | (৮৮.৬৫%) |
| ২০২৩-২৪ | ২৬ | ২৮২৩.১২ | ২২০২.৩৪ | ৮.২২ | ৬১২.৫৮ | ৩৩৭৫.৭১ (১১৯.৫৭%) | ৩৩৩৪.০৬ (১১৮.১০%) | ২১৪৮.৫১ (৯৭.৫৬%) |
| ২০২৪-২৫ | ২৫ | ১২০০.২২ | ১১৬১.৮৩ | ৭.২৪ | ৩১.১৫ | ৯৬৪.৬২ (৮০.৩৭%) | ৮২১.০৩ (৬৮.৪১%) | |




বিগত ৫ অর্থবছরের শিল্প মন্ত্রণালয়ের প্রকল্প বাস্তবায়ন হার (%)

## ৩.২ ২০২৪-২০২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রকল্প বাস্তবায়নের তথ্য

(লক্ষ টাকায়)

| স্থান | ক্র: নং | প্রকল্পের নাম ও বাস্তবায়নকাল | প্রাক্কলিত ব্যয় | জুন ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় | ২০২৪-২০২৫ অর্থ বছরের জুন ২০২৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি | | জুন ২০২৫ পর্যন্ত ব্যয় |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | বরাদ্দ | ব্যয় (%) | ব্যয় (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| বিটাক | ১ | হাতে কলমে কারিগরি প্রশিক্ষণে মহিলাদেরকে গুরুত্ব দিয়ে বিটাকের কার্যক্রম সম্প্রসারণপূর্বক আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র বিমোচন ফেজ-২, (০১/১০/২০২০ হতে ৩০/০৬/২০২৭) | ১২৩১৮.০০ | ৬০১৬.১৫ | ২১৫৭.০০ | ২১২০.৯৭ (৯৮.৩৩%) | ৮১৩৭.১২ (৬৬.০৬%) |
| | ২ | গোপালগঞ্জ, সুনামগঞ্জ, বরিশাল, রংপুর, জামালপুর এবং যশোর জেলায় বিটাকের ৬টি কেন্দ্র স্থাপন (০১/০১/২০২২/-৩০/০৬/২০২৬) | ১১২৪০৬.২২ | ৩৪২৮১.০৭ | ৪৩৯২৪.০০ | ১৮২৫৩.৯৯ (৪১.৫৬%) | ৫২৫৩৫.০৬ (৪৬.৭৪%) |
| বিআইএম | ৩ | ঢাকাস্থ বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)-কে শক্তিশালীকরণ ২য় সংশোধিত-শীর্ষক প্রকল্প (০১/০৪/২০১৮ ৩১/১২/২০২৪) | ১৫৫৮৬.১৫ | ১৪২৪৩.৬৪ | ১৩২৫.০০ | ১৩০৩.৪৮ (৯৮.৩৮%) | ১৫৫৪৭.১২ (৯৯.৭৫%) |
| বিএসটিআই | ৪ | Modernization of BSTI Regional offices at Chittagong Khulna. (২য় সংশোধিত) (০১/০৭/২০১৫-৩০/০৬/২০২৫) | ২৯৪৪৪.৪৩ | ২২৬৫২.১৩ | ৪৬৯৪.০০ (জিওবি: ৩৩৬২.০০) | ৩৮৮৩.১৭ (৮২.৭৩%) (জিওবি: ২৮২৬.০৯) | ২৬৫৩৫.৩০ (৯০.১২%) |
| | ৫ | ১০ জেলায় বিএসটিআই'র আঞ্চলিক কার্যালয় স্থাপন (০১/০১/২০২৪-৩১/১২/২০২৬) | ৪৩৩১২.০০ | ০.০০ | ২৯৬৩.০০ | ৫৬.৫৮ (১.৯১%) | ৫৬.৫৮ (০.১৪%) |
| বিএসএফআইসি | ৬ | বিএমআর অব কেরু এন্ড কোং বিডি লিঃ, (১ম সংশোধিত) (০১/০৭/২০১২-৩০/০৬/২০২৬) | ১০২২১.৩৮ | ৭৫৪৬.৩১ | ২৫৩৬.০০ (জিওবি ১৬৭৩.০০) | ৪৫৯.৫৯ (১৮.১২%) (জিওবি: ৪৫৯.৫৯) | ৮০০৫.৯০ (৭৮.৩৩%) |
| | ৭ | নর্থবেঙ্গল চিনিকল আধুনিকীকরণ এবং উৎপাদন বহুমুখীকরণের সম্ভাব্যতা সমীক্ষা, (০১/০১/২০২৫-৩০/০৬/২০২৬) | ৪৯৮.০০ | | ২০৬.০০ | ৫.৯৬ (২.৮৯%) | ৫.৯৬ (১.২০%) |
| বিএসইসি | ৮ | ডিসপোজেবল রেজর ব্লেড প্লান্ট স্থাপন এবং বিদ্যমান মেশিনারিজ আধুনিকায়ন, ২য় সংশোধিত, (০১/০৯/২০১৮-৩০/০৬/২০২৫) | ৫২২০.৮৬ | ৫০২৭.৮৩ | ১৮৮.০০ (জিওবি: ১২৮.০০) | ১৮৮.০০ (১০০%) (জিওবি: ১২৮.০০) | ৫২১৫.৮৩ (৯৯.৯০%) |
| | ৯ | রাসায়নিক গুদাম নির্মাণ (১ম সংশোধিত) (০১/০৭/২০১৯-৩১/১২/২০২৪) | ১০০৬২.১৮ | ৮৮২০.৯৯ | ৫৭৮.০০ | ৫৪৭.৬১ (৯৪.৭৪%) | ৯৩৬৮.৬০ (৯৩.১১%) |
| বিসিআইসি | ১০ | ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টিলাইজার (১ম সংশোধিত) প্রকল্প, (০১/১০/ ২০১৮-৩০/০৬/২০২৬) | ১৫৫০০২০.৯০ | ১৩৪১২৫০.৩৭ | ১৪৫৬৯.০০ | ১৩২৬২.৪৮ (৯১.০৩%) | ১৩৫৪৫১২.৮ (৮৭.৩৯%) |
| | ১১ | ইউরিয়া ফরমালডিহাইড-৮৫ (ইউএফ-৮৫) প্লান্ট স্থাপন' (০১/০১/ ২০২২ -৩০/০৯/২০২৪) | ৭২৪৩০.০০ | ৩৫৯.৪১ | ৩.০০ | ৩.০০ (১০০%) | ৩৬২.৪১ (০.৫০%) |
| | ১২ | ছাতক সিমেন্ট কোম্পানি লিঃ এর উৎপাদন পদ্ধতি ওয়েট প্রসেস থেকে ড্রাই প্রসেস এ রূপান্তরকরণ প্রকল্প (২য় সংশোধিত), (০১/০১/২০১৬-৩০/০৬/২০২৬) | ১৪১৭৮৮.১০ | ৮৩১২৯.৩৬ | ১৪০০০.০০ | ১৩৯৮৯.৫২ (৯৯.৯৩%) | ৯৭১১৮.৮৮ (৬৮.৫০%) |
| | ১৩ | সার সংরক্ষণ ও বিতরণ সুবিধার জন্য দেশের বিভিন্ন জেলায় নতুন ১৩ (তের)টি বাফার গোডাউন নির্মাণ, (৩য় সংশোধিত) (০১/০১/২০১৭-৩০/০৬/২০২৬) | ৫৪৩৯৬.৯৬ | ৪০৯৮৭.১২ | ৫৩৬০.০০ (জিওবি: ৪৫০০.০০) | ৩৮৯৮.১১ (৭২.৭৩%) (জিওবি: ৩৭১২.৫২) | ৪৪৬৯০.৯৭ (৮২.১৬%) |

| সংস্থা | ক্র: নং | প্রকল্পের নাম ও বাস্তবায়নকাল | প্রাক্কলিত ব্যয় | জুন ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় | ২০২৪-২০২৫ অর্থ বছরের জুন ২০২৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি | | জুন ২০২৫ পর্যন্ত ব্যয় |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | বরাদ্দ | ব্যয় (%) | ব্যয় (%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | ১৪ | সার সংরক্ষণ ও বিতরণ সুবিধার জন্য দেশের বিভিন্ন জায়গায় ৩৪টি বাফার গুদাম নির্মাণ প্রকল্প, ১ম সংশোধিত, (০১/০৯/২০১৮ - ৩০/০৬/২০২৭) | ২৪৮২৮৪.৪৬ | ৩৩৮২৪.৭০ | ৮৫০০.০০ | ৭৭০০.০০ (৯০.৫৯%) | ৪১৫২৪.৭০ (১৬.৭২%) |
| বিসিক | ১৫ | বিসিক কেমিক্যাল ইন্ডাস্ট্রিয়াল পার্ক, মুন্সিগঞ্জ, (২য় সংশোধিত) (০১/০৭/২০১৮-৩০/১২/২০২৫) | ১৪৫৪৮০.০০ | ৮৯২৯২.৯৬ | ১০০৯০.০০ | ১০০৬৬.৯৪ (৯৯.৭৭%) | ৯৯৩৫৯.৯০ (৬৮.৩০%) |
| | ১৬ | বিসিকের ৮টি শিল্প নগরীসমূহের মেরামত ও পুনঃনির্মাণ (২য় সংশোধিত), (০১/০১/২০২০-৩১/১২/২০২৫) | ৮১৪২.০০ | ৪২৩৮.০৭ | ১৫০০.০০ | ১৪৪০.৭৫ (৯৬.০৫%) | ৫৬৭৮.৮২ (৬৯.৭৫%) |
| | ১৭ | বিসিক প্লাস্টিক শিল্প নগরী (৩য় সংশোধিত) (০১/০৭/২০১৫-৩১/১২/২০২৫) | ৫০৯০০.০০ | ২১৯৮২.৩৪ | ২০৩৫.০০ | ৩৫.৯১ (১.৭৬%) | ২২০২০.৭৫ (৪৩.২৬%) |
| | ১৮ | বিসিক শিল্প পার্ক, টাঙ্গাইল, (২য় সংশোধিত) (০১/০৭/২০১৫-৩০/০৬/২০২৫) প্রস্তাবিত জুন ২০২৭ | ৩৪৫৪৭.০০ | ২৬২৫৭.৮৫ | ১৪৭১.০০ | ৭৪৩.২৬ (৫০.৫৩%) | ২৭০০১.১১ (৭৮.১৬%) |
| | ১৯ | Poverty Reduction through inclusive and sustainable Market (PRISM) (০১/০১/২০১৫ - ৩১/১২/২০২৪) | ৩২৪৯০.০০ | ২৪০০২.৩৬ | ১.০০ | ০.০০ (০.০০%) | ২৪০০২.৩৬ (৭৩.৮৮%) |
| | ২০ | বিসিক মুদ্রণ শিল্প নগরী (২য় সংশোধিত) (০১/০১/২০১৬-৩০/০৬/২০২৭) | ৪৪৮১৮.০০ | ১২৩৪৩.৪৫ | ৩০০০.০০ | ২৮৪৩.৬৮ (৯৪.৭৯%) | ১৫৮৯১.৪৮ (৩৫.৪৬%) |
| | ২১ | বিসিক খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পনগরী, ঠাকুরগাঁও (১ম সংশোধিত), (০১/০৭/২০২১-৩০/০৬/২০২৬) | ১১৬৭৩.০০ | ৪৭৮১.৪৮ | ৪৭.০০ | ৩৮.৬১ (৮২.১৫%) | ৪৮২০.০৯ (৪১.২৯%) |
| এনপিও | ২২ | Construction of office building for national productivity organization (NPO) and department of patents, designs and trademarks (DPDT) with modern facilities (০১/১০/২০১৫-৩০/০৬/২০২১) | ৬৫৯২.৯২ | ১.৭১ | ১.০০ | ০.০০ (০.০০%) | ১.৭১ (০.০২%) |
| | ২৩ | ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ, (১ম সংশোধিত) (০১/০১/২০২০-৩০/০৬/২০২৫) | ৯৩২.৭২ | ৬৯২.০০ | ১৫০.০০ | ১২৯.২৭ (৮৬.১৮%) | ৮২১.২৭ (৮৮.০৫%) |
| শিল্প মন্ত্রণালয় | ২৪ | সেইফ এন্ড এনভায়রনমেন্টলি সাউন্ড শীপ রিসাইক্লিং ইন বাংলাদেশ -ফেইজ ৩, (০১/১২/২০২২-৩১/১২/২০২৫) | ১৫২৮.৮১ | ২৫৩.৫২ | ৪১২.০০ | ৮৭২.১২ (২১১.৬৮%) | ১১২৫.৬৪ (৭৩.৬২%) |
| | ২৫ | ডিজিটাইজেশন অব ফরটিফিকেশন অব এডিবল অয়েল ফর ইমপ্রোভড মনিটরিং, কোয়ালিটি কন্ট্রোল এন্ড ক্যাপাসিটি বিল্ডিং (০১/০৭/ ২০২২-৩০/০৬/২০২৬) | ৯৯৪.২৮ | ৪০৮.০৫ | ৩১২.০০ | ২৬০.০০ (৮৩.৩৩%) | ৬৬৮.০৫ (৫৫.৬৮%) |

## ৩.৩ ২০২৪-২০২৫ অর্থবছরের সমাপ্ত প্রকল্পের তালিকা

| ক্রঃ নং | প্রকল্পের শিরোনাম | প্রকল্পের মেয়াদ |
|---|---|---|
| ১ | ইউরিয়া ফরমালডিহাইড-৮৫ (ইউএফ-৮৫) প্ল্যান্ট স্থাপন; | ০১/০১/২০২২ -৩০/০৯/২০২৪ |
| ২ | Poverty Reduction through inclusive and sustainable Market (PRISM); | ০১/০১/২০১৫ - ৩১/১২/২০২৪ |
| ৩ | Modernization of BSTI Regional offices at Chittagong Khulna. (২য় সংশোধিত); | ০১/০৭/২০১৫-৩০/০৬/২০২৫ |
| ৪ | ডিসপোজেবল রেজর ব্লেড প্ল্যান্ট স্থাপন এবং বিদ্যমান মেশিনারিজ আধুনিকায়ন, ২য় সংশোধিত; | ০১/০৯/২০১৮-৩০/০৬/২০২৫ |
| ৫ | রাসায়নিক গুদাম নির্মাণ (১ম সংশোধিত) | ০১/০৭/২০১৯-৩১/১২/২০২৪ |
| ৬ | Construction of office building for national productivity organization (NPO) and department of patents, designs and trademarks (DPDT) with modern facilities; | ০১/১০/২০১৫-৩০/০৬/ ২০২১ |
| ৭ | ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ (১ম সংশোধিত) প্রকল্প; | ০১/০১/২০২০-৩০/০৬/২০২৫ |
| ৮ | ঢাকাস্থ বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)-কে শক্তিশালীকরণ ২য় সংশোধিত, শীর্ষক প্রকল্প। | ০১/০৪/২০১৮ -৩১/১২/২০২৪ |

# চতুর্থ অধ্যায়

## মানব সম্পদ

### ৪.০ মানবসম্পদ

শিল্প মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থায় ৩৭৪৫৮টি অনুমোদিত পদ রয়েছে তন্মধ্যে ২১১৬৪টি পদ পূরণকৃত এবং ১৬২৯৪টি পদ শূন্য রয়েছে। কর্মরত জনবলের দক্ষতা বৃদ্ধির জন্য দেশে-বিদেশে প্রশিক্ষণ প্রদান করা হয়।

### ৪.১ জনবল (মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা)

| মন্ত্রণালয় | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | | | শূন্য পদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ |
|---|---|---|---|---|---|---|
| | | পুরুষ | নারী | মোট পূরণকৃত পদ | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) (৩+৪) | (৬) (২-৫) | (৭) |
| শিল্প মন্ত্রণালয় | ২৪৩ | ১৬২ | ৪৪ | ২০৬ | ৩৭ | ০০ |
| বিসিআইসি | ১২২৯৪ | ৮৮৩০ | ৯৭৬ | ৯৮০৬ | ২৪৮৮ | ০০ |
| বিএসএফআইসি | ১৭২৬৩ | ৬৬০৩ | ৩১৯ | ৬৯২২ | ১০৩৪১ | ৭৪০ |
| বিএসইসি | ২৫৬০ | ১২৪৫ | ৪৯ | ১২৯৪ | ১২৬৬ | ০০ |
| বিসিক | ২৪২১ | ১০৭২ | ২৪২ | ১৩১৪ | ১১০৭ | ১৪০ |
| বিএসটিআই | ৮৪২ | ৪৪১ | ৬৭ | ৫০৮ | ৩৩৪ | ০০ |
| বিটাক | ৬৭৯ | ৪২৬ | ৩৪ | ৪৬০ | ২১৯ | ০০ |
| বিআইএম | ১৬০ | ৭৭ | ১৯ | ৯৬ | ৬৪ | ০৪ |
| ডিপিডিটি | ১১২ | ৬৫ | ১২ | ৭৭ | ৩৫ | ০০ |
| এনপিও | ৯৯ | ৩০ | ১০ | ৪০ | ৫৯ | ৩৩ |
| প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় | ১৪৬ | ৯৬ | ৬ | ১০২ | ৪৪ | ৩৯ |
| বিএবি | ৩৭ | ১১ | ১ | ১২ | ২৫ | ০০ |
| এসএমইএফ | ১৫৩ | ৫৫ | ১৩ | ৬৮ | ৮৫ | ০০ |
| বিএসআরবি | ১১ | ০৩ | ০০ | ০৩ | ০৮ | ০০ |
| এসএমসিআইএফ | ৪৩৮ | ২১৯ | ৩৭ | ২৫৬ | ১৮২ | ০০ |
| **মোট-** | **৩৭৪৫৮** | **১৯৩৩৫** | **১৮২৯** | **২১১৬৪** | **১৬২৯৪** | **৯৫৬** |




এক নজরে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার জনবল

## ৪.২ শূন্য পদের বিন্যাস (মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা)

| মন্ত্রণালয় | গ্রেড ১-৯ | গ্রেড ১০-১৩ | গ্রেড ১৪-১৮ | গ্রেড ১৯-২০ | মোট |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| শিল্প মন্ত্রণালয় | ০৮ | ১২ | ০৪ | ১৩ | ৩৭ |
| বিসিআইসি | ৯২৪ | ৬৫১ | ৬৯ | ৮৪৪ | ২৪৮৮ |
| বিএসএফআইসি | ৪২২ | ১১ | ৩৪৫১ | ২০৬৩ +৪৩৯৪=৬৪৫৭ | ১০৩৪১ |
| বিএসইসি | ১৯৩ | ১৯৩ | ১১০ | ৭৭০ | ১২৬৬ |
| বিসিক | ২৬০ | ১৪০ | ৩৫৩ | ৩৫৪ | ১১০৭ |
| বিএসটিআই | ২০৯ | ২১ | ৬৪ | ৪০ | ৩৩৪ |
| বিটাক | ২৮ | ৭৮ | ৬৬ | ৪৭ | ২১৯ |
| বিআইএম | ২৮ | ১১ | ১৬ | ০৯ | ৬৪ |
| ডিপিডিটি | ৭ | ০২ | ১৮ | ৮ | ৩৫ |
| এনপিও | ১৬ | ১৫ | ১৬ | ১২ | ৫৯ |
| প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় | ০৭ | ০১ | ২৬ | ১০ | ৪৪ |
| বিএবি | ১৩ | ০১ | ০৭ | ০৪ | ২৫ |
| এসএমইএফ | ৫৬ | ১৫ | ১৪ | ০০ | ৮৫ |
| বিএসআরবি | ০১ | ০১ | ০৪ | ০২ | ০৮ |
| এসএমসিআইএফ | ২৩ | ১৫৫ | ০০ | ০৪ | ১৮২ |
| **মোট-** | **২১৮৫** | **১৩০৭** | **৪২১৮** | **৮৫৭৪** | **১৬২৯৪** |




মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার শূন্য পদের বিন্যাস

## ৪.৩ ২০২৪-২০২৫ অর্থবছরে নিয়োগ

| মন্ত্রণালয় | বছর | গ্রেড ভিত্তিক নিয়োগ | | | | | | | | মোট | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২-৯ | | ১০-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০ | | | | |
| | | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১)<br>(৩+৫+৭+৯) | (১২)<br>(৪+৬+৮+১০) | (১৩)<br>(১১+১২) |
| শিল্প মন্ত্রণালয় | | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| বিসিআইসি | | ৫৯ | ০৫ | ৯৬ | ০৪ | ০ | ০ | ০ | ০ | ১৫৫ | ০৯ | ১৬৪ |
| বিএসএফআইসি | | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| বিএসইসি | | ০ | ০ | ০ | ০ | ১ | ০ | ০ | ০ | ১ | ০ | ১ |
| বিসিক | | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| বিএসটিআই | ২০২৪-২৫ | ০ | ০ | ০ | ০ | ১ | ০ | ২ | ০ | ৩ | ০ | ৩ |
| বিটাক | | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| বিআইএম | | ০ | ০ | ১ | ০ | ৮ | ০ | ৫ | ১ | ১৪ | ১ | ১৫ |
| ডিপিডিটি | | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৪ | ১ | ০৪ | ১ | ০৫ |
| এনপিও | | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০২ | ০ | ০২ | ০ | ০২ |
| প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় | | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| বিএবি | | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| এসএমইএফ | | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| বিএসআরবি | | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| এসএমসিআআএফ | | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | **মোট-** | **৫৯** | **০৫** | **৯৭** | **০৪** | **১০** | **০০** | **১৩** | **০২** | **১৭৯** | **১১** | **১৯০** |



মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার গ্রেডভিত্তিক নিয়োগ

## ৪.৪ ২০২৪-২০২৫ অর্থবছরে পদোন্নতি

| মন্ত্রণালয় | বছর | গ্রেড ভিত্তিক পদোন্নতি | | | | | | | | মোট | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২-৯ | | ১০-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০ | | | | |
| | | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) (৩+৫+৭+৯) | (১২) (৪+৬+৮+১০) | (১৩) (১১+১২) |
| শিল্প মন্ত্রণালয় | ২০২৪-২৫ | ০ | ০ | ৫ | ১ | ১ | ১ | ০ | ০ | ০৬ | ০২ | ০৮ |
| বিসিআইসি | | ৭৩৯ | ৮৯ | ২ | ১ | ০ | ০ | ০ | ০ | ৭৪১ | ৯০ | ৮৩১ |
| বিএসএফআইসি | | ১৮৫ | ১১ | ২৭ | ২ | ০ | ০ | ০ | ০ | ২১২ | ১৩ | ২২৫ |
| বিএসইসি | | ৫ | ১ | ৮ | ১ | ৫ | ০ | ৪৯ | ০ | ৬৭ | ২ | ৬৯ |
| বিসিক | | ৭৯ | ৩৭ | ৩৫ | ১০ | ২৯ | ২৪ | ০ | ০ | ১৪৩ | ৭১ | ২১৪ |
| বিএসটিআই | | ৭ | ৪ | ৬ | ০ | ৭ | ১ | ০ | ০ | ২০ | ০৫ | ২৫ |
| বিটাক | | ৫ | ০ | ৬ | ০ | ২৯ | ২ | ০ | ০ | ৪০ | ০২ | ৪২ |
| বিআইএম | | ১ | ০ | ৩ | ১ | ০ | ০ | ০ | ০ | ০৪ | ০১ | ০৫ |
| ডিপিডিটি | | ১ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০১ | ০০ | ০১ |
| এনপিও | | ৪ | ০১ | ০১ | ০ | ০২ | ০২ | ০ | ০ | ০৭ | ০৩ | ১০ |
| প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় | | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০০ | ০০ | ০০ |
| বিএবি | | ০৪ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০৪ | ০০ | ০৪ |
| এসএমইএফ | | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০০ | ০০ | ০০ |
| বিএসআরবি | | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০০ | ০০ | ০০ |
| এএমসিআইএফ | | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০০ | ০০ | ০০ |
| | **মোট-** | **১০৩০** | **১৪৩** | **৯৩** | **১৬** | **৭৩** | **৩০** | **৪৯** | **০** | **১২৪৫** | **১৮৯** | **১৪৩৪** |




মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার পদোন্নতি প্রাপ্ত পুরুষ ও নারী

## ৪.৫ ২০২৪-২০২৫ অর্থবছরে অবসর গ্রহণ

| মন্ত্রণালয় | অর্থবছর | গ্রেড ভিত্তিক অবসর গ্রহণ | | | | | | | | মোট | | সর্বমোট (১১+১২) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২-৯ | | ১০-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০ | | | | |
| | | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) (৩+৫+৭+৯) | (১২) (৪+৬+৮+১০) | |
| শিল্প মন্ত্রণালয় | | ৫ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ১ | ৫ | ১ | ৬ |
| বিসিআইসি | | ৭০ | ০৯ | ০১ | ০০ | ০২ | ০০ | ০৬ | ০২ | ৭৯ | ১১ | ৯০ |
| বিএসএফআইসি | | ১৪ | ০ | ০ | ০ | ৪ | | ০ | ০ | ১৮ | ০ | ১৮ |
| বিএসইসি | | ১৩ | ১ | ৬ | ০ | ৫ | ০ | ৩৬ | ০ | ৬০ | ১ | ৬১ |
| বিসিক | | ১৮ | ৫ | ১৩ | ০২ | ১৭ | ৫ | ৩৯ | ৪ | ৮৭ | ১৬ | ১০৩ |
| বিএসটিআই | ২০২৪-২৫ | ৩ | ০ | ৩ | ১ | ৫ | ০ | ৪ | ০ | ১৫ | ১ | ১৬ |
| বিটাক | | ১ | ০ | ৬ | ০ | ১২ | ০ | ৫ | ০ | ২৪ | ০ | ২৪ |
| বিআইএম | | ০ | ০ | ১ | ০ | ০ | ০ | ২ | ০ | ৩ | ০ | ৩ |
| ডিপিডিটি | | ০ | ০ | ১ | ০ | ০ | ০ | ০ | ০ | ১ | ০ | ১ |
| এনপিও | | ০ | ০ | ০ | ০ | ০১ | ০ | ০ | ০ | ০১ | ০ | ০১ |
| প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় | | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| বিএবি | | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| এসএমইএফ | | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| বিএসআরবি | | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| এসএমসিআইএফ | | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০২ | ০ | ০২ | ০ | ০২ |
| | **মোট-** | **১২৪** | **১৫** | **৩১** | **৩** | **৪৬** | **৫** | **৯৪** | **৭** | **২৯৫** | **৩০** | **৩২৫** |




মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার মোট অবসর গ্রহণকারী পুরুষ ও নারী

## ৪.৬ ২০২৪-২০২৫ অর্থবছরে প্রশিক্ষণ (দেশে/বিদেশে)

| মন্ত্রণালয় | ইনহাউজ প্রশিক্ষণ কর্মসূচি | | | দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ কর্মসূচি | | | বিদেশে প্রশিক্ষণ কর্মসূচি | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | |
| | | পুরুষ | নারী | | পুরুষ | নারী | | পুরুষ | নারী |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| শিল্প মন্ত্রণালয় | ১৪৪ | ১৯৮০ | ৪৪৪ | ৩৯ | ২৭ | ১২ | ১৪ | ১৮ | ৬ |
| বিসিআইসি | ১২ | ৬৮৯ | ৯১ | ৭০ | ৪৪৪ | ৭১ | ৯ | ১২ | ১ |
| বিএসএফআইসি | ৬৩ | ১৫৭৬ | ১০৯ | ৫২ | ১৯৫ | ০৪ | ৫ | ৬ | ২ |
| বিএসইসি | ৭ | ১৮৩ | ১৮ | ১৮ | ১৮ | ৩ | ০ | ০ | ০ |
| বিসিক | ৩১ | ৫৫৮ | ৭১ | ৪৮ | ৭০ | ৫ | ১১ | ১০ | ২ |
| বিএসটিআই | ৮ | ২৩৭ | ০ | ১০ | ১৫ | ০ | ৫৬ | ৫৯ | ০ |
| বিটাক | ৪৫ | ৩৮৭৬ | ০ | ৫৫ | ১৯৪ | ০ | ১ | ১ | ০ |
| বিআইএম | ০ | ০ | ০ | ৩ | ১৫৬ | ০ | ০ | ০ | ০ |
| ডিপিডিটি | ১৮ | ৩৬৬ | ৭০ | ৮ | ৮৯ | ১১ | ০ | ০ | ০ |
| এনপিও | ০ | ০ | ০ | ১ | ০১ | ০ | ২০ | ১৫ | ০৫ |
| প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় | ৩৬ | ৯১ | ৬ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| বিএবি | ২৪ | ১৪ | ০ | ০ | ০ | ০ | ১ | ১ | ০ |
| এসএমইএফ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| বিএসআরবি | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| এসএসসিআইএফ | ০২ | ১০ | ৫৫ | ০ | ০ | ০ | ০ | ০০ | ০ |
| **মোট-** | **৩৮৭** | **৯০৭৮** | **৭১২** | **২৪২** | **৬৭৬** | **২১** | **৯২** | **৯০** | **১৬** |




মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থায় ইনহাউজ প্রশিক্ষণে অংশগ্রহণকারী পুরুষ ও নারী




মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থায় দেশের অভ্যন্তরে প্রশিক্ষণে অংশগ্রহণকারী পুরুষ ও নারী




মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থায় বৈদেশিক প্রশিক্ষণে অংশগ্রহণকারী পুরুষ ও নারী

## ৪.৭ ২০২৩-২০২৪ অর্থবছরে ভ্রমণ ও পরিদর্শন

| মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা | অভ্যন্তরীণ ভ্রমণ/পরিদর্শণ | বৈদেশিক সেমিনার/ ওয়ার্কশপ | বিদেশে এক্সপোজার ভিজিট | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| শিল্প মন্ত্রণালয় | ৬০ | ০ | ০ | ০ |
| বিসিআইসি | ৫০৩ | - | ৯ | ০ |
| বিএসএফআইসি | ৫০০ | ০ | ০ | ০ |
| বিএসইসি | ১৫৪ | ২ | ০ | ০ |
| বিসিক | ১৪০ | ০ | ০ | ০ |
| বিএসটিআই | ৪৩ | ৫৯ | ০ | ০ |
| বিটাক | ২২ | ০ | ০ | ০ |
| বিআইএম | ৩ | ০ | ০ | ০ |
| ডিপিডিটি | ৩১ | ০ | ০ | ০ |
| এনপিও | ০ | ৭ | ০ | ০ |
| বিএবি | ১২ | ০২ | ০ | ০ |
| প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় | ১০ | ১ | ০ | ০ |
| এসএমইএফ | ০ | ০ | ০ | ০ |
| বিএসআরবি | **০** | **০** | **০** | **০** |
| এসএমসিআইএফ | ০৬ | ০ | ০ | ০ |
| **মোট=** | **১২৭০** | **৭০** | **১৪** | **০** |




মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার অভ্যন্তরীণ ভ্রমণ, বৈদেশিক সেমিনার ও এক্সপোজার ভিজিট

# পঞ্চম অধ্যায়

# সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম

## ৫.০ ২০২৪-২০২৫ অর্থবছরে অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত তথ্য

অভিযোগ প্রতিকার ব্যবস্থা মন্ত্রণালয়ের দক্ষতা ও কার্যকারিতা পরিমাপের অন্যতম সূচক। জনগণের নিকট প্রশাসনের জবাবদিহিতা নিশ্চিতকরণ, সেবার মানোন্নয়ন এবং সুশাসন সংহতকরণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে শিল্প মন্ত্রণালয়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থা Grievance Redress System (GRS) পদ্ধতি চালু করা হয়েছে। সরকারি দপ্তরে সেবা প্রদান পদ্ধতি, সেবা ও পণ্যের মান সম্পর্কে অসন্তুষ্টি বা সংক্ষুব্ধতা থেকে অভিযোগের উৎপত্তি হতে পারে। এ ক্ষোভ যুক্তিসঙ্গত বা বাস্তবানুগ হোক বা না হোক, প্রতিকার চাওয়া বা বক্তব্য প্রদানের একটি কার্যকর ক্ষেত্র বা প্ল্যাটফরম থাকলে তাঁদের অসন্তোষ বা ক্ষোভ প্রশমনের সুযোগ সৃষ্টি হয়। এ পদ্ধতি সরকারি সেবা প্রাপ্তি এবং প্রদত্ত সেবার মান সম্পর্কে সাধারণ নাগরিকের অভিযোগ প্রতিকারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

জনগণের নিকট জবাবদিহিতা নিশ্চিতকরণ, সেবার মানোন্নয়ন, কম সময়ে, স্বল্প ব্যয়ে সেবা প্রদান এবং সুশাসন সংহতকরণের মাধ্যমে ভোগান্তিবিহীন জনসেবা নিশ্চিতকরণই অভিযোগ প্রতিকার ব্যবস্থার মূল উদ্দেশ্য। এ লক্ষ্যে শিল্প মন্ত্রণালয়ে একটি অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত সেল রয়েছে। ২০১৮ সালে অনলাইন GRS এর ২য় ভার্সন Hosting করা হয়। অনলাইনে GRS Software এর ২য় ভার্সনটিতে যেকোনো জায়গা থেকে অভিযোগ দাখিলের সুযোগ তৈরি হয়েছে। অনলাইনে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বাস্তবায়নের ফলে দ্রুত অভিযোগ দাখিল ও নিষ্পত্তিতে সেবা প্রক্রিয়ায় স্থায়ী সংস্কারের সুযোগ সৃষ্টি হয়েছে।

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনায় শিল্প মন্ত্রণালয় ২০২৪-২৫ অর্থবছরে মোট ৭৪টি অভিযোগ পাওয়া যায় তন্মধ্যে ৫৬টি অভিযোগ নিষ্পত্তি করা হয় যা মোট অভিযোগের ৮৯.১৯%।

**২০২৪-২০২৫ অর্থবছরে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত তথ্য নিম্নরূপ:**

| মন্ত্রণালয় | পূর্ববর্তী বছর থেকে আগত অভিযোগ | বিবেচ্য বছরে প্রাপ্ত অভিযোগ | মোট প্রাপ্ত অভিযোগ | মোট নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | মোট অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| শিল্প মন্ত্রণালয় | ৪ | ৭০ | ৭৪ | ৫৬ (৮৯.১৯%) | ৮ (১০.৮১%) |

## ৫.১ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা সংক্রান্ত তথ্য

সকল সরকারি দপ্তরে সেবা, তথ্য সহজলভ্যকরণ, সেবা কার্যক্রমে নাগরিকের অংশীদারিত্ব বৃদ্ধি এবং জবাবদিহিতা নিশ্চিতকরণে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন নিশ্চিত করা হচ্ছে। সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ, বাস্তবায়ন, প্রশিক্ষণ, অংশীজনের অংশগ্রহণে সভা, পরিবীক্ষণ ও সেবা গ্রহীতাদের মতামত গ্রহণের ব্যবস্থা রয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের ফলে মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার ওয়েবসাইটে সকল সেবার তথ্যসমূহ উপস্থাপন করা হচ্ছে। সেবা প্রদান প্রতিশ্রুতির কার্যকর প্রণয়নের ফলে সেবার তথ্যসমূহ জনসাধারণের নিকট সহজলভ্য করার মাধ্যমে সহজে ও ভোগান্তি ছাড়া সেবা প্রদান সম্ভব হচ্ছে। এ সকল কার্যক্রম বাস্তবায়নের ফলে সেবার মান ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। শিল্প মন্ত্রণালয়ের সেবাপ্রদান প্রতিশ্রুতিতে ১০টি প্রাতিষ্ঠানিক সেবা এবং ৩৪টি অভ্যন্তরীণ সেবা রয়েছে।

শিল্প মন্ত্রণালয়ের সেবাপ্রদান প্রতিশ্রুতির ছকপত্র নিম্নরুপঃ

| ক্রমিক নং | সেবার নাম | সেবাপ্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য ও পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | | |

## ৫.২ নাগরিক সেবাদান কার্যক্রমের সুষ্ঠু এবং সময়ানুগ বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে নিম্নবর্ণিত ব্যবস্থা নেয়া হয়েছে

(ক) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদ করা হচ্ছে।

(খ) সিটিজেনস চার্টার পরিবীক্ষণ করে তিন মাস পর পর রিপোর্ট প্রদানের জন্য একটি পরিবীক্ষণ টিম গঠন এবং পরিবীক্ষণ টিম কর্তৃক সিটিজেনস চার্টার বাস্তবায়ন সংক্রান্ত পর্যালোচনা করা হচ্ছে।;

(গ) পরিবীক্ষণ টিমের প্রতি ত্রৈমাসিক সভা আয়োজন এবং দপ্তর/সংস্থা প্রতিনিধিসহ ত্রৈমাসিক সভা আয়োজন করা ও পর্যালোচনা;

(ঘ) সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত পরিবীক্ষণ করা হয়;

(ঙ) অনুবিভাগসমূহের মাসিক সমন্বয় সভায় এবং মন্ত্রণালয়ের মাসিক সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পর্যালোচনার ব্যবস্থা গ্রহণ;

(চ) মন্ত্রণালয়ের ওয়েব সাইটে সিটিজেনস চার্টারের সাথে GRS এর লিংক প্রদানের মাধ্যমে সেবা প্রদান সম্পর্কে জনগণের অভিযোগ/মতামত গ্রহণ;

(ছ) প্রাপ্ত সেবা বিষয়ে সেবা গ্রহীতার মতামত গ্রহণের জন্য সংশ্লিষ্ট ডেস্কে একটি মতামত পরিবীক্ষণ ছকের মাধ্যমে সেবা গ্রহীতার মতামত/অভিযোগ গ্রহণ;

## ৫.৩ তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত তথ্য

শিল্প মন্ত্রণালয় সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে সুশাসনের একটি উপকরণ হিসেবে তথ্য অধিকার আইন বাস্তবায়ন করছে। তথ্য প্রাপ্তির আবেদনের পরিপ্রেক্ষিতে তথ্য অধিকার আইন অনুযায়ী যথাসময়ে সকল তথ্য প্রদান করা হয়। এছাড়া স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদকরণ, বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও এ সংক্রান্ত জনসচেতনতা বৃদ্ধি ও তথ্য অধিকার সম্পর্কিত প্রশিক্ষণ প্রদান করা হয়। তথ্যপ্রদান ইউনিটগুলোতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করায় দায়বদ্ধতা বৃদ্ধি পেয়েছে। তথ্য অধিকার সংক্রান্ত জনসচেতনতামূলক কার্যক্রম অন্তর্ভুক্ত হওয়ায় এবং এ সংক্রান্ত প্রচারণার ফলে জনগণের অবাধে তথ্য পাওয়া সহজ হচ্ছে।

তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনা অনুযায়ী ২০২৪-২০২৫ অর্থবছরে তথ্য প্রাপ্তি ও নিষ্পত্তির তথ্য

| ২০২৩-২০২৪ অর্থবছরে তথ্য অধিকার কর্মপরিকল্পনা অনুযায়ী মোট আবেদন সংখ্যা | নিষ্পত্তিযোগ্য আবেদন | অনিষ্পত্তিযোগ্য আবেদন | নিষ্পত্তিকৃত আবেদন | নিষ্পত্তির শতকরা হার |
|---|---|---|---|---|
| ১০ (আপিল ১) | ১০ | ০ | ১০ | ১০০% |

# ৬ষ্ঠ অধ্যায়

# টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়ন

## ৬.০ এসডিজি বাস্তবায়ন অগ্রগতি

জাতিসংঘের সাধারণ পরিষদের ৭০তম অধিবেশনে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) গৃহীত হওয়ার পরিপ্রেক্ষিতে শিল্প মন্ত্রণালয় ইতোমধ্যে এসডিজির বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করেছে এবং এ বিষয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এসডিজির ১৭টি অভীষ্ট বাস্তবায়নে বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ সমন্বয়ক মন্ত্রণালয়/বিভাগ হিসেবে কাজ করছে। এসডিজির অভীষ্ট ৯ (Build Resilient infrastructure, Promote inclusive sustainable industrialization and foster innovation) বাস্তবায়নে শিল্প মন্ত্রণালয় 'সমন্বয়কারী মন্ত্রণালয়' হিসেবে কাজ করছে। শিল্প মন্ত্রণালয় এসডিজির ৪টি টার্গেটে (৯.২, ৯.৩, ৯.৪ ও ১২.৬) লিড, ৩টি টার্গেটে (৬.৩, ৬.৪ ও ৮.২) কো-লিড এবং ৫৯টি টার্গেটে এসোসিয়েট হিসেবে কাজ করছে। শিল্প মন্ত্রণালয়ের ২টি অগ্রাধিকার লক্ষ্যমাত্রা রয়েছে যথা: (১) জিডিপিতে ম্যানুফ্যাকচারিং শিল্পখাতের অবদান ৩৫% (এসডিজি নির্দেশক ৯.২.১) এবং (২) ম্যানুফ্যাকচারিং শিল্পখাতে কর্মসংস্থান ২৫% এ উন্নীত করা (এসডিজি নির্দেশক ৯.২.২)। দেশের জিডিপিতে শিল্পখাতের (ম্যানুফ্যাকচারিং) অবদান ও ম্যানুফ্যাকচারিং শিল্পখাতে কর্মসংস্থানের যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে তা বাস্তবায়নে শিল্প মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থা কাজ করে যাচ্ছে। ২০২৪-২০২৫ অর্থবছরে শিল্প মন্ত্রণালয় কর্তৃক প্রণীত এসডিজি সংক্রান্ত Voluntary National Review (VNR) প্রতিবেদন অনুযায়ী শিল্প মন্ত্রণালয়ের বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

শিল্প মন্ত্রণালয়ের টেকসই উন্নয়ন অভীষ্টের (এসডিজি) বাস্তবায়ন অগ্রগতি

| ক্রমিক | SDGs নির্দেশক | বেসলাইন পরিসংখ্যান ও তথ্যের উৎস | বাস্তবায়ন অগ্রগতি ও তথ্যের উৎস | ২০৩০ সালের লক্ষ্যমাত্রা | মন্তব্য (যদি থাকে) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | নির্দেশক ৯.২.১: জিডিপিতে ম্যানুফ্যাকচারিং শিল্পখাতের অবদান এবং মাথাপিছু আয় | ২২.৪০% (২০১৯-২০২০) এবং ৪৪৪ মার্কিন ডলার (BBS) | ২৪.৬২% (২০২৩-২০২৪), ২৬৭৫ মার্কিন ডলার ( ইকোনোমিক রিভিউ-২০২৪) | ৩৫% (বিবিএস) | নির্মাণসহ ম্যানুফ্যাকচারিং খাতের অবদান ৩৪.৪৭% |
| ২. | নির্দেশক ৯.২.২: মোট কর্মসংস্থানের মধ্যে ম্যানুফ্যাকচারিং খাতের কর্মসংস্থানের শতকরা হার | ১৪.৪% (বিবিএস-২০১৫-১৬) | ২১.৮৮% (বিশ্বব্যাংক, ২০২২) | ২৫% (বিবিএস) | |
| ৩. | নির্দেশক ৯.৩.১: মোট শিল্প মূল্য সংযোজনের মধ্যে ক্ষুদ্র শিল্পের শতকরা হার | ১৯.৫৩% (বিবিএস, ২০১৫-২০১৬) | ২০.২০% (বিবিএস, ২০২২-২০২৩) | ২৫% | |
| ৪. | নির্দেশক ৯.৩.২: ঋণ বা ঋণ সীমা (Line of Credit) সুবিধাপ্রাপ্ত ক্ষুদ্র শিল্পের শতকরা হার | | ৫৭.৭৯% (২০১৯) (বিবিএস, এসআইডি ২০১৯) | ৪০% | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫. | নির্দেশক ৯.৪.১: মূল্য সংযোজনে প্রতি একক $CO_2$ নির্গমন | ০.২৯৫ কেজি প্রতি মার্কিন ডলার (এডিবি-২০১৬) | ০.২৫৪ কেজি প্রতি মার্কিন ডলার (এডিবি-২০২১) | ০.২১০ কেজি প্রতি মার্কিন ডলার (এডিবি) | |
| ৬. | নির্দেশক ১২.৬.১: টেকসইয়তা প্রতিবেদন প্রকাশকারী কোম্পানির সংখ্যা | | ৪৯টি কোম্পানি (ডিওই, এমওইএফসিসি-২০২২) | ৬০টি কোম্পানি | |

## ৬.১ লক্ষ্যমাত্রা অর্জনের চ্যালেঞ্জসমূহ

- শিল্প খাতে বিশেষ কয়েকটি সেক্টরের উপর নির্ভরশীলতা এবং শিল্পপণ্যে বৈচিত্র্যকরণ কম;
- পুরাতন অবকাঠামো এবং জ্বালানি স্বল্পতা;
- প্রযুক্তি উদ্ভাবনে বিনিয়োগ কম;
- ম্যানুফ্যাকচ্যারিং খাতে দক্ষ জনশক্তির স্বল্পতা;
- বিদেশি বিনোয়োগের সীমাবদ্ধতা;
- ক্ষুদ্র ও মাঝারি শিল্পের মূলধন স্বল্পতা;
- রপ্তানি ও আন্তর্জাতিক বাজারে উচ্চ প্রতিযোগিতা;
- জীবাশ্ম জ্বালানির উপর অধিক নির্ভরশীল;
- পরিবেশসম্মত শিল্প স্থাপনে সচেতনতার অভাব;
- জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক দুর্যোগ;
- টেকসইয়তা অর্জনের ক্ষেত্রে অসচেতনতা ও আর্থিক সীমাবদ্ধতা;
- টেকসইয়তা অর্জনে যথাযথভাবে আইন প্রয়োগ ও প্রণোদনার সীমাবদ্ধতা।

## সপ্তম অধ্যায়
# বাজেট ও অডিট

### ৭.০ বাজেট: ২০২৪-২৫

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট (২০২৪-২০২৫) | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| পরিচালন ব্যয় | ৩৫৯,৩২,০০ | ৩৮৫,৮৭,০০ | ৪১৪,৫৫,০০ |
| উন্নয়ন ব্যয় | ২১৫০,২৬,০০ | ২৩১০,০২,০০ | ২৪৮১,৮৮,০০ |
| **মোট** | **২৫০৯,৫৮,০০** | **২৬৯৫,৮৯,০০** | **২৮৯৬,৪৩,০০** |
| | | | |
| আবর্তক | ৩৯৩১১৯৫ | ৪৪৫০১৭৬ | ৪৪১৬১০৭ |
| মূলধন | ৬৫৬৮৬০৫ | ২২৫০৮৭২৪ | ২৪৫৪৮১৯৩ |
| আর্থিক সম্পদ | ১৪৫৯৬০০০ | ০ | ০ |
| দায় | ০ | ০ | ০ |
| মোট | **২৫০৯,৫৮,০০** | **২৬৯৫,৮৯,০০** | **২৮৯৬,৪৩,০০** |

### ৭.১. মিশন স্টেটমেন্ট

চতুর্থ শিল্প বিপ্লব উপযোগী পরিবেশবান্ধব শিল্পায়ন, বৈদেশিক মুদ্রা অর্জন এবং কর্মসংস্থান সৃষ্টি, অর্থনৈতিক উন্নয়নের মাধ্যমে উচ্চ মধ্যম আয়ের বাংলাদেশ বিনির্মাণ।

### ৭.২ ২০২৪-২০২৫ অর্থবছরের মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার পরিচালন বাজেট ও বাস্তবায়ন

(কোটি টাকা)

| প্রতিষ্ঠানের নাম | মূল বাজেট ২০২৪-২০২৫ | সংশোধিত বাজেট ২০২৪-২০২৫ | ২০২৪-২০২৫ অর্থবছরে ব্যয়িত অর্থের পরিমাণ | বাস্তবায়ন অগ্রগতি (%) | বিগত অর্থবছরের তুলনায় হ্রাস/বৃদ্ধি (%) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| সচিবালয়, শিল্প মন্ত্রণালয় | ৫০.২৩ | ৪৩.৪৩ | ৩১.৬৬ | ৭২.৮৯ | -১০.২৩ |
| বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) | ২৭.৫০ | ২৬.০৪ | ১৮.৭৩ | ৭১.৩২ | -১৭.৯১ |
| বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) | ৫৪.০১ | ৪৯.৫৬ | ৪৪.৮৫ | ৯০ | -৪.৫৫ |
| বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) | ২৩৮.১৫ | ২৩৮.৮৫ | ২০৩.৭৫ | ৮৬ | -১.২৩ |
| প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় | ১২.৭১ | ১০.১১ | ৯.৩৪ | ৯৩ | -২.৪৯ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্ক অধিদপ্তর (ডিপিডিটি) | ৯.৬১ | ৯.২২ | ৬.০৬ | ৬৫.৭৩ | -১০.২৩ |
| ন্যাশনাল প্রোডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও) | ৯.৬৪ | ৬.৫৭ | ৪.৭৯ | ৭২.৯১ | -৩৬.৫৬ |
| বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) | ৪.১৫ | ২.৮৮ | ১.৯৪ | ৬৭.৩৬ | -১৪.৭২ |
| **মোট** | **৪০৬.০০** | **৩৮৬.৬৬** | **৩২১.১২** | **৮৩.০৪** | |

## ৭.৩ ২০২৪-২০২৫ অর্থবছরের মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার উন্নয়ন বাজেট ও বাস্তবায়ন

(লক্ষ টাকা)

| অর্থ বছর | প্রকল্প সংখ্যা | | | | | অর্থছাড় | মোট ব্যয় | বাস্তবায়ন অগ্রগতি (%) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | জিওবি | প্রকল্প সাহায্য | সংস্থার নিজস্ব অর্থায়ন | মোট | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ২০২৪-২৫ | ২৫ | ১১৬১৮৩.০০ | ৭২৪.০০ | ৩১১৫.০০ | ১২০০২২.০০ | ৯৬৪৬১.৫৬ (৮০.৩৭%) | ৮২১০৩.০০ | ৬৮.৪১ % |

## ৭.৪ ২০২৪-২০২৫ অর্থবছরে প্রতিষ্ঠানভিত্তিক নিজস্ব আয় ও জিওবি'র হিসাব:

(হাজার টাকা)

| প্রতিষ্ঠানের নাম | নিজস্ব আয় | জিওবি | মোট বাজেট (৩+৪) |
|---|---|---|---|
| ১ | ৩ | ৪ | ৫ |
| বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) | ৪৫,৭৭,০০ | ১৯২,৩১,৫০ | ২৩৮,০৮,৫০ |
| বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) | ১৮,৩৫,৬০ | ৪৯,৫৫,৬০ | ৬৭,৯১,২০ |
| বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) | ১৫,০৪,৩০ | ১১,০০,৪৫ | ২৬,০৪,৭৫ |
| বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) | ১,০১,০০ | ২,৮৮,১০ | ৩,৮৯,১০ |
| **মোট** | **৮০,১৭,৯০** | **২৫৫,৭৫,৬৫** | **৩৩৫,৯৩,৫৫** |

## ৭.৫ ২০২৪-২০২৫ অর্থবছরের দপ্তর/সংস্থার মনিটরিং বাজেট

(হাজার টাকা)

| ক্র. নং | দপ্তর/সংস্থার নাম | মোট বাজেট |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) | ১২২০,৪৯.৮১ |
| ২ | বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) | ২৪৯,৭৫,৫২ |
| ৩ | বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) | ৬৭,৯১,২০ |
| ৪ | বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি) | ১৭৯৯,৭৬,৪৬ |
| ৫ | বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) | ২০৯,৩৫,০০ |
| ৬ | বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন ( বিসিআইসি ) | ১৬৯৭৬,২৩,৮৩ |
| **মোট** | | **২০৫২৩৫,৫১,৮২** |

## ৭.৬ ২০২৪-২০২৫ অর্থবছরের সরকারি প্রতিষ্ঠানসমূহের আয়ের লভ্যাংশ/মুনাফা/আদায়কৃত রাজস্ব

(হাজার টাকা)

| অর্থবছর | রাজস্ব আয় | | | |
|---|---|---|---|---|
| | নন-ট্যাক্স রেভিনিউ | | লভ্যাংশ | |
| | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন |
| ২০২৩-২৪ | ৫৮,৪৯,০০ | ৩৯,৮৪,৯৪ | ৩৪৫,১১,০০ | ৫০২,৯২,৯২ |
| ২০২৪-২৫ | ৬৩.১৮,০০ | ৫০.২৯,২৯ | ৮৭৬,৭১.০০ | ২৯১.২৪,৮৬ |

## ৭.৭ ২০২৪-২০২৫ অর্থবছরের অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

(কোটি টাকা)

| অর্থবছর | অডিট আপত্তি | | | | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ক্রমপুঞ্জিত আপত্তির সংখ্যা | বিবেচ্য বছরের আপত্তির সংখ্যা | মোট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ | সংখ্যা | টাকার পরিমাণ | সংখ্যা | টাকার পরিমাণ |
| ১ | ২ | ৩ | ৪ ( ২+৩) | ৫ | ৬ | ৭ | ৮ (৪-৬) | ৯ (৫-৭) |
| ২০২৪-২০২৫ | ৫,১৮৩ | ৪৬৬ | ৫,৬৪৯ | ৫১.৬৩৮.৪৫ | ৩২১ | ২,৭৭৩.৪৯ | ৫,৩২৮ | ৪৮,৮৬৪.৯৬ |

# অষ্টম অধ্যায়

# মামলা সম্পর্কিত তথ্য

## ৮.০ বিভাগীয় মামলা

| মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা | পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে (২০২৪-২০২৫) দায়েরকৃত বিভাগীয় মামলার সংখ্যা | মোট বিভাগীয় মামলা সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে (২০২৪-২০২৫ ) নিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা | | | | বছর শেষে অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | চাকুরিচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দণ্ড | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ (২+৩) | ৫ | ৬ | ৭ | ৮ (৫+৬+৭) | ৯ (৪-৮) |
| শিল্প মন্ত্রণালয় | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| বিসিআইসি | ১৪ | ২৬ | ৪০ | ০৫ | ০২ | ০৩ | ১০ | ৩০ |
| বিএসএফআইসি | ১৯ | ৬ | ২৫ | ০ | ১৪ | ০৪ | ১৮ | ৭ |
| বিএসইসি | ৩ | ৫ | ৮ | ১ | ২ | ০৪ | ৭ | ১ |
| বিসিক | ৩৩ | ৯ | ৪২ | ১ | ২৩ | ০২ | ২৬ | ১৬ |
| বিএসটিআই | ০০ | ৫ | ৫ | ০ | ৩ | ০ | ৩ | ২ |
| বিটাক | ০ | ১ | ১ | ০ | ১ | ০ | ১ | ০ |
| বিআইএম | ২ | ০ | ২ | ০ | ০ | ০ | ০ | ২ |
| ডিপিডিটি | ১ | ২ | ৩ | ০ | ২ | ০ | ২ | ১ |
| এনপিও | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| বয়লার কার্যালয় | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| বিএবি | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| এসএমইএফ | ০২ | ০ | ০২ | ০ | ০ | ০ | ০ | ০২ |
| বিএসআরবি | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| এসএমসিআইএফ | ০৩ | ০২ | ০৫ | ০ | ০ | ০ | ০ | ০৫ |
| **মোট-** | **৭৭** | **৫৬** | **১৩৩** | **৭** | **৪৭** | **১৩** | **৬৭** | **৬৬** |




বিভাগীয় মামলার তথ্য

## ৮.১ সরকার কর্তৃক/সরকারের বিপক্ষে বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলা

শিল্প মন্ত্রণালয়ের ও আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৪-২০২৫ অর্থবছরের মামলার বিবরণ

| ক্র: নং | দপ্তর/সংস্থার নাম | সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা কর্তৃক দায়েরকৃত ক্রমপুঞ্জিভূত মামলার সংখ্যা | ২০২৪-২৫ অর্থবছরে দায়েরকৃত মামলার সংখ্যা | সরকার কর্তৃক দায়েরকৃত মোট মামলার সংখ্যা | সরকারের বিপক্ষে দায়েরকৃত রিট মামলার সংখ্যা | সর্বমোট মামলার সংখ্যা | মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | মোট অনিষ্পন্ন মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ (৩+৪) | ৬ | ৭ (৫+৬) | ৮ | ৯ (৭-৮) |
| ১ | শিল্প মন্ত্রণালয় | ০১ | ০ | ০ | ০ | ০ | ০ | ০১ |
| ২ | বিসিআইসি | ১১৫ | ১০ | ১২৫ | ৩০০ | ৪২৫ | ১৫ | ৪১০ |
| ৩ | বিএসএফআইসি | ২৯ | ৮ | ৩৭ | ২৬ | ৬৩ | ৫ | ৫৮ |
| ৪ | বিসিক | ১৪১ | ২৩ | ১৬৪ | ২০ | ১৮৪ | ০১ | ১৮৩ |
| ৫ | বিএসইসি | ০৫ | ০২ | ০৭ | ২৩ | ৩০ | ১ | ২৯ |
| ৬ | বিএসটিআই | ৪৪১ | ৫০ | ৪৯১ | ৪ | ৪৯৫ | ৪৬ | ৪৪৯ |
| ৭ | বিটাক | ০৩ | ০০ | ০৩ | ০০ | ০৩ | ০০ | ০৩ |
| ৮ | বিআইএম | ০২ | ০০ | ০২ | ০০ | ০২ | ০০ | ০২ |
| ৯ | ডিপিডিটি | ০৪ | ০০ | ০৪ | ০০ | ০৪ | ০০ | ০৪ |
| ১০ | এনপিও | ০১ | ০০ | ০১ | ০০ | ০১ | ০০ | ০১ |
| ১১ | প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় | ০২ | ০০ | ০২ | ০০ | ০২ | ০০ | ০২ |
| ১২ | বিএবি | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| ১৩ | এসএমই ফাউন্ডেশন | ০২ | ০০ | ০২ | ০০ | ০২ | ০০ | ০২ |
| | **মোট** | **৭৪৬** | **৯৩** | **৮৩৮** | **৩৭৩** | **১২১১** | **৬৮** | **১১৪৪** |




শিল্প মন্ত্রণালয়ের ও দপ্তর/সংস্থার সরকার কর্তৃক/ সরকারের বিপক্ষে ২০২৪-২০২৫ অর্থবছরের মামলার বিবরণ

# নবম অধ্যায়

# অন্যান্য উল্লেখযোগ্য বিষয়াদি

## ৯.০ ২০২৪-২০২৫ অর্থবছরে মন্ত্রণালয় কর্তৃক প্রকাশনা

শিল্প মন্ত্রণালয় ও আওতাধীন সকল দপ্তর/সংস্থা প্রতিবছর বার্ষিক প্রতিবেদন প্রকাশ করে থাকে। এছাড়া, মন্ত্রণালয় ত্রৈমাসিক শিল্প বার্তা, বিসিক মাসিক ও ত্রৈমাসিক এমআইএস প্রতিবেদন ও এসএমইএফ ত্রৈমাসিক নিউজ লেটার ওয়েবসাইটে প্রকাশ এবং মুদ্রণ করে থাকে।

## ৯.১ ২০২৪-২০২৫ অর্থবছরে বিভিন্ন পুরস্কার/এ্যাওয়ার্ড প্রদান

| মন্ত্রণালয় ও দপ্তর সংস্থা | পুরস্কারের নাম | পুরস্কারের ক্ষেত্র | পুরস্কার প্রদানের তারিখ | পুরস্কারের সংখ্যা | পুরস্কার প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|---|---|
| বিএসটিআই | (১) আইএসও ৯০০১:২০১৫ | কোয়ালিটি ম্যানেজমেন্ট সিস্টেমস | ০৪-১২-২০২৪ খ্রি. তারিখ হতে ৩০ জুন ২০২৫খ্রি. পর্যন্ত | ১০টি প্রতিষ্ঠান | (১) বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক), ঢাকা;<br>(২) জেনারেল ফ্যান কোম্পানী লিমিটেড, গাজীপুর;<br>(৩) বনভূমি এগ্রো ফুড, গোপালগঞ্জ;<br>(৪) ক্যালিব্রেশন টেকনোলজি (পিভিটি) লি:, ঢাকা;<br>(৫) আল্ট্রাটেক সিমেন্ট ইন্ডাস্ট্রিজ লি:, ঢাকা<br>(৬) ভিয়ার হেলথ কেয়ার লিমিটেড, হবিগঞ্জ;<br>(৭) প্রাইম কসমেটিকস লি:, রংপুর;<br>(৮) প্রতীক ফাইন সিরামিক লি:, ঢাকা;<br>(৯) রহিমা ইন্ডাস্ট্রিয়াল কমপ্লেক্স লি:, নারায়ণগঞ্জ;<br>(১০) অপটিমাম ফার্মাসিউটিক্যালস্ (এইচবিএল), ঢাকা; |
| | (২) আইএসও ২২০০০:২০১৮ | ফুড সেফটি ম্যানেজমেন্ট সিস্টেমস | | ২টি প্রতিষ্ঠান | (১) মেসার্স কামাল অটো রাইস মিল, রাজশাহী<br>(২) জেজেএন ইন্টারন্যাশনাল লিঃ, বাগেরহাট |
| | (৩) HACCP | Hazard Analysis and Critical control Point | | ২টি প্রতিষ্ঠান | (১) গোল্ডেন প্লাস ফুড এন্ড বেভারেজ, রাজবাড়ী;<br>(২) এপেক্স কনভেনিয়েন্স ফুডস লি:, গাজীপুর; |
| | (৪) আইএসও ১৪০০১:২০১৫ | এনভাইয়রনমেন্টাল ম্যানেজমেন্ট সিস্টেমস | | ২টি প্রতিষ্ঠান | (১) ভেগান এগ্রো লিমিটেড, কুষ্টিয়া;<br>(২) কুলসুমা প্লাস্টিক, চট্টগ্রাম |
| | (৫) আইএসও/আইইসি ২৭০০১:২০২২ | ইনফরমেশন সিকিউরিটি ম্যানেজমেন্ট সিস্টেম | | ১টি প্রতিষ্ঠান | (১) সফট বিডি লি:, ঢাকা; |

দশম অধ্যায়

# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি)

# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি)

## ১.০ দপ্তর সংস্থার পরিচিতি

১৯৭২ সনের রাষ্ট্রপতির ২৭ নং অধ্যাদেশ এবং ১৯৭৬ সনের ২৫ নং সংশোধনীর মাধ্যমে ৩টি কর্পোরেশন যথা: বাংলাদেশ ফার্টিলাইজার, কেমিক্যাল এন্ড ফার্মাসিউটিক্যাল কর্পোরেশন, বাংলাদেশ পেপার এন্ড বোর্ড কর্পোরেশন এবং বাংলাদেশ ট্যানারিজ কর্পোরেশন একীভূত করে ১লা জুলাই, ১৯৭৬ খ্রি. তারিখে বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে ১০ম জাতীয় সংসদের ২১তম অধিবেশনে মহামান্য রাষ্ট্রপতির সম্মতিক্রমে 'বাংলাদেশ শিল্প প্রতিষ্ঠান জাতীয়করণ আইন ২০১৮' পাশ হয়। এই আইন দ্বারা Bangladesh Industrial Enterprise (Nationalized) Order 1972 (P.O. No. 27 of 1972) রহিতক্রমে পুনঃ প্রণয়ন করা হয়। বর্তমানে এ সংস্থার অধীনে ১১টি কারখানা আছে। বর্তমানে কারখানাসমূহের মধ্যে ৫টি ইউরিয়া সার কারখানা, ১টি ডিএপি সার কারখানা, ১টি টিএসপি সার কারখানা, ১টি কাগজ কারখানা, ১টি সিমেন্ট কারখানা, ১টি গ্লাসশীট কারখানা ও ১টি স্যানিটারিওয়্যার ও ইনস্যুলেটর কারখানা রয়েছে। তাছাড়াও যৌথ অংশীদারিত্বে ১০টি কারখানা রয়েছে। শিল্প কারখানায় উৎপাদিত পণ্যের মধ্যে ৮০% রাসায়নিক সার। এর মধ্যে ৭০% ইউরিয়া সার ও ১০% অন্যান্য সার। এছাড়াও আধুনিক শিল্প প্রযুক্তিসম্পন্ন প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনবল তৈরির লক্ষ্যে ১৯৮৩ সালে পলাশ, নরসিংদীতে 'ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ (টিআইসিআই)' প্রতিষ্ঠা করা হয়। দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে ১৯৯৬-৯৭ সাল থেকে সারা দেশে কৃষকদের মাঝে সার বিতরণের মত স্পর্শকাতর দায়িত্ব বিসিআইসি সফলতার সাথে পালন করে আসছে।

- **বিসিআইসি'র চালু কারখানাসমূহ ও ইনস্টিটিউট**

| ধরণ | ইউরিয়া | নন ইউরিয়া |
|---|---|---|
| **সার কারখানা** | ১। ঘোড়াশাল পলাশ ফার্টিলাইজার পিএলসি<br>২। শাহজালাল ফার্টিলাইজার কোম্পানি লিঃ<br>৩। চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার লিঃ<br>৪। যমুনা ফার্টিলাইজার কোম্পানি লিঃ<br>৫। আশুগঞ্জ ফার্টিলাইজার এন্ড কেমিক্যাল কোম্পানি লিঃ | ১। টিএসপি কমপেক্স লিঃ<br>২। ডিএপি ফার্টিলাইজার কোম্পানি লিঃ |
| **অন্যান্য** | ১। বাংলাদেশ ইন্সুলেটর এন্ড স্যানিটারিওয়্যার ফ্যাক্টরি লিঃ (বিআইএসএফএল)<br>২। কর্ণফুলী পেপার মিলস্ লিঃ (কেপিএমএল)<br>৩। উসমানিয়া গ্লাসশীট ফ্যাক্টরি লিঃ (ইউজিএসএফ)<br>৪। ছাতক সিমেন্ট কোম্পানি লিঃ (সিসিসিএল) | |
| **প্রশিক্ষণ প্রতিষ্ঠান** | ১। ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ (টিআইসিআই) | |

### ১.১ ভিশন

দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে সার উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জন এবং আমদানি বিকল্প সংশ্লিষ্ট রাসায়নিক দ্রব্য উৎপাদন।

### ১.২ মিশন

আমদানি নির্ভরতা হ্রাস করে দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে সার উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জন এবং আমদানি বিকল্প সংশ্লিষ্ট রাসায়নিক দ্রব্য উৎপাদনের নিমিত্ত বিসিআইসি-এর কারখানাসমূহে জ্বালানি সাশ্রয়ী ও পরিবেশবান্ধব প্রযুক্তির ব্যবহার এবং আর্থিক ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি।

## ২. লক্ষ্য ও উদ্দেশ্য

- জাতীয় অর্থনৈতিক উন্নয়ন কর্মকাণ্ডের অন্যতম প্রধান সেক্টর কৃষি খাতে উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে কৃষকদের চাহিদা মোতাবেক ন্যায্যমূল্যে ইউরিয়া সার সরবরাহ ও বিতরণের মাধ্যমে দেশের চাহিদা মিটানো;
- দেশের ইউরিয়া সারের মোট চাহিদার যে অংশটুকু সংস্থাধীন কারখানাসমূহে উৎপাদন সম্ভব নয়, তা বিদেশ থেকে আমদানি করা;
- সরকার কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী বার্ষিক সম্ভাব্য সর্বোচ্চ পরিমাণ ইউরিয়া, টিএসপি, ডিএপি সার কাগজ, সিমেন্ট, ইনসুলেটর ও স্যানিটারিয়্যার, গ্লাসশীট ইত্যাদি পণ্য উৎপাদন ও বিক্রয়ের মাধ্যমে বাজার মূল্য স্থিতিশীল রাখা;
- উৎপাদিত পণ্য বিক্রয় ও বন্টনের ক্ষেত্রে সংস্থা/কারখানার মুনাফার চেয়ে সামাজিক ও জনকল্যাণের বিষয়ে সর্বাধিক গুরুত্ব প্রদান;
- দেশের শিল্পায়নে যথাযথ ভূমিকা এবং অবদান রাখা;
- দেশে শিল্পখাতে দক্ষ জনবল গড়ে তোলা;
- সুনির্দিষ্ট পরিকল্পনা, বাস্তবায়ন ও পরিবীক্ষণ, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ।

## ৩. উত্তম চর্চা

| ক্রম | শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ০১ | ০২ | ০৩ |
| ০১। | দেশব্যাপী সার বিতরণ কার্যক্রম পরিচালনা | কৃষি নির্ভর বাংলাদেশের কৃষি কাজের অপরিহার্য উপাদান ইউরিয়া, টিএসপি ও ডিএপি সার দেশের কৃষকদের মাঝে নিরবচ্ছিন্নভাবে পৌঁছানোর দায়িত্ব বিসিআইসি সফলতার সাথে পালন করে আসছে। দেশের ৬৪টি জেলায় কৃষক পর্যায়ে সার বিতরণ নিশ্চিতকল্পে ০৭টি সার কারখানার নিয়ন্ত্রণাধীন বাফার গুদাম হতে ৫৭১৬জন ডিলারের মাধ্যমে সার যথাসময়ে কৃষকদের কাছে পৌঁছানো হয়। |
| ০২। | মানবসম্পদ উন্নয়ন ও পেশাগত প্রশিক্ষণ প্রদান | দেশের জনশক্তিকে জনসম্পদে পরিণত করার লক্ষ্যে সংস্থাধীন ট্রেনিং ইন্সটিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ (টিআইসিআই) প্রশিক্ষণ প্রতিষ্ঠানটি সংস্থায় কর্মরতদের জন্য মানোন্নয়ন কোর্স, বিভিন্ন সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের চাহিদাক্রমে বিশেষ প্রশিক্ষণ কোর্স, বিভিন্ন সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের রসায়ন, যন্ত্রকৌশল, তড়িৎকৌশল, পদার্থবিদ্যা বিভাগের ৪র্থ বছরের শিক্ষার্থীদের জন্য ইন্ডাস্ট্রিয়াল টেকনোলজি বিষয়ে বিশেষ প্রশিক্ষণ কোর্স পরিচালনা করা হয়। |
| ০৩। | কারিগরি সহায়তা সার্ভিস প্রদান | এছাড়া দেশের সরকারি / বেসরকারি খাতের শিল্প প্রতিষ্ঠানে টিআইসিআই' র অভিজ্ঞ প্রশিক্ষণপ্রাপ্ত প্রকৌশলীগণ টেকনিক্যাল সার্ভিস প্রদানের মাধ্যমে শিল্পায়নে উল্লেখযোগ্য ভূমিকা পালন করছেন। |
| ০৪। | শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা ও শিক্ষাবৃত্তি প্রদান | সংস্থাধীন প্রতিটি কারখানার নিজস্ব ব্যয়-ব্যবস্থাপনায় সংস্থায় কর্মরতদের সন্তানদের জন্য সাবসিডাইজ রেটে এবং বহিরাগতদের জন্য স্বল্প খরচে উচ্চ মাধ্যমিক পর্যায় পর্যন্ত অধ্যয়নের ব্যবস্থা চালু আছে। এ লক্ষ্যে সংস্থাধীন প্রতিটি কারখানার সাথে একটি করে শিক্ষা প্রতিষ্ঠান পরিচালিত হচ্ছে। শিক্ষার্থীদের লেখাপড়ায় উৎসাহিত করার লক্ষ্যে এককালীন শিক্ষাবৃত্তি/আর্থিক অনুদান প্রদান করা হয়। |
| ০৫। | নিয়োগ কার্যক্রম | সরকারের বেকারত্ব নিরসন কর্মসূচির অংশ হিসেবে সংস্থা কর্তৃক জাতীয় বেতন কমিশনের আওতায় কর্মকর্তা ও কর্মচারী এবং জাতীয় মজুরি কমিশনের আওতায় শ্রমিক পর্যায়ে জনবল নিয়োগ করা হয়। |
| ০৬। | ই-টেন্ডারিং চালু | সংস্থার মালামাল ক্রয়ে ই-টেন্ডারিং/ই-জিপি প্রক্রিয়া অনুসরণ করা হচ্ছে। এতে ক্রয় প্রক্রিয়ায় অধিকতর স্বচ্ছতা আনা সম্ভব হয়েছে। |
| ০৭। | কল্যাণমূলক কার্যক্রম | সংস্থায় কর্মরতদের জন্য বিভিন্ন কল্যাণমূলক ব্যবস্থা যেমন সন্তানের বিবাহের অনুদান, অবসর এবং মৃত্যুজনিত অনুদানের ব্যবস্থা রয়েছে। এছাড়া কর্মরতদের সহজ শর্তে জমি ক্রয়/গৃহ নির্মাণ, মটর সাইকেল ক্রয় এবং কল্যাণ তহবিল থেকে ঋণ প্রদান করা হয়। |
| ০৮। | অনাপত্তি পত্র ইস্যুকরণ | সংস্থার কর্মচারীদের নিয়োগপূর্ব পুলিশ ভেরিফিকেশনের ভিত্তিতে তাদের আবেদন সাপেক্ষে নিজ নিজ পাসপোর্টের জন্য অনাপত্তিপত্র সংস্থার ওয়েবসাইটে প্রকাশ করা হয়। |
| ০৯। | কর্মরতদের জন্য চিকিৎসা সেবা | সংস্থার প্রধান কার্যালয় ও সংস্থাধীন কারখানা/প্রতিষ্ঠানসমূহে কর্মরতদেরকে চিকিৎসা সেবা দেওয়া হয়। এই সেবার আওতায় বিনা মূল্যে ব্যবস্থাপত্র এবং এসেনসিয়াল ড্রাগস লি. কর্তৃক উৎপাদিত ঔষধসহ অন্যান্য জরুরি ঔষধ সরবরাহ করা হয়। এছাড়া কর্মরতদের দুরারোগ্য ব্যাধির চিকিৎসার জন্য আর্থিক অনুদান প্রদান করা হয়। |

## ৪. গবেষণা সংক্রান্ত তথ্য

Making all Urea fertilizer factories energy efficient to enhance productivity by reducing energy consumption and prevent wastage শীর্ষক একটি গবেষণা কার্যক্রম চলমান আছে।

## ৫. ২০২৪-২০২৫ অর্থবছরে গুরুত্বপূর্ণ অর্জন ও উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ

- **দেশীয় কারখানায় সার উৎপাদন**

দেশীয় সার কারখানায় ২০২৪-২৫ অর্থবছরে ১১.২৮ লক্ষ মে.টন ইউরিয়া, ৭২০০৪ মে.টন টিএসপি, ৪৯৫৩২ মে.টন ডিএপি সার উৎপাদন করা হয়েছে। উক্ত অর্থবছরে ১৬.৪৪ লক্ষ মে. টন ইউরিয়া সার আমদানি করা হয়েছে এবং ২৬.৪৪ লক্ষ মেট্রিক টন ইউরিয়া সার বিতরণ করা হয়েছে । ফলে দেশে ইউরিয়া সারের কোনো সংকট/ঘাটতি দেখা যায়নি।

- **ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্প (জিপিইউএফপি)**

১৫৫০০.২১ (পনের হাজার পাঁচশত কোটি একুশ লক্ষ) কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে বার্ষিক ৯.২৪ লক্ষ মে. টন গ্রানুলার ইউরিয়া সার উৎপাদন ক্ষমতাসম্পন্ন বাস্তবায়নাধীন ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্পটির LSTK (Lump Sum Turnkey) অংশের কার্যক্রম শেষে ইউরিয়া সার উৎপাদনে আছে। এ অর্থবছরে ৮,১৫,৭৯৬ মে. টন ইউরিয়া সার উৎপন্ন হয়েছে। বর্তমানে প্রকল্পের নতুন রেল লাইন ও হাউজিং কলোনীসহ অন্যান্য স্থাপনা নির্মাণ কার্যক্রম অব্যাহত আছে। প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি **৯০.০৬%**।

- **ইউরিয়া সার আমদানির লক্ষ্যে চুক্তি স্বাক্ষর**

ইউরিয়া সার আমদানির নিমিত্ত বিসিআইসি, বাংলাদেশ ও সাবিক (SABIC), সৌদি আরব এর মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়।



বিসিআইসি, বাংলাদেশ ও সাবিক (SABIC), সৌদি আরব এর মধ্যে ইউরিয়া সার আমদানির নিমিত্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান

- **ছাতক সিমেন্ট কোম্পানি লিঃ এর উৎপাদন পদ্ধতি ওয়েট প্রসেস থেকে ড্রাই প্রসেস এ রূপান্তরকরণ**

কারখানাটিকে শক্তি সাশ্রয়ী, পরিবেশ বান্ধব ও অধিকতর উৎপাদন ক্ষমতাসম্পন্ন কারখানায় উন্নীত করার লক্ষ্যে ১৪১৭.৮৮ (এক হাজার চারশত সতের কোটি আটাশি লক্ষ) কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে ছাতক সিমেন্ট কোম্পানি লি. এর উৎপাদন পদ্ধতি ওয়েট প্রসেস থেকে ড্রাই প্রসেস এ রূপান্তরকরণ প্রকল্পটি বাস্তবায়নাধীন আছে। প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ৯২.১০%।

- **সার সংরক্ষণ ও বিতরণ সুবিধার জন্য দেশের বিভিন্ন জেলায় নতুন ১৩(তের)টি বাফার গোডাউন নির্মাণ**

দেশের কৃষক/ জনগণের দোরগোড়ায় দ্রুত সার পৌঁছে দেওয়ার জন্য সার সংরক্ষণ ও বিতরণের সুবিধার্থে জিওবি ও বিসিআইসি'র যৌথ আর্থিক সহায়তায় মোট ৫৪৩.৯৭ (পাঁচশত তেতাল্লিশ কোটি সাতানব্বই লক্ষ) কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে ১লক্ষ ৩০ হাজার মেট্রিক টন ধারণ ক্ষমতাসম্পন্ন নতুন ১৩(তের)টি বাফার গোডাউন নির্মাণ প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। নতুন ১৩(তের)টি বাফার গোডাউন এর মধ্যে ইতোমধ্যে দেশের বিভিন্ন জেলায় নির্মিত ১০টি বাফার গোডাউন সংশ্লিষ্ট কারখানা কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়েছে এবং সার সংরক্ষণ করা হচ্ছে। প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি **৯২.৬১%**।

- **সার সংরক্ষণ ও বিতরণের সুবিধার্থে দেশের বিভিন্ন জায়গায় ৩৪টি বাফার গুদাম নির্মাণ**

দেশের কৃষক/জনগণের দোরগোড়ায় দ্রুত সার পৌঁছে দেওয়ার জন্য সার সংরক্ষণ ও বিতরণের সুবিধার্থে দেশের বিভিন্ন জায়গায় ২৪৮২.৮৪ (দুই হাজার চারশত বিরাশি কোটি চুরাশি লক্ষ) কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে ৫ লক্ষ ১০ হাজার মেট্রিক টন ধারণ ক্ষমতা সম্পন্ন ৩৪টি বাফার গুদাম নির্মাণ প্রকল্পটি বাস্তবায়নাধীন আছে। প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি **৩৬.০০%**।

- **ভোলা জেলায় নতুন সার কারখানা স্থাপন**

কাঁচামাল হিসেবে প্রাকৃতিক গ্যাস ব্যবহার করে ভোলা জেলায় ৩০০-৩৫০ একর জমির উপর দৈনিক ১৭০০ মে. টন উৎপাদন ক্ষমতা সম্পন্ন একটি ইউরিয়া সার কারখানা স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কারখানা স্থাপনে আর্থ-কারিগরি সমীক্ষা সম্পাদনপূর্বক প্রকল্পটি জরুরি ভিত্তিতে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক গ্যাস সরবরাহের সময়সীমা তথা কারখানার আয়ুষ্কাল ১৮ বছর ও ইউরিয়া সার কারখানাসমূহের স্বাভাবিক আয়ুষ্কাল ২৫ বছর বিবেচনায় নিয়ে পৃথকভাবে আর্থিক পর্যালোচনাপূর্বক ২(দুই)টি আর্থিক সমীক্ষাসহ একটি বিস্তারিত আর্থ-কারিগরি সম্ভাব্যতা সমীক্ষা (Detailed Techno Economic Feasibility Study) সম্পাদন করার নিমিত্ত অনুমোদন দেয়া হয়। প্রস্তাবিত কারখানার জন্য উপযুক্ত স্থান নির্ধারণের কাজ চলমান আছে।

- **সৌদি আরব কর্তৃক বাংলাদেশে সার সরবরাহের নিমিত্ত সৌদি আরবে DAP কারখানা স্থাপন**

বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) এবং Hanwha Saudi Contracting Co. Ltd (HSCC), Kingdom of Saudi Arabia (KSA) এর মধ্যে ১৫/০২/২০২৩ খ্রি. তারিখে স্বাক্ষরিত MoU এর মেয়াদ ৩১/১২/২০২৪ খ্রি. তারিখে উত্তীর্ণ হয়েছে। MoU Extension পূর্বক কার্যক্রম চলমান রাখার বিষয়ে HSCC আগ্রহ প্রকাশ করে। MoU এর মেয়াদ বৃদ্ধিপূর্বক কার্যক্রম চলমান আছে।

- **বার্ষিক ৪.০০ লক্ষ মে.টন টিএসপি সার উৎপাদন ক্ষমতা সম্পন্ন একটি নতুন টিএসপি সার কারখানা স্থাপন**

বার্ষিক ৪.০০ লক্ষ মে.টন ফসফরিক এসিড আমদানি নির্ভর টিএসপি সার উৎপাদন ক্ষমতা সম্পন্ন একটি নতুন সার কারখানা স্থাপনের নিমিত্ত Detailed Techno Economic Feasibility Study সম্পাদনের লক্ষ্যে আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের জন্য EoI আহবান করা হয়েছে।বর্তমানে EoI প্রস্তাবসমূহের মূল্যায়ন এবং RFP দলিলাদি প্রণয়ন কার্যক্রম চলমান আছে।

- **ইউরিয়া ফরমালডিহাইড-৮৫ (UF-৮৫) কারখানা স্থাপন**

বিসিআইসি বোর্ডের অনুমোদন মোতাবেক ঘোড়াশাল পলাশ ফার্টিলাইজার পিএলসি (জিপিএফপিএলসি) এর খালি জায়গায় 'ইউরিয়া ফরমালডিহাইড-৮৫ (ইউএফ-৮৫) কারখানা স্থাপন' শীর্ষক প্রকল্পের আর্থ-কারিগরি সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদন কার্যক্রম Infrastructure Investment Facilitation Company (IIFC) এর মাধ্যমে বাস্তবায়নের নিমিত্ত গত ১৫/১০/২০২৫ খ্রি. তারিখ IIFC বরাবর Notification of Award (NoA) প্রদান করা হয় ।

- **খুলনা নিউজপ্রিন্ট মিলস লি. এর খালি জায়গায় নতুন কারখানা স্থাপন**

খুলনা নিউজপ্রিন্ট মিলস্ লি. (কেএনএমএল) ও খুলনা হার্ডবোর্ড মিলস্ লি. (কেএইচবিএমএল), খালিশপুর, খুলনা প্রাঙ্গণে নতুন 'Active Pharmaceutical Ingredients (API) and Starch Factory' প্ল্যান্ট স্থাপনের পদক্ষেপ নেয়া হয়েছে। এ লক্ষ্যে গুণগতমান ও ব্যয়ভিত্তিক নির্বাচন পদ্ধতিতে পরামর্শক প্রতিষ্ঠান WASO Engineers and Consultants (BD) Ltd.এর মাধ্যমে সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়েছে । একক উৎস ভিত্তিক সরকারি পরামর্শক প্রতিষ্ঠান Infrastructure Investment Facilitation Company (IIFC) এর মাধ্যমে DPP প্রণয়ন সম্পন্ন হয়েছে। উল্লেখ্য, প্রকল্পটি ২০২৫-২০২৬ অর্থ বছরের ADP-তে বৈদেশিক অর্থায়নের সুবিধার্থে অননুমোদিত নতুন প্রকল্প হিসেবে সবুজ পাতায় অন্তর্ভুক্ত রয়েছে।

- **কর্ণফুলি পেপার মিলস লি. প্রাঙ্গণে বনায়নসহ পূর্ণাঙ্গ পেপার মিল এবং অন্যান্য কেমিক্যাল প্ল্যান্ট স্থাপন**

কেপিএম ও কেআরসি অধিভুক্ত এলাকায় তথা কর্ণফুলী পেপার মিলস্ লি. (কেপিএম) প্রাঙ্গণে বনায়নসহ পূর্ণাঙ্গ পেপার মিল এবং অন্যান্য কেমিক্যাল প্ল্যান্ট (সোডা অ্যাশ ও বেকিং সোডা প্ল্যান্ট, সোডিয়াম সালফেট প্ল্যান্ট, অ্যাক্টিভেটেড ব্লিচিং আর্থ প্ল্যান্ট, টাইটেনিয়াম ডাই-অক্সাইড প্ল্যান্ট, সালফিউরিক এসিড প্ল্যান্ট, সিনথেটিক/পলিয়েস্টার ফাইবার প্ল্যান্ট) শীর্ষক প্রকল্প স্থাপনের পদক্ষেপ নেয়া হয়েছে। এরই প্রেক্ষিতে আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে নতুন শিল্প কারখানা স্থাপনের নিমিত্ত আর্থ-কারিগরি সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদনের জন্য WASO

Engineers and Consultants (BD) Ltd. এর সাথে চুক্তি সম্পাদিত হয়। পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক সম্ভাব্যতা সমীক্ষা কার্যক্রম সম্পন্ন হয়েছে। কেপিএম প্রাঙ্গণে বনায়নসহ পূর্ণাঙ্গ পেপার মিল এবং অন্যান্য কেমিক্যাল প্ল্যান্ট স্থাপনের নিমিত্ত শিল্প মন্ত্রণালয়ের পরামর্শ অনুযায়ী একক উৎস ভিত্তিক সরকারি পরামর্শক প্রতিষ্ঠান Infrastructure Investment Facilitation Company (IIFC) এর মাধ্যমে DPP প্রণয়ন কার্যক্রম চলমান। উল্লেখ্য, প্রকল্পটি ২০২৫-২০২৬ অর্থ বছরের ADP-তে বৈদেশিক অর্থায়নের সুবিধার্থে অননুমোদিত নতুন প্রকল্প হিসেবে সবুজ পাতায় অন্তর্ভুক্ত রয়েছে।

- **চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স**

চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স (সিসিসি), বাড়বকুন্ড, চট্টগ্রাম প্রাঙ্গণে নতুন 'Setting up a new chemical complex having Chlor-Alkali & Chlorine related basic chemicals with Polyvinyl Chloride (PVC), Chlorinated Paraffin Wax (CPW), Activated Bleaching Earth (ABE), Stable Bleaching Powder (SBP) and safe & efficient management of Chlorine and Hydrogen' কারখানা স্থাপনের লক্ষ্যে আর্থ কারিগরি সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদনের নিমিত্ত Shanghai Huayi Engineering Co. Ltd. (HYEC), China এবং JV partner: Survey Technologies Bangladesh Limited (STBL) Bangladesh-এর সাথে চুক্তি সম্পাদিত হয়। এ প্রেক্ষিতে পরামর্শক প্রতিষ্ঠান HYEC, China সিসিসি প্রাঙ্গণে ক্লোরো অ্যালকালি এবং ক্লোরিন সংশ্লিষ্ট কেমিক্যালস কারখানা স্থাপনের নিমিত্ত সম্ভাব্যতা সমীক্ষার কার্যক্রম শুরু করেছে।

- **বাংলাদেশ ইনসুলেটর এন্ড স্যানিটারীওয়্যার ফ্যাক্টরি লিমিটেড (বিআইএসএফএল)**

বিআইএসএফএল, বক্সনগর, মিরপুর, ঢাকা প্রাঙ্গণে পরিবেশবান্ধব, জ্বালানি সাশ্রয়ী, আধুনিক ইনসুলেটর ও স্যানিটারিওয়্যার প্ল্যান্ট স্থাপনের উদ্দেশ্যে আর্থ-কারিগরি সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদনের লক্ষ্যে গুণগতমান ও ব্যয়ভিত্তিক নির্বাচন (QCBS) পদ্ধতিতে উপযুক্ত পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মূল্যায়ন কমিটির সুপারিশ এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ০৪ (চার) টি পরামর্শক প্রতিষ্ঠানকে RFP প্রদান করা হয়। প্রণয়নকৃত RFP-এর বিপরীতে ০৩ টি পরামর্শক প্রতিষ্ঠান প্রস্তাব দাখিল করেছে। কারিগরি ও আর্থিক প্রস্তাবসমূহ মূল্যায়নের কাজ সম্পন্ন করে নির্বাচিত পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন করা হয়েছে।

- **WPP ব্যাগ কারখানা স্থাপন**

ঘোড়াশাল-পলাশ সার কারখানা (GPFPLC) প্রাঙ্গণে কারখানার ব্যবস্থাপনা, জমি ও ইউটিলিটি-কে কাজে লাগিয়ে শক্তি সাশ্রয়ী ও পরিবেশবান্ধব প্রযুক্তির ইনার লাইনারসহ WPP ব্যাগ ম্যানুফ্যাকচারিং কারখানা স্থাপনের লক্ষ্যে Pre-Feasibility Study শুরু করা হয়েছে।

## ৬. মানব সম্পদ

সংস্থার নিজস্ব প্রবিধানমালা/নীতিমালা অনুযায়ী জনবল নিয়োগ প্রদান করা হয় এবং দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে তাদের যথাযথ প্রশিক্ষণ দেওয়া হয়। এছাড়াও নিয়মিত পদোন্নতি প্রদানসহ বিভিন্ন প্রণোদনামূলক কর্মকাণ্ড পরিচালনা করা হয়ে থাকে।

## ৭. জনবল

| দপ্তর/সংস্থা | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | | | শূন্য পদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ |
|---|---|---|---|---|---|---|
| | | পুরুষ | নারী | মোট পূরণকৃত পদ | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) (৩+৪) | (৬) (২-৫) | (৭) |
| বিসিআইসি | ১২২৯৪ | ৮৮৩০ | ৯৭৬ | ৯৮০৬ | ২৪৮৮ | প্রযোজ্য নয় |

## ৮. শূন্য পদের বিন্যাস

| দপ্তর/সংস্থার নাম | গ্রেড ১-৯ | গ্রেড ১০-১৩ | গ্রেড ১৪-১৮ | গ্রেড ১৯-২০ | ব্লকিক | আউটসোর্সিং | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (৯) |
| বিসিআইসি | ৯২৪ | ১১৫১ | ১০৬৯ | ৯৬৬ | ২৩০১ | (৩৯২৩) | ২৪৮৮ |

## ৯. ২০২৪-২০২৫ অর্থবছরে নিয়োগ প্রদান

| দপ্তর/সংস্থা | বছর | গ্রেড ভিত্তিক নিয়োগ | | | | | | | | মোট | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২-৯ | | ১০-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০ | | | | |
| | | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) |
| বিসিআইসি | ২০২৪-২০২৫ | ৫৯ | ০৫ | ৯৬ | ০৪ | - | - | - | - | ১৫৫ | ০৯ | ১৬৪ |

## ৯.১ ২০২৩-২০২৪ অর্থবছরে পদোন্নতি

| দপ্তর/সংস্থা | বছর | গ্রেড ভিত্তিক পদোন্নতি | | | | | | | | মোট | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২-৯ | | ১০-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০ | | | | |
| | | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) |
| বিসিআইসি | ২০২৪-২০২৫ | ৭৩৯ | ৮৯ | ২ | ১ | - | - | - | - | ৭৪১ | ৯০ | ৮৩১ |

## ৯.২ ২০২৩-২০২৪ অর্থবছরে অবসর গ্রহণ

| দপ্তর/সংস্থা | অর্থবছর | গ্রেড ভিত্তিক অবসর গ্রহণ | | | | | | | | মোট | | সর্বমোট (১১+১২) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২-৯ | | ১০-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০ | | | | |
| | | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) |
| বিসিআইসি | ২০২৪-২০২৫ | ৭০ | ০৯ | ০১ | ০০ | ০২ | ০০ | ০৬ | ০২ | ৭৯ | ১১ | ৯০ |

## ৯.৩ প্রশিক্ষণ (দেশে/বিদেশে)

| দপ্তর/সংস্থা | গ্রেড | ইনহাউজ প্রশিক্ষণ কর্মসূচি | | | দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ কর্মসূচি | | | বিদেশে প্রশিক্ষণ কর্মসূচি | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | |
| | | | পুরুষ | নারী | | পুরুষ | নারী | | পুরুষ | নারী |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
| | ১-৯ | | ৪৩২ | ৫৯ | | ২৯২ | ৪৬ | | ১২ | ১ |
| বিসিআইসি | ১০-১৩ | ১২ | ১৩৩ | ১৯ | ৭০ | ১৫২ | ২৫ | ০৯ | - | - |
| | ১৪-২০ | | ১২৪ | ১৩ | | - | - | | - | - |

## ১০. ২০২৪-২০২৫ অর্থবছরে ভ্রমণ ও পরিদর্শন

| দপ্তর/সংস্থা | পর্যায় | অভ্যন্তরীণ ভ্রমণ/পরিদর্শণ | বৈদেশিক সেমিনার/ ওয়ার্কশপ | বিদেশে এক্সপোজার ভিজিট | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| বিসিআইসি | দপ্তর/সংস্থা প্রধান | ১০ | - | ১ | |
| | গ্রেড ২-৫ | ৩২৮ | - | ৬ | |
| | গ্রেড ৬-৯ | ১৬৫ | - | ২ | |
| | মোট- | ৫০৩ | - | ৯ | |

## ১১. বিভাগীয় মামলা

| মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থা | পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে (২০২৪-২০২৫) দায়েরকৃত বিভাগীয় মামলার সংখ্যা | মোট মামলা সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে (২০২৪-২০২৫) নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | বছর শেষে অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | চাকুরিচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দন্ড | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ (২+৩) | ৫ | ৬ | ৭ | ৮ (৫+৬+৭) | ৯ (৪-৮) |
| বিসিআইসি | ১৪ | ২৬ | ৪০ | ০৫ | ০২ | ০৩ | ১০ | ৩০ |

## ১২. ২০২৪-২০২৫ অর্থবছরে উন্নয়ন বাজেট বাস্তবায়ন

(কোটি টাকায়)

| অর্থ বছর | প্রকল্প সংখ্যা | এডিপি বরাদ্দ | | | | অর্থ ছাড় | মোট ব্যয় | বাস্তবায়ন অগ্রগতি % |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | জিওবি | প্রকল্প সাহায্য | সংস্থার নিজস্ব অর্থায়ন | মোট | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ২০২৪-২০২৫ | ৫ | ৪১৫.৭২ | ০.০০ | ৮.৬০ | ৪২৪.৩২ | ৩৯১.৪৬৬৪ | ৩৮৮.৫৪০৩ | ৯১.৫৭% |

## ১৩. ২০২৪-২০২৫ অর্থবছরে প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি

(লক্ষ টাকায়)

| সংস্থার নাম | ক্র. নং | প্রকল্পের নাম ও বাস্তবায়ন কাল | প্রাক্কলিত ব্যয় | জুন-২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিতভুত ব্যয় | ২০২৪-২০২৫ অর্থবছরের জুন,২০২৫ পর্যন্ত বাস্তবায়ন ও অগ্রগতি | | প্রকল্পের শুরু থেকে জুন ২০২৫ পর্যন্ত ব্যয় |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | বরাদ্দ | ব্যয় ( %) | |
| বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন। | ১. | 'ছাতক সিমেন্ট কোম্পানি লিঃ এর উৎপাদন পদ্ধতি ওয়েট প্রসেস থেকে ড্রাই প্রসেস এ রূপান্তরকরণ (২য় সংশোধিত)' শীর্ষক প্রকল্প। (০১/০১/২০১৬-৩০/০৬/২০২৬) | মোট: ১৪১৭৮৮.১০ জিওবি: ১৪১৭৮৮.১০ | মোট: ৮৩১২৯.৩৬ জিওবি: ৮৩১২৯.৩৬ | মোট: ১৪০০০.০০ জিওবি: ১৪০০০.০০ | মোট: ১৩৯৮৯.৫২ (৯৯.৯২%) জিওবি: ১৩৯৮৯.৫২ (৯৯.৯২%) | মোট: ৯৭১১৮.৮৮ জিওবি: ৯৭১১৮.৮৮ |
| | ২. | 'সার সংরক্ষণ ও বিতরণ সুবিধার জন্য দেশের বিভিন্ন জেলায় ১৩(তের)টি নতুন বাফার গোডাউন নির্মাণ (৩য় সংশোধিত)' শীর্ষক প্রকল্প। (০১/০১/২০১৭-৩০/০৬/২০২৬) | মোট: ৫৪৩৯৬.৯৬ জিওবি: ৪০৭৯৭.৭২ প্রকল্প সাহায্য /বিসিআইসি: ১৩৫৯৯.২৪ | মোট: ৪০৭৯২.৮৬ জিওবি: ২৯৩৯৩.৯৩ প্রকল্প সাহায্য/ বিসিআইসি: ১১৩৯৮.৯৩ | মোট: ৫৩৬০.০০ জিওবি: ৪৫০০.০০ প্রকল্প সাহায্য/ বিসিআইসি: ৮৬০.০০ | মোট:৩৮৯৮.১৬ (৭২.৭২%) জিওবি:৩৭১২.৫২ (৮২.৫০%) প্রকল্প সাহায্য /বিসিআইসি: ১৮৫.৬৪ (২১.৫১%) | মোট: ৪৪৬৯১.০২ জিওবি: ৩৩১০৬.৪৫ প্রকল্প সাহায্য / বিসিআইসি: ১১৫৮৪.৫৭ |
| | ৩. | 'সার সংরক্ষণ ও বিতরণের সুবিধার্থে দেশের বিভিন্ন জায়গায় | মোট: ২৪৮২৮৪.৪৬ জিওবি: | মোট: ৩৩৮২৪.৭০ জিওবি: | মোট: ৮৫০০.০০ জিওবি: | মোট: ৭৭০০.০০ (৯০.৫৯%) জিওবি: | মোট: ৪১৫২৪.৭০ জিওবি: ৪১৫২৪.৭০ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | ৩৪টি বাফার গুদাম নির্মাণ (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্প। (০১/০৯/২০১৮-৩০/০৬/২০২৭) | ২৪৮২৮৪.৪৬ | ৩৩৮২৪.৭০ | ৮৫০০.০০ | ৭৭০০.০০ (৯০.৫৯%) | |
| | ৪. | 'ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্প (জিপিইউএফপি) (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্প। (০১/১০/২০১৮-৩০/০৬/২০২৬) | মোট: ১৫৫০০২০.৯০ জিওবি: ৪৫৮০২০.৯০ প্রকল্প সাহায্য / বিসিআইসি: ১০৯২০০০.০০ | মোট: ১৩৪১২৫০.৩৭ জিওবি: ২৮৫২৮৯.৫৬ প্রকল্প সাহায্য / বিসিআইসি: ১০৫৫৯৬০.৮১ | মোট: ১৪৫৬৯.০০ জিওবি: ১৪৫৬৯.০০ প্রকল্প সাহায্য/ বিসিআইসি: ০.০০ | মোট: ১৩২৬২.৪৮ (৯১.০৩%) জিওবি: ১৩২৬২.৪৮ (৯১.০৩%) প্রকল্প সাহায্য/ বিসিআইসি: ০.০০ | মোট:১৩৫৪৫১২.৮৫ জিওবি: ২৯৮৫৫২.০৪ প্রকল্প সাহায্য /বিসিআইসি: ১০৫৫৯৬০.৮১ |
| | ৫. | ইউরিয়া ফরমালডিহাইড-৮৫ (UF-85) প্লান্ট স্থাপন। (০১/০১/২০২২-৩১/০৯/২০২৪) | মোট: ৩৩৭.৬৮ জিওবি: ৩৩৭.৬৮ | মোট: ৩৩৩.৭৮ জিওবি: ৩৩৩.৭৮ | মোট: ৩.০০ জিওবি: ৩.০০ | মোট: ৩.৮৭ (১২৯%) জিওবি: ৩.৮৭ (১২৯%) | মোট: ৩৩৭.৬৫ জিওবি: ৩৩৭.৬৫ |

## ১৪. ২০২৪-২০২৫ অর্থবছরে আর্থিক বিবরণী (প্রভিশনাল)

(কোটি টাকায়)

| সর্বমোট আয় | সর্বমোট ব্যয় | সর্বমোট স্থিতি |
|---|---|---|
| ১ | ২ | ৩ (১-২) |
| ৪,৬৫০.৩৬ | ৫,০৯৯.৮৩ | (-৪৪৯.৪৭) |

## ১৫. ২০২৪-২০২৫ অর্থবছরে সরকার কর্তৃক প্রদত্ত ভর্তুকির পরিমাণ, ঋণ গ্রহণ এবং পরিশোধ সংক্রান্ত তথ্য

(কোটি টাকায়)

| অর্থবছর | ভর্তুকির খাত | সরকারের নিকট দাবীকৃত ভর্তুকির পরিমাণ | সরকার কর্তৃক প্রদত্ত ভর্তুকির পরিমাণ | গৃহীত ব্যাংক ঋণের পরিমাণ | পরিশোধিত অর্থের পরিমাণ |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ২০২৪-২০২৫ (বিসিআইসি) | ইউরিয়া সার (উৎপাদিত) | ১৪৫৯.৭৮ | ১১৪৪.০২ | - | - |
| | ইউরিয়া সার (আমদানিকৃত) | ৫১৮৩.০৪ | ৮৪১.৯০৪৫ | - | - |
| | টিএসপি সার | ২৫৮.৫২ | ২৫৮.৫২ | - | - |
| | ডিএপি সার | ২৫৬.১৩ | ২৫৬.১৩ | - | - |
| | **মোট** | **৭১৫৭.৪৭** | **২৫০০.৫৭৪৫** | - | - |

## ১৬. ২০২৪-২০২৫ অর্থবছরে লোকসানি প্রতিষ্ঠানসমূহের বিবরণ (প্রভিশনাল)

| প্রতিষ্ঠানের নাম | লোকসানের পরিমাণ (কোটি টাকায়) |
|---|---|
| (১) | (২) |
| শাহজালাল ফার্টিলাইজার কোম্পানি লিমিটেড | (১৩৪.৯০) |
| চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার লিমিটেড | (৩৩.২০) |
| যমুনা ফার্টিলাইজার কোম্পানি লিমিটেড | (৩০.৫২) |
| আশুগঞ্জ ফার্টিলাইজার এন্ড কেমিক্যাল কোম্পানি লিমিটেড | (২১৫.১৬) |
| কর্ণফুলী পেপার মিলস লিমিটেড | (২৭.৬১) |
| ছাতক সিমেন্ট কোম্পানি লিমিটেড | (৪০.১৮) |
| উসমানিয়া গ্লাস শিট ফ্যাক্টরি লিমিটেড | (০৯.৪৫) |
| বাংলাদেশ ইনস্যুলেটর এন্ড স্যানিটারিয়ার ফ্যাক্টরি লিমিটেড | (১৭.৯৩) |
| **মোট** | **(৫০৮.৭৭)** |

## ১৭. লোকসানের কারণ

- নিরবচ্ছিন্নভাবে ডিজাইন অনুযায়ী উপযুক্ত চাপে এবং পরিমাণে গ্যাস না পাওয়া;
- উৎপাদনে ব্যবহৃত উপকরণ / কাঁচামাল এর মূল্য বৃদ্ধি;
- খুচরা যন্ত্রাংশ ও মেরামত খাতে ক্রমশঃ ব্যয় বৃদ্ধি পাওয়া;
- চলতি মূলধনের ঘাটতি;
- পরিবহন ব্যয় বৃদ্ধি পাওয়া।

## ১৭.১ উত্তরণের উপায়

- নিরবচ্ছিন্নভাবে ডিজাইন অনুযায়ী নির্ধারিত চাপে এবং পরিমাণে গ্যাস প্রাপ্তি নিশ্চিতকরণ;
- আয়ুষ্কাল অতিক্রান্ত হওয়া কারখানা সমূহের জায়গায় শক্তি সাশ্রয়ী ও পরিবেশ বান্ধব কারখানা স্থাপন;
- সার আমদানির লক্ষ্যে ব্যাংকসমূহে এলসি ওপেন সহজিকরণ;
- ইউরিয়া সার সংরক্ষণের জন্য নির্মিতব্য গুদামসমূহ দ্রুত সম্পন্ন করা;
- চলতি মূলধনের ব্যবস্থাকরণ।

## ১৭.২ লাভজনক প্রতিষ্ঠানসমূহের বিবরণ (প্রভিশনাল)

| প্রতিষ্ঠানের নাম | লাভের পরিমাণ (কোটি টাকায়) |
|---|---|
| (১) | (২) |
| ঘোড়াশাল পলাশ ফার্টিলাইজার পিএলসি | ৫১৯.১০ |
| টিএসপি কমপ্লেক্স লিমিটেড | ৪৪.০০ |
| **মোট** | **৫৬৩.১০** |

## ১৮. ২০২৪-২০২৫ অর্থবছর পর্যন্ত যৌথ উদ্যোগে চালু প্রতিষ্ঠানসমূহের তথ্য

| অর্থ বছর | কারখানার নাম | উৎপাদিত পণ্য | বিনিয়োগ | | লাভ/ লোকসানের পরিমাণ (কোটি টাকায়) |
|---|---|---|---|---|---|
| | | | সরকারি বিনিয়োগ | বিসিআইসি'র বিনিয়োগ | |
| ২০২৪-২০২৫ | কর্ণফুলী ফার্টিলাজার কোম্পানি লিঃ (কাফকো) | ইউরিয়া সার | ০.৩৭% | **৪৩.১৫%** | ২০২৪-২৫ অর্থবছরের নিরীক্ষিত হিসাব সম্পন্ন হয়নি। |
| | সাইনোভিয়া ফার্মা পিএলসি | ঔষধ | ২৫.৩৬% | **১৯.৯৬%** | ২০২৪-২৫ অর্থবছরের নিরীক্ষিত হিসাব সম্পন্ন হয়নি। |
| | বায়ার ক্রপ সায়েন্স লিঃ বাংলাদেশ | এগ্রো কেমিক্যালস পেস্টিসাইড/বীজ | - | **৪০.০০%** | ৫.৫৮৫ |
| | নোভার্টিস বাংলাদেশ লিঃ | ঔষধ ও এগ্রো কেমিক্যালস | - | **৪০.০০%** | ০.৪৮৮৫ |
| | সিনজেনটা বাংলাদেশ লিঃ | এগ্রো কেমিক্যালস বিভিন্ন বীজ | - | **৪০.০০%** | ৫৬.১৮ |
| | মিরাকেল ইন্ডাস্ট্রিজ লিঃ | পলি ওভেন ব্যাগ ও স্যাক ক্রাফট পেপার ব্যাগ | - | **২০.০০%** | ২০২৪-২৫ অর্থবছরের নিরীক্ষিত হিসাব সম্পন্ন হয়নি। |
| | বাংলাদেশ ফার্টিলাইজার এন্ড এগ্রো কেমিক্যালস্ লি. (আংশিক চলমান) | এনপি কম্পাউন্ড সার, সালফার'৮০ | - | ৪.৫৯% | ২০২৪-২৫ অর্থবছরের নিরীক্ষিত হিসাব সম্পন্ন হয়নি। |

## ১৯. ২০২৪-২০২৫ অর্থবছরে উৎপাদন বিষয়ক তথ্য

| উৎপাদিত পণ্যের নাম | উৎপাদন লক্ষ্যমাত্রা (মে. টন) | প্রকৃত উৎপাদন (মে. টন) | উৎপাদনের শতকরা হার |
|---|---|---|---|
| ইউরিয়া | ১৫,৫০,০০০ | ১১.২৮৩২২.৪০ | ৭২.৪০ |
| টিএসপি | ৮০,০০০ | ৭২,০০৪.০০ | ৯০.০০ |
| ডিএপি | ১,৩২,০০০ | ৪৯,৫৩২.০০ | ৩৭.৫২ |
| কাগজ | ৩,০০০.০০ | ১,৬১৬.৯১ | ৫৩.৯০ |
| স্যানিটারিওয়্যার | ১১০০.০০ | ৫৮৬.৮৯ | ৫৩.৩৫ |
| রিফ্রাক্টরি ব্রিকস | ২০০.০০ | ১২৫.০০ | ৬২.৫ |



বিসিআইসি কর্তৃক বিভিন্ন পণ্য উৎপাদন (মে.টন)

## ১৯.১ শিল্পপণ্য, ভোগ্যপণ্য, সার ইত্যাদির তথ্যসমূহ

(লক্ষ মে. টন)

| অর্থবছর | উৎপাদিত পণ্যের নাম | উৎপাদনের লক্ষ্যমাত্রা | প্রকৃত উৎপাদন এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী উৎপাদনের শতকরা হার | বিক্রয়ের লক্ষ্যমাত্রা | মোট বিক্রয় | মোট মজুদ | দেশজ উৎপাদন দেশের অভ্যন্তরীণ চাহিদার কত শতাংশ |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ২০২৪-২০২৫ | ইউরিয়া | ১৫.৫০ | ১১.২৮৩২২.৪০ (৭২.৪০) | ২৭.০০ | ২৬.৪৪ | ৬.২৪ | ৪১.৫৯% |
| | টিএসপি | ০. ৮০ | ০.৭২০০৪ (৯০.০০) | ০.৮০ | ০.৫৫ | ০.২৮ | ৯০.০০% |
| | ডিএপি | ১.৩২ | ০. ৪৯৫৩২ (৩৭.৫২) | ১.০০ | ০.৫৮ | ০.২২ | ৪৯.৫৩% |

## ২০. বিসিআইসি'র উৎপাদিত প্রধান পণ্য সংক্রান্ত তথ্য

- ইউরিয়া সার
- ট্রিপল সুপার ফসফেট (টিএসপি) সার
- ডাই-অ্যামোনিয়াম ফসফেট (ডিএপি) সার
- পেপার
- স্যানিটারিওয়্যার
- রিফ্যাক্টরিজ ব্রিকস

## ২১. ভবিষ্যৎ কর্মপরিকল্পনা

- বার্ষিক ৪.০০ লক্ষ মে.টন টিএসপি সার উৎপাদন ক্ষমতা সম্পন্ন একটি নতুন কারখানা স্থাপন;
- ইউরিয়া ফরমালডিহাইড-৮৫ (UF-85) কারখানা স্থাপন;
- ভোলা জেলায় নতুন ইউরিয়া সার কারখানা স্থাপন;
- যৌথ বিনিয়োগে সৌদি আরবে একটি ইউরিয়া সার কারখানা স্থাপন;
- সৌদি আরব কর্তৃক বাংলাদেশে DAP সার সরবরাহের নিমিত্ত সৌদি আরবে DAP সার কারখানা স্থাপন;
- বন্ধ ও লোকসানি প্রতিষ্ঠান সমূহের খালি জায়গায় নতুন নতুন রাসায়নিক কারখানা যেমন: API and Starch Factory, পূর্ণাঙ্গ পেপার মিলসহ সোডা অ্যাশ ও বেকিং সোডা প্ল্যান্ট, সোডিয়াম সালফেট প্ল্যান্ট, অ্যাক্টিভেটেড ব্লিচিং আর্থ প্ল্যান্ট, টাইটেনিয়াম ডাই-অক্সাইড প্ল্যান্ট, সালফিউরিক এসিড প্ল্যান্ট ও সিনথেটিক/ পলিয়েস্টার ফাইবার প্ল্যান্ট কারখানা; ক্লোরো অ্যালকালি এবং ক্লোরিন সংশ্লিষ্ট কেমিক্যালস ও কম্পাউন্ড কারখানা স্থাপন করা।

## ২২. চ্যালেঞ্জ সমূহ

- ইউরিয়া সার কারখানাসমূহে ডিজাইন অনুযায়ী নির্ধারিত চাপে এবং পরিমাণে গ্যাস প্রাপ্তি নিশ্চিত করা;
- কারখানার আপগ্রেডেশন সঠিক সময়ে নিশ্চিত করা;
- কাঁচামাল প্রাপ্তির অনিশ্চয়তা ও মূল্য বৃদ্ধি;
- ইউরিয়া সার সংরক্ষণের জন্য গুদামের স্বল্পতা;
- চলতি মূলধনের ঘাটতি;
- নতুন প্রকল্প বা কারখানার জন্য অর্থের সংস্থান নিশ্চিতকরণ।

## ২৩. অধিকতর দক্ষতা ও সফলতার সাথে কার্যাবলি সম্পাদনের জন্য করণীয়

- ইউরিয়া সার কারখানাসমূহে ডিজাইন অনুযায়ী নির্ধারিত চাপে এবং পরিমাণে প্রধান কাঁচামাল গ্যাস সরবরাহ করা;
- কারখানার প্রয়োজনীয় যন্ত্রাংশ ক্রয় ও আপগ্রেডেশন (Overhawling) সঠিক সময়ে করা;
- ইউরিয়া সার ব্যতীত অন্যান্য পণ্যের উৎপাদন সংশ্লিষ্ট কাঁচামাল প্রাপ্তি নিশ্চিতকরণ;
- উৎপাদিত সকল পণ্য উপযুক্ত মূল্যে বিপণনের ব্যবস্থা করা;
- দক্ষ ও উপযুক্ত মানবসম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা;
- উপযুক্ত দেশি/বিদেশি বিনিয়োগকারী প্রতিষ্ঠানের নিকট অর্থের সংস্থান নিশ্চিত করা।

# বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন
# (বিএসএফআইসি)

# বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি)

## ১.০ দপ্তর সংস্থার পরিচিতি

বাংলাদেশের স্বাধীনতার পর রাষ্ট্রপতির ২৭ (১৯৭২ সালের ২৭ নম্বর আদেশ) নম্বর আদেশক্রমে গঠিত বাংলাদেশ সুগার মিলস্ কর্পোরেশন এবং বাংলাদেশ ফুড অ্যান্ড অ্যালাইড ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন নামক কর্পোরেশন দুটি একীভূত করে ১৯৭৬ সালের ১ জুলাই হতে রাষ্ট্রপতির ২৫ নং আদেশবলে (সংশোধিত) বাংলাদেশ সুগার অ্যান্ড ফুড ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (Bangladesh Sugar and Food Industries Corporation, BSFIC) গঠিত হয়। বর্তমানে বাংলাদেশ শিল্প প্রতিষ্ঠান জাতীয়করণ আইন ২০১৮ অনুযায়ী সরকার কর্তৃক নিয়োজিত ১ জন চেয়ারম্যান ও ৫ জন পরিচালকের সমন্বয়ে গঠিত বোর্ড দ্বারা বিএসএফআইসি পরিচালিত হচ্ছে। ২০২৪-২০২৫ অর্থবছরে ১৫টি চিনিকল, ১টি ইঞ্জিনিয়ারিং কারখানা ও ২টি বাণিজ্যিক প্রতিষ্ঠান নিয়ে কর্পোরেশন এর কর্মকান্ড অব্যাহত আছে। এছাড়াও কেরু অ্যান্ড কোম্পানি (বাংলাদেশ) লিমিটেড এর সাথে একটি ডিস্টিলারি প্লান্ট ও একটি জৈবসার কারখানা রয়েছে।

## ১.১ ভিশন (Vision)

চিনি উৎপাদন বৃদ্ধি, উপজাতভিত্তিক পণ্য উৎপাদন এবং সংস্থাকে লাভজনক পর্যায়ে উন্নীতকরণ।

## ১.২ মিশন (Mission)

মানসম্মত চিনি উৎপাদন বৃদ্ধি ও ভোক্তাদের মাঝে সরবরাহ, উপজাতভিত্তিক পণ্যের বহুমুখীকরণ, বাজার সম্প্রসারণ ইত্যাদির মাধ্যমে প্রতিষ্ঠানকে লাভজনক পর্যায়ে উন্নীতকরণ।

## ২. লক্ষ্য ও উদ্দেশ্য

- চিনি, মোলাসেস, স্পিরিট উৎপাদনের পরিমাণ এবং চিনি আহরণের হার বৃদ্ধি;
- উন্নত প্রযুক্তি ব্যবহারপূর্বক উচ্চ ফলনশীল আখচাষ ও চিনিকলে সরবরাহ;
- প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি ও কারখানার আধুনিকায়ন;
- উৎপাদিত পণ্য বিপণন, বাজার সম্প্রসারণ ও ব্যয় সংকোচনের মাধ্যমে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা সুসংহতকরণ।

## ৩. উত্তম চর্চা

- কৃষিঋণ বিতরণ কার্যক্রম সহজিকরণের মাধ্যমে আখচাষিদের মাঝে সার ও কীটনাশক বিতরণ করা হচ্ছে;
- আগাম ও রোপা আখচাষ প্রযুক্তি প্রয়োগকারী আখচাষিদের ভর্তুকি প্রদান করা হচ্ছে;
- আধুনিক প্রযুক্তি ও কলাকৌশল সম্পর্কে আখচাষি ও মাঠ কর্মীদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে;
- ই-গেজেট ও ই-পুর্জি এর মাধ্যমে দ্রুততম সময়ের মধ্যে আখচাষিদের মাঝে স্বচ্ছতার সঙ্গে পুর্জি বিতরণ করা হচ্ছে;
- আইসিটি সুবিধা কৃষকদের দোরগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে চিনিকলসমূহে SMART Cane Procurement and Payment System (SCPS) সফটওয়্যারের মাধ্যমে আখ ক্রয় ও ক্রয়কৃত আখের মূল্য মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে দ্রুততম সময়ে পরিশোধ করা হচ্ছে;
- দক্ষ মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন গ্রেডের কর্মকর্তা/কর্মচারী ও শ্রমিকদের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়;
- কর্মকর্তা/কর্মচারী, শ্রমিক ও আখচাষিদের মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান করা হচ্ছে;
- ক্রয় প্রক্রিয়ায় অধিকতর স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে ই-টেন্ডারিং পদ্ধতি অনুসরণ করা হচ্ছে;
- কল্যাণ তহবিল এবং শ্রম কল্যাণ তহবিল হতে কর্মকর্তা/কর্মচারী ও শ্রমিকদের সহজ শর্তে ঋণ প্রদান করা হচ্ছে;
- মেডিক্যাল সেন্টারের মাধ্যমে কর্মকর্তা/কর্মচারী ও শ্রমিকদের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান ও ঔষধ সরবরাহ করা হচ্ছে।

## ৪. ২০২৪-২০২৫ অর্থবছরে ইনোভেশন সংক্রান্ত তথ্য

| সাল | উদ্ভাবনী ধারণা | প্রয়োগ কৌশল | উদ্ভাবনের ফলে সাধিত পরিবর্তন |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ২০২৪-২০২৫ | Smart Cane Procurement and Payment System (SCPS) সফটওয়্যারের মাধ্যমে আখ ক্রয় ও ক্রয়কৃত আখের মূল্য পরিশোধ | ➢ আখ চাষির ডাটাবেজ তৈরির পর সফটওয়্যারে আপলোডের সঙ্গে সঙ্গে মোবাইল ওয়ালেট ভেরিফিকেশণ হয়ে পরবর্তী কার্যক্রমের জন্য প্রস্তুত হচ্ছে;<br>➢ প্রথম সারির মোবাইল ব্যাংকিং পরিষেবা নির্ধারণ করায় মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে যে কোন স্থানে খুবই সহজে চাষিদের ওয়ালেট ওপেন করা সম্ভব হচ্ছে।<br>➢ মিলের মাস্টার ওয়ালেট থেকে ঐ চিনিকলের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ক্রয়কৃত আখের মূল্য প্রেরণ করে থাকেন।<br>➢ মোবাইল ব্যাংকিং এজেন্ট পয়েন্ট সহজলভ্য এবং চাষিগণ যে কোন স্থানেই টাকা উত্তোলন করতে পারছেন; সপ্তাহের ০৭ দিন যে কোন সময়ই টাকা প্রেরণ ও টাকা উত্তোলন করা সম্ভব হচ্ছে। | ➢ আখ ক্রয় ও আখের মূল্য পরিশোধের জন্য অভিন্ন SCPS সফটওয়্যার কোম্পানি হওয়ায় সুষ্ঠুভাবে কার্যসম্পাদন।<br>➢ সার্বক্ষণিক সার্ভার চালু থাকায় প্রয়োজনীয় সকল তথ্য সংগ্রহ ও সবসময় আপডেট এবং চাষিদের সকল তথ্য অনলাইন সার্ভারে সংরক্ষিত হচ্ছে।<br>➢ ডিজিটাল পেমেন্ট সিস্টেম প্রথম সারির মোবাইল ব্যাংকিং পরিষেবা নির্ধারণ হওয়ায় এর মাধ্যমে চাষিদের অর্থ প্রেরণে সার্ভিস চার্জ ০.৫৫% হারে প্রদান করা হচ্ছে।<br>➢ সপ্তাহের ০৭ দিন যে কোন সময়ই টাকা প্রেরণ ও টাকা উত্তোলন করা সম্ভব হচ্ছে;<br>➢ আখ রোপণ, আখ চাষ, আখের আন্ত:পরিচর্যাসহ আবহাওয়ার পূর্বাভাসের তথ্য এসএমএস এর মাধ্যমে চাষিদের নিকট প্রেরণ করা হচ্ছে। |

## ৫. গবেষণা সংক্রান্ত তথ্য

২০২৪-২০২৫ রোপণ মৌসুমে (জুলাই'২০২৪ হতে জুন'২০২৫ পর্যন্ত) গবেষণা কার্যক্রমের লক্ষ্যমাত্রা ছিল ৩৫টি, অর্জন হয়েছে ৩৫ টি (গবেষণা চলমান)। গবেষণার বিষয়সমূহ নিম্নে উল্লেখ করা হলো:

- **অনুমোদিত ইক্ষুর জাতসমূহের উৎপাদনশীলতা মূল্যায়ন:** এই ফিল্ড ট্রায়ালের মাধ্যমে আবাদকৃত বিভিন্ন অনুমোদিত জাতের চিনি আহরণ হার পরবর্তী বছরের জন্য মিলভিত্তিক পারফরমেন্স অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে প্রতিটি মিলের জন্য বিভিন্ন জাত নির্বাচন করা হয়।
- **মিলিং ট্রায়াল:** মৌসুম চলাকালীন প্রতি ক্লিনিং এ মিলিং ট্রায়ালে প্রাপ্ত প্রথম নিষ্কাশিত রস ও হ্যান্ড ক্রাশারের রসের বিশ্লেষণের তথ্য সংগ্রহ এবং রিকভারি নির্ণয় করা হয়।
- **ভ্যারাইটাল মিউজিয়াম প্রদর্শনী:** বিভিন্ন অনুমোদিত জাত দ্বারা মিউজিয়াম করা হয়। প্রশিক্ষণার্থীদের আখের জাত, বিশুদ্ধতা ও সনাক্তকরণ বৈশিষ্ট্য সম্পর্কে সম্যক জ্ঞান অর্জন এবং জাতের উৎপাদনশীলতার মূল্যায়ন করা হয়।
- **ইক্ষুর ফলন ও চিনি আহরণে কেরুজ জৈব সারের প্রভাব মূল্যায়ন:** আখের উৎপাদনশীলতার উপর কেরুজ জৈব সারের মাত্রা নির্ধারণ করা হয়।
- **ইক্ষুর ফলন ও চিনি আহরণ হারে বায়োচার, ডলোমাইট ও জৈব সারের প্রভাব মূল্যায়ন:** ঠাকুরগাঁও চিনিকলে ইক্ষুর ফলন ও চিনি আহরণে বায়োচার, ডলোমাইট ও জৈব সারের প্রভাব মূল্যায়ন শীর্ষক গবেষণা কার্যক্রম পরিচালিত হয়েছে।
- **নিউক্লিয়াস:** বিএসআরআই হতে সরবরাহকৃত নিউক্লিয়াস আখ পরীক্ষামূলক খামারে রোপণ করা হয়। নিউক্লিয়াস আখের রোগ ও পোকার আক্রমণের হার, কুশির সংখ্যা, উচ্চতা, ফলন ইত্যাদি প্যারামিটার পর্যবেক্ষণ করে বিএসআরআই নতুন জাত অবমুক্ত করে থাকে।

## ৬. ২০২৪-২০২৫ অর্থবছরের গুরুত্বপূর্ণ অর্জন ও উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ

- **আখ মাড়াই, চিনি ও চিটাগুড় উৎপাদন**

৭.৫০ লক্ষ মে.টন আখ সরবরাহের লক্ষ্যমাত্রার বিপরীতে ৮.৩৯ লক্ষ মে.টন আখ চিনিকলে সরবরাহ করা সম্ভব হয়েছে। বিএসএফআইসি কর্তৃক ২০২৪-২৫ অর্থবছরে ৪৬.১৮৭ হাজার মেট্রিক টন চিনি এবং ৩২.০৫ হাজার মেট্রিক টন চিটাগুড় উৎপাদন করা হয়েছে।







উৎপাদিত চিনি

- **ফরেন লিকার, স্পিরিট ও ভিনেগার উৎপাদন:** কেরু অ্যান্ড কোম্পানি (বাংলাদেশ) লিমিটেড কর্তৃক ২.০৫ লক্ষ কেস ফরেন লিকার, ৪৫.৪০ লক্ষ প্রুফ লিটার স্পিরিট এবং ২১.১৪ হাজার লিটার ভিনেগার উৎপাদন করা হয়। ২০ ডিসেম্বর ২০২৪ তারিখ হতে কেরুজ ফরেন লিকার অটোমেশন কার্যক্রম সফলতার সাথে পুরোদমে চালু করা হয়েছে।




ফরেন লিকার



মল্টেড ভিনেগার

- **জৈবসার উৎপাদন:** কেরু অ্যান্ড কোম্পানি (বাংলাদেশ) লিমিটেড কর্তৃক ১৬৩০ মে. টন সোনার দানা জৈবসার উৎপাদন করা হয়।



- বিএমআর অব কেরু অ্যান্ড কোং (বিডি) লি. (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমুদয় বাস্তবায়ন কাজ সম্পন্ন হয়েছে। গত ১৫-১৭ মার্চ ২০২৫ তারিখে প্রকল্পের আওতায় ওয়াটার ট্রায়াল সম্পন্ন হয়েছে। প্রকল্পের ভৌত অগ্রগতি ৯৮% এবং আর্থিক অগ্রগতি ৭৮.৩২%। আগামী ২০২৫-২৬ মাড়াই মৌসুমে প্রকল্পের অধীনে প্রোডাকশন ট্রায়াল রান সম্পন্ন করা হবে।

- 'নর্থ বেঙ্গল চিনিকল আধুনিকীকরণ এবং উৎপাদন বহুমুখীকরণ-এর সম্ভাব্যতা সমীক্ষা' শীর্ষক একটি সমীক্ষা প্রকল্প ৩০/১২/২০২৪ তারিখে অনুমোদিত হয়েছে। বর্তমানে Infrastructure Investment Facilitation Company (IIFC) এর মাধ্যমে সমীক্ষার কার্যক্রম চলমান আছে।

- কেরুজ ডিস্টিলারি আধুনিকায়ন, বর্জ্য ব্যবস্থাপনা, বেভারেজ প্ল্যান্ট ও আধুনিক অণুজীব ল্যাব স্থাপনের নিমিত্ত বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্টের মাধ্যমে সম্ভাব্যতা সমীক্ষার কার্যক্রম চলমান আছে।

- চিনিকলের নিজস্ব খামারে শ্রমিক ব্যয় হ্রাসের জন্য ২০২৪-২৫ অর্থবছরে পরীক্ষামূলকভাবে সুগারকেইন প্লান্টার মেশিন ব্যবহারের কার্যক্রম নেয়া হয়েছে। ২০২৪-২৫ রোপণ মৌসুমে তিনটি কৃষি খামারে ৬৪৭ একর জমিতে প্লান্টারের মাধ্যমে আখ রোপণ করে প্রায় ৩০ লক্ষ টাকা সাশ্রয় করা সম্ভব হয়েছে।



সুগারকেইন প্লান্টার এর মাধ্যমে ইক্ষুরোপণ কার্যক্রম

- ২০২৪-২৫ রোপণ মৌসুমে ৫৯.৬০ একর জমিতে ডিগার মেশিনের সাহায্যে রিং পিট পদ্ধতিতে আখ চাষ হয়েছে। রিং পিট পদ্ধতিতে আখ চাষ ফলন বৃদ্ধি পাচ্ছে। ২০২৪-২৫ আখ মাড়াই মৌসুমেও ৩টি চিনিকলের বাণিজ্যিক খামারে কম্বাইন্ড হার্ভেস্টার দ্বারা ৪৮৫ একর জমির আখ কর্তন করা হয়েছে, এতে সনাতন পদ্ধতির চেয়ে ৪৬.৩৫ লক্ষ টাকা সাশ্রয় হয়েছে।



রিং পিট পদ্ধতিতে আখচাষ

- ২০২৪-২৫ মাড়াই মৌসুমে গড় চিনি আহরণের হার ৫.৫০% যা বিগত বছরের অর্জনের (৫.০৭%) তুলনায় ০.৪৩% বেশি।
- শিল্প মন্ত্রণালয়ের ডিপিডিটি হতে ২ জানুয়ারি ২০২৫ তারিখে চিনির প্যাকেট ট্রেডমার্ক সনদ পাওয়া গেছে।
- ক্যাশলেস সিস্টেম কর্মসূচির আওতায় ২০২৪-২৫ মাড়াই মৌসুমে বিকাশের মাধ্যমে আখচাষিদের আখের মূল্য দ্রুততম সময়ের মধ্যে পরিশোধ করা হচ্ছে।
- আখচাষকে লাভজনক করার লক্ষ্যে আখের সঙ্গে সাথী ফসলও চাষ করা হচ্ছে।



আখের পাশাপাশি সাথী ফসল চাষ

- ২০২৪-২৫ রোপণ মৌসুমে আখচাষিদের মাঝে বিনিয়োগকৃত ৭২.৮৫ কোটি টাকা ঋণ ১০০% আদায় করা হয়েছে।
- রোপা আখচাষ প্রযুক্তি প্রয়োগকারী আখচাষিদের মাঝে ১১.৯৯ কোটি টাকা ভর্তুকি প্রদান করা হয়েছে।
- আখক্রয় কার্যক্রম সহজিকরণ ও স্বচ্ছতা আনয়নের জন্য ই-গেজেট, ই-পুর্জি ও মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আখের মূল্য পরিশোধ কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে।
- মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আখের মূল্য পরিশোধ ও ভর্তুকি অর্থ প্রদানে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা হয়েছে।
- আখক্রয়ে পুরাতন ওজনযন্ত্রের পরিবর্তে ডিজিটাল ওজন যন্ত্র ব্যবহারের ফলে আখক্রয়ে স্বচ্ছতা আনয়ন করা হয়েছে।
- আধুনিক প্রযুক্তি ও কলাকৌশল সম্পর্কে আখচাষি ও মাঠকর্মীদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি করে আখচাষে উন্নত প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে আখের ফলন বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

## ৭. মানব সম্পদ

সংস্থার নিজস্ব প্রবিধানমালা/নীতিমালা অনুযায়ী জনবল নিয়োগ প্রদান করা হয় এবং দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে তাদের যথাযথ প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়াও নিয়মিত পদোন্নতি প্রদানসহ বিভিন্ন প্রণোদনামূলক কর্মকান্ড পরিচালনা করা হয়ে থাকে।

## ৮. জনবল

| দপ্তর/সংস্থা | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | | | শূন্য পদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ |
|---|---|---|---|---|---|---|
| | | পুরুষ | নারী | মোটপূরণকৃত পদ | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) (৩+৪) | (৬) (২-৫) | (৭) |
| বিএসএফআইসি | ১৭২৬৩ | ৬৬০৩ | ৩১৯ | ৬৯২২ | ১০৩৪১ | ৭৪০ |




২০২১-২০২২ থেকে ২০২৪-২০২৫ সাল পর্যন্ত কর্মরত পুরুষ/নারীর তুলনামূলক লেখচিত্র

## ৯. শূন্য পদের বিন্যাস

| দপ্তর/সংস্থার নাম | সংস্থা প্রধানের পদ | পরিচালকের পদ | গ্রেড ১-৯ | গ্রেড ১০-১৩ | গ্রেড ১৪-১৮ | গ্রেড ১৯-২০ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| বিএসএফআইসি | ১ | ২ | ৪১৯ | ১১ | ৩৪৫১ | ২০৬৩+৪৩৯ ৪ (মজুরি কমিশনের) | ১০৩৪১ |

## ১০. ২০২৪-২০২৫ অর্থবছরে নিয়োগ

| দপ্তর/সংস্থা | বছর | গ্রেড ভিত্তিক নিয়োগ | | | | | | | | মোট | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২-৯ | | ১০-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০ | | | | |
| | | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) (৩+৫+৭+৯) | (১২) (৪+৬+৮+১০) | (১৩) (১১+১২) |
| বিএসএফআইসি | ২০২৪-২০২৫ | - | - | - | - | - | - | - | - | - | - | - |

## ১০.১ ২০২৪-২০২৫ অর্থবছরে পদোন্নতি

| দপ্তর/সংস্থা | বছর | গ্রেড ভিত্তিক পদোন্নতি | | | | | | | | মোট | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২-৯ | | ১০-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০ | | | | |
| | | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) |
| বিএসএফআইসি | ২০২৪-২০২৫ | ১৮৫ | ১১ | ২৭ | ২ | - | - | - | - | ২১২ | ১৩ | ২২৫ |

## ১০.২ ২০২৪-২০২৫ অর্থবছরে অবসর গ্রহণ

| দপ্তর/সংস্থা | অর্থবছর | গ্রেড ভিত্তিক অবসর গ্রহণ | | | | | | | | মোট | | সর্বমোট (১১+১২) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২-৯ | | ১০-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০ | | | | |
| | | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | |
| বিএসএফআইসি | ২০২৪-২০২৫ | ১৪ | - | - | - | ৪ | - | - | - | ১৮ | - | ১৮ |

## ১০.৩ ২০২৪-২০২৫ অর্থবছরে প্রশিক্ষণ (দেশে/বিদেশে)

| দপ্তর/সংস্থা | | ইনহাউজ প্রশিক্ষণ কর্মসূচি | | | দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ কর্মসূচি | | | বিদেশে প্রশিক্ষণ কর্মসূচি | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | গ্রেড | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | |
| | | | পুরুষ | নারী | | পুরুষ | নারী | | পুরুষ | নারী |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
| বিএসএফআইসি | ১-৯ | ২২ | ৩২৮ | ৫৮ | ৪৪ | ১০২ | ০২ | ০৫ | ০৬ | ০২ |
| | ১০-১৩ | ১৯ | ৫০০ | ৩৩ | ০৩ | ৮৯ | ০১ | - | - | - |
| | ১৪-২০ | ২২ | ৭৪৮ | ১৮ | ০৫ | ০৪ | ০১ | - | - | - |
| | মোট | ৬৩ | ১৫৭৬ | ১০৯ | ৫২ | ১৯৫ | ০৪ | ০৫ | ০৬ | ০২ |




২০২৪-২০২৫ অর্থবছরের প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণকারী পুরুষ/নারীর তুলনামূলক লেখচিত্র

## ১১. ২০২৪-২০২৫ অর্থবছরে ভ্রমণ ও পরিদর্শন

| দপ্তর/সংস্থা | পর্যায় | অভ্যন্তরীণ ভ্রমণ/পরিদর্শন | বৈদেশিক সেমিনার/ ওয়ার্কশপ | বিদেশে এক্সপোজার ভিজিট | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| বিএসএফআইসি | দপ্তর/সংস্থা প্রধান | ৫ | - | - | - |
| | গ্রেড ২-৫ | ৩৯৪ | - | - | - |
| | গ্রেড ৬-৯ | ১০১ | - | - | - |
| মোট- | | ৫০০ | - | - | - |




২০২৪-২০২৫ অর্থবছরের অভ্যন্তরীণ ভ্রমণ/পরিদর্শন এর গ্রেডভিত্তিক পাইচার্ট

## ১২. ২০২৪-২০২৫ অর্থবছরে বিভাগীয় মামলা

| মন্ত্রণালয়/ দপ্তর/সংস্থা | পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে (২০২৪-২০২৫) দায়েরকৃত বিভাগীয় মামলার সংখ্যা | মোট মামলা সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে (২০২৪-২০২৫) নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | বছর শেষে অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | চাকুরিচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দণ্ড | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ (২+৩) | ৫ | ৬ | ৭ | ৮ (৫+৬+৭) | ৯ (৪-৮) |
| বিএসএফআইসি | ১৯ | ০৬ | ২৫ | - | ১৪ | ০৪ | ১৮ | ০৭ |

## ১৩. ২০২৪-২০২৫ অর্থবছরে দপ্তর/সংস্থা কর্তৃক বিভিন্ন প্রকাশনা

| দপ্তর/সংস্থার নাম | প্রকাশনার নাম | প্রকাশনার ধরণ | | | | প্রচারের ধরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | মাসিক | ত্রৈমাসিক | ষাণ্মাসিক | বার্ষিক | | |
| বিএসএফআইসি, সদর দপ্তর | বার্ষিক প্রতিবেদন | নাই | নাই | নাই | ১ | বার্ষিক | - |
| | মাসিক চাহি বার্তা | ১ | নাই | নাই | নাই | মাসিক | - |

## ১৪. ২০২৪-২০২৫ অর্থবছরে উন্নয়ন বাজেট বাস্তবায়ন

(কোটি টাকায়)

| অর্থবছর | প্রকল্প সংখ্যা | এডিপি বরাদ্দ | | | | অর্থছাড় | মোট ব্যয় | বাস্তবায়ন অগ্রগতি % |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | জিওবি | প্রকল্প সাহায্য | সংস্থার নিজস্ব অর্থায়ন | মোট | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ২০২৪-২০২৫ | ০১ টি | ১৮.৭৯ | - | ৮.৬৩ | ২৭.৪২ | ৬.৩১ | ৪.৬৫৫ | ১৬.৯৮ |

## ১৫. প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি

(লক্ষ টাকায়)

| সংস্থার নাম | ক্রমিক নং | প্রকল্পের নাম বাস্তবায়ন কাল | প্রাক্কলিত ব্যয় | জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় | ২০২৪-২০২৫ অর্থবছরে জুন, ২০২৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি | | জুন ২০২৫ পর্যন্ত ব্যয় |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | বরাদ্দ | ব্যয় (%) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| বিএসএফআইসি | ১ | বিএমআর অব কেরু অ্যান্ড কোং (বিডি) লি. (২য় সংশোধিত) জুলাই ২০১২ -জুন ২০২৬ | ১০২২১.৩৮ | ৮০০৫.৯০ (৭৮.৩২%) | ২৫৩৬.০০ | ১৮.৮০ % | ৪৫৯.৫৯ |
| | ২ | নর্থবেঙ্গল চিনিকল আধুনিকীকরণ ও উৎপাদন বহুমুখীকরণের সম্ভাব্যতা সমীক্ষা (জানুয়ারি ২০২৫ হতে জুন ২০২৬) | ৪৯৮.০০ | ৫.৯৬ | ২০৬.০০ | ১.১৯% | ৫.৯৬ |

## ১৬. ২০২৪-২০২৫ অর্থবছরের আর্থিক বিবরণী (প্রভিশনাল)

(কোটি টাকা)

| সর্বমোট আয় | সর্বমোট ব্যয় | সর্বমোট স্থিতি |
|---|---|---|
| ১ | ২ | ৩ (১-২) |
| ৭৭৯.৪৮ | ১৩২৯.০৮ | (৫৪৯.৬০) |

## ১৭. ২০২৪-২০২৫ অর্থবছরে সরকার কর্তৃক প্রদত্ত ভর্তুকির পরিমাণ, ঋণ গ্রহণ এবং পরিশোধ সংক্রান্ত তথ্য

(কোটি টাকায়)

| অর্থবছর | প্রতিষ্ঠানের নাম/ভর্তুকির খাত | সরকার কর্তৃক প্রদত্ত ভর্তুকির পরিমাণ | গৃহীত ব্যাংক ঋণের পরিমাণ | পরিশোধিত অর্থের পরিমাণ |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ২০২৪-২০২৫ | বিএসএফআইসি/পরিচালন ঋণ | ৫০০.০০ পরিচালন ঋণ | - | - |

## ১৮. ২০২৪-২০২৫ অর্থবছরে লোকসানি প্রতিষ্ঠানসমূহের বিবরণ

(কোটি টাকায়)

| প্রতিষ্ঠানের নাম | লোকসানের পরিমাণ (প্রভিশনাল) |
|---|---|
| (১) | (২) |
| পঞ্চগড় সুগার মিলস্ লি., পঞ্চগড় | (৩১.৭৪) |
| ঠাকুরগাঁও সুগার মিলস্ লি., ঠাকুরগাঁও | (৫০.৫৮) |
| সেতাবগঞ্জ সুগার মিলস্ লি., দিনাজপুর | (৯.৭৩) |
| শ্যামপুর সুগার মিলস্ লি., রংপুর | (২৫.৩৮) |
| রংপুর সুগার মিলস্ লি., গাইবান্ধা | (২১.৯৬) |
| জয়পুরহাট সুগার মিলস্ লি., জয়পুরহাট | (৭৮.৩৬) |
| রাজশাহী সুগার মিলস্ লি., রাজশাহী | (৬৮.১৬) |
| নাটোর সুগার মিলস্ লি., নাটোর | (৪৬.৭৮) |
| নর্থবেঙ্গল সুগার মিলস্ লি., নাটোর | (৬৭.০২) |
| পাবনা সুগার মিলস্ লি., পাবনা | (৬৩.২৯) |
| কুষ্টিয়া সুগার মিলস্ লি., কুষ্টিয়া | (৩১.৯৩) |
| মোবারকগঞ্জ সুগার মিলস্ লি., ঝিনাইদহ | (৭৫.৯১) |
| ফরিদপুর সুগার মিলস্ লি., ফরিদপুর | (৫৮.৯১) |
| জিলবাংলা সুগার মিলস্ লি., জামালপুর | (৪৭.৬৯) |
| রেণউইক, যজ্ঞেশ্বর অ্যান্ড কোং (বিডি) লি. | (১.৬৯) |
| সর্বমোট | (৬৭৯.১৩) |

## ১৯. লোকসানের কারণ

- আখের আবাদ হ্রাস পাওয়া;
- কাঁচামালের মূল্য বৃদ্ধি;
- উৎপাদন খরচের তুলনায় চিনির বিক্রয়মূল্য কম হওয়া;
- অধিক চিনি সমৃদ্ধ, পোকা ও রোগবালাই প্রতিরোধ সক্ষম আখের জাত উদ্ভাবন না হওয়া;
- অনুন্নত আখের জাত, দক্ষ জনবলের অভাব এবং শ্রম নির্ভর কারখানা হওয়ার কারণে চিনি আহরণ হার হ্রাস পাওয়া;
- পুঞ্জিভূত ঋণের কারণে সুদের পরিমাণ বৃদ্ধি পাওয়া।
- দীর্ঘ দিনের পুরাতন জরাজীর্ণ কারখানা হওয়ায় রক্ষণাবেক্ষণ ব্যয় বৃদ্ধি;

## ১৯.১ উত্তরণের উপায়

- উন্নত জাতের আখের ভ্যারাইটি উদ্ভাবন;
- বিএমআর এর মাধ্যমে মিলসমূহকে আধুনিকায়ন;
- লক্ষ্যমাত্রা অনুযায়ী মিলে আখ প্রাপ্তি ও ৮-১০% রিকভারিতে চিনি উৎপাদন নিশ্চিতকরণ;
- চিনিকলসমূহের স্থাবর সম্পত্তির যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ;
- প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনশক্তির উন্নয়ন এবং জনবলের সুষমকরণ;
- উপজাতভিত্তিক লাভজনক পণ্য উৎপাদন;
- স্থগিতকৃত চিনিকলসহ অন্যান্য চলমান চিনিকলে স্থানীয় কাঁচামালের সহজলভ্যতার উপর ভিত্তি করে নতুন নতুন শিল্প কারখানা স্থাপন যেমন: অটো রাইস মিল, পোল্ট্রি ফিড, মিনারেল ওয়াটার, জুস ফ্যাক্টরি, রপ্তানিযোগ্য ড্রাই ভেজিটেবল, খাদ্য প্রক্রিয়াজাত প্লান্ট, বেকারি, কোল্ড স্টোরেজ, ভোজ্যতেল ইত্যাদি;
- দেশি ও বিদেশি বিনিয়োগে যৌথ উদ্যোগে পরিবেশ বান্ধব নতুন আধুনিক চিনিকলসহ ডিস্টিলারি প্ল্যান্ট স্থাপন;
- সুদসহ সমুদয় ব্যাংক ঋণ সরকার কর্তৃক এককালীন পরিশোধের ব্যবস্থা গ্রহণ/ মওকুফ করণ;
- উৎপাদন খরচের তুলনায় কমমূল্যে চিনি বিক্রয় করায় ট্রেড গ্যাপের টাকা সরকার কর্তৃক নিয়মিত পরিশোধ নিশ্চিতকরণ;

- আখ চাষিদের ঋণ হিসেবে সার, বীজ, কীটনাশক ও উপকরণ এবং আখের মূল্য নিয়মিত পরিশোধের জন্য রিভলভিং ফান্ড প্রদান।

## ১৯.২ লাভজনক প্রতিষ্ঠানসমূহের বিবরণ

(কোটি টাকায়)

| প্রতিষ্ঠানের নাম | লাভের পরিমাণ (প্রভিশনাল) |
|---|---|
| (১) | (২) |
| কেরু অ্যান্ড কোম্পানি (বিডি) লিমিটেড | ১২৯.৫২ |

## ২০. ২০২৪-২০২৫ অর্থবছরে উৎপাদন বিষয়ক তথ্য

| অর্থবছর | উৎপাদিত পণ্যের নাম | উৎপাদনের লক্ষ্যমাত্রা | প্রকৃত উৎপাদন এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী উৎপাদনের শতকরা হার | | বিক্রয়ের লক্ষ্যমাত্রা | মোট বিক্রয় | মোট মজুদ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | | ৫ | ৬ | ৭ |
| ২০২৪-২০২৫ | চিনি (মে.টন) | ৪৫০০০ | ৪৬১৮৭.০৫ | ১০২.৬৪% | ৪২০০৫.০০ | ২০৪৪৫.৩৮ | ৩৭১৫৩.৬৪ |
| | চিটাগুড় (মে.টন) | ২৮২০০ | ৩২০৫৪.৬৭ | ১১৩.৬৭% | ৫৪২৩২.০০ | ১৭২৯২.০০ | ৩৬৯৪০.০০ |
| | প্রেসমাড (মে. টন) | ২২৫০০ | ২৫৪৯৯ | ১১৩.৩৩% | ২৫৪৯৯ | ২৫৪৯৯ | - |
| | স্পিরিট (লক্ষ প্রুফ লিটার) | ৬০.০০ | ৪৫.৪০ | ৭৫.৬৭% | ৬০.০০ | ৪৩.৭০ | ৯.৬৭ |
| | ফরেন লিকার (লক্ষ কেস) | ২.৩৩ | ২.০৫ | ৮৭.৯৮% | ২.৩৩ | ২.০২ | ০.১১৪৩৮ |
| | ভিনেগার (লিটার) | ২০০০০ | ২১১৩৮ | ১০৫.৬৯% | ২০০০০ | ২১৮১০ | ২৮১৯০ |
| | জৈবসার (মে.টন) | ১২০০ | ১৬৩০ | ১৩৫.৮৩% | ১২০০ | ২০১৯ | ১১৮২ |




২০২৪-২০২৫ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী বিভিন্ন পণ্য উৎপাদনের শতকরা হার

## ২১. দপ্তর/সংস্থার উৎপাদিত প্রধান পণ্য সংক্রান্ত তথ্য

| ক্রমিক | উৎপাদিত পণ্যের নাম | অর্থবছর: ২০২৪-২০২৫ | |
|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অর্জন |
| ১ | চিনি (মে.টন) | ৪৫০০০ | ৪৬১৮৭.০৫ |
| ২ | চিটাগুড় (মে.টন) | ২৮২০০ | ৩২০৫৪.৬৭ |
| ৩ | প্রেসমাড (মে. টন) | ২২৫০০ | ২৫৪৯৯ |
| ৪ | স্পিরিট (লক্ষ প্রুফ লিটার) | ৬০.০০ | ৪৫.৪০ |
| ৫ | ফরেন লিকার (লক্ষ কেস) | ২.৩০ | ২.৫০ |
| ৬ | ভিনেগার (লিটার) | ২০০০০ | ২১১৩৮ |
| ৭ | জৈবসার (মে.টন) | ১২০০ | ১৬৩০ |

রেণউইক এ্যান্ড যজ্ঞেশ্বর (বিডি) লি. এ উৎপাদিত পণ্য


জার্নাল বিয়ারিং


স্পিলিট টাইপ স্প্রে পাম্প


ভলিউট কেসিং টাইপ ইনজেকশন পাম্প


ম্যাসকিউট পাম্প (৪৫ডিগ্রি)


ম্যাসকিউট


গিয়ার টাইপম্যাসকিট পাম্প


ফার্নেস ডোর উইথ ফ্রেম


মিল রোলার পিনিয়ন


মাল্টি জেট কনডেনসার


সেন্ট্রিফিউগ্যাল পাম্প


মিলরোলার


সালফার ফার্নেস


ট্রেইলার


ব্রয়লার


বিভিন্ন পাম্পেরইম্পেলার। ব্রাশ/গানমেটাল/এসএস


কেইন কাটার নাইফহোল্ডার


মিল রোলার কাপলিং


স্ক্র্যাপারপ্লেট


চেইনলিংক


কেইন কেরিয়ার স্লেট


ফ্লেক্সিবল ফ্লাঞ্জ কাপলিং ও পুলি


ট্রাসপ্লেট

## ২২. ভবিষ্যৎ কর্মপরিকল্পনা

- ২০২৭-২০২৮ সালের মধ্যে চিনিকলগুলোকে ব্রেক ইভেন পয়েন্ট-এ আনা;
- 'ঠাকুরগাঁও চিনিকল আধুনিকীকরণ, উৎপাদন বহুমখীকরণ ও বিট সুগার পাইলট প্ল্যান্ট স্থাপনের সম্ভাব্যতা সমীক্ষা' শীর্ষক প্রকল্প গ্রহণ;
- 'নর্থবেঙ্গল চিনিকল আধুনিকীকরণ, উৎপাদন বহুমখীকরণের সম্ভাব্যতা সমীক্ষা' শীর্ষক প্রকল্প গ্রহণ;
- 'কেরুজ ডিস্টিলারির বর্জ্য ব্যবস্থাপনা ও আধুনিক অনুজীব ল্যাবরেটরি স্থাপনের সম্ভাব্যতা সমীক্ষা' শীর্ষক প্রকল্প গ্রহণ;
- 'রাজশাহী চিনিকলে ফল প্রক্রিয়াজাতকরণ ও বোতলজাতকরণ এবং পাল্প প্ল্যান্ট স্থাপনের সম্ভাব্যতা সমীক্ষা' শীর্ষক প্রকল্প গ্রহণ;
- 'বিএসএফআইসি'র জনবলের দক্ষতা বৃদ্ধি এবং একটি ডিজিটাল ট্রেনিং ল্যাব স্থাপন' শীর্ষক প্রকল্প গ্রহণের নিমিত্ত ডিপিপি প্রণয়ন;
- 'মোবারকগঞ্জ চিনিকলে সুগার রিফাইনারি স্থাপনের সম্ভাব্যতা সমীক্ষা' শীর্ষক প্রকল্প গ্রহণ;
- 'সেতাবগঞ্জ চিনিকল আধুনিকীকরণ, উৎপাদন বহুমুখীকরণের মাধ্যমে চালুকরণের  সম্ভাব্যতা সমীক্ষা' শীর্ষক প্রকল্প গ্রহণ।
- প্রাইস গ্যাপের অর্থ ও চলতি মূলধন প্রাপ্তির লক্ষ্যে চিনিকলগুলোকে চালু রাখার স্বার্থে অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগপূর্বক অর্থ ছাড়করণ।

## ২৩. চ্যালেঞ্জ সমূহ

- চলমান প্রকল্প নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে সম্পন্ন করা;
- চলমান এডিপি/আরএডিপিতে অননুমোদিত নতুন প্রকল্প হিসেবে অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের অনুমোদন প্রাপ্তি;
- প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে দক্ষ জনবলের অভাব;
- মিলজোন এলাকায় গুড় উৎপাদনে আখ মাড়াই বন্ধকরণ;
- চিনির উৎপাদন ব্যয় হ্রাসকরণ।

## ২৪. অধিকতর দক্ষতা ও সফলতার সাথে কার্যাবলি সম্পাদনের জন্য করণীয়

- পুরাতন ও জরাজীর্ণ প্রতিটি সুগার মিলকে বিএমআর/বিএমআরই করার পরিবর্তে নতুন অত্যাধুনিক সুগার মিল স্থাপন;
- ট্রেড গ্যাপ ও ভর্তুকি বাবদ প্রাপ্য অর্থ অর্থ মন্ত্রণালয় হতে ছাড় করার ব্যবস্থা গ্রহণ;
- নতুন উদ্ভাবিত ও কৌলিতাত্ত্বিকভাবে বিশুদ্ধ (Genetically Pure) ইক্ষু জাতসমূহের মাধ্যমে আখচাষ সম্প্রসারণ;
- চিনি শিল্পের বর্তমান প্রেক্ষাপটে বৃহৎ এ শিল্পকে টিকিয়ে রাখার স্বার্থে বিএসএফআইসি কর্তৃক প্রেরিত/প্রেরিতব্য প্রকল্প প্রস্তাব শিল্প মন্ত্রণালয় / অর্থ মন্ত্রণালয় / পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা;
- দেশি/ বিদেশি বিশেষজ্ঞদের পরামর্শক্রমে একটি স্বল্পমেয়াদি, একটি মধ্যমেয়াদি ও একটি দীর্ঘমেয়াদি Roadmap ও কর্মপরিকল্পনা প্রণয়ন এবং তদনুযায়ী প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন;
- বাণিজ্যিক আখচাষে প্রতিটি চিনিকলে অধিক ফলন এবং উচ্চ চিনিযুক্ত অগ্রাধিকারপ্রাপ্ত ৬/৭টি জাতে সীমাবদ্ধ রেখে গৃহীত কর্মসূচি সফলভাবে বাস্তবায়ন;
- ইক্ষু গবেষণা কেন্দ্রে নীচু জমিতে উচ্চ ফলনশীল ও অধিক চিনি আহরণ সম্বলিত জাত উদ্ভাবন করা।

# বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন
# (বিএসইসি)

# বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি)

## ১.০ দপ্তর সংস্থার পরিচিতি

বাংলাদেশ শিল্প প্রতিষ্ঠান (জাতীয়করণ) অধ্যাদেশ ১৯৭২ (প্রেসিডেন্ট অর্ডার নং ২৭ অব ১৯৭২) অনুযায়ী বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) গঠন করা হয়। বর্তমানে আইনটি বাংলাদেশ শিল্প প্রতিষ্ঠান জাতীয়করণ আইন, ২০১৮ নামে অভিহিত। প্রারম্ভিক ভাবে বাংলাদেশ স্টিল মিলস্ কর্পোরেশন ও বাংলাদেশ প্রকৌশল ও জাহাজ নির্মাণ কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন ৬২টি শিল্প প্রতিষ্ঠান নিয়ে বিএসইসি কার্যক্রম শুরু করে। পরে বিএসইসি নিজস্ব উদ্যোগে ১৯৮৪ সালে বাংলাদেশ ব্লেড ফ্যাক্টরি লিঃ প্রতিষ্ঠা করে। বর্তমানে কর্পোরেশন ব্যবস্থাপনায় ৯টি শিল্প প্রতিষ্ঠান চালু রয়েছে। এই শিল্প প্রতিষ্ঠানগুলির মধ্যে এটলাস বাংলাদেশ লিঃ, ন্যাশনাল টিউবস লিঃ এবং ইস্টার্ন কেবলস লিঃ এর ৪৯% শেয়ার অফলোডকৃত। বাকি শিল্প প্রতিষ্ঠানসমূহ ইস্টার্ন টিউবস লি., গাজী ওয়্যারস লি., জেনারেল ইলেকট্রিক ম্যানুফেকচারিং কোং. লি., প্রগতি ইন্ডাস্ট্রিজ লি., বাংলাদেশ ব্লেড ফ্যাক্টরি লি. এবং ঢাকা স্টিল ওয়ার্কস লি. এর ১০০% শেয়ার বিএসইসি'র তথা সরকারের। এছাড়া ২০১৩ সালে জাপানের হোন্ডা (৭০% শেয়ার) ও বিএসইসি (৩০% শেয়ার)-এর সাথে জয়েন্ট ভেঞ্চারে বাংলাদেশ হোন্ডা প্রাইভেট লি. স্থাপন করা হয়েছে। এছাড়াও চট্টগ্রামস্থ দি জেনারেল ইলেকট্রিক কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড নামক কোম্পানিতে ২৫.৪৭% শেয়ার বিএসইসি'র রয়েছে।

## ১.১ ভিশন

ইস্পাত ও প্রকৌশল পণ্য উৎপাদনে উন্নত স্মার্ট সংস্থা।

## ১.২ মিশন

উৎপাদন ও বিপণনে উৎকর্ষতা বৃদ্ধি, টেকসই উন্নত প্রযুক্তির যন্ত্রপাতি ব্যবহার, দেশি-বিদেশি বিনিয়োগ বৃদ্ধি ও 4IR উপযোগী দক্ষতা উন্নয়নের মাধ্যমে বিএসইসিকে প্রতিযোগিতা সক্ষম ও লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করা।

## ২. লক্ষ্য ও উদ্দেশ্য

**লক্ষ্য**

- রাষ্ট্রীয় শিল্পখাতকে আধুনিক ও প্রযুক্তিনির্ভর উৎপাদন ব্যবস্থায় রূপান্তর করা;
- দেশীয় প্রকৌশল শিল্পের সক্ষমতা বৃদ্ধি ও আমদানি নির্ভরতা হ্রাস করা;
- উৎপাদন ও ব্যবস্থাপনায় গুণগত মান (Quality) ও দক্ষতা নিশ্চিত করা;
- গবেষণা, উদ্ভাবন ও পণ্য বৈচিত্র্য সৃষ্টি করা;
- মানবসম্পদ উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধি করা;
- আর্থিক স্বনির্ভরতা ও টেকসই লাভজনকভাবে পরিচালনা নিশ্চিত করা;
- পরিবেশবান্ধব ও টেকসই শিল্প পরিচালনা নিশ্চিত করা;
- ডিজিটাল রূপান্তর ও তথ্যনির্ভর ব্যবস্থাপনা প্রতিষ্ঠা করা এবং
- জাতীয় অর্থনীতিতে রাষ্ট্রীয় শিল্পখাতের অবদান বৃদ্ধি করা।

**উদ্দেশ্য**

- শিল্প প্রতিষ্ঠানগুলোর উৎপাদন সক্ষমতা বৃদ্ধি;
- আধুনিক প্রযুক্তি ও তথ্যব্যবস্থার ব্যবহার;
- স্থানীয় কাঁচামাল ও উপকরণ ব্যবহারে উৎসাহ প্রদান;
- পণ্যের মানোন্নয়ন ও নতুন পণ্য উদ্ভাবন;
- প্রশিক্ষণ ও মানবসম্পদ উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন;
- পরিবেশবান্ধব ও নিরাপদ উৎপাদন প্রক্রিয়া অনুসরণ;
- ডিজিটাল ডাটাবেজ ও MIS ড্যাশবোর্ড চালুকরণ;
- অর্থনৈতিকভাবে লাভজনক করা ও সুশাসন নিশ্চিত করা এবং
- সরকারি নীতি ও জাতীয় শিল্প কৌশলের সাথে সমন্বয়।

## ৩. উত্তম চর্চা

- আন্তর্জাতিক মান অনুযায়ী পণ্যের গুণগত মান নিয়ন্ত্রণের লক্ষ্যে প্রতিটি ধাপে Quality Check ও Inspection করা হয়;
- কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা হয়েছে);
- বার্ষিক ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয়;
- সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করা হয়েছে। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী গ্যাস ও জ্বালানি, প্রশিক্ষণ এবং আপ্যায়ন খাতে ব্যয় হ্রাস করা হয়;
- বিএসইসি ও নিয়ন্ত্রণাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহের ৮টির অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করা হয়েছে এবং ৭টি দ্বিপক্ষীয় সভার আয়োজন করা হয়েছে।
- ডিজিটাল হাজিরার মাধ্যমে যথাসময়ে অফিসে উপস্থিতি নিশ্চিতকরণ।
- সামাজিক দায়বদ্ধতায় CSR কার্যক্রম করা হয় (প্রশিক্ষণ, বৃক্ষরোপণ, ত্রাণ সহায়তা প্রদান ইত্যাদি)।

## ৪. ২০২৪-২০২৫ অর্থবছরে ইনোভেশন সংক্রান্ত তথ্য

| উদ্ভাবনী ধারণা | প্রয়োগ কৌশল | উদ্ভাবনের ফলে সাধিত পরিবর্তন |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| উৎপাদন প্রসেস পরিবর্তনের মাধ্যমে এইচ ক্লাস (১৮০°) সুপার এনামেল কপার ওয়্যার উৎপাদন। | উৎপাদন প্রক্রিয়ায় পিভিএফ ভার্নিশ এর স্থলে পিইআই ভার্নিশ ব্যবহার ও বিভিন্ন মেশিনারিজের প্যারামিটার টিউন। | ইতোমধ্যে ৫টি সাইজের বিএসটিআই সিএম লাইসেন্স অর্জিত হয়েছে। আরো ১০টি সাইজ বর্তমানে বিএসটিআই এ পরীক্ষাধীন রয়েছে। |

## ৫. গবেষণা সংক্রান্ত তথ্য

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক | লক্ষ্যমাত্রা (ক্রাইটেরিয়া মান অসাধারণ ১০০%) | ২০২৪-২০২৫ অর্থবছরের প্রকৃত অর্জন ও শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | • LSZH (Low smoke Zero Halogen) Cables | গবেষণা সম্পাদন | সংখ্যা | ১০০% | সম্পাদিত ১০০% | |
| | • জিইএমকোং এর ৫০০ কেভিএ (১১০/৪১৫ কেভি) ট্রান্সফরমার এর সাশ্রয়ী ডিজাইনের ট্রান্সফরমার ডিজাইন করা ও উৎপাদন করা | গবেষণা সম্পাদন | সংখ্যা | ১০০% | সম্পাদিত ১০০% | |
| | • Implementation of Automatic Pipe Unloading System of Normalizing Furnance | গবেষণা সম্পাদন | সংখ্যা | ১০০% | সম্পাদিত ১০০% | |

## ৬. ২০২৪-২০২৫ অর্থবছরের গুরুত্বপূর্ণ অর্জন ও উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ

- অটোমোবাইল ইন্ডাস্ট্রিজ খাতে শোভন কর্মপরিবেশ নিশ্চিতকরণে অসামান্য কৃতিত্বের স্বীকৃতিস্বরূপ প্রগতি ইন্ডাস্ট্রিজ লি. (পিআইএল) কর্তৃক 'গ্রিন ফ্যাক্টরি অ্যাওয়ার্ড ২০২৫' অর্জন করে।




অসামান্য কৃতিত্বের স্বীকৃতিস্বরূপ পিআইএল কর্তৃক 'গ্রিন ফ্যাক্টরি অ্যাওয়ার্ড ২০২৫' অর্জন

- এবিএলএর নিজস্ব নামে"Atlas EV" জ্বালানি সাশ্রয়ী ও পরিবেশবান্ধব ইলেকট্রিক বাইক ও স্কুটারের যন্ত্রাংশ আমদানি করে নিজস্ব কারখানায় সংযোজন ও বিপণন করার লক্ষ্যে গত ২২-০৫-২০২৫ তারিখে চীনের Zhejiang Luyuan Electric Vehicle Co. Ltd. (Luyuan) এর সাথে MoU স্বাক্ষর হয়েছে।




জ্বালানি সাশ্রয়ী ও পরিবেশবান্ধব ইলেকট্রিক বাইক



MoU স্বাক্ষর অনুষ্ঠান

- পিআইএল-এ পণ্য বহুমুখীকরণের অংশ হিসেবে দক্ষিণ কোরিয়ার কিয়া ব্রান্ডের সেডান কার সংযোজনপূর্বক বাজারজাত করা হচ্ছে। মাননীয় শিল্প উপদেষ্টা ২৯ নভেম্বর ২০২৪ তারিখ কারখানায় সেডান কার সংযোজন কার্যক্রমের শুভ উদ্বোধন করেছেন। ইতোমধ্যে ১৪টি সেডান কার বিক্রয় হয়েছে।



দক্ষিণ কোরিয়ার কিয়া ব্রান্ডের সেডান কার



সেডান কার সংযোজন কার্যক্রমের শুভ উদ্বোধন অনুষ্ঠান

- ২০২৪-২০২৫ অর্থবছরে মিতসুবিশির নতুন মডেলের এল-২০০ ডাবল কেবিন পিকআপ আমদানির জন্য এক্সপোটিং এজেন্ট কেএলসির সাথে চুক্তিবদ্ধ হয়ে ২৫০টি গাড়ী আমদানির জন্য ১৮-০৫-২০২৫ তারিখ এলসি খোলা সম্পন্ন হয়েছে যা বাংলাদেশ পুলিশসহ অন্যান্য ক্রেতা প্রতিষ্ঠানে সরবরাহ করা হচ্ছে।



মিতসুবিশির নতুন মডেলের এল-২০০ ডাবল কেবিন পিকআপ

- ১২ সিটের মাইক্রোবাস প্রগতির মাধ্যমে বাজারজাত করার লক্ষ্যে নাভানা লিঃ এর সাথে ১৫-০৬-২০২৫ তারিখ সাপ্লাই চুক্তি করা হয়েছে। প্রাথমিকভাবে ১০০ ইউনিটের জন্য ১৮-০৮-২০২৫ তারিখ এলসি খোলা হয়েছে।



১২ সিটের মাইক্রোবাস

- নাসিরাবাদ, চট্টগ্রামে প্রগতি'র নিজস্ব অফিস, শো-রুম ও সার্ভিস সেন্টার স্থাপন করা হয়েছে এবং সেপ্টেম্বর ২০২৪ হতে দাপ্তরিক কার্যক্রম শুরু হয়েছে। এতে প্রতিবছর ৬০ লক্ষ টাকা ভাড়া বাবদ অর্থ সাশ্রয় হচ্ছে। এছাড়া কারখানায় আধুনিক এসেম্বলিং প্লান্ট নির্মাণের কার্যক্রম হাতে নেয়া হয়েছে এবং ঢাকাস্থ তেজগাঁও এ থ্রি-এস সার্ভিস সেন্টার এর নির্মাণ কাজ চলমান আছে।

- বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের প্রধান বৈদ্যুতিক পরিদর্শকের দপ্তর হতে ট্রান্সফরমার উৎপাদনকারী ও ট্রান্সফরমারের তৈল পরীক্ষাকারী প্রতিষ্ঠান হিসেবে সার্টিফিকেট অর্জন করেছে।

- পণ্যবহুমুখীকরণের অংশ হিসেবে ইটিএলএর নতুন পণ্য এলইডি ব্যাটেন লাইট (৪ফুট ৪০ওয়াট ও ২ফুট ২০ওয়াট ) মে, ২০২৫ হতে উৎপাদন ও বাজারজাত করা হচ্ছে।

- এনটিএল এর ৮" মিলের পাইপ গোডাউন উচ্চতা বৃদ্ধি, মিলের ওভারহেড ক্রেনের বসবার সিস্টেম পরিবর্তন ও প্রতিষ্ঠানের পশ্চিম পাশের ৬০০ ফুট দৈর্ঘ্যের বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে।

- Management & Accounting System of BSEC (MACS BSEC) প্রোগ্রামের আওতায় বিএসইসি ও আওতাধীন ০৯টি প্রতিষ্ঠানে বাস্তবায়নকৃত Accounts, Payroll & Inventory মডিউল প্রণয়ন ও বাস্তবায়ন করা হয়। ফলে Accounts, Payrollএবং Store Management System সংস্কারের মাধ্যমে দাপ্তরিক কার্যক্রমে স্বচ্ছতা ও গতিশীলতা আনয়ন সম্ভব হয়েছে।

- 150 Extruder Machine টির ক্যাপাসিটি ১০০০ আরএম থাকলেও প্রায় ১৭ বছর ধরে ৪০০ আরএম বেশি উৎপাদন করা সম্ভব হতো না। উক্ত মেশিনটি মেরামতপূর্বক সচল করে ১০০০ আরএম সাইজের কেবলস উৎপাদন করা হচ্ছে।

- ইসিএল কারখানার দীর্ঘদিনের পুরাতন Offline Annealing Machine ও Intermediate Drawing Machine রক্ষণাবেক্ষণ করে বর্তমানে গুনগতমানসম্পন্ন কপার আউটপুট উৎপাদন হচ্ছে।

- বিএসইসি'র অধীনে টংগী, গাজীপুরে ৬ একর জায়গায় আধুনিক মানের ৫৩টি রাসায়নিক গুদাম স্থাপন করা হয়েছে।



৫৩টি রাসায়নিক গুদাম

## ৭. মানব সম্পদঃ

বিএসইসি দেশের একটি রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠান, এর অধীনে ৯টি কারখানা, প্রকৌশল প্রতিষ্ঠান ও বিপণন ইউনিট পরিচালিত হয়। এসব প্রতিষ্ঠানের কার্যক্রম দক্ষভাবে পরিচালনার মূল ভিত্তি হলো এর মানব সম্পদ।

**ক. মানব সম্পদের গঠন**

বিএসইসি'র মানব সম্পদ মূলত তিনটি স্তরে বিভক্ত:

- উচ্চ পর্যায়ের ব্যবস্থাপনা কর্মকর্তা — কর্পোরেশনের কৌশলগত পরিকল্পনা, প্রশাসনিক দিকনির্দেশনা ও নীতিমালা প্রণয়ন করে থাকেন।
- প্রযুক্তিগত ও প্রকৌশল কর্মী — উৎপাদন, রক্ষণাবেক্ষণ, গুণমান নিয়ন্ত্রণ ও গবেষণা এবং উন্নয়নে নিয়োজিত।
- সহায়ক ও কারিগরি কর্মী — উৎপাদন প্রক্রিয়া, পরিবহন, গুদামজাতকরণ এবং দৈনন্দিন কার্যক্রমে সরাসরি সম্পৃক্ত।

**খ. মানব সম্পদের বর্তমান অবস্থা:**

বিএসইসির অধীন কারখানাগুলিতে বর্তমানে অভিজ্ঞ প্রকৌশলী, টেকনিশিয়ান ও প্রশাসনিক কর্মী রয়েছে, তবে কিছু প্রতিষ্ঠানে বয়সজনিত কারণে দক্ষ কর্মীর ঘাটতি দেখা দিয়েছে। আধুনিক প্রযুক্তিনির্ভর উৎপাদনে পর্যাপ্ত প্রশিক্ষণ ও দক্ষ জনবলের ঘাটতি একটি বড় চ্যালেঞ্জ।

**গ. মানব সম্পদ উন্নয়ন উদ্যোগ:**

বিএসইসি নিয়মিতভাবে কর্মীদের প্রশিক্ষণ, দক্ষতা উন্নয়ন, ও কর্মক্ষমতা মূল্যায়নের উপর গুরুত্বারোপ করে। মন্ত্রণালয় ও নিজস্ব উদ্যোগে স্থানীয় ও আন্তর্জাতিক প্রশিক্ষণ কর্মসূচি, সেমিনার ও ওয়ার্কশপের মাধ্যমে কর্মীদের পেশাগত যোগ্যতা বৃদ্ধি করা হয়। পাশাপাশি প্রণোদনা ও পদোন্নতি নীতিমালা আধুনিকায়নের উদ্যোগ নেওয়া হয়।

## ৮. ২০২৪-২০২৫ অর্থবছরে জনবল

| দপ্তর/সংস্থা | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | | | শূন্য পদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ |
|---|---|---|---|---|---|---|
| | | পুরুষ | নারী | মোটপূরণকৃত পদ | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫)<br>(৩+৪) | (৬)<br>(২-৫) | (৭) |
| বিএসইসি'র প্রধান কার্যালয় | ১৯৩ | ১১৪ | ১৪ | ১২৮ | ৬৫ | - |
| জিইএমকো | ৩৭৯ | ১৮০ | ০ | ১৮০ | ১৯৯ | - |
| গাওলি | ১৮৬ | ৮২ | - | ৮২ | ১০৪ | - |
| পিআইএল | ৫৭৩ | ২৯৫ | ১৪ | ৩০৯ | ২৬৪ | - |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| এনটিএল | ২২১ | ১৪৪ | ০৪ | ১৪৮ | ৭৩ | |
| ইটিএল | ১৫৩ | ৭৮ | ০৭ | ৮৫ | ৬৮ | - |
| ইসিএল | ৪১০ | ১৭২ | ০৩ | ১৭৫ | ২৩৫ | - |
| বিবিএফএল | ১২৭ | ৬৪ | - | ৬৪ | ৬৩ | - |
| ডিএসডাব্লিউএল | ৩৫ | ১০ | ১ | ১১ | ২৪ | |
| এবিএল | ২৮৩ | ১০৬ | ০৬ | ১১২ | ১৭১ | - |
| সর্বোমোট | ২৫৬০ | ১২৪৫ | ৪৯ | ১২৯৪ | ১২৬৬ | - |

## ৯. ২০২৪-২০২৫ অর্থবছরে শূন্য পদের বিন্যাস

| দপ্তর/সংস্থা | অতি. সচিব/ সংস্থা প্রধানের পদ | যুগ্মসচিব/ পরিচালকের পদ | গ্রেড ১-৯ | গ্রেড ১০-১৩ | গ্রেড ১৪-১৮ | গ্রেড ১৯-২০ | শ্রমিক | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| বিএসইসি প্রধান কার্যালয় | - | - | ২ | ২৮ | ০৯ | ২৬ | - | ৬৫ |
| গাওলি | - | - | ১৫ | ১০ | ৬ | ৭ | ৬৬ | ১০৪ |
| জিইএমকো | - | | ১২ | ১০ | ১৪ | ২১ | ১৪২ | ১৯৯ |
| পিআইএল | | - | ৬৯ | ৪৭ | ২৭ | ৫৬ | ৬৫ | ২৬৪ |
| বিবিএফএল | - | - | ০৩ | ১৪ | ০৭ | ০৬ | ৩৩ | ৬৩ |
| ইসিএল | - | - | ৩১ | ২৩ | ২৩ | ২৮ | ১৩০ | ২৩৫ |
| ইটিএল | - | - | ০৭ | ০৮ | ১২ | ১৪ | ২৭ | ৬৮ |
| ডিএসডাব্লিউএল | - | - | ১০ | ০১ | - | ১২ | ১ | ২৪ |
| এবিএল | - | - | ৩৭ | ২৮ | ১০ | ১৯ | ৭৭ | ১৭১ |
| এনটিএল | - | - | ০৭ | ২৪ | ০২ | ১০ | ৩০ | ৭৩ |
| সর্বোমোট | - | - | ১৯৩ | ১৯৩ | ১১০ | ১৯৯ | ৫৭১ | ১২৬৬ |

## ১০. ২০২৪-২০২৫ অর্থবছরে নিয়োগ

| দপ্তর/সংস্থা | গ্রেড ভিত্তিক নিয়োগ | | | | | | | | মোট | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ২-৯ | | ১১-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০ | | | | |
| | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| এনটিএল | - | - | - | - | ০১ | - | - | - | ০১ | - | ০১ |

## ১০.১ ২০২৪-২০২৫ অর্থবছরে পদোন্নতি

| দপ্তর/সংস্থা | গ্রেড ভিত্তিক নিয়োগ | | | | | | | | মোট | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ২-৯ | | ১১-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০ | | | | |
| | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| বিএসইসি প্রধান কার্যালয় | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ইসিএল | ৫ | ১ | ৬ | - | - | - | - | - | ১১ | ১ | ১২ |
| জিইএমকো | নাই | নাই | ১ | নাই | ৫ | নাই | ৪ | নাই | ১০ | | ১০ |

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| এনটিএল | - | - | ০১ | ০১ | - | - | - | - | ০১ | ০১ | ০২ |
| ডিডাব্লিউএসএল | - | - | - | - | - | - | ০১ | - | ০১ | - | ০১ |
| এবিএল | - | - | - | - | - | - | - | - | - | - | ৩৪ (শ্রমিক) |

## ১০.২ ২০২৪-২০২৫ অর্থবছরে অবসর গ্রহণ

| দপ্তর/সংস্থা | গ্রেড ভিত্তিক অবসর গ্রহণ | | | | | | | | | | মোট | | সর্বমোট (১৩+১৪) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ২-৯ | | ১০-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০ | | শ্রমিক | | | | |
| | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | ( ১১) | ( ১২) | (১৩) | (১৪) |
| বিএসইসি প্রধান কার্যালয় | ৮ | ১ | - | - | ১ | - | ১ | - | - | - | ১০ | ১ | ১১ |
| গাওলি | - | - | - | - | - | - | - | - | ২ | - | ২ | - | ২ |
| জিইএমকো | ১ | - | ১ | - | ৪ | - | - | - | ৮ | - | ১৪ | | ১৪ |
| পিআইএল | ৩ | - | ১ | - | - | - | - | - | - | - | ৪ | - | ৪ |
| এনটিএল | - | - | ০৩ | - | ০১ | - | - | - | ০৪ | - | ০৮ | - | ০৮ |
| ইটিএল | - | - | - | - | - | - | ১ | - | - | - | ১ | - | ১ |
| বিবিএফএল | - | - | - | - | - | - | ০১ | - | - | - | ০১ | - | ০১ |
| ইসিএল | - | - | - | - | - | - | - | - | ১৫ | - | ১৫ | - | ১৫ |
| এবিএল | ১ | - | ১ | - | - | - | - | - | ৪ | - | ৬ | - | ৬ |

## ১০.৩ ২০২৪-২০২৫ অর্থবছরে প্রশিক্ষণ (দেশে/বিদেশে)

<table>
<tr><th rowspan="3">দপ্তর/সংস্থা</th><th rowspan="3">গ্রেড</th><th colspan="3">ইনহাউজ প্রশিক্ষণ কর্মসুচি</th><th colspan="3">দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ কর্মসুচি</th><th colspan="3">বিদেশে প্রশিক্ষণ কর্মসুচি</th></tr>
<tr><th rowspan="2">কর্মসুচির সংখ্যা</th><th colspan="2">অংশগ্রহণকারীর সংখ্যা</th><th rowspan="2">কর্মসুচির সংখ্যা</th><th colspan="2">অংশগ্রহণকারীর সংখ্যা</th><th rowspan="2">কর্মসুচির সংখ্যা</th><th colspan="2">অংশগ্রহণকারীর সংখ্যা</th></tr>
<tr><th>পুরুষ</th><th>নারী</th><th>পুরুষ</th><th>নারী</th><th>পুরুষ</th><th>নারী</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td><td>৬</td><td>৭</td><td>৮</td><td>৯</td><td>১০</td><td>১১</td></tr>
<tr><td rowspan="4">বিএসইসি</td><td rowspan="2">১-৯</td><td rowspan="2">০৪</td><td>পুরুষ</td><td>নারী</td><td rowspan="2">১৫</td><td>পুরুষ</td><td>নারী</td><td rowspan="3">-</td><td rowspan="3">-</td><td rowspan="3">-</td></tr>
<tr><td>১১৮</td><td>১৬</td><td>১৩</td><td>০৩</td></tr>
<tr><td>১০-১৩</td><td>০৩</td><td>২৪</td><td>০২</td><td>০২</td><td>০৪</td><td>-</td></tr>
<tr><td>১৪-২০</td><td></td><td>৪১</td><td>-</td><td>০১</td><td>০১</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
</table>

## ১১. ২০২৪-২০২৫ অর্থবছরে ভ্রমণ ও পরিদর্শন

| দপ্তর/সংস্থা | পর্যায় | অভ্যন্তরীন ভ্রমণ/ পরিদর্শন | বৈদেশিক সেমিনার/ ওয়ার্কশপ | বিদেশে একপোজার ভিজিট | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| বিএসইসি | দপ্তর/সংস্থা প্রধান | ১৭ | - | - | - |
| | গ্রেড ২-৫ | ৫৬ | ১ | - | NTL এর কাঁচামাল ক্রয়ের উদ্দেশ্যে চীন ভ্রমণ |
| | গ্রেড ৬-৯ | ৮১ | ১ | - | এবিএল কর্তৃক EV উৎপাদনকারী প্রতিষ্ঠান পরিদর্শনের লক্ষ্যে চীনে ভ্রমণ |
| | মোট | ১৫৪ | ২ | - | - |

## ১২. ২০২৪-২০২৫ অর্থবছরে বিভাগীয় মামলা

| দপ্তর/সংস্থা | পুঞ্জীভুত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে (২০২৪-২০২৫) দায়েরকৃত বিভাগীয় মামলার সংখ্যা | মোট মামলা সংখ্যা | ২০২৪-২০২৫ অর্থবছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | বছর শেষে অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | চাকুরীচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দন্ড | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| বিএসইসি | ০৩ | ০৭ | ১০ | ০১ | ০২ | ০৬ | ০৯ | ০১ |

## ১৩. ২০২৪-২০২৫ অর্থবছরে দপ্তর/সংস্থা কর্তৃক বিভিন্ন প্রকাশনা

| মন্ত্রণালয় ও সংস্থার নাম | প্রকাশনার নাম | প্রকাশনার ধরণ (মাসিক/ত্রৈমাসিক/ষান্মাষিক/বার্ষিক) | প্রচারের ধরন | মন্তব্য |
|---|---|---|---|---|
| ইটিএল | আর্থিক প্রতিবেদন | বার্ষিক | বই আকারে প্রকাশ/ ওয়েব সাইটে প্রকাশ | - |
| গাওলি | আর্থিক প্রতিবেদন | বার্ষিক | বই আকারে প্রকাশ/ ওয়েব সাইটে প্রকাশ | - |
| জিইএমকো | আর্থিক প্রতিবেদন | বার্ষিক | বই আকারে/ ওয়েব সাইটে প্রকাশ | - |
| পিআইএল | বার্ষিক প্রতিবেদন | বার্ষিক | বই আকারে ও ওয়েব সাইটে প্রকাশ | - |
| এনটিএল | বার্ষিক প্রতিবেদন | বার্ষিক | বই আকারে ও ওয়েব সাইটে প্রকাশ | - |
| এবিএল | বার্ষিক প্রতিবেদন | বার্ষিক | বই আকারে ও ওয়েব সাইটে প্রকাশ | - |
| ইসিএল | বার্ষিক প্রতিবেদন | বার্ষিক | বই আকারে ও ওয়েব সাইটে প্রকাশ | - |

## ১৪. ২০২৪-২০২৫ অর্থবছরে উন্নয়ন বাজেট বাস্তবায়ন

| অর্থবছর | প্রকল্প সংখ্যা | এডিপি বরাদ্দ (কোটি টাকায়) | | | | অর্থ ছাড় | মোট ব্যয় | বাস্তবায়ন অগ্রগতি % |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | জিওবি | প্রকল্প সাহায্য | সংস্থার নিজস্ব অর্থায়ন | মোট | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ২০২৪-২০২৫ | ০২ | ৭.০৬ | - | ০.৬০ | ৭.৬৬ | ৭.৬৫৪১ | ৭.৩৫৬১ | ৯৬.০৩% |

## ১৫. প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি

(লক্ষ টাকায়)

| সংস্থার নাম | ক্রমিক নং | প্রকল্পের নাম ও বাস্তবায়ন কাল | প্রাক্কলিত ব্যয় | জুন ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় | ২০২৪-২০২৫ অর্থবছরের জুন,২০২৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি | | জুন ২০২৫ পর্যন্ত ব্যয় |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | বরাদ্দ | ব্যয় (%) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| বিএসইসি | ১ | 'রাসায়নিক গুদাম নির্মাণ (১ম সংশোধিত)'-শীর্ষক প্রকল্প (জুলাই ২০১৯ হতে ডিসেম্বর ২০২৪ | ১০০৬০.১৮ (জিওবি) | ৮৮২০.৯৯ | ৫৭৮.০০ | ৫৪৭.৬১ | ৯৩৬৮.৬০ |
| বিএসইসি | ২ | 'ডিসপোজেবল রেজর ব্লেড প্ল্যান্ট স্থাপন ও বিদ্যমান প্ল্যান্ট আধুনিকীকরণ (২য় সংশোধিত)' প্রকল্প (অক্টোবর ২০১৮ - জুন ২০২৫) | ৫২২০.৮৬ (জিওবি ৪৫৮৯.৪৮ ও সংস্থার নিজস্ব অর্থ ৬৩১.৩৮) লক্ষ টাকা | ৫০২৭.৮৩ | ১৮৮.০০ | ১৮৮.০০ | ৫২১৫.৮৩ |

## ১৬. আর্থিক বিবরনী (২০২৪-২০২৫ অর্থবছর)

(কোটি টাকায়)

| সর্বমোট আয় | সর্বমোট ব্যয় | সর্বমোট স্থিতি |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৫২২.০২ | ৪৬৬.২৮ | ৫৫.৭৪ |

## ১৭. ২০২৪-২০২৫ অর্থবছরে সরকার কর্তৃক প্রদত্ত ভর্তুকির পরিমাণ, ঋণ গ্রহণ এবং পরিশোধ সংক্রান্ত তথ্য

(কোটি টাকায়)

| অর্থবছর | প্রতিষ্ঠানের নাম /ভর্তুকির খাত | সরকার কর্তৃক প্রদত্ত ভর্তুকীর পরিমাণ | গৃহীত ব্যাংক ঋণের পরিমাণ | পরিশোধিত অর্থের পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২০২৪-২০২৫ | নাই | নাই | ২৬৬.৫৫ | ২৫৫.০২ |

## ১৮.২০২৪-২০২৫ অর্থবছরে লোকসানি প্রতিষ্ঠানসমূহের বিবরণ

| প্রতিষ্ঠানের নাম | লোকসানের পরিমাণ (কোটি টাকায়) |
|---|---|
| ১ | ২ |
| গাজী ওয়্যারস লিঃ | (৪.৬৮) |
| ইষ্টার্ন কেবলস্ লিঃ | (১০.৫৭) |
| ইস্টার্ন টিউবস লিঃ | (৩.৭৫) |
| এটলাস বাংলাদেশ লিঃ | (৩.২৫) |
| বাংলাদেশ ব্লেড ফ্যাক্টোরি লিঃ | (৪.২৫) |
| মোট | (২৬.৫০) |

## ১৯. লোকসানের কারণ

- সরকারি আদেশ অনুযায়ী বিভিন্ন সরকারি সংস্থা/অধিদপ্তর/প্রতিষ্ঠান কর্তৃক বিএসইসি'র উৎপাদিত পণ্য ক্রয় না করা;
- মুক্তবাজার অর্থনীতির কারণে বেসরকারি প্রতিষ্ঠানের সাথে পণ্যের মূল্য প্রতিযোগিতামূলক না হওয়া;
- সরকারি সংস্থা/অধিদপ্তর/প্রতিষ্ঠান সমূহ ডিপিএম এ বিএসইসি হতে মালামাল ক্রয়ে অনীহা;
- ডলারের মূল্য ও এলএমই মার্কেটে কাঁচা মালামালের মূল্য বৃদ্ধি;
- ব্যাংক ঋণের সুদ।

## ১৯.১ উত্তরণের উপায়

- সরকারি আদেশ অনুযায়ী বিভিন্ন সরকারি সংস্থা/অধিদপ্তর/প্রতিষ্ঠান কর্তৃক বিএসইসি'র উৎপাদিত পণ্য ক্রয়ের ব্যবস্থা করা;
- মুক্তবাজার অর্থনীতির কারণে বেসরকারি প্রতিষ্ঠানের সাথে সামঞ্জস্য রেখে পণ্যের মূল্য প্রতিযোগিতামূলক করা;
- ডিপিএম এ বিএসইসি'র পণ্য ক্রয়ের ব্যাপারে মন্ত্রণালয় হতে প্রয়োজনীয় ব্যবস্থা/সহযোগিতা প্রদান এবং
- কাঁচামাল আমদানির ক্ষেত্রে advance tax কর্তন প্রত্যাহার বা রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠান হিসেবে উৎপাদন ব্যয় হ্রাসের স্বার্থে বিএসইসি'র প্রতিষ্ঠানসমূহের উপর আমদানি পর্যায়ের ট্যাক্স হ্রাস করা যেতে পারে। এতে প্রতিষ্ঠানসমূহের লোকসানের ঝুঁকি হ্রাস পাবে এবং বেসরকারি শিল্প প্রতিষ্ঠানের সাথে প্রতিযোগিতা করতে সক্ষম হবে।

## ১৯.২ লাভজনক প্রতিষ্ঠানসমূহের বিবরণ

| প্রতিষ্ঠানের নাম | লাভজনক পরিমাণ (কোটি টাকা) |
|---|---|
| ১ | ২ |
| বিএসইসি প্রধান কার্যালয় | ১৯.২৩ |
| প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড | ৪৬.০৬ |
| ন্যাশনাল টিউবস লিমিটেড | ৭.৩৩ |
| জেনারেল ইলেকট্রিক ম্যানু. কো. লিঃ | ১১.২১ |
| ঢাকা স্টিল ওয়ার্কস লিঃ | ৩.৪৫ |
| মোট | ৮৭.২৮ |

## ২০.২০২৪-২০২৫ অর্থবছর পর্যন্ত যৌথ উদ্যোগে চালু প্রতিষ্ঠানসমূহের তথ্য

| অর্থবছর | প্রতিষ্ঠানের নাম | উৎপাদিত পণ্য | সরকারি বিনিয়োগের শতকরা হার | লাভ/লোকসানের পরিমাণ (কোটি টাকায়) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ২০২৪-২০২৫ অর্থবছর | বাংলাদেশ হোন্ডা লি.(বিএইচএল) | মোটর সাইকেল | ৩০% | ১৪.৫১ |
| | জেনারেল ইলেকট্রিক কো.(জিইসি) | - | ২৪.৪৭% | - |

## ২১. ২০২৪-২০২৫ অর্থবছরের উৎপাদন বিষয়ক তথ্য (লেখচিত্রসহ)

| প্রতিষ্ঠান | উৎপাদনের পরিমান | |
|---|---|---|
| প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড | ৩৯৭টি | ৩৭২.২৭ |
| জেনারেল ইলেকট্রিক ম্যানু. কো.লিঃ | ৫৩৪টি | ৩৭.৮২ |
| ইষ্টার্ন কেবলস্ লিঃ | ৩৪৭.৩৮ মে. টন | ২৮.৪৪ |
| গাজী ওয়্যারস্ লিঃ | ১৪২.২৯ মে.টন | ১৫.৩১ |
| ন্যাশনাল টিউবস্ লিঃ | ৩৪৭৪.৫৮ মে. টন | ৪৪.২৮ |
| ইষ্টার্ন টিউবস লিঃ | ১.৯০ লক্ষ পিস | ৪.২২ |
| এটলাস বাংলাদেশ লিঃ | ১৩৯৩ টি | ১৮.৭৫ |
| ঢাকা স্টিল ওয়ার্কস লিঃ | ০ | ০.০০ |
| বাংলাদেশ ব্লেড ফ্যাক্টরি লিঃ | ০ | ০.০০ |
| মোট | | ৫২১.০৯ |



## ২১.১ ২০২৪-২৫ অর্থবছরে শিল্প পণ্য , ভোগ্য পণ্য, সার ইত্যাদির তথ্যসমূহ

| উৎপাদিত পণ্যের নাম | উৎপাদনের লক্ষ্যমাত্রা | প্রকৃত উৎপাদন এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী উৎপাদনের শতকরা হার | বিক্রয় লক্ষ্যমাত্রা | মোট বিক্রয় | মোট মজুদ | দেশজ উৎপাদন দেশের অভ্যন্তরীণ চাহিদার কত শতাংশ |
|---|---|---|---|---|---|---|
| ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১) সুপার এনামেল কপার ওয়্যার<br>২) হার্ড ড্রন বেয়ার কপার ওয়্যার<br>৩) এনিল্ড কপার ওয়্যার | ৮০০ মেট্রিক টন | ১৪২.২৯ মেট্রিক টন<br>১৬.৫ % | ৮০০ মেট্রিক টন | ১১৯.৮৯ মেট্রিক টন | ২২.২৪ মেট্রিক টন | |
| ট্রান্সফরমার | ১০০০ টি | ৫৩৪ টি<br>৫৩.৯% | ১০০০ টি | ৫৫২ টি | ১০৬ টি | ১৬% |
| এসইউভিসহ বিভিন্ন মডেলের গাড়ি | ৮৫০ | ৩৯৭ টি, ৪৬.৭১ % | ৮৫০ | ২৬৯ | ১৫৩ | |
| এপিআই, এমএস ও জিআই পাইপ | ৪০০০ | ৩৪৭৪.৫৭ | ৪০০০ | ২৪৪৮.২৯ | ৩৯৫৬.৬৩ | |
| ১। ডোমেস্টিক , এল.টি ও এইচ.টি ইন্সুলেটেড কেবলস্ এবং কন্ডাকটর<br>২। অ্যালুমিনিয়াম বেয়ার | ২৫০০ | ৩৪৭.৪৩ মে.টন এবং ১৩.৯০% | ২৫০০ | ৩২০.১৮ মে.টন | ২৭.২৫ | |
| মোটর সাইকেল | ৪৬০০ | ১৩৯৩ | ৪৬০০ | ১৪২২ | ১৫০ | |
| ফ্লোরেসেন্ট টিউব<br>সিএফএল বাল্ব<br>এলইডি বাল্ব<br>এলইডি টিউব<br>ব্যাটন লাইট,<br>অন্যান্য | ৪৫০০০০ | ১৯০৩৮১<br>(৪০.১৯%) | ৪৫০০০০ | ১৭৮৯৬০ | ১৭৮৭২৮ | |

## ২২. দপ্তর/সংস্থার উৎপাদিত প্রধান পণ্য সংক্রান্ত তথ্য

| প্রতিষ্ঠানের নাম | উৎপাদিত পণ্য |
|---|---|
| ইষ্টার্ন কেবলস্ লি. পতেঙ্গা, চট্টগ্রাম | • ডমেষ্টিক কেবলস্, এল টি পাওয়ার কেবলস্, এইচ টি পাওয়ার কেবলস্, এসি/এসিএসআর (বেয়ার) ও এএসি/এসিএসআর (ইনসুলেটেড)।  |
| ইস্টার্ন টিউবস লিমিটেড তেজগাঁও, ঢাকা |  • ফ্লোরেসেন্ট টিউব লাইট-৪' (৪০ ওয়াট) ও ২' (২০ ওয়াট) এবং বিভিন্ন ওয়াটের সিএফএল, এলইডি বাল্ব ও টিউব লাইট। |
| এটলাস বাংলাদেশ লিমিটেড টংগী শিল্প এলাকা, গাজীপুর |  • হোন্ডা ব্রান্ডের মোটর সাইকেলে ও Atlas EV মোটর সাইকেল |
| গাজী ওয়্যারস্ লিমিটেড কালুরঘাট, চট্টগ্রাম | • সুপার এনামেল কপার ওয়্যার ও হার্ডড্রন বেয়ার কপার ওয়্যার।  |
| জেনারেল ইলেকট্রিক ম্যানুফ্যাকচারিং কোং. লি., পতেঙ্গা, চট্টগ্রাম | • পাওয়ার ট্রান্সফরমার, ডিস্ট্রিবিউশন ট্রান্সফরমার, ডিসকানেকটর, লাইটনিং এরেষ্টর, ড্রপ আউট ফিউজ, সুইচ গিয়ার, পাওয়ার ফ্যাক্টর ইমপ্রুভমেন্ট প্ল্যান্ট।   |

| প্রতিষ্ঠানের নাম | উৎপাদিত পণ্য |
|---|---|
| ন্যাশনাল টিউবস লিঃ টংগী শিল্প এলাকা, গাজীপুর |  • এমএস/জিআই/এপিআই পাইপ। |
| প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিমিটেড বাড়বকুন্ড, চট্টগ্রাম | • জাপানের মিতসুবিসি মটরস্ কর্পোরেশনের পাজরো স্পোর্ট জীপ (কিইএক্স ২০এমওয়াই), মিতসুবিসি এল-২০০ ডাবল কেবিন পিকআপ, মিতসুবিসি ASX SUV, ভারতের মাহিন্দ্র এন্ড মাহিন্দ্র এবং কোরিয়ান কিয়া মটরস এর সেরাটো সেডান কারসহ ক্রেতার চাহিদা অনুযায়ী অনান্য যানবাহন।  |
| বাংলাদেশ ব্লেড ফ্যাক্টরি লিমিটেড টংগী শিল্প এলাকা, গাজীপুর | চলমান প্রকল্পের Upcomming Products <br> • ডাবল এজ রেজর ব্লেড <br> • ডিসপোজেবল রেজর স্মার্ট II <br> • ডিসপোজেবল রেজর স্মার্ট III  |

## ২৩. ভবিষ্যৎ কর্মপরিকল্পনা

- ATLAS EV ব্র্যান্ডের জ্বালানি সাশ্রয়ী, পরিবেশবান্ধব ইলেকট্রিক স্কুটার/মোটর সাইকেলের মডেল বৈচিত্র্যকরণের জন্য Original Equipment Manufacturer (OEM) কোম্পানি VMOTO-এর সাথে চুক্তি সম্পাদনের কার্যক্রম গ্রহণ;
- বিদ্যুৎ বিভাগের চলমান পরিকল্পনা অনুযায়ী বিতরণ ট্রান্সফরমার হিসেবে ৩১৫ কেভিএ, ১১/০.৪১৫কে ভি ট্রান্সফরমারের ডিজাইন উৎপাদন প্রক্রিয়ায় অন্তর্ভূক্তকরণ;
- পিআইএল'র নিজস্ব জায়গা ঢাকাস্থ ১৫১-১৫২ তেজগাঁও বাণিজ্যিক এলাকায় থ্রিএস (3S) সার্ভিস সেন্টার স্থাপন করা;
- ঢাকা, চট্টগ্রাম, বগুড়া ও কুমিল্লা জেলার সার্ভিস সেন্টার গুলিতে বিক্রয়োত্তর সেবা পূর্ণোদ্যমে চালুকরণ ও বাণিজ্যিকভাবে গাড়ি রক্ষণাবেক্ষণসহ স্পেয়ার পার্টস বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা;
- প্রগতি ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর কারখানায় উচ্চতর গ্রেডের জিএলএস প্যাকেজের নতুন মডেলের মিতসুবিশি এল-২০০ ডাবল কেবিন পিকআপ গাড়ি বাণিজ্যিক সংযোজন ও বাজারজাতকরণ;
- মিতসুবিশি'র সার্বিক সহযোগিতায় প্রগতি ইন্ডাস্ট্রিজ লিঃ-এর কারখানায় বিশ্বমানের আধুনিক এ্যাসেম্বলি প্ল্যান্ট স্থাপন করা;
- বিএসইসি ও আওতাধীন প্রতিষ্ঠানসমূহের জন্য Smart Management & Accounting System of BSEC কার্যক্রমের মাধ্যমে পে-রোল, ইনভেন্টরি, এ্যাসেট ম্যানেজমেন্ট, এমআইএস, ভ্যাট, উৎপাদন বিক্রয়, পিএফ, পেনশন ইত্যাদি Software প্রস্তুতকরণ;
- প্রতিষ্ঠানসমূহে প্রণীত Business Planঅনুযায়ী কার্যক্রম পরিচালনা;

- Cost Mapping পর্যালোচনা করে প্রতিষ্ঠানের ব্যয় এবং পণ্য মূল্য হ্রাসকরণ;
- ইষ্টার্ন কেবলস লিমিটেড এ XLPE Cable উৎপাদনে XLPE CCV Line (Volt. rating 0.22KV to 36 KV) স্থাপনে কার্যক্রম গ্রহণ;
- ঢাকা স্টিল ওয়ার্কস লিঃ এর আধুনিকায়নে প্রকল্প গ্রহণ;
- বরগুনা জেলার তালতলী উপজেলায় পরিবেশবান্ধব জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ শিল্প স্থাপন;
- এছাড়াও পর্যায়ক্রমে অন্যান্য শিল্প প্রতিষ্ঠানসমূহে আধুনিক যন্ত্রপাতি স্থাপনের মাধ্যমে চতুর্থ শিল্প-বিপ্লব উপযোগী প্রযুক্তি-নির্ভর কারখানা স্থাপনের পরিকল্পনা রয়েছে;
- ড্যাশবোর্ড মনিটরিং সিষ্টেম চালুকরণ ইত্যাদি।

## ২৪. চ্যালেঞ্জসমূহ

- শিল্প কারখানাসমূহের পুরাতন অবকাঠামো ও প্রযুক্তি পরিবর্তনপূর্বক আধুনিকায়ন;
- শিল্প প্রতিষ্ঠানসমূহের জনবল সুষমকরণ এবং দক্ষ জনবল তৈরি;
- শিল্প প্রতিষ্ঠানসমূহের উৎপাদনশীলতা বৃদ্ধি ও মানসম্মত পণ্যের সরবরাহ নিশ্চিতকরণ;
- শিল্প প্রতিষ্ঠানসমূহের ওভারহেড ব্যয় যৌক্তিক পর্যায়ে নিয়ে আসা;
- প্রতিযোগিতামূলক বাজারে নিম্নমানের পণ্যের সাথে প্রতিযোগিতা করে টিকে থাকা;
- সরকারি ক্রয় ও বিক্রয়ে DPM নিশ্চিত করা;
- লোকসানি শিল্প প্রতিষ্ঠানসমূহকে লাভজনক পর্যায়ে উন্নীতকরণ;
- দক্ষ ও তরুণ প্রকৌশলী ধরে রাখা কঠিন হয়ে পড়েছে, কারণ বেসরকারি খাতে বেশি বেতন ও সুবিধা পাওয়া যায়;
- নির্ধারিত সময়ে উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন ইত্যাদি সংস্থার উল্লেখযোগ্য চ্যালেঞ্জ।

## ২৫. অধিকতর দক্ষতা ও সফলতার সাথে কার্যাবলি সম্পাদনের জন্য করণীয়

- শিল্প কারখানা স্মার্ট ও আধুনিকীকরণ;
- কর্মকর্তা-কর্মচারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনবল তৈরিকরণ;
- নতুন প্রকল্প গ্রহণ;
- শিল্প প্রতিষ্ঠানসমূহ স্বয়ংসম্পূর্ণ না হওয়া পর্যন্ত DPM সুবিধা অব্যাহত রাখা;
- রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠান হিসেবে কাঁচামাল আমদানি ও পণ্য বিক্রয়ে বিশেষ শুল্ক সুবিধা প্রদান;
- ওয়ার্কিং ক্যাপিটালের যোগান;
- গাড়ীর ডিউটি স্ট্রাকচার প্রতিবছর পরিবর্তন না করে একটা নির্দিষ্ট সময় পর্যন্ত স্থিতি রাখা;
- প্রচলিত নিয়োগ পদ্ধতির পরিবর্তে কারিগরি জ্ঞান ও দক্ষতা সম্পন্ন শ্রমিক নিয়োগ করা;
- গবেষণা ও উন্নয়ন এবং উদ্ভাবনী কার্যক্রমে বাজেট বৃদ্ধি ও প্রণোদনা প্রদান;
- SDG এর ১৭ নং লক্ষ্য বাস্তবায়নে বেসরকারি খাতের অংশগ্রহণ নিশ্চিতকরন (Ensure Private Participation);
- একাডেমিয়ার সাথে রিসার্চ কালচারে বিএসইসি'কে যুক্তকরণ।

# বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন
# (বিসিক)

# বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)

## ১.০ দপ্তর সংস্থার পরিচিতি

তৃণমূল পর্যায়ে শ্রমঘন শিল্পায়নের ধারা বেগবান করা এবং ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গঠনের লক্ষ্যে ১৯৫৭ সালে East Pakistan Small and Cottage Industries Corporation (EPSCIC) Act. XVII of 1957-এর মাধ্যমে ইপসিক প্রতিষ্ঠিত হয়। স্বাধীনতা-উত্তরকালে (১৯৭২ সালে) প্রতিষ্ঠানটি রাষ্ট্রপতির Order No. 156 (2nd Amendment)-এর মাধ্যমে EPSCIC-এর উত্তরসূরি হিসেবে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) নামে আত্মপ্রকাশ করে। বিসিক দেশের ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়ন ও সম্প্রসারণের দায়িত্বে নিয়োজিত সরকারি খাতের মুখ্য প্রতিষ্ঠান। বিসিক সরকারি সিদ্ধান্তের আলোকে উন্নয়নমুখী ও জনকল্যাণমুখী বিভিন্ন কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করে থাকে। বিসিকের উদ্যোগে সারা দেশে নতুন নতুন শিল্প গড়ে উঠেছে এবং জাতীয় অর্থনৈতিক প্রবৃদ্ধি বৃদ্ধি পাচ্ছে।

## ১.১ ভিশন

শিল্পসমৃদ্ধ উন্নত বাংলাদেশ গঠনে পরিবেশবান্ধব শিল্পায়ন।

## ১.২ মিশন

বৈশ্বিক প্রতিযোগিতায় সক্ষম শিল্পের বিকাশ, দক্ষ মানবসম্পদ তৈরি, কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য নিরসন।

## ২. লক্ষ্য ও উদ্দেশ্য

- উদ্যোক্তা সৃষ্টি;
- পরিবেশবান্ধব শিল্পপার্ক/শিল্পনগরী স্থাপন;
- দক্ষ জনবল সৃষ্টি;
- অবকাঠামো উন্নয়ন;
- আর্থিক, কারিগরি ও বিপণন সুবিধা প্রদান;
- উন্নত ও আধুনিক নকশা উদ্ভাবন;
- আমদানি বিকল্প ও রপ্তানিমুখী শিল্পের বিকাশ;
- আধুনিক প্রযুক্তির ব্যবহার;
- উৎপাদনশীলতা বৃদ্ধি ও
- কর্মসংস্থানের সুযোগ তৈরি।

## ৩. উত্তম চর্চা

- অফিস চলাকালীন নির্ধারিত বিরতির সময়ে প্রয়োজনীয় ব্যক্তিগত কাজ সম্পন করা;
- বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে অফিস ত্যাগের সময় নিজ নিজ কক্ষের ফ্যান, লাইট, এসি বন্ধ রাখা নিশ্চিত করা;
- দাপ্তরিক বিভিন্ন কাজ ও সেবা সম্পর্কে প্রতিদিন সকালে শাখা প্রধানের নেতৃত্বে অধীনস্থদের সাথে আলোচনা করা;
- ক্রেতা-বিক্রেতা সম্মিলন ও পণ্য প্রদর্শনীতে ক্রেতা-বিক্রেতাদের অভিযোগ ও পরামর্শ গ্রহণ ও দ্রুত নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ এবং আগতদের দ্রুত সেবা প্রদান ও সৌহার্দ্যপূর্ণ আচরণ করা;
- স্বচ্ছ প্রক্রিয়ার মাধ্যমে মেলার স্টল বরাদ্দ প্রদান নিশ্চিতকরণ ;
- অফিস প্রাঙ্গনসহ কক্ষ নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখা;
- সেবা গ্রহীতা বা দর্শনার্থীরা প্রবেশের সময় ও প্রস্থানের সময় তাঁদের মতামত রেজিস্টারে লিপিবদ্ধ রাখা এবং মতামত/ অভিযোগগুলি দ্রুত নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ ;
- কর্মকর্তা/ কর্মচারীদের কাজের মূল্যায়ন করে পুরস্কারের ব্যবস্থা গ্রহণ ।

## ৪. ২০২৪-২৫ অর্থবছরে ইনোভেশন সংক্রান্ত তথ্য

| উদ্ভাবনী ধারণা | প্রয়োগ কৌশল | উদ্ভাবনের ফলে সাধিত পরিবর্তন |
|---|---|---|
| ২ | ৩ | ৪ |
| সাব-কন্ট্রাক্টিং সেলের কার্যক্রমকে ওয়ান স্টপ সার্ভিসে অন্তর্ভুক্তকরণ | উদ্যোক্তাদের জন্য সেবা সহজিকরণের লক্ষ্যে সাব-কন্ট্রাক্টিং সেল এর কার্যক্রমকে ওয়ান স্টপ সার্ভিসের অন্তর্ভুক্ত করা হয়েছে। ফলে উদ্যোক্তাগণ মোবাইল ফোন অথবা কম্পিউটার ব্যবহার করে সহজেই যে কোন স্থান থেকে সাব-কন্ট্রাক্টিং সম্পর্কিত কার্যাবলি সম্পাদন করতে পারবেন। | উক্ত সার্ভিসের আওতায় সাব-কন্ট্রাক্টিং তালিকাভুক্তি এবং সাব-কন্ট্রাক্টিং সংযোগ কার্যক্রম বিদ্যমান থাকায় উদ্যোক্তাগণ নিম্নোক্ত সুবিধা লাভ করতে পারবে:<br>▪ উদ্যোক্তাগণ ঘরে বসে অনলাইনে আবেদন এবং সংযোগপত্র লাভ করতে পারবে।<br>▪ যাতায়াতের ভোগান্তি হ্রাস পাবে।<br>▪ কর্মসম্পাদনের ধাপ হ্রাস পাবে।<br>▪ অনলাইন পেমেন্ট সুবিধা থাকায় ব্যাংক পেমেন্ট এর ঝামেলা পোহাতে হবেনা।<br>▪ উদ্যোক্তাদের সময় এবং অর্থের সাশ্রয় হবে। |

## ৫. গবেষণা সংক্রান্ত তথ্য

২০২৪-২০২৫ অর্থবছরের বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) কর্তৃক ০২ (দুই)টি গবেষণা কর্ম সম্পাদিত হয়েছে। যার একটি বিসিক প্রধান কার্যালয়ের 'গবেষণা শাখা' কর্তৃক সম্পন্ন হয় এবং অপরটি বিসিক ট্রেনিং ইনষ্টিটিউট (বিটিআই) এর 'গবেষণা ও পরামর্শ দান অনুষদ' কর্তৃক সম্পন্ন হয়।

• বিসিকের বরাদ্দকৃত শিল্প প্লটসমূহের যথাযথ ব্যবহার নিশ্চিত করার মাধ্যমে জাতীয় অর্থনীতিতে বিসিক শিল্পনগরীসমূহের অবদান আরও বৃদ্ধি পাবে। তাই, বিসিকের শিল্পনগরীসমূহে শিল্প প্লট অব্যবহৃত থাকার কারণ অনুসন্ধান এবং শিল্প প্লটের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতে করণীয়সমূহ খুঁজে বের করা অতীব জরুরি। সে লক্ষ্যে 'বিসিক শিল্পনগরীতে বরাদ্দকৃত শিল্প প্লট অব্যবহৃত থাকার কারণ ও শিল্প প্লটের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণে করণীয়' শীর্ষক গবেষণা কর্মের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

• বিসিক ট্রেনিং ইনস্টিটিউট (বিটিআই) কর্তৃক 'Empowering the Rural Economy: The Role of CMSMEs in Achieving Inclusive Growth and Sustainable Development Goals (SDGs)' শীর্ষক একটি গবেষণা সম্পাদিত হয়। বাংলাদেশের গ্রামীণ অর্থনীতি শক্তিশালীকরণ এবং টেকসই উন্নয়ন লক্ষ্য (SDGs) অর্জনে কটেজ, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠান (CMSMEs) –এর ভূমিকা বিশ্লেষণ করা হয়।

## ৬. ২০২৪-২০২৫ অর্থবছরের গুরুত্বপূর্ণ অর্জনসমূহ ও উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ

### • বিসিকের ঋণ কর্মসূচি

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) ১৯৬৭ সাল হতে ২০২৩ পর্যন্ত ১৯টি ঋণ কর্মসূচি সফলভাবে বাস্তবায়ন করেছে। এসকল ঋণ কর্মসূচিসমূহের মাধ্যমে সরাসরি শিল্পোদ্যোক্তাদের ঋণ আবেদনের প্রেক্ষিতে বিসিকের ৬৪টি জেলা কার্যালয়ের মাধ্যমে ঋণ বিতরণ করা হয়। প্রতিজন ঋণ গ্রহীতাকে ৫০ হাজার থেকে ২০.০০ লক্ষ পর্যন্ত ঋণ বিতরণ করা হয়। সার্ভিস চার্জ পড়ে ৬% (পুরুষ), ৫% (মহিলা) । বিসিকের চলমান ঋণ কর্মসূচিসমূহের তথ্যাদি সংক্ষিপ্তাকারে নিম্নে উপস্থাপন করা হলো:

### চলমান ঋণ কর্মসূচি

| ক্র: নং | ঋণ কর্মসূচির নাম | শুরু | ঋণ তহবিলের পরিমাণ | বিতরণকৃত ঋণের পরিমাণ (আবর্তকসহ) | বিতরণকৃত শিল্প ইউনিট সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১। | ১০০ কোটি আর্থিক প্রণোদনা প্যাকেজ ঋণ কর্মসূচি | ২০২০-২১ অর্থবছর | ১০০.০০ কোটি | ২২৭.২৬ কোটি | ৮০৮৪টি | হালকা প্রকৌশলসহ সিএমএসএমই সকল শিল্পের জন্য |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০২। | বিসিক নিজস্ব তহবিল (বিনিত) ঋণ কর্মসূচি | ২০১৫-১৬ অর্থবছর | ৩২.২৬ কোটি | ১৩০.৮৯ কোটি | ৮১৮৬টি | হালকা প্রকৌশলসহ সিএমএসএমই সকল শিল্পের জন্য |
| ০৩। | মৌচাষ উন্নয়ন ঋণ কর্মসূচি | ২০১৯-২০২০ | ২.০০ কোটি | ৩.৯৮ কোটি | ১৩৭০ টি | শুধুমাত্র মৌচাষীদের জন্য |
| | **মোট =** | | **১৩৪.২৬ কোটি** | **৩৬২.১৩ কোটি** | **১৭৬৪০ টি** | |

## ২০২৪-২৫ অর্থবছরে ঋণ বিতরণ কর্মসূচি

| ঋণ কর্মসূচির নাম | বিতরণকৃত ঋণের পরিমাণ | আদায়যোগ্য টাকার পরিমাণ | আদায়কৃত টাকার পরিমাণ | শিল্প ইউনিট (সংখ্যা) | আদায় হার (%) | কর্মসংস্থান (জন) | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | পুরুষ | নারী | মোট |
| ১০০ কোটি আর্থিক প্রণোদনা প্যাকেজ ঋণ কর্মসূচি | ৩৫.৮২ (কোটি টাকা) | ৫৭.৩৬ (কোটি টাকা) | ৩৬.৮৫ (কোটি টাকা) | ১৪৫২টি | ৭৮% | ৩৮০৬ | ১২৩১ | ৫০৩৭ |
| বিসিক নিজস্ব তহবিল (বিনিত) ঋণ কর্মসূচি | ১৬.১১ (কোটি টাকা) | ২৫.৩৩ (কোটি টাকা) | ১৬.৬৮ (কোটি টাকা) | ৬০০টি | ৮৩% | ১৫৭২ | ৬৪৪ | ২২১৬ |
| মৌচাষ উন্নয়ন ঋণ কর্মসূচি | ০.৪৮ (কোটি টাকা) | ০.৭১ (কোটি টাকা) | ০.৪৪ (কোটি টাকা) | ৯৭টি | ৭২% | ১৫৮ | ৪৭ | ২০৫ |
| **মোট** | **৫২.৪১** | **৮৩.৪** | **৩.৯৭** | **২১৪৯টি** | **৭৭.৬৬ %** | **৫৫৩৬** | **১৯২২** | **৭৪৫৮** |

## দক্ষ জনবল তৈরিতে প্রশিক্ষণ প্রদান

ক্ষুদ্র ও কুটির শিল্পের উদ্যোক্তাদেরকে দক্ষ ও সফল উদ্যোক্তা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে বিসিক প্রশিক্ষণ দিয়ে থাকে।

| ক্রম | প্রশিক্ষণের বিবরণ | কোর্সের সংখ্যা | প্রশিক্ষনার্থীর সংখ্যা (জন) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | নকশা কেন্দ্র হতে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | ৩০ | ৪১৯ | |
| ২ | বিসিকের প্রযুক্তি বিভাগ হতে দক্ষতা ও উদ্যোক্তা তৈরি প্রশিক্ষন | ১৯৮ | ৩৭৪৬ | |
| ৩ | স্বল্প মেয়াদি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | ২৫ | ৭৪৭ | |
| ৪ | শিল্পোদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ | ৪০৬ | ১০৪৩৯ | |
| ৫ | তিন পার্বত্য জেলায় সিআইডিপি প্রশিক্ষণ | ৫৭ | ৬২০ | |
| ৬ | বরগুনার রাখাইন পল্লীতে ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রশিক্ষণ | ৩ | ৪৬ | |
| ৭ | মৌচাষ প্রশিক্ষন | ৩২ | ৪৮০ | |
| ৮ | লবণ চাষ প্রশিক্ষণ | ৭০ | ২০৮২ | |
| | **মোট** | **৮২১** | **১৮৫৭৯** | |

এ ছাড়া বিসিক প্রশিক্ষণ ইনস্টিটিউটে ৪টি কোর্সে ২০০ জন কর্মকর্তাদের উদ্যোক্তা ব্যবস্থাপনা ও দক্ষতা উন্নয়ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

- ### মেলা আয়োজন ও অংশগ্রহণ

দেশের কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি (সিএমএসএমই) শিল্প খাতের উন্নয়নে উদ্যোক্তাদের পণ্যের প্রচার-প্রসারের লক্ষ্যে বিসিক কর্তৃক মেলা আয়োজন, মেলায় অংশগ্রহণ ও ক্রেতা-বিক্রেতা সম্মিলন আয়োজন করা হয়ে থাকে। গত ২০২৪-২৫ অর্থবছরে বিসিক কর্তৃক দেশব্যাপী ৩১টি মেলা আয়োজন করা হয়েছে। এছাড়া ১৭টি মেলায় অংশগ্রহণ করা হয়েছে। ৩১ জানুয়ারি, ২০২৫ তারিখে ২৯তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলায় সংরক্ষিত স্টল ক্যাটাগরিতে বিসিক ১ম পুরস্কার অর্জন করেছে।



বৈশাখী মেলা-১৪৩২ উদ্বোধন অনুষ্ঠান



আমন্ত্রিত অতিথিবৃন্দ কর্তৃক মেলার বিভিন্ন স্টল পরিদর্শন

## ২০২৪-২৫ অর্থবছরে শিল্প প্লট বরাদ্দ ও রুগ্ন/বন্ধ শিল্প ইউনিট চালুর তথ্য

বিসিক প্রতিষ্ঠার শুরু থেকে জুন ২০২৫ পর্যন্ত সময়ে দেশের বিভিন্ন অঞ্চলে ৮৩টি শিল্পনগরী বাস্তবায়ন করেছে। এসব শিল্পনগরীতে মোট ১৩,১৪০টি প্লট আছে। এর মধ্যে ১১,৩২২টি প্লট বরাদ্দ দেওয়া হয়েছে। ইতোমধ্যে উক্ত প্লটসমূহে ৬,২২৩টি শিল্প ইউনিট স্থাপিত হয়েছে। ২০২৪-২৫ অর্থবছরে বিসিক কর্তৃক মোট ১২৬টি প্লট বরাদ্দ দেয়া হয়েছে।

## ২০২৪-২৫ অর্থবছরে বিসিক কর্তৃক আয়োজিত সেমিনার সমূহের তালিকা

| ক্র. | তারিখ | সেমিনারের বিষয় | আয়োজনকারী কার্যালয় |
|---|---|---|---|
| ০১. | ২৩ মার্চ ২০২৫ | বাংলাদেশের অর্থনীতিতে কুটির,মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি সিএমএসএম) শিল্পের ভূমিকাঃ সমস্যা ও সম্ভাবনা' শীর্ষক সেমিনার | বিসিক প্রধান কার্যালয়। |
| ০২. | ২৮ নভেম্বর ২০২৪ | ৪র্থ শিল্পবিপ্লবে বাংলাদেশের করণীয়' 'শীর্ষক সেমিনার | বিসিক জেলা কার্যালয়, দিনাজপুর |
| ০৩. | ২৩ জুন ২০২৫ | 'পণ্যের বিপণনে কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) প্রযুক্তির গুরুত্ব ও ব্যবহার' শীর্ষক সেমিনার | বিসিক জেলা কার্যালয়, রাজশাহী |
| ০৪. | ২৮ জুন ২০২৫ | ক্ষুদ্র, কুটির ও মাঝারি উদ্যোক্তা সৃষ্টিতে বিসিকের ভূমিকা এবং এ শিল্পের সমস্যা ও করণীয়' শীর্ষক সেমিনার | বিসিক জেলা কার্যালয়, বরিশাল |

- বিসিক কর্তৃক আয়োজিত ০৪টি ক্রেতা বিক্রেতা সম্মিলন ২০২৪-২০২৫ অর্থবছরে সিলেট, রাঙ্গামাটি, যশোর ও পাবনায় অনুষ্ঠিত হয়েছে;
- ২০২৪-২৫ অর্থবছরে বিপণন সমীক্ষা প্রণয়ণের লক্ষ্যমাত্রা ছিলো ১০ টি, সম্পন্ন হয়েছে ০৯ টি;
- বিসিক ওয়ান স্টপ সার্ভিস সিস্টেমে সাব-কন্ট্রাকটিং তালিকাভুক্তিকরণ ও সাব-কন্ট্রাক্টিং সংযোগ সেবা সংযুক্ত করা হয়েছে;
- DPDC ও PDB এর সাথে MoU স্বাক্ষরিত হয়েছে;
- বিসিকের সব ধরনের হিসাব কার্যক্রম পরিচালনার জন্য ERP সফটওয়্যার প্রস্তুতির কার্যক্রম পরিচালিত হচ্ছে;
- ই-জিপির মাধ্যমে বিসিকের ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হয়। ই-জিপির মাধ্যমে ২০২৪-২৫ অর্থবছরে এ পর্যন্ত ৩৫টি টেন্ডার সম্পাদন করা হয়েছে;
- বিসিকের এসডিজি কর্মপরিকল্পনার অংশ হিসেবে ৯টি প্রকল্প নেয়া হয়েছে। ৩ টি বাস্তবায়িত প্রকল্পগুলো হলো:

  (১) 'বিসিক শিল্পপার্ক,সিরাজগঞ্জ'; (২) বিসিক শিল্পনগরী, রাউজান; (৩) বরিশাল বিসিক শিল্পনগরীর অনুন্নত এলাকা উন্নয়ন এবং উন্নত এলাকার অবকাঠামো মেরামত ও পুনঃনির্মাণ।

  অবশিষ্ট ৬টি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। চলমান প্রকল্পগুলো হলো:

  (১) 'বিসিক কেমিক্যাল ইন্ডাস্ট্রিয়াল পার্ক,মুন্সিগঞ্জ'; (২) বিসিক প্লাস্টিক শিল্পনগরী; (৩) বিসিক মুদ্রণ শিল্পনগরী;

  (৪) 'বিসিক খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পনগরী, ঠাকুরগাঁও'; (৫) বিসিকের ৮টি শিল্পনগরী মেরামত ও পুনর্নির্মাণ; (৬) বিসিক শিল্পপার্ক, টাঙ্গাইল।

## ৭. মানব সম্পদ উন্নয়ন

ক্ষুদ্র ও কুটির শিল্পের উদ্যোক্তাদেরকে দক্ষ ও সফল উদ্যোক্তা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে বিসিক প্রশিক্ষণ দিয়ে থাকে। ২০২৪-২৫ অর্থ বছরে বিসিকে বিভিন্ন কোর্সে মোট ১৮,৫৭৯ জনকে দক্ষ জনবল তৈরি এবং শিল্প উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ ছাড়া বিসিক প্রশিক্ষণ ইনস্টিটিউটে ৪টি কোর্সে ২০০ জন কর্মকর্তাদের উদ্যোক্তা ব্যবস্থাপনা ও দক্ষতা উন্নয়ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

## ৮. জনবল

| দপ্তর/সংস্থা | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | | | শূন্য পদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ |
|---|---|---|---|---|---|---|
| | | পুরুষ | নারী | মোট পূরণকৃত পদ | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) (৩+৪) | (৬) (২-৫) | (৭) |
| বিসিক | ২৪২১ | ১০৭২ | ২৪২ | ১৩১৪ | ১১০৭ | ১৪০ |

## ৯. শূন্য পদের বিন্যাস

| দপ্তর/সংস্থার নাম | অতিরিক্ত সচিব/সংস্থা প্রধানের পদ | যুগ্মসচিব/ পরিচালকের পদ | গ্রেড ১-৯ | গ্রেড ১০-১৩ | গ্রেড ১৪-১৮ | গ্রেড ১৯-২০ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| বিসিক | - | ২টি | ২৫৮টি | ১৪০টি | ৩৫৩টি | ৩৫৪টি | ১১০৭টি |

## ১০. ২০২৪-২৫ অর্থবছরে নিয়োগ প্রদান

| দপ্তর/সংস্থা | বছর | গ্রেড ভিত্তিক নিয়োগ | | | | | | | | মোট | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২-৯ | | ১০-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০ | | | | |
| | | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) (৩+৫+৭+৯) | (১২) (৪+৬+৮+১০) | (১৩) (১১+১২) |
| বিসিক | ২০২৪-২৫ | - | - | - | - | - | - | - | - | - | - | - |

## ১০.১ ২০২৪-২৫ অর্থবছরে পদোন্নতি

| দপ্তর/সংস্থা | বছর | গ্রেড ভিত্তিক পদোন্নতি | | | | | | | | মোট | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২-৯ | | ১০-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০ | | | | |
| | | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) (৩+৫+৭+৯) | (১২) (৪+৬+৮+১০) | (১৩) (১১+১২) |
| বিসিক | ২০২৪-২৫ | ৭৯ | ৩৭ | ৩৫ | ১০ | ২৯ | ২৪ | - | - | ১৪৩ | ৭১ | ২১৪ |

## ১০.২ ২০২৪-২৫ অর্থবছরে অবসর গ্রহণ

| দপ্তর/সংস্থা | অর্থবছর | গ্রেড ভিত্তিক অবসর গ্রহণ | | | | | | | | মোট | | সর্বমোট (১১+১২) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২-৯ | | ১০-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০ | | | | |
| | | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | |
| বিসিক | ২০২৪-২৫ | ১৮ | ০৫ | ১৩ | ০২ | ১৭ | ০৫ | ৩৯ | ০৪ | ৮৭ | ১৬ | ১০৩ |

## ১০.৩ ২০২৪-২৫ অর্থবছরে প্রশিক্ষণ (দেশে/বিদেশে)

| দপ্তর/সংস্থা | | ইনহাউজ প্রশিক্ষণ কর্মসূচি | | | দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ কর্মসূচি | | | বিদেশে প্রশিক্ষণ কর্মসূচি | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | গ্রেড | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | |
| | | | পুরুষ | নারী | | পুরুষ | নারী | | পুরুষ | নারী |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
| বিসিক | ১-৯ | ১৭ | ৩৯৯ | ২৪ | ৩৬ | ৫২ | ৫ | ১১ | ১০ | ২ |
| | ১০-১৩ | ৭ | ১৪ | ৬ | ৫ | ৯ | - | - | - | - |
| | ১৪-২০ | ৭ | ১৪৫ | ৪১ | ৭ | ৯ | - | | - | - |
| | মোট | ৩১ | ৫৫৮ | ৭১ | ৪৮ | ৭০ | ৫ | ১১ | ১০ | ২ |

## ১১. ২০২৪-২৫ অর্থবছরে ভ্রমণ ও পরিদর্শন

| দপ্তর/সংস্থা | পর্যায় | অভ্যন্তরীণ ভ্রমণ/পরিদর্শন | বৈদেশিক সেমিনার/ ওয়ার্কশপ | বিদেশে এক্সপোজার ভিজিট | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | দপ্তর/সংস্থা প্রধান | ৩৩ | - | - | - |
| | গ্রেড ২-৫ | ৮১ | - | - | - |
| | গ্রেড ৬-৯ | ২৬ | - | - | - |
| মোট- | | ১৪০ | - | - | |

## ১২. বিভাগীয় মামলা

| মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থা | পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে (২০২৪-২৫) দায়েরকৃত বিভাগীয় মামলার সংখ্যা | মোট মামলা সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে (২০২৪-২৫) নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | বছর শেষে অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | চাকুরিচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দণ্ড | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ (২+৩) | ৫ | ৬ | ৭ | ৮ (৫+৬+৭) | ৯ (৪-৮) |
| বিসিক | ৩৩টি | ০৯টি | ৪২টি | ০১ টি | ২৩টি | ০২টি | ২৬টি | ১৬টি |

## ১৩. ২০২৪-২৫ অর্থবছরে বিভিন্ন প্রকাশনা

| মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার নাম | প্রকাশনার নাম | প্রকাশনার ধরণ (মাসিক/ত্রৈমাসিক/ ষান্মাষিক/বার্ষিক) | প্রচারের ধরণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | বার্ষিক | বই আকারে/ ওয়েব সাইটে প্রকাশ | |
| বিসিক (এমআইএস) | বিসিক বার্ষিক প্রতিবেদন | বার্ষিক | বই আকারে ও ওয়েবসাইটে প্রকাশ | |
| বিসিক (বিসিক প্রশিক্ষণ ইনস্টিটিউট) | গবেষণা (Empowering the Rural Economy: The Role of CMSMEs in Achieving Inclusive Growth and Sustainable Development Goals (SDGs)) | বার্ষিক | ওয়েবসাইটে প্রকাশ ২৮-০৫-২০২৫ | |

## ১৪. ২০২৪-২৫ অর্থবছরে উন্নয়ন বাজেট বাস্তবায়ন

| অর্থবছর | প্রকল্প সংখ্যা | এডিপি বরাদ্দ | | | | অর্থ ছাড় | মোট ব্যয় | বাস্তবায়ন অগ্রগতি % |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | জিওবি | প্রকল্প সাহায্য | সংস্থার নিজস্ব অর্থায়ন | মোট | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ২০২৪-২৫ | ৬ টি | ১৮১৪৩.০০ | - | - | ১৮১৪৩.০০ | ১৭৮৩৩.৯২ | ১৫১৬৯.১৫ | ৮৩.৬১% |

## ১৫. ২০২৪-২৫ অর্থবছরে বিসিকের প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি

| সংস্থার নাম | ক্রমিক | প্রকল্পের নাম ও বাস্তবায়নকাল | প্রকল্প ব্যয় | জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় | ২০২৪-২৫ অর্থ বছরে জুন, ২০২৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি | | জুন ২০২৫ পর্যন্ত ব্যয় |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | বরাদ্দ | ব্যয় (%) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| বিসিক | ০১. | বিসিক শিল্পপার্ক, টাঙ্গাইল (২য় সংশোধিত) (জুলাই ২০১৫-জুন ২০২৫) | ৩৪৫৪৭.০০ | ২৬২৫৭.৮৫ | ১৪৭১.০০ | ৭৪৩.২৬ | ২৭০০১.১১ |
| | ০২. | বিসিক প্লাস্টিক শিল্প নগরী (৩য় সংশোধিত) (জুলাই ২০১৫-ডিসেম্বর ২০২৫) | ৫০৯০০.০ | ২১৯৮২.৭০ | ২০৩৫.০০ | ৩৫.৯১ | ১৩৪২২.৮০ |
| | ০৩. | বিসিক মুদ্রণ শিল্প নগরী স্থাপন (২য় সংশোধিত) (জানুয়ারি ২০১৬- জুন ২০২৭) | ৪৪৮১৮.০০ | ১২৩৮১.৪৫ | ৩০০০.০০ | ২৮৪৩.৬৮ | ১৫৮৯১.৫৪ |
| | ০৪. | বিসিক কেমিক্যাল ইন্ডাস্ট্রিয়াল পার্ক, মুন্সিগঞ্জ (২য় সংশোধিত) (জুলাই ২০১৮ - ডিসেম্বর ২০২৫) | ১৪৫৪৮০.০ | ৮৯৩৩১.২৬ | ১০০৯০.০০ | ১০০৬৬.৯৪ | ৯৯৩৫৯.৯০ |
| | ০৫. | বিসিকের ৮টি শিল্প নগরী মেরামত ও পুনর্নির্মাণ (২য় সংশোধিত) (জানুয়ারি ২০২০- ডিসেম্বর ২০২৫) | ৮১৪২.০০ | ৪২৩৮.১০ | ১৫০০.০০ | ১৪৪০.৭৫ | ৫৬৭৮.৮২ |
| | ০৬. | বিসিক খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প নগরী,ঠাকুরগাঁও (১ম সংশোধিত) (জুলাই, ২০২১-জুন ২০২৬) | ১১৬৭৩.০ | ৪৭৮১.৪৮ | ৪৭.০০ | ৩৮.৬১ | ৪৮২০.০৯ |

## ১৬. দপ্তর/সংস্থার উৎপাদিত প্রধান পণ্য সংক্রান্ত তথ্য

- লবণ: ২২.৫২ লক্ষ মেট্রিক টন এবং
- মধু : ৭৫৪৬.৬৩ মেট্রিক টন।

## ১৭. ২০২৪-২৫ অর্থবছরে উৎপাদন বিষয়ক তথ্য

অর্থবছরভিত্তিক লবন উৎপাদন (লক্ষ মে.টন)



অর্থবছরভিত্তিক মধুর উৎপাদন (মে.টন)



## ১৮ শিল্পপণ্য, ভোগ্যপণ্য, সার ইত্যাদির তথ্যসমূহ

লক্ষ মেট্রিক টন

| অর্থবছর | উৎপাদিত পণ্যের নাম | উৎপাদনের লক্ষ্যমাত্রা | | প্রকৃত উৎপাদন এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী উৎপাদনের শতকরা হার | বিক্রয়ের লক্ষ্যমাত্রা | মোট বিক্রয় | মোট মজুদ | দেশজ উৎপাদন দেশের অভ্যন্তরীণ চাহিদার কত শতাংশ |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ২০২৪-২৫ | মধু | সরকারিভাবে ৬টি কেন্দ্র কর্তৃক মধু উৎপাদন | ২.২০ মে.টন | ১.৯৭৭ মে. টন ৯০% | ৩.৩৯১ মে. টন | ২.৩৫১ মে. টন | ০.৮৪১ মে.টন/ ৮৪১ কেজি | ৩০% |
| | | বেসরকারি উদ্যোক্তাদের মাধ্যমে মধু উৎপাদন (৬৪ জেলা) | ৬৯৯৭.৮০ মে. টন | ৭৫৪৪.৬৬ মে. টন ১০০% | - | - | - | |
| | মোট | | ৭০০০ মে. টন | ৭৫৪৬.৬৩ মে. টন | - | - | - | - |
| ২০২৪-২৫ | লবণ | ২৬.১০ লক্ষ মে.টন | | ২২.৫২ লক্ষ মে.টন (৮৬%) | ২২.৫২ লক্ষ মে.টন | ১৪.৮৫ লক্ষ মে.টন | ৭.৬৭ লক্ষ মে.টন | ৮৬% |

## ১৯. ভবিষ্যৎ কর্মপরিকল্পনা

- পরিবেশবান্ধব নতুন শিল্পনগরী/শিল্পপার্ক স্থাপন:
- শিল্পনগরীর অবরাদ্দকৃত প্লট ১০০% বরাদ্দকরণ;
- রুগ্ন/বন্ধ শিল্প ইউনিট চালুকরণ;
- দেশের সকল জেলায় দক্ষতা উন্নয়ন কেন্দ্র এবং বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্র স্থাপন;
- মামলাসমূহের দ্রুত নিষ্পত্তিকরণে কার্যক্রম জোরদারকরণ;
- অডিট আপত্তি নিষ্পত্তিকরণে আরও জোরদার পদক্ষেপ গ্রহণ;
- Effluent Treatment Plant (ETP) স্থাপনযোগ্য শিল্প ইউনিটসমূহে শতভাগ ইটিপি স্থাপন;
- সিইটিপিকে কার্যকর করণের মাধ্যমে Leather Working Group (LWG) সার্টিফিকেটের যোগ্যতা অর্জন;
- তিন পার্বত্য অঞ্চলের প্রশিক্ষণ কেন্দ্র মেরামত/পুনঃনির্মাণ/নতুন প্রকল্প গ্রহণ;
- ৬৪টি জেলার মৌখামারি/মৌচাষিদের সঠিক ডাটাবেজ তৈরি;
- ০৬টি মৌমাছি পালন কর্মসূচি কেন্দ্রকে সার্বিকভাবে আধুনিকায়ন;
- বিসিকের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিতে কর্মপরিকল্পনা গ্রহণ;
- ক্রমান্বয়ে বিসিকের সকল সেবা কার্যক্রম বিসিক ওয়ান স্টপ সার্ভিস সিস্টেমে সংযুক্ত করা।

## ২০. চ্যালেঞ্জসমূহ

- শিল্পনগরীর অবরাদ্দকৃত প্লটসমূহের ১০০% বরাদ্দ প্রদান;
- রুগ্ন/বন্ধ শিল্প ইউনিটসমূহ চালুকরণ;
- মামলাসমূহের দ্রুত নিষ্পত্তিকরণ;

- নির্ধারিত সময়ের মধ্যে উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন;
- Effluent Treatment Plant (ETP) স্থাপনযোগ্য শিল্প ইউনিটসমূহে শতভাগ ইটিপি স্থাপন;
- বিসিকের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি;
- সিইটিপিকে কার্যকরকরণের মাধ্যমে Leather Working Group (LWG) সার্টিফিকেটের যোগ্যতা অর্জন;
- তিন পার্বত্য জেলার বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্রের ভবন ভেঙ্গে অকেজো, জরাজীর্ণ ব্যবহারের অযোগ্য হয়ে পড়েছে;
- প্রশিক্ষণ বাজেট খুবই কম, প্রশিক্ষণ ফলপ্রসু করার জন্য পর্যাপ্ত বাজেট প্রয়োজন;
- বিসিকের নিজস্ব কোনো ল্যাব না থাকায় মানুষ মধু পরীক্ষা করাতে চাইলেও সে সুবিধা প্রদান করা সম্ভব হয় না;
- ওয়ান স্টপ সার্ভিস সফলভাবে বাস্তবায়নে অন্যান্য প্রতিষ্ঠানের প্রয়োজনীয় সহযোগিতা প্রাপ্তি;
- সংশ্লিষ্ট জেলা প্রশাসন হতে জমি বরাদ্দের সম্মতিপত্র সংগ্রহে বিলম্ব;
- বর্তমানে জমি অধিগ্রহণে ২০০% ক্ষতিপূরণ প্রদান করতে হয় এতে প্রকল্প ব্যয় অনেক বৃদ্ধি পাওয়া;
- গ্যাস, বিদ্যুৎ ও যোগাযোগ ব্যবস্থা বিবেচনায় উপযুক্ত জায়গায় শিল্পনগরী স্থাপনের জন্য অকৃষি জমি প্রাপ্তি দুষ্কর।

## ২১. অধিকতর দক্ষতা ও সফলতার সাথে কার্যাবলি সম্পাদনের জন্য করণীয়

- যথাসময়ে অর্থ মন্ত্রণালয় থেকে আরএডিপি'র বাজেট বরাদ্দ দেয়া হলে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ভৌত অগ্রগতি অর্জন ও বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা সম্ভব হবে ;
- শিল্প মন্ত্রণালয় এবং শিল্প, বাণিজ্য ও আর্থিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর কর্তৃক যথাসময় ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হলে অডিট আপত্তি নিষ্পত্তি দ্রুততর হবে;
- দক্ষ ও কারিগরি জ্ঞানসম্পন্ন জনবল প্রস্তুতের লক্ষ্যে যুগোপযোগী প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা;
- অবকাঠামোগত উন্নয়নে আইসিটি খাতে পর্যাপ্ত বাজেট বরাদ্দ দেওয়া;
- সকলস্তরে দ্রুত গতির ইন্টারনেট নিশ্চিত করা।

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন
(বিএসটিআই)

# বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই)

## ১.০ দপ্তর সংস্থার পরিচিতি

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) দেশের একমাত্র জাতীয় মান সংস্থা (National Standards Body) হিসাবে উহার উপর অর্পিত দায়িত্ব পালন করে যাচ্ছে। পণ্যের মান প্রণয়ন, প্রণীত মান অনুযায়ী পরীক্ষণ এবং মান সনদ প্রদান করে আসছে। উল্লেখ্য, ২৫শে জুলাই, ১৯৮৫ তারিখে বাংলাদেশ সরকারের জারিকৃত 'দি বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন অধ্যাদেশ, ১৯৮৫'-এর মাধ্যমে তৎকালীন সেন্ট্রাল টেস্টিং ল্যাবরেটরি (CTL) ও বাংলাদেশ স্ট্যান্ডার্ডস ইনস্টিটিউশন (BDSI)-কে একীভূত করে বিএসটিআই প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে ১৯৯৫ সালে বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন কৃষিপণ্য বিপণন ও শ্রেণি বিন্যাস পরিদপ্তর বিএসটিআই'র সঙ্গে একীভূত করা হয়।

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) আইন, ২০১৮ এবং বিএসটিআই প্রবিধানমালা, ২০২২ এর প্রদত্ত ক্ষমতাবলে ৭(সাত)টি উইংয়ের মাধ্যমে পণ্য, সেবা বা পদ্ধতির মানদন্ড নির্ধারণ, পণ্য পরীক্ষণ, পরিদর্শন, ক্যালিব্রেশন ও সনদ প্রদান করে আসছে। বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (ম্যানেজমেন্ট সিস্টেমস সার্টিফিকেশন) প্রবিধানমালা, ২০০৯ এর ক্ষমতাবলে দেশীয় পণ্য আন্তর্জাতিক বাজারে অবাধে প্রবেশের ক্ষেত্রে ও রপ্তানি সহজিকরণে বিভিন্ন শিল্প ও ব্যবসা প্রতিষ্ঠানকে আন্তর্জাতিক মানদন্ড (ISO ও Codex Alimentarius) অনুসারে বিএসটিআই'র এমএসসি উইং হতে এ্যাক্রেডিটেড সিস্টেম সনদ প্রদান/নবায়ন করে থাকে। এছাড়া তুরস্কভিত্তিক আন্তর্জাতিক মান সংস্থা OIC/SMIIC এর মান অনুযায়ী হালাল সনদ প্রদান করে থাকে।

### ১.১ ভিশন

মান প্রণয়ন ও মানসম্মত পণ্য প্রাপ্তি নিশ্চিতকরণে যুগোপযোগী প্রতিষ্ঠান হিসাবে রূপান্তর।

### ১.২ মিশন

পণ্য ও সেবার মান প্রণয়ন, গুণগতমান ও পরিমাপ নিশ্চিতকরণের নিমিত্ত সেবাসমূহকে আন্তর্জাতিক/আঞ্চলিক মানদন্ডে উন্নীতকরণ এবং সেবাগ্রহীতাদের স্বার্থ রক্ষাক্রমে জাতীয় ও আন্তর্জাতিক বাণিজ্যে সহায়তা ।

## ২. লক্ষ্য ও উদ্দেশ্য

- পণ্য ও সেবার জাতীয় মান (বিডিএস) প্রণয়ন ও প্রকাশ;
- শিল্প ও কৃষিজাত পণ্য উৎপাদনের ক্ষেত্রে বাংলাদেশ স্ট্যান্ডার্ড অনুসরণপূর্বক পরীক্ষণ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে সরেজমিনে কারখানা পরিদর্শন এবং নমুনা সংগ্রহ;
- নির্ধারিত পদ্ধতি অনুসরণপূর্বক সার্টিফিকেশন মার্কস (সিএম) লাইসেন্স অনুমোদন, নবায়ন, না-মঞ্জুর, বাতিল;
- ওজন ও পরিমাপের সকল ক্ষেত্রে বাংলাদেশের জাতীয় মান সংরক্ষণ এবং আন্তর্জাতিক এককের সাথে সুক্ষ্মতার ধারাবাহিকতা স্থাপন;
- বিডিএস পণ্য উৎপাদন, আমদানি, বাজারজাতকরণ এবং সঠিক ওজন ও পরিমাপ প্রাপ্তি নিশ্চিতকরণের লক্ষ্যে মোবাইল কোর্ট ও সার্ভিল্যান্স কার্যক্রম পরিচালনা করা।
- উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানকে কনফরমিটি এ্যাসেসমেন্ট সেবা প্রদানের মাধ্যমে পণ্যের মান নিয়ন্ত্রণ ও পণ্য বাজারজাতকরণে মানচিহ্ন ব্যবহারের অনুমতি প্রদান ও মানসম্মত পণ্য বাজারজাতকরণে ভোক্তাসাধারণের অধিকার রক্ষা করা;
- আমদানিকৃত পণ্যের মান পরীক্ষা করে দ্রুত ছাড়করণে সহায়তা প্রদান; এবং
- দক্ষ জনবল দ্বারা পণ্য, সেবা বা পদ্ধতির মানদন্ড নির্ধারণ, পণ্য পরীক্ষণ, পরিদর্শন, ক্যালিব্রেশন ও সনদ প্রদান (বাধ্যতামূলক মান সনদ, আইএসও/কোডেক্স মান অনুসারে ব্যবস্থাপনা পদ্ধতির সনদ, হালাল সনদ) কার্যক্রমের মাধ্যমে আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে যোগাযোগ স্থাপন ও আন্তর্জাতিক পরিমন্ডলে বিএসটিআই এর সুখ্যাতি অর্জন ।

## ৩. উত্তম চর্চা

শিল্প/ব্যবসা প্রতিষ্ঠান ও ভোক্তাসাধারণের জন্য বিএসটিআই'র কনফরমিটি এ্যাসেসমেন্ট কার্যক্রম নিরপেক্ষভাবে পরিচালনার ক্ষেত্রে উত্তম চর্চা হলো সংশ্লিষ্ট আন্তর্জাতিক মান আইএসও/আইইসি ১৭০২৫, আইএসও/আইইসি ১৭০৬৫ ও আইএসও/আইইসি ১৭০২১) এর অনুসরণ এবং বিএসটিআই'র সকল আইন, বিধি ও প্রবিধান অনুসরণপূর্বক কার্যক্রম বাস্তবায়ন করা।

## ৪. ২০২৪-২০২৫ অর্থবছরে ইনোভেশন সংক্রান্ত তথ্য

ডিজিটাইজেশনের মাধ্যমে সেবা প্রদান প্রক্রিয়া সহজিকরণের জন্য ২০২৪-২৫ অর্থবছরে 'বাধ্যতামূলক পণ্যের ডিজিটাল সার্টিফিকেশন মার্কস লাইসেন্স প্রদান'- কার্যক্রমকে বিএসটিআই'র বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা হিসাবে গ্রহণ করা হয়েছে।

| সাল | উদ্ভাবনী ধারণা | প্রয়োগ কৌশল | উদ্ভাবনের ফলে সার্বিক পরিবর্তন |
|---|---|---|---|
| ২০২৪-২০২৫ অর্থবছর | 'বাধ্যতামূলক পণ্যের ডিজিটাল সার্টিফিকেশন মার্কস লাইসেন্স প্রদান' | সফটওয়্যার উন্নয়ন, ওয়েব এপ্লিকেশন প্রস্তুত, অনলাইন আবেদনের জন্য প্রয়োজনীয় তথ্য, ডাটা সেন্টার, পেমেন্ট গেটওয়ে। | সিটিজেন চার্টারভুক্ত বাধ্যতামূলক পণ্যের সার্টিফিকেশন মার্কস লাইসেন্স প্রদান সহজ হবে, সময় কম লাগবে, খরচ কমবে, যাতায়াতে সময় কমবে, প্রযুক্তির ব্যবহার বাড়বে, পেপারলেস কার্যক্রম বাড়বে, QR-code স্ক্যান করে সহজে তথ্য যাঁচাই করা যাবে। এতে নাগরিক সেবা স্মার্ট হবে। |

## ৫. গবেষণা সংক্রান্ত তথ্য

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক | লক্ষ্যমাত্রা (ক্রাইটেরিয়া মান অসাধারণ ১০০%) | ২০২৪-২০২৫ অর্থবছরে প্রকৃত অর্জন ও শতকরা হার |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| পণ্যের মানোন্নয়নের লক্ষ্যে ফার্মেন্টেড মিল্ক-এর মাইক্রোবায়োলজিক্যাল প্যারামিটার বিষয়ক গবেষণা | • ফার্মেন্টেড মিল্ক প্রোডাক্টে Salmonella, Escherichia coli, Candida spp, Vibrio Cholerae প্রভৃতি রোগজনক অণুজীব বিদ্যমান থাকতে পারে। মাইক্রোবায়োলজিক্যাল বিশ্লেষণের মাধ্যমে এসব রোগজীবাণু শনাক্ত করা সম্ভব, যা খাদ্যজনিত অসুস্থতা প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।<br>• ফার্মেন্টেড মিল্কে প্রোবায়োটিক জাতীয় উপকারী ব্যাকটেরিয়া উপস্থিত থাকে। যেমনঃ Lactobacillus spp, Bifidobacterium spp ইত্যাদি মাইক্রোবায়োলজিক্যাল বিশ্লেষণের মাধ্যমে নিশ্চিত করা হয় যে এই অণুজীবসমূহ পর্যাপ্ত পরিমাণে বিদ্যমান রয়েছে, যা ভোক্তাদের স্বাস্থ্যের জন্য উপকারী প্রভাব নিশ্চিত করে।<br>• সংক্ষেপে ফার্মেন্টেড দুগ্ধজাত পণ্যের নিরাপত্তা, গুণমান নিশ্চিত ভোক্তা স্বাস্থ্য রক্ষা এবং একটি সমৃদ্ধ দুগ্ধ শিল্পকে সমর্থন করার জন্য মাইক্রোবায়োলজিক্যাল পরীক্ষা একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার। | • বিদ্যমান মিডিয়া ও রিএজেন্ট ব্যবহার করে দেশের বিভিন্ন উৎপাদক হতে স্যাম্পল সংগ্রহ করে মাইক্রোবিয়াল লোড পরীক্ষণ কার্যক্রম চলমান।<br>• ক্ষতিকর জীবাণুশনাক্তকরণ ও নিশ্চিত করনের লক্ষ্যে প্রয়োজনীয় Standard Culture, Culture media ও রিএজেন্ট ক্রয় প্রক্রিয়া চলমান আছে। | **Microbial Load test:**<br>1.Total aerobic plate count<br>2.Total yeast mould count<br>**Pathogen**:<br>1. Salmonella spp<br>2. Total coliform<br>3. Fecal coliform<br>4. E. coli<br>5. Vibrio cholerae<br>6. Staphylococcus spp<br>7. Candida spp<br>**Beneficial microorganisms**:<br>1. Lactobacillus spp<br>2. Bifidobacrerium spp | • দেশের বিভিন্ন উৎপাদক হতে স্যাম্পল সংগ্রহ করে Microbial Load test পরীক্ষণ কার্য ক্রম চলমান।<br>• Pathogen এবং Beneficial microorganisms Identification এর পরীক্ষণ চলমান আছে।<br>• Pathogen এবং Beneficial micro organisms confirmation এর পরীক্ষাকারী এজেন্ট ও Standard Cultrure ক্রয় প্রক্রিয়া চলমান আছে। | অগ্রগতি-৩০% |

## ৬. ২০২৪-২০২৫ অর্থবছরে অর্জন ও সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ

- বাংলাদেশের একমাত্র জাতীয় মান সংস্থা, যা পণ্যের মান প্রণয়ন, পরীক্ষণ ও মান সনদ প্রদান করে। এ পর্যন্ত বিএসটিআই কর্তৃক সর্বমোট ৪৬০০টি পণ্যের মান প্রণয়ন করা হয়েছে তন্মধ্যে ২০২৪-২০২৫ অর্থবছরে ২৯০টি পণ্যের মান প্রণয়ন করা হয়েছে।
- বর্তমানে বিএসটিআই'র বাধ্যতামূলক পণ্য সংখ্যা ৩১৫টি ও স্বেচ্ছামূলক ৪,০০০টিরও বেশি পণ্যের পরীক্ষণ সুবিধা বিদ্যমান।
- বিএসটিআই কর্তৃক ২০২৪-২০২৫ অর্থবছরে ৩১৭৭ টি পণ্যের নতুন সিএম (CM) লাইসেন্স প্রদান করা হয় এবং ৪২৫৫টি মান সার্টিফিকেট নবায়ন করা হয়।
- সম্প্রতি স্থাপিত ন্যাশনাল হালাল ল্যাবরেটরি আন্তর্জাতিক মানসম্পন্ন পরীক্ষণ সক্ষমতা অর্জন করেছে। বিভিন্ন খাদ্যপণ্য, প্রসাধনীসামগ্রী, মৎস্য, প্রাণীসম্পদ পণ্যের এবং প্রক্রিয়ার অনুকূলে BDSOIC/SMIIC মান অনুসরণ করে ২০২৪-২৫ অর্থবছরে ৬৫ টি হালাল সার্টিফিকেট ইস্যু করা হয়েছে এবং এ পর্যন্ত ১৯৯টি হালাল সার্টিফিকেট ইস্যু করা হয়েছে।
- এছাড়া বিগত ১৪ জুলাই, ২০২৫ তারিখে মাননীয় শিল্প উপদেষ্টা মহোদয় বিএসটিআই'র প্রধান কার্যালয়ে স্থাপিত হালাল পরীক্ষণ ল্যাবটেরি উদ্বোধন করেন। আন্তর্জাতিক বাজারে বাংলাদেশি হালাল পণ্যের রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে পাকিস্তান, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, সিঙ্গাপুর, ভিয়েতনামসহ বিভিন্ন দেশের সাথে সমঝোতা স্মারক [Memorandum of Understanding (MoU)] স্বাক্ষর প্রক্রিয়াধীন রয়েছে। অতিসম্প্রতি পাকিস্তানের Pakistan Halal Authority (PHA)- এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। বর্তমানে বিভিন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান বিএসটিআই হতে হালাল সার্টিফিকেট গ্রহণের জন্য আগ্রহী হচ্ছে।



ন্যাশনাল হালাল ল্যাবরেটরি এর হালাল ল্যাবে পরীক্ষণ কার্যক্রম পরিদর্শন



ন্যাশনাল হালাল ল্যাবরেটরি এবং হেলমেট টেস্টিং ল্যাবরেটরি এর শুভ উদ্বোধন অনুষ্ঠান

- বিএসটিআই- এ আন্তর্জাতিক মানসম্পন্ন যন্ত্রপাতি সজ্জিত ল্যাবরেটরি স্থাপন করা হয়েছে। উক্ত বিশেষায়িত ল্যাব সমূহ হলো: ন্যাশনাল হালাল ল্যাবরেটরি, গোল্ড টেস্টিং ল্যাবরেটরি, সোলার প্যানেল পরীক্ষণ ল্যাব, গার্মেন্টস, চামড়াজাত পণ্য পরীক্ষণ ল্যাব, হেলমেট টেস্টিং ল্যাবরেটরি, এসি পরীক্ষণ ল্যাব, ফ্রিজ পরীক্ষণ ল্যাব, মোটর পরীক্ষণ ল্যাব, সিমেন্ট পরীক্ষণ ল্যাব, রড ও বৈদ্যুতিক পণ্যসমূহ পরীক্ষণ ল্যাব । উক্ত ল্যাবে সরকারি, বেসরকারি ও ব্যক্তিমালিকানাধীন প্রতিষ্ঠানসমূহ স্বল্প মূল্যে আন্তর্জাতিক মানের পরীক্ষণ সেবা নিয়ে থাকেন।
  উক্ত ল্যাবে নিম্নবর্ণিত পরীক্ষণ সম্পন্ন করা হয়। কোয়ালিটি ও সেফটি প্যারামিটার, প্যাথজেনিক মাইক্রোঅর্গানিজম, আফলাটক্সিন, হেভি মেটাল, প্রিজারভেটিভস, আর্টিফিসিয়াল কালার, পেস্টিসাইড ও এন্টিবায়োটিক রেসিডিউ, ভিটামিন ও মিনারেলস।



Compressive Strength Test



Preservatives by HPLC

- Mass Measurement Laboratory (NML-BSTI) প্রথমবারের মতো BIPM KCDB ডাটাবেজে CMC প্রকাশ করেছে যা আন্তর্জাতিক স্বীকৃতি বৃদ্ধি করেছে।

- মানচিহ্নের অবৈধ ব্যবহার রোধে কিউআর কোড সনদ চালু করা হয়েছে, ক্রেতা কিউআর স্ক্যান করে পণ্যের সনদ ও ছবি যাচাই করতে পারেন।

- ২০২৪-২৫ অর্থবছরে বিএসটিআই হতে মোবাইল কোর্ট পরিচালিত হয়েছে ১১০২টি এবং সার্ভিলেন্স টিম পরিচালিত হয়েছে ২০১৬ টি । তাছাড়া মোবাইল কোর্ট ও সার্ভিলেন্স টিমের মাধ্যমে ২০২৪-২৫ অর্থ বছরে ২৯২.৮২ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমা করা হয়েছে ।



বিএসটিআই কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা

- বিএসটিআই, বিভাগীয় কার্যালয়, বরিশাল, রংপুর এবং জেলা কার্যালয় কুমিল্লায় মাইক্রোবায়োলজিক্যাল ল্যাব স্থাপনসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে। এর ফলে সকল বাধ্যতামূলক খাদ্য পণ্যের নমুনা পরীক্ষা করাসহ দ্রুত রিপোর্ট প্রদান করা সম্ভব হচ্ছে।

- বিএসটিআই'র বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ ও জেলা কার্যালয়, কক্সবাজার, ফরিদপুর ও কুমিল্লার উর্ধ্বমুখী সম্প্রসারণ (২য় তলা পর্যন্ত) সম্পন্ন হয়েছে। এছাড়া বিএসটিআই প্রধান কার্যালয়সহ রাজশাহী, ময়মনসিংহ, কক্সবাজার, ফরিদপুর ও কুমিল্লা কার্যালয়ে Bricks/Blocks Testing Laboratory স্থাপনের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে।

- জাতীয় মান সংস্থা হিসেবে বিএসটিআই এবং অন্যান্য দেশের সাথে মোট ১২টি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। সম্প্রতি বিএসটিআই এবং রাশিয়ার Federal Agency on Technical Regulating and Metrology (GOST R) এর সাথে গত ১৪-০৭-২০২৫ খ্রিঃ তারিখে MoU স্বাক্ষরিত হয়।

- পণ্য মোড়কজাত বিধিমালা, ২০২১ সংশোধনীর এস.আর.ও জারির গেজেট ২৪.০৮.২০২৫ তারিখে প্রকাশিত হয়েছে।

- বিএসটিআই চট্টগ্রাম ও খুলনা আঞ্চলিক অফিস আধুনিকীকরণ ও আন্তর্জাতিক মানে উন্নীত করার লক্ষ্যে ১০তলা ভিত্তি বিশিষ্ট ভবন নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে ও অত্যাধুনিক ল্যাবরেটরি স্থাপনের কার্যক্রম চলমান আছে।




বিএসটিআই এর চট্টগ্রাম কেন্দ্রের শুভ উদ্বোধন অনুষ্ঠান

- জনসেবা ও শিল্প খাতের চাহিদা আরও ভালোভাবে পূরণের জন্য বিএসটিআই'র কার্যক্রম ধারাবাহিক ভাবে আধুনিকায়ন ও সম্প্রসারণ করছে। বিএসটিআই কর্তৃক স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীদের ইন্টার্নশিপ সুবিধা প্রবর্তন করা হয়েছে। এর ফলে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীদের ইন্টার্নশিপসহ বিএসটিআই'র কাজের অভিজ্ঞতা সঞ্চয় এবং অভিজ্ঞতালব্ধ জ্ঞান কর্মক্ষেত্রে ব্যবহারের সুযোগ সৃষ্টি হবে। পাশাপাশি বেকারত্ব দূরীকরণসহ কারিগরি দক্ষতাসম্পন্ন জনশক্তি তৈরিতে সহায়ক হবে।

## ৭. মানব সম্পদ

বিএসটিআই'র বিভিন্ন উইং এ কর্মরত কর্মচারী/ কর্মকর্তাদের ট্রেনিং এর মাধ্যমে পেশাগত দক্ষতা উন্নয়নের প্রচেষ্টা অব্যাহত আছে।

## ৮. জনবল

| দপ্তর/সংস্থা | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | | | শূন্য পদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ |
|---|---|---|---|---|---|---|
| | | পুরুষ | নারী | মোট পূরণকৃত পদ | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) (৩+৪) | (৬) (২-৫) | (৭) |
| বিএসটিআই | ৮৪২ | ৪৪১ | ৬৭ | ৫০৮ | ৩৩৪ | |

## ৯. শূন্য পদের বিন্যাস

| দপ্তর/সংস্থার নাম | অতিরিক্ত সচিব/সংস্থা প্রধানের পদ | যুগ্মসচিব/পরিচালকের পদ | গ্রেড ১-৯ | গ্রেড ১০-১৩ | গ্রেড ১৪-১৮ | গ্রেড ১৯-২০ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| বিএসটিআই | - | - | ২০৯ | ২১ | ৬৪ | ৪০ | ৩৩৪ |

## ১০. ২০২৪-২০২৫ অর্থবছরে নিয়োগ

| দপ্তর/সংস্থা | বছর | গ্রেডভিত্তিক নিয়োগ | | | | | | | | মোট | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২-৯ | | ১০-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০ | | | | |
| | | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) |
| বিএসটিআই | ২০২৪-২০২৫ | - | - | - | - | ১ | - | ২ | ০ | ৩ | ০ | ৩ |

## ১০.১ ২০২৪-২০২৫ অর্থবছরে পদোন্নতি

| দপ্তর/সংস্থা | বছর | গ্রেডভিত্তিক পদোন্নতি | | | | | | | | মোট | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২-৯ | | ১০-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০ | | | | |
| | | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) ১১+১২) |
| বিএসটিআই | ২০২৪-২০২৫ | ৭ | ৪ | ৬ | - | ৭ | ১ | - | - | ২০ | ৫ | ২৫ |

## ১০.২ অবসর গ্রহণ (২০২৪-২০২৫ অর্থবছর)

| দপ্তর/সংস্থা | অর্থবছর | গ্রেডভিত্তিক অবসর গ্রহণ | | | | | | | | মোট | | সর্বমোট (১১+১২) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২-৯ | | ১০-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০ | | | | |
| | | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) (৩+৫+৭+৯) | (১২) (৪+৬+৮+১০) | |
| বিএসটিআই | ২০২৪-২০২৫ | ৩ | - | ৩ | ১ | ৫ | - | ৪ | - | ১৫ | ১ | ১৬ |

## ১০.৩ প্রশিক্ষণ (দেশে/বিদেশে)

| দপ্তর/সংস্থা | গ্রেড | ইনহাউজ প্রশিক্ষণ কর্মসূচি | | দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ কর্মসূচি | | বিদেশে প্রশিক্ষণ কর্মসূচি | |
|---|---|---|---|---|---|---|---|
| | | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| বিএসটিআই | ১-৯ | ৬ | ১৬০ | ১০ | ১৫ | ৫৬ | ৫৯ |
| | ১০-১৩ | ১ | ৪০ | - | - | - | - |
| | ১৪-২০ | ১ | ৩৭ | - | - | - | - |
| মোট | | ৮ | ২৩৭ | ১০ | ১৫ | ৫৬ | ৫৯ |

## ১১. ২০২৪-২০২৫ অর্থবছরে ভ্রমণ ও পরিদর্শন

| দপ্তর/সংস্থা | পর্যায় | অভ্যন্তরীণ ভ্রমণ/পরিদর্শন | বৈদেশিক সেমিনার/ওয়ার্কশপ | বিদেশে এক্সপোজার ভিজিট | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| বিএসটিআই | দপ্তর/সংস্থা প্রধান | ২০ | ২ | - | |
| | গ্রেড ২-৫ | ৫ | ৫ | - | |
| | গ্রেড ৬-৯ | ১৮ | ৫২ | - | |
| মোট- | | ৪৩ | ৫৯ | - | |

## ১২. বিভাগীয় মামলা

| দপ্তর/সংস্থা | পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে (২০২৪-২০২৫) দায়েরকৃত বিভাগীয় মামলার সংখ্যা | মোট মামলা সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে (২০২৪-২০২৫) নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | বছর শেষে অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | চাকুরিচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দণ্ড | মোট | |
| (১) | (২) | (৩) | (৪) = (২+৩) | (৫) | (৬) | (৭) | (৮) = (৫+৬+৭) | (৯) = (৪-৮) |
| বিএসটিআই | ০ | ৫ | ৫ | ০ | ৩ | ০ | ৩ | ২ |

## ১৩. ২০২৪-২০২৫ অর্থবছরের পরিচালন ব্যয়

(কোটি টাকায়)

| প্রতিষ্ঠানের নাম | মূল বাজেট ২০২৪-২০২৫ | সংশোধিত বাজেট। ২০২৪-২০২৫ | ২০২৪-২৫ অর্থবছরে ব্যয়িত অর্থের পরিমাণ। | বাস্তবায়ন অগ্রগতি ২০২৪-২৫ (%) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| বিএসটিআই | ২৩৪.৭২১ | ২০৯.৩৫ | ১৭৪.৩২১৭ | ৭৪.২৭% |

## ১৩.১ ২০২৪-২০২৫ অর্থবছরে প্রতিষ্ঠানভিত্তিক নিজস্ব আয় ও জিওবির হিসাব

(হাজার টাকায়)

| প্রতিষ্ঠানের নাম | অর্থবছর | নিজস্ব আয় | জিওবি | মোট বাজেট |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| বিএসটিআই | ২০২৪-২০২৫ | ২০৩৮৭৩৫.০০ | ০.০০ | ২০৩৮৭৩৫.০০ |

## ১৩.২ ২০২৪-২০২৫ অর্থবছরে দপ্তর/সংস্থার মনিটরিং বাজেট

(হাজার টাকায়)

| ক্রমিক নং | দপ্তর/সংস্থার নাম | মোট বাজেট |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১ | বিএসটিআই | ২০৯৩৫০০.০০ |

## ১৪. ২০২৪-২০২৫ অর্থবছরে দপ্তর/সংস্থা কর্তৃক বিভিন্ন প্রকাশনা

| দপ্তর/সংস্থার নাম | প্রকাশনার নাম | প্রকাশনার ধরণ (মাসিক/ত্রৈমাসিক/ষান্মাষিক/বার্ষিক) | প্রচারের ধরণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| বিএসটিআই | বিশ্ব মেট্রোলজি দিবস ২০২৫ | বার্ষিক বুকলেট | বুকলেট | - |
| বিএসটিআই | সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২৪ | বার্ষিক বুকলেট | বুকলেট | - |
| বিএসটিআই | Annual Report 2023-24 | বার্ষিক বুকলেট | বুকলেট | - |

## ১৫. ২০২৪-২০২৫ অর্থবছরে দপ্তর/সংস্থা কর্তৃক পুরস্কার/অ্যাওয়ার্ড প্রদান

| বছর | পুরস্কার/ অ্যাওয়ার্ড এর নাম | পুরস্কার/অ্যাওয়ার্ড এর ক্ষেত্র | অ্যাওয়ার্ড প্রদানের তারিখ | অ্যাওয়ার্ড এর সংখ্যা | পুরস্কার প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|---|---|
| ২০২৪-২০২৫ | (১) আইএসও ৯০০১:২০১৫ | কোয়ালিটি ম্যানেজমেন্ট সিস্টেমস | ০৪-১২-২০২৪ খ্রি. তারিখ হতে ৩০ জুন ২০২৫ পর্যন্ত সময়ে | ১০টি প্রতিষ্ঠান | (১) বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক), ঢাকা;<br>(২) জেনারেল ফ্যান কোম্পানী লিমিটেড, গাজীপুর;<br>(৩) বনভূমি এগ্রো ফুড, গোপালগঞ্জ;<br>(৪) ক্যালিব্রেশন টেকনোলজি (পিভিটি) লি:, ঢাকা;<br>(৫) আল্ট্রাটেক সিমেন্ট ইন্ডাস্ট্রিজ লি:, ঢাকা<br>(৬) ডিয়ার হেলথ কেয়ার লিমিটেড, হবিগঞ্জ;<br>(৭) প্রাইম কসমেটিকস লি:, রংপুর;<br>(৮) প্রতীক ফাইন সিরামিক লি:, ঢাকা;<br>(৯) রহিমা ইন্ডাস্ট্রিয়াল কমপ্লেক্স লি:, নারায়ণগঞ্জ;<br>(১০) অপটিমাম ফার্মাসিউটিক্যালস্ (এইচবিএল), ঢাকা; |
| | (২) আইএসও ২২০০০:২০১৮ | ফুড সেফটি ম্যানেজমেন্ট সিস্টেমস | | ২টি প্রতিষ্ঠান | (১) মেসার্স কামাল অটো রাইস মিল, রাজশাহী<br>(২) জেজেএন ইন্টারন্যাশনাল লিঃ, বাগেরহাট |
| | (৩) HACCP | Hazard Analysis and Critical control Point | | ২টি প্রতিষ্ঠান | (১) গোল্ডেন গ্লাস ফুড এন্ড বেভারেজ, রাজবাড়ী;<br>(২) এপেক্স কনভেনিয়েন্স ফুডস লি:, গাজীপুর; |
| | (৪) আইএসও ১৪০০১:২০১৫ | এনভাইরনমেন্টাল ম্যানেজমেন্ট সিস্টেমস | | ২টি প্রতিষ্ঠান | (১) ভেগান এগ্রো লিমিটেড, কুষ্টিয়া;<br>(২) কুলসুমা প্লাস্টিক, চট্টগ্রাম |
| | (৫) আইএসও/আইইসি ২৭০০১:২০২২ | ইনফরমেশন সিকিউরিটি ম্যানেজমেন্ট সিস্টেম | | ১টি প্রতিষ্ঠান | (১) সফট বিডি লি:, ঢাকা; |

## ১৬. ২০২৪-২০২৫ অর্থবছরে উন্নয়ন বাজেট বাস্তবায়ন

(কোটি টাকায়)

| অর্থ বছর | প্রকল্প সংখ্যা | এডিপি বরাদ্দ | | | | অর্থ ছাড় | মোট ব্যয় | বাস্তবায়ন অগ্রগতি % |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | জিওবি | প্রকল্প সাহায্য | সংস্থার নিজস্ব অর্থায়ন | মোট | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ২০২৪-২৫ | ১ | ২৯৬৩.০০ | - | ০ | ২৯৬৩.০০ | ৬৬.০০ | ৫৬.৫৮ | ১.৯১% |

## ১৭. প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি

(লক্ষ টাকায়)

| সংস্থার নাম | ক্রমিক নং | প্রকল্পের নাম বাস্তবায়ন কাল | প্রাক্কলিত ব্যয় | জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় | ২০২৪-২০২৫ অর্থবছরে জুন, ২০২৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি | | জুন ২০২৫ পর্যন্ত ব্যয় |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | বরাদ্দ | ব্যয় (%) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৮ | ৯ |
| | ১ | '১০ জেলায় বিএসটিআইর'র আঞ্চলিক কার্যালয় স্থাপন' মেয়াদ: জানুয়ারি, ২০২৪ থেকে ডিসেম্বর, ২০২৬ পর্যন্ত | ৪৩,৩১১.৯৭ জিওবি: ২৪,৩৩৭.৭৩ লক্ষ+নিজস্ব: ১৮,৯৭৪.২৪ লক্ষ) | ০ | ২৯৬৩.০০ | ৫৬.৫৮ ১.৯১% (জুন, ২০২৫ পর্যন্ত) | ৫৬.৫৮ (জুন, ২০২৫ পর্যন্ত) |
| | ২ | চট্টগ্রাম এবং খুলনায় বিএসটিআই'র আঞ্চলিক অফিস স্থাপন ও আধুনিকীকরণ (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প মেয়াদ: জুলাই, ২০১৫ থেকে জুন ২০২৫ পর্যন্ত | প্রাক্কলিত ব্যয়: ২৯৪৪৪.৪৩ [জিওবি: ২৪৩৮০.৪৩ + নিজস্ব: ৫০৬৪.০০= ২৯৪৪৪.৪৩] | ২৬৫২০.০৩ | মোট =৪৬৯৮.০০ [জিওবি: ৩৩৬২.০০ + প্রকল্প সাহায্য: নাই + নিজস্ব: ১৩৩২.০০=৪৬৯৮.০০] | ৩৮৬৭.৮৯ (৮২.৪০%) | ২৬৫২০.০৩ (৯০.০৬%) |

## ১৮. আর্থিক বিবরণী (২০২৪-২০২৫ অর্থবছর)

(কোটি টাকায়)

| সর্বমোট আয় | সর্বমোট ব্যয় | সর্বমোট স্থিতি |
|---|---|---|
| ১ | ২ | ৩ (১-২) |
| ২২৭.২৭ | ১৯৬.৯৪ | ৩০.৩৩ |

## ১৯. ভবিষ্যৎ কর্মপরিকল্পনা

- পদার্থ ও রসায়ন পরীক্ষণ ল্যাবরেটরির সম্প্রসারণ ও আধুনিকায়ন প্রকল্পটি খুব শীঘ্রই প্রকল্পটি একনেকে অনুমোদিত হবে। অপর একটি প্রকল্প ন্যাশনাল মেট্রোলজি ল্যাব সম্প্রসারণ এবং প্রশিক্ষণের সুবিধা সৃষ্টির মাধ্যমে সায়েন্টিফিক মেট্রোলজি ও লিগ্যাল মেট্রোলজির ২১টি ল্যাব স্থাপন করার লক্ষ্যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে;
- মাঠপর্যায়ের কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে ১০টি জেলায় আঞ্চলিক কার্যালয় স্থাপনের প্রকল্পটি চলমান আছে ;
- আমদানি-রপ্তানি বাণিজ্যে ঝুঁকি ব্যবস্থাপনা (Risk Management) পদ্ধতি অনুসরণের লক্ষ্যে বিএসটিআই'র আমদানি-রপ্তানি ও রিস্ক ম্যানেজমেন্ট বিভাগসহ বিভিন্ন উইংয়ের কার্যক্রমভিত্তিক বিভাগ সৃজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে;
- বিএসটিআই এর ৪৪টি পদসৃজন অর্থ বিভাগের সম্মতি পাওয়া গিয়েছে ;
- বিএসটিআই'র প্রদত্ত সেবাসমূহকে ডিজিটালাইজড করার নিমিত্ত ই-সার্ভিসেস ম্যানেজমেন্ট সিস্টেম এ্যাট বিএসটিআই শীর্ষক সফটওয়্যার বাস্তবায়নের জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

## ২০. চ্যালেঞ্জসমূহ

- কনফার্মিটি অ্যাসেসমেন্ট পরিষেবাগুলিতে (মান নির্ধারণের কাজ, পরিদর্শন/নিরীক্ষা, পরীক্ষা, ক্যালিব্রেশন এবং সার্টিফিকেশন) পর্যাপ্ত সংখ্যক দক্ষ জনবল বৃদ্ধি করা;
- নতুন নতুন পণ্য ও সেবার মানদন্ড নির্ধারণ, খাদ্য নিরাপত্তা, পরিবেশগত, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা, জ্বালানি ব্যবস্থাপনা, তথ্য নিরাপত্তা ব্যবস্থাপনাসহ ISO, IEC, Codex মান অনুযায়ী স্বীকৃত ব্যবস্থাপনা সিস্টেম সার্টিফিকেশনের পরিধি বৃদ্ধি করা এবং একাধিক আন্তর্জাতিক সংস্থার থেকে এ্যাক্রেডিটেশন গ্রহণ এবং
- এ্যাক্রেডিটেড হালাল সার্টিফিকেশনের সক্ষমতা অর্জন;

## ২১. অধিকতর দক্ষতা ও সফলতার সাথে কার্যাবলি সম্পাদনের জন্য করণীয়

- জেলা পর্যায়ে অবকাঠামো সম্প্রসারণ করা প্রয়োজন;
- আমদানি পণ্যের ছাড়পত্র প্রদান ও জরুরি কার্যক্রম পরিচালনার জন্য চট্টগ্রাম বন্দরে পৃথক ও বিশেষায়িত ইউনিট স্থাপন করা যেতে পারে;
- মান প্রণয়ন নিয়মাবলি আধুনিকীকরণ;
- আধুনিক পরীক্ষাগার ও দক্ষ জনবল স্থাপন;
- বাজার মনিটরিং, সার্ভিল্যান্স ও মোবাইল কোর্ট কার্যক্রম পরিচালনার জন্য পৃথক সেল গঠন এবং প্রয়োজনীয় জনবল নিয়োগ;
- গোয়েন্দা সেল প্রতিষ্ঠা;
- বাংলাদেশ স্ট্যান্ডার্ডকে আন্তর্জাতিক মানদন্ডের সাথে সঙ্গতিপূর্ণ করতে মান উইংয়ের কমিটিসমূহ পুনর্গঠন ও কার্যক্রম হালনাগাদকরণ। ফলে নতুন-নতুন ক্ষেত্রের উপর মান প্রণয়নের কার্যক্রম চালু করা সম্ভব হবে;
- বিশ্বমানের পরীক্ষাগার স্থাপন এবং প্রযুক্তিগত প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনশক্তি তৈরিতে উদ্যোগ গ্রহণ;
- মেট্রোলজি আইন ও বিধিমালা যুগোপযোগীকরণে সেল গঠন ও মেট্রোলজি বিষয়ক প্রশিক্ষণ সেল গঠন;
- গবেষণা ও উন্নয়ন সেল চালু: গবেষণাভিত্তিক সিদ্ধান্ত নিশ্চিত করতে একটি স্বতন্ত্র আর এন্ড ডি (R&D) সেল প্রতিষ্ঠা ও কার্যক্রম শুরু করা;
- ভিটামিন এ নীতি পুনর্মূল্যায়ন: ভোজ্যতেলে ভিটামিন এ ব্যবহারের বাধ্যবাধকতা অপশনালকরণ। বাংলাদেশে পর্যাপ্ত ভিটামিন এ-এর উৎস থাকায় এ নীতি পর্যালোচনা করে তেলের দাম হ্রাসের পথ সুগম করা;
- উৎপাদন সরঞ্জামের জন্য বাংলাদেশ মান প্রণয়ন: কারখানায় ব্যবহৃত মেকানিকাল, ইলেক্ট্রিক্যাল ও ইলেকট্রনিক সরঞ্জামের জন্য বাংলাদেশ মান (বিডিএস) চূড়ান্তকরণ এবং এগুলিকে বিএসটিআইয়ের বাধ্যতামূলক পণ্যের তালিকাভুক্তকরণ;
- বাধ্যতামূলক মান সনদের আওতা সম্প্রসারণ।

# বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র
# (বিটাক)

# বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)

## ১.০ বিটাকের পরিচিতি

বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) শিল্প খাতের উন্নয়নে সরকারি পর্যায়ে প্রযুক্তিগত সহায়তা প্রদানকারী অন্যতম প্রতিষ্ঠান। ১৯৬২ সালে প্রতিষ্ঠিত বিটাক বর্তমানে পাঁচটি (ঢাকা, চট্টগ্রাম, চাঁদপুর, খুলনা ও বগুড়া) কেন্দ্রের মাধ্যমে দেশের শিল্প খাতকে প্রযুক্তিগত সহায়তা প্রদান করছে এবং আরও ছয়টি (সুনামগঞ্জ, বরিশাল, রংপুর, জামালপুর, গোপালগঞ্জ ও যশোর) নতুন কেন্দ্র স্থাপনের কাজ চলছে। বিটাক ক্ষুদ্র ও মাঝারি শিল্প (SMEs) এবং বৃহৎ শিল্প প্রতিষ্ঠানকে আমদানি বিকল্প খুচরা যন্ত্রাংশের উৎপাদন ও প্রযুক্তি হস্তান্তর সহায়তা, প্রশিক্ষণ ও কর্মসংস্থান, গবেষণা ও উন্নয়নের মাধ্যমে সহায়তা প্রদান করে থাকে। এছাড়া স্থানীয় উৎপাদন প্রক্রিয়ার উন্নয়ন, নতুন পণ্য ও প্রযুক্তির গবেষণা, কারিগরি প্রশিক্ষণ এবং কমন ফ্যাসিলিটি সেন্টারের মাধ্যমে অংশীজনকে সহায়তা প্রদান করে। বিটাক-এর মূল লক্ষ্য হলো দেশের শিল্প খাতের উৎপাদনশীলতা, মান ও প্রতিযোগিতামূলক সক্ষমতা বৃদ্ধি করা, দক্ষ জনবল তৈরি করা এবং শিল্প খাতের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখা।

**টুল অ্যান্ড টেকনোলজি ইনস্টিটিউট (টিটিআই):** দেশের হালকা প্রকৌশল (লাইট ইঞ্জিনিয়ারিং) শিল্পকে প্রয়োজনীয় কারিগরি সহযোগিতা প্রদান, নতুন প্রযুক্তি উদ্ভাবন ও শিল্প খাতকে এগিয়ে নিতে উদ্যোক্তা উন্নয়নের লক্ষ্যে বিটাকে টুল অ্যান্ড টেকনোলজি ইনস্টিটিউট (টিটিআই) প্রতিষ্ঠা করা হয়।

**Advanced Training & Innovation Complex (ATIC):** দক্ষ জনবল তৈরির জন্য BITAC একটি আধুনিক প্রশিক্ষণ কমপ্লেক্স, Advanced Training & Innovation Complex স্থাপন করেছে, যেখানে উচ্চ কারিগরি প্রশিক্ষণ এবং 4IR (Fourth Industrial Revolution) দক্ষতা অর্জনের প্রশিক্ষণ প্রদান করা হয়।

## ১.১ ভিশন

- শিল্পখাতকে কারিগরি সহায়তা প্রদানের লক্ষ্যে বিটাককে একটি বিশ্বমানের কেন্দ্রে রূপান্তর।

## ১.২ মিশন

- শিল্পখাতকে সহায়তা প্রদানের লক্ষ্যে প্রশিক্ষণের মাধ্যমে কারিগরি দক্ষতা বৃদ্ধি, গবেষণা ও উন্নয়নের মাধ্যমে প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তর এবং নিরবচ্ছিন্ন শিল্পোৎপাদন নিশ্চিত করার জন্য আমদানি বিকল্প যন্ত্রাংশ তৈরি ও মেরামত।

## ২. লক্ষ্য ও উদ্দেশ্য

- সংস্থার নিজস্ব সক্ষমতা বৃদ্ধি;
- পরিবর্তনশীল বাজার চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ কারিগরি দক্ষতাসম্পন্ন জনবল তৈরি ও কর্মসংস্থান;
- শিল্প কারখানার জন্য আমদানি বিকল্প যন্ত্রাংশ তৈরি;
- গবেষণা ও উন্নয়নের মাধ্যমে প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তর।

## ৩. উত্তম চর্চা

- ক্রয় কার্যক্রমে স্বচ্ছতা নিশ্চিতকরণে ই-জিপি বাস্তবায়ন;
- দাপ্তরিক কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে ডি-নথির ব্যবহার;
- দাপ্তরিক কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য কাস্টমাইজড সফটওয়্যার ব্যবহার;
- নিয়মিতভাবে অফিস ভবন, অফিস চত্বর ও প্রক্ষালন কক্ষের পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ;
- নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা প্রদানের ক্ষেত্রে সর্বাত্মক সচেষ্ট থাকা এবং সেবা প্রদান কার্যক্রম নিয়মিত পরিবীক্ষণ করা;
- দাপ্তরিক কার্যক্রম, প্রশিক্ষণ ও উৎপাদন নিরবচ্ছিন্নভাবে অব্যাহত রাখতে নিয়মিতভাবে মোটিভেশনাল সেশন আয়োজন।

## ৪. ২০২৪-২০২৫ অর্থবছরে ইনোভেশন সংক্রান্ত তথ্য

| উদ্ভাবনী ধারণা | প্রয়োগ কৌশল | উদ্ভাবনের ফলে সাধিত পরিবর্তন |
|---|---|---|
| ২ | ৩ | ৪ |
| নবায়নযোগ্য জ্বালানীর সর্বোত্তম ব্যবহারের লক্ষ্যে বিটাকের অভ্যন্তরে সোলার পটেনশিয়াল নিরুপণ ও সম্ভাব্যতা যাচাইকরণ। | বিদ্যুৎ সরবরাহে নির্ভরতা, উৎপাদন ব্যয় ও কার্বন নিঃসরণ কমানোর জন্য কার্যকর ব্যবস্থার প্রয়োজনে বিটাকের অভ্যন্তরে সোলার পটেনশিয়াল নিরুপণ ও সম্ভাব্যতা যাচাইকরণ। | BITAC এর বিদ্যুৎ খরচ কমবে, উৎপাদন কার্যক্রম হবে নিরবচ্ছিন্ন এবং কার্বন নিঃসরণ হ্রাস পাবে, যা টেকসই উন্নয়নের সহায়ক। |
| গ্রাইন্ডিং এ্যাটাচমেন্ট তৈরি করণ। | কার্যাদেশকৃত জবের সাইজ বেশি লম্বা হলে গ্রাইন্ডিং মেশিনের ক্যাপাসিটিতে আসে না ফলে সমস্যায় পড়তে হয় যা উৎপাদন গতিশীলতা ব্যাহত করে। | গ্রাইন্ডিং এ্যাটাচমেন্ট তৈরির মাধ্যমে বিটাকের অভ্যন্তরে অপেক্ষাকৃত লম্বা আকৃতির জব গ্রাইন্ডিং করা সম্ভব হচ্ছে। |
| Development of industrial PID control system (motor rpm controlling) using Simens PLC, HMI, VFD, Induction motor and rotary encoder for PLC training. | পূর্বে PLC প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থীদের ইন্ডাস্ট্রিয়াল PID (স্বয়ংক্রিয়) কন্ট্রোল সিস্টেমের তত্ত্ব ও সিমুলেশন শিখানো হতো। তবে ইন্ডাস্ট্রিয়াল কন্ট্রোল সিস্টেম শিখানোর জন্য কোনো বাস্তব হার্ডওয়্যারের সেটআপ ছিল না। | এই উদ্ভাবনের মাধ্যমে এখন বাস্তব হার্ডওয়্যার ও প্রক্রিয়া নিয়ন্ত্রণ শেখানো যাচ্ছে, যা প্রশিক্ষণের মান এবং দক্ষতা অনেক বাড়িয়ে তুলেছে। |
| সেইপ ভবনের সকল মালামালের জন্য Cloud based inventory management system তৈরি। | সেইপ প্রকল্পের আওতায় অনেক মেশিন, আসবাব, টুল ইত্যাদি কেনা হয়েছে। কিন্তু এত আইটেমের সঠিক রেজিস্টার সংরক্ষণ করা অত্যন্ত কষ্টসাধ্য ছিল। এ কারণে ম্যাটেরিয়ালের প্রাথমিক স্টক কত ছিল, কতটুকু খরচ হয়েছে ইত্যাদি তথ্য পাওয়া যেত না। | মালামালের সঠিক স্টক সংরক্ষণ, সংরক্ষণের মাধ্যমে মূল্যবান যন্ত্রাংশের হিসাব রাখা সহজ হচ্ছে, দায়িত্বশীলতার সাথে সরকারি সম্পদের ব্যবহার নিশ্চিত হচ্ছে। |
| এল. ডি. আর ব্যবহার করে স্বয়ংক্রিয়ভাবে বাতি অন-অফ করা। | স্বয়ংক্রিয়ভাবে রাতে আলো দিবে আর দিনের বেলায় অফ থাকবে। সূর্যের আলো চলে গেলে এটি স্বয়ংক্রিয়ভাবে আলো জ্বালায়। | এ কাজটি করতে কোন ব্যক্তির প্রয়োজন নেই। ফলে অপচয় হ্রাস পাবে। |
| অ্যালুমিনিয়াম, গান-মেটাল, ফসফর ব্রোঞ্জ ইত্যাদি নন-ফেরাস মেটালের চিপস মেল্ট করার জন্য কাস্ট আয়রনের ক্রুসিবল তৈরি করা। | ঢালাই সেকশনের পিট ফার্নেসে অ্যালুমিনিয়াম, গান-মেটাল, ফসফর ব্রোঞ্জ ইত্যাদি নন-ফেরাস মেটালের চিপস গলানোর জন্য গ্রাফাইট ক্রুসিবল ব্যবহার করা হয়। গ্রাফাইট ক্রুসিবলগুলোর লাইফটাইম কাস্ট আয়রন ক্রুসিবলের চেয়ে কম হওয়ায় কিছুদিন পর পর চেঞ্জ করা লাগে যা চিপস গলানোর জন্য লাভজনক নয়। | স্থানীয় বাজারের যেসব ফাউন্ড্রি সপে নন-ফেরাস মেটালের চিপস মেল্ট করা হয় সেইসব জায়গায় গ্রাফাইট ক্রুসিবলের জায়গায় কাস্ট আয়রন ক্রুসিবল ব্যবহার করলে তাদের কস্টিং খরচ কম হবে। |
| ফিটিং সেকশনে 5S+1 প্রয়োগ। | 5S+1 এর উপর বাস্তব প্রশিক্ষণ ও নিরাপত্তা সরঞ্জাম ক্রয় করে ফিটিং সেকশনে প্রয়োগ। | স্থানীয় কারখানাগুলোতে 5S+1 প্রয়োগ করলে উৎপাদনশীলতা বৃদ্ধি পাবে এবং দুর্ঘটনা হ্রাস পাবে। |
| রিমোট কন্ট্রোল ট্রলি তৈরি করণ। | ম্যানুয়ালি ট্রলিতে মালামাল আনা-নেয়া করা হতো যা হেলপারদের জন্য কষ্টসাধ্য। | স্থানীয় কারখানাগুলোতে এই ধরনের ট্রলি ব্যবহার করলে সহজে অল্প পরিশ্রমে মালামাল স্থানান্তর করা যাবে। |

## ৫. গবেষণা সংক্রান্ত তথ্য

২০২৪-২৫ অর্থবছরের দুইটি গবেষণাকর্ম চলমান রয়েছে

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (performance Indicators) | একক | লক্ষ্যমাত্রা (ক্রাইটেরিয়া মান অসাধারণ ১০০%) | ২০২৪-২৫ অর্থবছরে প্রকৃত অর্জন ও শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| চতুর্থ শিল্প বিপ্লব সংশ্লিষ্ট প্রযুক্তি উদ্ভাবন ও এ সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের সক্ষমতা অর্জন | Manufacturing of a pesticide spraying drone for agricultural applications. | সম্পাদিত R&D রিপোর্ট | % (প্রস্তাবিত গ্যান্ট চার্ট অনুযায়ী) | ১০০% | ৯০% | সংশ্লিষ্ট গবেষণাটির ফিল্ড টেস্টিং চলমান রয়েছে যা ডিসেম্বর, ২০২৫ এর মধ্যে সম্পন্ন করার লক্ষ্যমাত্রা রয়েছে। |
| | Integration of Collaborative Robotic Arm for Workpiece Loading and Unloading in a CNC Machine. | সম্পাদিত R&D রিপোর্ট | % (প্রস্তাবিত গ্যান্ট চার্ট অনুযায়ী) | ৫০% | ৬০% | লক্ষ্যমাত্রার চেয়ে বেশি অর্জিত হয়েছে, ইতোমধ্যে রোবটিক আর্ম ব্যবহার করে মেশিন অপারেট করা হচ্ছে। |

## ৬. ২০২৪-২০২৫ অর্থবছরের গুরুত্বপূর্ণ ও উল্লেখযোগ্য অর্জনসমূহ

- BITAC ISO 9001:2015 সার্টিফিকেশন লাভ করেছে, যা এর গুণগত মান ও প্রযুক্তিগত সেবার আন্তর্জাতিক স্বীকৃতি হিসেবে বিবেচিত।



বিএসটিআই কর্তৃক প্রদত্ত ISO সনদ

- বিটাক-এ নিয়মিত ও কাস্টমাইজড প্রশিক্ষণ, Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET), National Human Resource Development Fund (NHRDF) ও হাতে কলমে কারিগরি প্রশিক্ষণে মহিলাদের গুরুত্ব দিয়ে বিটাকের কার্যক্রম সম্প্রসারণপূর্বক আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচন -ফেজ- ২ প্রকল্পের আওতায় মোট ৫৫৮০ জন বেকার যুবক ও যুব নারীকে প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষিত জনবলের মধ্যে ২৮৪৭ জনকে বিভিন্ন শিল্পকারখানায় কর্মসংস্থানের ব্যবস্থা গ্রহণ করা হয়। মানব সম্পদ উন্নয়নের আওতায় ২২২৩ জনকে বাস্তব প্রশিক্ষণ প্রদান করা হয়।



হাতে-কলমে কারিগরি প্রশিক্ষণরত নারী প্রশিক্ষণার্থী



প্রশিক্ষণার্থীদের সনদ ও নিয়োগপত্র বিতরণ অনুষ্ঠান

- ২০২৪-২৫ অর্থবছরে বিটাক ১৮.০২ কোটি টাকা মূল্যের আমদানি বিকল্প যন্ত্রাংশ উৎপাদনের মাধ্যমে প্রায় ৫৬ কোটি টাকা সমমূল্যের বৈদেশিক মুদ্রা সাশ্রয় করেছে;

- বরিশাল, রংপুর, সিলেট, গোপালগঞ্জ, জামালপুর এবং যশোর বিভাগে বিটাকের ৬টি নতুন কেন্দ্র নির্মাণ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ৬২.২৩% (ভৌত) অর্জিত হয়েছে;



একাডেমিক ও প্রশাসনিক ভবনের ত্রিমাত্রিক চিত্র



ওয়ার্কশপ ভবনের ত্রিমাত্রিক চিত্র

- চতুর্থ শিল্প বিপ্লব মোকাবেলায় Artificial Intelligence (AI) এর ব্যবহার বাড়াতে বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক), GOTT SDN BHD, Malaysia এবং MICRO MAX Technologies Limited বাংলাদেশ এর যৌথ উদ্যোগে গত ০৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ Artificial Intelligence (AI) এর উপর সেমিনার অনুষ্ঠিত হয়;



চতুর্থ শিল্প বিপ্লব সম্পর্কিত Artificial Intelligence (AI) বিষয়ক সেমিনার

- Tool and Technology Institute (TTI)- এ Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) প্রকল্পের অধীন Training of Trainers (ToT) প্রশিক্ষণে বিভিন্ন পলিটেকনিক, টিএসসি সমূহের ১০০ জন ইন্সট্রাকটর ও জুনিয়র ইন্সট্রাকটরগণ কে হাইটেক (সিএনসি, পিএলসি) কোর্সে প্রশিক্ষণ এবং লাইট ইঞ্জিনিয়ারিং সেক্টরে ১৮ জন নতুন উদ্যোগক্তাগণ-কে সহায়তা প্রদান করা হয়;

- চতুর্থ শিল্প বিপ্লব সংশ্লিষ্ট প্রযুক্তি উদ্ভাবন ও এ সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের সক্ষমতা অর্জনের লক্ষ্যে Skills for Industry Competitiveness and Innovation Program (SICIP) প্রকল্পের অধীনে Advance Training and Innovation Center (ATIC)- এ সাতটি অকুপেশনে (Industrial Automation, Pneumatic & Hydraulic System And Maintenance, Industrial Robot operation and Troubleshooting, Industrial Electronics Application, 3D-Printing Technology, CAD/CAM (Mechanical) and Advance CNC Machining Center Operation and Practice) ১২৬ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান, তন্মধ্যে ৮৭ জনকে কর্মসংস্থানের ব্যবস্থা গ্রহণ করা হয়;



সিএনসি মেশিনে প্রশিক্ষণরত একজন প্রশিক্ষণার্থী

## ৭. মানব সম্পদ

বিটাকের বিভিন্ন শাখায় কর্মরত কর্মচারী/ কর্মকর্তাদের ট্রেনিং এর মাধ্যমে পেশাগত দক্ষতা উন্নয়নের প্রচেষ্টা অব্যাহত আছে।

## ৮. জনবল

| দপ্তর/সংস্থা | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | | | শূন্য পদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ |
|---|---|---|---|---|---|---|
| | | পুরুষ | নারী | মোট পূরণকৃত পদ | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) (৩+৪) | (৬) (২-৫) | (৭) |
| বিটাক | ৬৭৯ | ৪২৬ | ৩৪ | ৪৬০ | ২১৯ | - |

## ৯. শূন্য পদের বিন্যাস

| দপ্তর/সংস্থার নাম | অতিরিক্ত সচিব/সংস্থা প্রধানের পদ | যুগ্মসচিব/পরিচালকের পদ | গ্রেড ১-৯ | গ্রেড ১০-১৩ | গ্রেড ১৪-১৮ | গ্রেড ১৯-২০ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| বিটাক | | | ২৮ | ৭৮ | ৬৬ | ৪৭ | ২১৯টি |

## ১০. ২০২৪-২৫ অর্থবছরে নিয়োগ

| দপ্তর/সংস্থা | বছর | গ্রেডভিত্তিক নিয়োগ | | | | | | | | মোট | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২-৯ | | ১০-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০ | | | | |
| | | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) (৩+৫+৭+৯) | (১২) (৪+৬+৮+১০) | (১৩) (১১+১২) |
| বিটাক | ২০২৪-২৫ | - | - | - | - | - | - | - | - | - | - | - |

## ১০.১ ২০২৪-২৫ অর্থবছরে পদোন্নতি

| দপ্তর/সংস্থা | বছর | গ্রেডভিত্তিক পদোন্নতি | | | | | | | | মোট | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২-৯ | | ১০-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০ | | | | |
| | | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) (৩+৫+৭+৯) | (১২) (৪+৬+৮+১০) | (১৩) (১১+১২) |
| বিটাক | ২০২৪-২৫ | ৫ | - | ৬ | - | ২৯ | ২ | - | - | ৪০ | ২ | ৪২ |

## ১০.২ অবসর গ্রহণ (২০২৪-২৫ অর্থবছর)

| দপ্তর/সংস্থা | অর্থবছর | গ্রেডভিত্তিক অবসর গ্রহণ | | | | | | | | মোট | | সর্বমোট (১১+১২) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২-৯ | | ১০-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০ | | | | |
| | | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) (৩+৫+৭+৯) | (১২) (৪+৬+৮+১০) | |
| বিটাক | ২০২৪-২৫ | ১ | - | ৬ | - | ১২ | - | ৫ | - | ২৪ | - | ২৪ |

## ১০.৩ প্রশিক্ষণ (দেশে/বিদেশে) (২০২৪-২৫ অর্থবছর)

| দপ্তর/সংস্থা | | ইনহাউজ প্রশিক্ষণ কর্মসূচি | | | দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ কর্মসূচি | | | বিদেশে প্রশিক্ষণ কর্মসূচি | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | গ্রেড | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
| বিটাক | ১-৯ | ১৯ | ১৫৬৪ | - | ৪১ | ১৬১ | - | - | - | - |
| | ১০-১৩ | ১৪ | ১২০৩ | - | ৭ | ১২ | - | - | - | - |
| | ১৪-২০ | ১২ | ১১০৯ | - | ৭ | ২১ | - | - | - | - |

## ১১. ২০২৪-২০২৫ অর্থবছরে ভ্রমণ ও পরিদর্শন

| দপ্তর/সংস্থা | পর্যায় | অভ্যন্তরীণ ভ্রমণ/পরিদর্শন | বৈদেশিক সেমিনার/ ওয়ার্কশপ | বিদেশে এক্সপোজার ভিজিট | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| বিটাক | দপ্তর/সংস্থা প্রধান | | - | - | - |
| | গ্রেড ২-৫ | ১৩ | - | - | - |
| | গ্রেড ৬-৯ | ০৯ | - | - | - |
| মোট- | | ২২ | - | - | - |

## ১২. বিভাগীয় মামলা

| মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থা | পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে (২০২৪-২০২৫) দায়েরকৃত বিভাগীয় মামলার সংখ্যা | মোট মামলা সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে (২০২৪-২০২৫) নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | বছর শেষে অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | চাকুরিচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দণ্ড | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| বিটাক | ০ | ১ | ১ | - | ১ | - | ১ | - |

## ১৩. ২০২৪-২০২৫ অর্থবছরে বিটাক কর্তৃক বিভিন্ন প্রকাশনা

| মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার নাম | প্রকাশনার নাম | প্রকাশনার ধরণ (মাসিক/ত্রৈমাসিক/ষান্মাষিক/বার্ষিক) | প্রচারের ধরণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| বিটাক | বার্ষিক প্রতিবেদন ২০২৩-২৪ | বার্ষিক | বই আকারে | |
| বিটাক | স্মরণিকা- ২০২৪ | বার্ষিক | বই আকারে | |

## ১৪. ২০২৪-২০২৫ অর্থবছরে বিটাক কর্তৃক পুরস্কার/অ্যাওয়ার্ড প্রদান

| বছর | পুরস্কারের নাম | পুরস্কারের ক্ষেত্র | পুরস্কার প্রদানের তারিখ | পুরস্কারের সংখ্যা | পুরস্কার প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|---|---|
| - | - | - | - | - | - |

## ১৫. ২০২৪-২০২৫ অর্থবছরে উন্নয়ন বাজেট বাস্তবায়ন

(কোটি টাকায়)

| অর্থ বছর | প্রকল্প সংখ্যা | আরএডিপি বরাদ্দ | | | | অর্থ ছাড় | মোট ব্যয় | বাস্তবায়ন অগ্রগতি % |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | জিওবি | প্রকল্প সাহায্য | সংস্থার নিজস্ব অর্থায়ন | মোট | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ২০২৪-২৫ | ২ | ২১.৫৭ | - | - | ২১.৫৭ | ২১.৫৩ | ২১.২০ | ৯৮.৩৩% |
| ২০২৪-২৫ | | ৪৩৯.২৪ | - | - | ৪৩৯.২৪ | ২৮৫.৮৪ | ১৮২.৫৩ | ৪১.৫৬% |

## ১৬. প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি

(লক্ষ টাকায়)

| সংস্থার নাম | ক্র: নং | প্রকল্পের নাম বাস্তবায়ন কাল | প্রাক্কলিত ব্যয় | জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় | ২০২৪-২৫ অর্থবছরে জুন, ২০২৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি | | জুন, ২০২৫ পর্যন্ত ব্যয় |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | বরাদ্দ | ব্যয় (%) | |
| বিটাক | ১ | বিটাক কর্তৃক বাস্তবায়নাধীন 'হাতে কলমে কারিগরি প্রশিক্ষণে মহিলাদের গুরুত্ব দিয়ে বিটাকের কার্যক্রম সম্প্রসারণ পূর্বক আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচন -ফেজ-২ (১ম সংশোধিত)' শীর্ষক প্রকল্প। বাস্তবায়নকাল: অক্টোবর ২০২০ হতে জুন ২০২৭ পর্যন্ত | ১২৩১৭.৫৬ | ৬০১৬.১৫ | ২১৫৭.০০ | ২১২০.৯৭ | ৮১৩৭.১২ |
| | ২ | বিটাক কর্তৃক বাস্তবায়নাধীন সুনামগঞ্জ, বরিশাল, রংপুর, জামালপুর, গোপালগঞ্জ ও যশোর জেলায় বিটাকের ৬ টি কেন্দ্র স্থাপন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প, বাস্তবায়নকাল: জানুয়ারি ২০২২ থেকে জুন ২০২৬ পর্যন্ত | ১১২৪০৬.২২ | ৩৩০৩৯.৪৬ | ৪৩৯২৪.০০ | ১৮২৫৩.৯৯ | ৫১২৯৩.৪৫ |

## ১৭. ২০২৪-২৫ অর্থবছরের আর্থিক বিবরণী

(কোটি টাকায়)

| সর্বমোট আয় | সর্বমোট ব্যয় | সর্বমোট স্থিতি |
|---|---|---|
| ১ | ২ | ৩ (১-২) |
| ৭১.৫৪ | ৬৬.৮৯ | ৪.৬৫ |

## ১৮. শিল্পপণ্য, ভোগ্যপণ্য, সার ইত্যাদির তথ্যসমূহ

| অর্থবছর | উৎপাদিত পণ্যের নাম | উৎপাদনের লক্ষ্যমাত্রা | প্রকৃত উৎপাদন এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী উৎপাদনের শতকরা হার | বিক্রয়ের লক্ষ্যমাত্রা | মোট বিক্রয় | মোট মজুদ | দেশজ উৎপাদন দেশের অভ্যন্তরীণ চাহিদার কত শতাংশ |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ২০২৪-২৫ | | | | | | | |

## ১৯. বিটাকের উৎপাদিত প্রধান পণ্য সংক্রান্ত তথ্য

| প্রতিষ্ঠান/ ব্যাক্তির নাম | কাজের নাম | প্রভাব | ছবি সংযুক্ত |
|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | স্বাধীনতা পদক ও রেপ্লিকার ডাই পাঞ্চ তৈরি | দেশীয় প্রযুক্তি ও জনবলের সহায়তায় উৎপাদন করায় অর্থ ও সময় উভয়েই সাশ্রয় হয়েছে। দক্ষ জনবল সৃজন হয়েছে। |  স্বাধীনতা পদক |
| সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | স্বাধীনতা পদক ও রেপ্লিকার ডাই পাঞ্চ তৈরি | দেশীয় প্রযুক্তি ও জনবলের সহায়তায় উৎপাদন করায় অর্থ ও সময় উভয়েই সাশ্রয় হয়েছে। দক্ষ জনবল সৃজন হয়েছে। |  স্বাধীনতা পদক |
| সেভরণ বাংলাদেশ লিঃ | ভালব মেরামত করণ | দেশীয় প্রযুক্তি ও জনবলের সহায়তায় মেশিনিং করায় অর্থ ও সময় উভয়েই সাশ্রয় হয়েছে। দক্ষ জনবল সৃজন হয়েছে। |  ২৬ ইঞ্চি গেট ভালব |
| মিডল্যান্ড পাওয়ার কোম্পানি লিঃ | জার্নাল বিয়ারিং রি-মেটালিং করণ | আমদানি নির্ভরশীলতা হ্রাস পেয়েছে।<br><br>নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ দেয়া সম্ভব হয়েছে। |  জার্নাল বিয়ারিং রি-মেটালিং |

| | | | |
|---|---|---|---|
| টিএসপি কমপ্লেক্স লিঃ | বিভিন্ন সাইজের স্প্রোকেট তৈরি | আমদানি নির্ভরশীলতা হ্রাস পেয়েছে।<br><br>যথাসময়ে কৃষকের নিকট টিএসপি সার সরবরাহ করা সম্ভব হয়েছে। | <br>স্প্রোকেট |
| বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | লুব অয়েল পাম্প মেরামত করণ | দেশীয় প্রযুক্তি ও জনবলের সহায়তায় মেশিনিং করায় অর্থ ও সময় উভয়েই সাশ্রয় হয়েছে। দক্ষ জনবল সৃজন হয়েছে।<br><br>নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ দেয়া সম্ভব হয়েছে। | <br>লুব অয়েল |
| বিমান বাংলাদেশ এয়ার লাইন্স | কনভেয়র রোলার তৈরিকরণ | আমদানি নির্ভরশীলতা হ্রাস পেয়েছে। দক্ষ জনবল সৃজন হয়েছে।<br><br>উৎপাদন ব্যয় ও সময় হ্রাস পেয়েছে। | <br>কনভেয়র রোলার |
| বিমান বাংলাদেশ এয়ার লাইন্স | পুশ কার্ট এর গিয়ার বক্স তৈরিকরণ করণ | আমদানি নির্ভরশীলতা হ্রাস পেয়েছে। দক্ষ জনবল সৃজন হয়েছে।<br><br>উৎপাদন ব্যয় ও সময় হ্রাস পেয়েছে। | <br>পুশ কার্ট এর গিয়ার বক্স |
| পাওয়ার গ্রীড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড | কপার আইসোলেটর, ফিঙ্গার, ডিএস আর্ম বেস বক্স তৈরি ও ফেব্রিকেশন, | দেশীয় প্রযুক্তিতে স্বল্প সময়ে কাজটি সম্পন্ন করায় নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ দেয়া সম্ভব হয়েছে। বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সহজতর হয়েছে। | <br>গ্রীড কানেক্টর |

| | | | |
|---|---|---|---|
| | ডিটিএস ক্ল্যাম্প, এল সেপ কপার মেড কানেক্টিং বার তৈরি, টি শেপ টুইন প্লেট, আই ক্ল্যাম্প, বুশ ক্ল্যাম্প, টি ক্ল্যাম্প, টারমিনাল ক্ল্যাম্প তৈরি | দক্ষ জনবল সৃজন এর পাশাপাশি আমদানি নির্ভরশীলতা হ্রাস পেয়েছে। |  টেনশন ক্লাম্প  আই ক্লাম্প |
| বাংলাদেশ নৌ বাহিনী (খুলনা শিপইয়ার্ড), খুলনা | বিভিন্ন সাইজের ইম্পেলার ডাই তৈরি করণ | দেশীয় প্রযুক্তি ও জনবলের সহায়তায় উৎপাদন ও মেশিনিং করায় অর্থ ও সময় উভয়েই সাশ্রয় হয়েছে। বৈদেশিক মুদ্রার সাশ্রয় হয়েছে। আমদানি নির্ভরশীলতা হ্রাস পেয়েছে। টেকনোলজির উদ্ভবন। |  ইম্পেলার ডাই |

## ২০. ভবিষ্যৎ কর্মপরিকল্পনা

- সেপা ফেজ-২- শীর্ষক প্রকল্পের মাধ্যমে ২০২৫-২০২৬ ও ২০২৬-২০২৭ অর্থবছরে ২৬৮৮ জন পুরুষ ও ৩৪৭৭ জন নারীসহ সর্বমোট ৬১৬৫ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনবল তৈরি, প্রশিক্ষিত জনবলের ৫০% কর্মসংস্থানের ব্যবস্থা গ্রহণ এবং অবশিষ্ট জনবলকে উদ্যোক্তা হতে সহায়তা প্রদান করা;
- আধুনিক ও উন্নত প্রযুক্তির মেশিনারি সংগ্রহ এবং প্রকৌশলী ও কারিগরগণকে আধুনিক প্রযুক্তিতে প্রশিক্ষিতকরণ। এসডিজি বাস্তবায়নে প্রশিক্ষণ কার্যক্রম সম্প্রসারণ ও আধুনিকায়নের মাধ্যমে আগামী ৫ (পাঁচ) বছরে (২০২৫-২০২৬ হতে ২০২৯-২০৩০ অর্থবছর পর্যন্ত) ৪৯৫০০ জন বেকার যুবক ও যুব নারীকে প্রশিক্ষিত করা;
- বিটাক শক্তিশালীকরণ শীর্ষক প্রকল্পের আওতায় প্রায় ২৪৮ কোটি টাকা ব্যয়ে 'ট্রেনিং কমপ্লেক্স' ভবন নির্মাণ;
- ১১২৪০৬.২২ লক্ষ টাকা ব্যয়ে সুনামগঞ্জ, বরিশাল, রংপুর, জামালপুর, গোপালগঞ্জ ও যশোর জেলায় বিটাকের ৬ টি কেন্দ্র স্থাপন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পটি জানুয়ারি ২০২২ থেকে জুন ২০২৬ এর মধ্যে সম্পন্ন করা ;
- ন্যাশনাল স্পেশাল ইকোনিমিক জোন-এ বিটাকের অত্যাধুনিক কেন্দ্র স্থাপন শীর্ষক প্রকল্পের সমীক্ষা সম্পন্ন করা হয়েছে এবং পিডিপিপি-টি শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা কমিশনে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে।

## ২১. চ্যালেঞ্জসমূহ

- ক্রমবর্ধমান ও পরিবর্তনশীল উন্নত প্রযুক্তির চাহিদা পুরণের লক্ষ্যে পুরনো অবকাঠামো ও প্রযুক্তি পরিবর্তনপূর্বক আধুনিকায়ন, দেশের বেকার যুবসমাজকে লাইট ইঞ্জিনিয়ারিংসহ বাজার চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করে দক্ষ জনবলে রূপান্তরকরণ;
- অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজারের চাহিদানুযায়ী যথাযথ প্রশিক্ষণ মডিউল প্রণয়ন, দক্ষতার মানোন্নয়নকরণ;
- চতুর্থ শিল্প বিপ্লবকে সামনে রেখে রোবটিক্স, ইন্টারনেট অব থিংস ইত্যাদি বিষয়ে দক্ষ প্রশিক্ষক তৈরি, এসব বিষয়ে কর্মক্ষম জনবল তৈরি করা ও দেশব্যাপী বিটাকের কার্যক্রম সম্প্রসারণ।

## ২২. অধিকতর দক্ষতা ও সফলতার সাথে কার্যাবলি সম্পাদনের জন্য করণীয়

- অংশীজনদের সাথে মত বিনিময় সভা করে তাদের প্রত্যাশাকে প্রাধান্য দিয়ে সেবা সহজিকরণের উদ্যোগ নেয়া;
- প্রকল্প ও বার্ষিক ক্রয় পরিকল্পনা দপ্তরের ওয়েবসাইটে আপলোড করার মাধ্যমে তথ্য সহজলভ্য করা;
- ক্রয় কার্যক্রমসহ অন্যান্য অর্থ সম্পর্কিত কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা;
- দাপ্তরিক কাজে উত্তম চর্চা শতভাগ অনুসরণের সচেষ্ট থাকা;
- নিয়মিত প্রযুক্তি সম্পর্কিত প্রশিক্ষণের আয়োজন;
- দাপ্তরিক কাজে তথ্য-প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি।

# বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট
# (বিআইএম)

# বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)

## ১.০ দপ্তর সংস্থার পরিচিতি

বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট ১৯৬১ সালে তদানীন্তন কেন্দ্রীয় সরকারের অধীনে পূর্ব পাকিস্তান ব্যবস্থাপনা উন্নয়ন কেন্দ্র হিসাবে স্থাপিত হয়। তৎকালীন শিক্ষা ও প্রশিক্ষণ অধ্যাদেশ XXVI, ১৯৬১ এর মাধ্যমে ১৯৭০ সালে এই কেন্দ্র স্বায়ত্বশাসিত সংস্থার মর্যাদা লাভ করে। অধ্যাদেশটি ১৯৭৯ সালে The Government Educational & Training (Amendment) Ordinance XXVI, ১৯৭৯ নামে সংশোধিত হয়। স্বল্পমেয়াদি, বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের পাশাপাশি কেন্দ্রটিতে ১৯৬৬ সাল হতে ১-বছর মেয়াদি 'Post Graduate Diploma in Personnel Management' শীর্ষক স্নাতকোত্তর ডিপ্লোমা চালু করা হয়। প্রতিষ্ঠালগ্ন হতে বিআইএম বিভিন্ন সরকারি বিভাগ, আধা-সরকারি শিল্প সংস্থা, বেসরকারি বাণিজ্য সংগঠন ও বিশ্ববিদ্যালয়সমূহের প্রতিনিধিদের নিয়ে গঠিত একটি পরিচালনা পরিষদ দ্বারা পরিচালিত হয়ে আসছে। ক্রমবিকাশমান অর্থনীতিতে শিল্প উন্নয়নের সাথে মানবসম্পদ উন্নয়ন সম্পর্কিত কার্যক্রমের সমন্বয় সাধনের প্রয়োজনে ১৯৭৬ সালে এই প্রতিষ্ঠানটিকে শ্রম মন্ত্রণালয় হতে শিল্প মন্ত্রণালয়ের অধীনে ন্যস্ত করা হয়।

৪ঠা আগষ্ট, ১৯৯৭ সালে বাংলাদেশ ব্যবস্থাপনা উন্নয়ন কেন্দ্র (বিএমডিসি) কে বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) এ রূপান্তর করা হয়। গত নভেম্বর ১৩, ২০২৩ সালে বিআইএম আইন ২০২৩ প্রণয়নের মাধ্যমে ইনস্টিটিউট এর আইনি ভিত্তিকে শক্তিশালী করা হয়েছে। উক্ত বিআইএম আইন, ২০২৩-এর ভিত্তিতে পরিচালনা পর্ষদ পুনর্গঠন করা হয়েছে। উক্ত আইন অনুসারে, বিআইএম-এর কার্যপরিধি বিস্তৃত হয়েছে এবং প্রতিষ্ঠানটি বর্তমানে শিক্ষা ও প্রশিক্ষণ এবং পরামর্শ সেবা ও গবেষণা কার্যক্রম পরিচালনা করছে।

## ১.১ ভিশন

ব্যবস্থাপনার উৎকর্ষে বাংলাদেশ।

## ১.২ মিশন

ব্যবস্থাপনা বিষয়ক শিক্ষা, প্রশিক্ষণ, গবেষণা ও পরামর্শ সেবার মাধ্যমে দক্ষ মানবসম্পদ সৃষ্টি ও প্রাতিষ্ঠানিক সক্ষমতার উন্নয়ন।

## ২. কৌশলগত উদ্দেশ্য

- সরকারি, বেসরকারি ও এনজিওর বাণিজ্যিক, শিল্প ও সেবা সংস্থায় কর্মরতদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে ব্যবস্থাপক তৈরি।
- প্রশিক্ষণ, গবেষণা ও পরামর্শ সেবার মাধ্যমে অর্থনীতির বিভিন্ন খাতে উৎপাদনশীলতা বৃদ্ধিতে সহায়তা প্রদান।
- ব্যবস্থাপনা উন্নয়ন, প্রশিক্ষণ, অর্থনীতি, ব্যবসা ও অন্যান্য প্রাসঙ্গিক ক্ষেত্রের নতুন, আধুনিক জ্ঞান এবং তথ্য প্রচারের জন্য প্রকাশনা পরিচালনা।
- জ্ঞান এবং অভিজ্ঞতা বিনিময়ের জন্য দেশ এবং বিদেশের সমধর্মী প্রতিষ্ঠানের সাথে সহযোগিতা করা।

## ৩. কার্যাবলি

- এক বছর মেয়াদি পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ও ছয় মাস মেয়াদি ডিপ্লোমা কোর্স পরিচালনা;
- নিয়মিত, বিশেষ ও বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক অনুরোধকৃত স্বল্প ও দীর্ঘ মেয়াদি প্রশিক্ষণ কোর্স পরিচালনা;
- ব্যবস্থাপনার বিভিন্ন শাখায় নিয়মিত ও অনুরোধকৃত বিষয়ের উপর গবেষণা পরিচালনা;
- ব্যবস্থাপনার বিভিন্ন শাখায় পরামর্শ সেবা প্রদান।
- অনলাইন, অফলাইন ও ব্লেন্ডেড প্রশিক্ষণ/ শিক্ষা কার্যক্রম পরিচালনা;
- সমসাময়িক বিষয়ের উপর সেমিনার/ সিম্পোজিয়াম আয়োজন;
- দেশি/বিদেশি প্রতিষ্ঠানের সাথে যৌথ উদ্যোগে শিক্ষা/ প্রশিক্ষণ পরিচালনা।

**৪. উত্তম চর্চা:** বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)-এ চিহ্নিত উত্তম চর্চাগুলো নিম্নরূপঃ

- দৈনিক পত্রিকাসহ যে সকল স্থানে প্রশিক্ষণের তথ্য ছাপানো বা প্রদর্শন করা হয় সে সকল ক্ষেত্রে প্রশিক্ষণ সমন্বয়কারির নাম, মোবাইল নম্বর ও ই-মেইলের ঠিকানা প্রদান করা হয়। ফলে যে কোন সময় সম্ভাব্য প্রশিক্ষণার্থীবৃন্দ প্রশিক্ষণের বিভিন্ন বিষয়ে সরাসরি তথ্যাদি লাভ করতে পারেন।
- সামাজিক যোগাযোগ মাধ্যম (বিআইএম-এর ফেইজ বুক একাউন্টে)-এ বিআইএম-এর প্রশিক্ষণ কোন তথ্য জানতে চাইলে দ্রুততম সময়ের মধ্যে তথ্য প্রদান করা হয়।
- বিআইএম-এর ওয়েবসাইট সাপ্তাহিক ভিত্তিতে হালনাগাদ করা হয় এবং এতে আসন্ন ও চলমান প্রশিক্ষনের তথ্য প্রদর্শন করা হয়।
- ডি-নথির মাধ্যমে নিয়মিত প্রশিক্ষণের তথ্যাদি সকল মন্ত্রণালয় ও সরকারি দপ্তর/ সংস্থায় প্রেরণ করা হয়।
- বিআইএম-এর ডিপ্লোমা কোর্সসমূহে অন-লাইন প্রক্রিয়ায় আবেদন কার্যক্রম সম্পন্ন করা হয়।
- প্রশিক্ষণার্থীর চাহিদা অনুসারে, দাপ্তরিক কার্যকাল (সকাল ৯টা হতে বিকাল ৫টা)-এর বাইরেও প্রশিক্ষণ প্রদান করা হয়।
- চলমান প্রশিক্ষণসমূহের ক্ষেত্রে প্রশিক্ষণ কক্ষ সংক্রান্ত তথ্য প্রবেশপথের সন্নিকটস্থ বোর্ডে প্রদর্শন করা হয়, ফলে প্রশিক্ষণার্থীবৃন্দ সহজে সেখানে পৌছাতে পারেন।
- প্রশিক্ষণার্থীর চাহিদা অনুসারে বিভিন্ন প্রেজেন্টেশনের সফট কপি প্রদান করা হয়।
- বিআইএম-এর সকল প্রশিক্ষণ কোর্সে সমাপনী দিবসে ভোজের আয়োজন করা হয়।
- শীতকালে বিআইএম-এ ফুলের বাগান করা হয়।

## ৫. গবেষণা সংক্রান্ত তথ্য

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক | লক্ষ্যমাত্রা (ক্রাইটেরিয়া মান অসাধারণ ১০০%) | ২০২৪-২০২৫ অর্থবছরে প্রকৃত অর্জন ও শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ব্যবসা ও ব্যবস্থাপনা বিষয়ে স্থানীয় জ্ঞানের বিকাশ | বিআইএম-এর গবেষণা নীতিমালা প্রণয়ন | গবেষণা নীতিমালার অনুমোদন লাভ | -- | -- | ১০০% | |

## ৬. ২০২৪-২৫ অর্থবছরের গুরুত্বপূর্ণ অর্জন ও উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ

### স্বল্প মেয়াদি প্রশিক্ষণ

২০২৫-২০২৬ অর্থবছর বিআইএম-এর নিজস্ব উদ্যোগে পরিচালিত ৫৩টি (তিপ্পান্ন) স্বল্প মেয়াদি কোর্সে ১,১২৫ (এক হাজার একশত পঁচিশ) জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছেন । এছাড়া বিভিন্ন সরকারি প্রকল্প ও সংস্থার চাহিদা অনুসারে, ৩২টি (বত্রিশটি) স্বল্প মেয়াদি কোর্সে উক্ত প্রকল্প বা সংস্থা মনোনীত১,১২৬ (এক হাজার একশত ছাব্বিশ) জন কর্মকর্তা-কর্মচারীকে সুনির্দিষ্ট লক্ষ্যে প্রণীত (কাস্টমাইজড) প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

### দীর্ঘ-মেয়াদি প্রশিক্ষণ

দীর্ঘ-মেয়াদি প্রশিক্ষণের ক্ষেত্রে, ২০২৫ সেশনে ঢাকা, চট্টগ্রাম ও খুলনা ক্যাম্পাসে মানব সম্পদ ব্যবস্থাপনা, আর্থিক ব্যবস্থাপনা,বিপণন ব্যবস্থাপনা ও সাপ্লাই চেইন বিষয়ে সর্বমোট ৬৯০ জন প্রশিক্ষণার্থী অংশ গ্রহণ করেছেন ।

## জিআইজেডের সহায়তায় Sustainability Management-শীর্ষক প্রশিক্ষণ কর্মসুচি সম্পাদন

জার্মান উন্নয়ন সহযোগী সংস্থা জিআইজেডের Higher Education and Leadership Development প্রকল্পের আওতায় অক্টোবর, ২০২২ মাস হতে চলমান Sustainability Management-শীর্ষক প্রশিক্ষণ কর্মসুচি গত অক্টোবর, ২০২৪ মাসে সমাপ্ত হয়েছে।

বেসরকারি খাতের সক্ষমতা উন্নয়নে সামগ্রিক প্রচেষ্টার অংশ হিসেবে জার্মান উন্নয়ন সংস্থা জিআইজেড Sustainability Management শীর্ষক স্বল্পমেয়াদি প্রশিক্ষণ কোর্স প্রণয়নে বিআইএমকে সহায়তা প্রদান করেছে। ফলশ্রুতিতে, ২৪টি ব্যাচে বিভিন্ন প্রতিষ্ঠানের মোট ছয়শত নির্বাহী ও ব্যবস্থাপককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও Sustainability Management বিষয়ে প্রশিক্ষণের সার্বজনীন প্রাপ্যতা নিশ্চিত করতে ব্লেন্ডেড লার্নিং প্লাটফর্মসহ একটি হাইফ্লেক্স প্রশিক্ষণ কক্ষ স্থাপন করা হয়েছে।







বিআইএম-এ হাইফ্লেক্স প্রশিক্ষণ কক্ষ উদ্বোধন এবং Sustainability Management শীর্ষক প্রশিক্ষণের সনদপত্র বিতরণ অনুষ্ঠানে

## বিশ্ব ব্যাংকের কারিগরি সহায়তায় প্রশিক্ষণ কর্মসুচি প্রবর্তন

প্রায় দুই দশক যাবৎ সরকারি ক্রয় সম্পর্কিত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে বিআইএম সংশ্লিষ্ট ক্ষেত্রে যে দক্ষতা ও সুখ্যাতি অর্জন করেছে তার উচ্চতর পর্যায়ে পৌছার পরবর্তী পদক্ষেপ হিসেবে বিশ্ব ব্যাংকের কারিগরি সহায়তায় গত ২৬ অক্টোবর- ০৬ নভেম্বর, ২০২৪ সময়কালে দুই সপ্তাহব্যাপী Procurement in World Bank Financed Operations-শীর্ষক প্রশিক্ষণে কর্মসুচি প্রবর্তিত হয়েছে। বিশ্বব্যাংকের ক্রয় বিশেষজ্ঞবৃন্দ কোর্সটির কারিকুলাম প্রণয়ন করেছেন এবং প্রশিক্ষণ সেশন গুলো পরিচালনা করেছেন। বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় পরিচালিত বিভিন্ন প্রকল্পের ৩৪ জন কর্মকর্তা কোর্সটিতে অংশগ্রহণ করেছেন।



বিশ্বব্যাংকের মূখ্য ক্রয় বিশেষজ্ঞ কর্তৃক Procurement in World Bank Financed Operations-শীর্ষক প্রশিক্ষণে সেশন পরিচালনা

### বহুতলা আধুনিক ভবন উদ্বোধন

সরকারি ও বেসরকারি সংস্থার কর্মকর্তাদের পেশাগত জ্ঞান, দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রমের সুবিধাদি বৃদ্ধি, বহুমুখীকরণ ও আধুনিকায়নের উদ্দেশ্যে বিআইএম শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় বিআইএম ঢাকা ক্যাম্পসে ২তলা ভিত্তিসহ ১০তলা আন্তর্জাতিক মানের একটি ট্রেনিং কমপ্লেক্স নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। গত ২৪ মার্চ, ২০২৫ তারিখে ট্রেনিং কমপ্লেক্সটি শুভ উদ্বোধন করা হয়েছে।



বিআইএম ট্রেনিং কমপ্লেক্স এর শুভ উদ্বোধন অনুষ্ঠান

## ৭. জনবল

| দপ্তর/সংস্থার নাম | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | | | শূন্য পদ | বছরভিত্তিক সংরক্ষিত অস্থায়ী পদ |
|---|---|---|---|---|---|---|
| বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) | | পুরুষ | নারী | মোট পূরণকৃত পদ | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| - | ১৬০ | ৭৭ | ১৯ | ৯৬ | ৬৪ | ৪ |

## ৮. শূন্য পদের বিন্যাস

| দপ্তর/সংস্থার নাম | অতিরিক্ত সচিব/ সংস্থা প্রধানের পদ | যুগ্মসচিব/ পরিচালকের পদ | গ্রেড ১-৯ | গ্রেড ১০-১৩ | গ্রেড ১৪-১৮ | গ্রেড ১৯-২০ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) | ১ | ৩ | ২৬ | ৯ | ১৬ | ৯ | ৬৪ |

## ৯. ২০২৪-২৫ অর্থ বছরে নিয়োগ

| দপ্তর/সংস্থার নাম | বছর | গ্রেড ভিত্তিক নিয়োগ | | | | | | | | মোট | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২-৯ | | ১০-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০ | | | | |
| | | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) |
| বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) | ২০২৪-২৫ | - | - | ১ | ০ | ৪ | ০ | ৫ | ১ | ১৪ | ১ | ১৫ |

## ১০ . ২০২৪-২৫ অর্থ বছরে পদোন্নতি

| দপ্তর/সংস্থার নাম | বছর | গ্রেড ভিত্তিক পদোন্নতি | | | | | | | | মোট | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২-৯ | | ১০-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০১ | | | | |
| | | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) |
| বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) | ২০২৪-২৫ | ১ | - | ৩ | ১ | - | - | - | - | - | - | ৫ |

## ১১. ২০২৪-২৫ অর্থ বছরে অবসর গ্রহণ

| দপ্তর/সংস্থার নাম | বছর | গ্রেড ভিত্তিক অবসর গ্রহণ | | | | | | | | মোট | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২-৯ | | ১০-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০১ | | | | |
| | | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) |
| বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) | ২০২৪-২৫ | - | - | ১ | - | - | - | ২ | - | ৩ | - | ৩ |

## ১২. প্রশিক্ষণ (দেশে/বিদেশে)

| দপ্তর/সংস্থার নাম | গ্রেড | ইনহাউজ প্রশিক্ষণ কর্মসূচি | | দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ কর্মসূচি | | বিদেশে প্রশিক্ষণ কর্মসূচি | |
|---|---|---|---|---|---|---|---|
| | | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) | ১-৯ | | | ১ | ২৪ | - | - |
| | ১০-১৩ | | | ১ | ৬৬ | - | - |
| | ১৪-২০ | | | ১ | ৬৬ | - | - |

## ১৩. ২০২৪-২৫ অর্থবছরে ভ্রমণ ও পরিদর্শন

| দপ্তর/সংস্থার নাম | পর্যায় | অভ্যন্তরীণ ভ্রমণ/ পরিদর্শন | বৈদেশিক সেমিনার/ ওয়ার্কশপ | বিদেশে এক্সপোজার ভিজিট | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) | দপ্তর/সংস্থা প্রধান | ২ | - | - | |
| | গ্রেড ২-৫ | ১ | - | - | |
| | গ্রেড ৬-৯ | - | - | - | |
| মোট | | | | | |

## ১৪. বিভাগীয় মামলা

| দপ্তর/সংস্থার নাম | পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে (২০২৪-২৫) দায়েরকৃত বিভাগীয় মামলার সংখ্যা | মোট মামলা সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে (২০২৪-২৫) নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | বছর শেষে অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | চাকুরিচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দন্ড | মোট | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) | ২ | - | ২ | - | - | - | - | ২ |

## ১৫. ২০২৪-২০২৫ অর্থবছরে দপ্তর/সংস্থা কর্তৃক বিভিন্ন প্রকাশনা

| মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার নাম | প্রকাশনার নাম | প্রকাশনার ধরণ (মাসিক/ত্রৈমাসিক/ষান্মাষিক/বার্ষিক) | প্রচারের ধরণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট | বার্ষিক কর্মসূচি ও প্রশিক্ষণ পঞ্জি | বার্ষিক | বই আকারে এবং ওয়েব সাইটে প্রকাশ | |

## ১৬. প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি (লক্ষ টাকায়)

| সংস্থার নাম | ক্রমিক নং | প্রকল্পের নাম বাস্তবায়ন কাল | প্রাক্কলিত ব্যয় | জুন ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় | ২০২৪-২৫ অর্থবছরে জুন ২০২৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি | | জুন ২০২৫ পর্যন্ত ব্যয় |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | বরাদ্দ | ব্যয় | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) | ১ | | | | ১৩৪২.৫২ | ১৩৪২.৫২ | |

## ১৭. আর্থিক বিবরণী (২০২৪-২৫ অর্থবছর) (কোটি টাকায়)

| সর্বমোট আয় | সর্বমোট ব্যয় | সর্বমোট স্থিতি |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১০,৮৮,৯৬,০০১ | ১০,১৫,২৫,৫৭৮ | ৭৩,৭০,৪২৩ |

## ১৮. ভবিষ্যৎ কর্মপরিকল্পনা

- বিআইএম-এর স্টেকহোল্ডারদের (অংশগ্রহণকারী, পেশাজীবী ও একাডেমিক) কাছ থেকে মতামত সংগ্রহের জন্য বিষয়ভিত্তিক সেমিনার আয়োজন করা। এই সেমিনারগুলোর মাধ্যমে বিভিন্ন খাতের প্রতিনিধিরা তাদের অভিজ্ঞতা, প্রত্যাশা ও সুপারিশ উপস্থাপন করতে পারবেন। পাশাপাশি, বিআইএমএর ভবিষ্যৎ কর্মপরিকল্পনা, প্রশিক্ষণ কার্যক্রম, গবেষণা উদ্যোগ এবং নীতিগত উন্নয়ন বিষয়ে স্টেকহোল্ডারদের চাহিদা ও মতামত সরাসরি জানতে পারবে;
- গবেষণা, উদ্ভাবন ও মেধাস্বত্ব ব্যবস্থাপনাকে শক্তিশালী করার লক্ষ্যে বিশ্ব মেধাস্বত্ব সংস্থা (WIPO)-এর সহযোগিতায় একটি টেকনোলজি অ্যান্ড ইনোভেশন সাপোর্ট সেন্টার (TISC) প্রতিষ্ঠা করা;
- মেধাস্বত্ব ও বাণিজ্য সম্প্রসারণের লক্ষ্যে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষায়িত প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করা, যাতে অংশগ্রহণকারীরা আধুনিক নীতি, কৌশল ও বাস্তব দক্ষতা অর্জন করতে পারে;
- নতুন ও যুগোপযোগী কোর্স চালুকরণ সেক্ষেত্রে, জ্ঞানভিত্তিক (knowledge-based) কোর্সের পাশাপাশি বাস্তব দক্ষতা ভিত্তিক (skill-based) কোর্স চালু করা, যাতে অংশগ্রহণকারীরা শুধু তাত্ত্বিক জ্ঞানই নয়, বরং প্রয়োগযোগ্য দক্ষতা অর্জন করতে পারে;
- প্রশাসনিক কাজের গতি, নির্ভুলতা ও কার্যকারিতা বৃদ্ধির লক্ষ্যে AI-ভিত্তিক টুল ও প্রযুক্তির ব্যবহার শুরু করা। পাশাপাশি কর্মকর্তা ও কর্মীদের সক্ষমতা উন্নয়নে Artificial Intelligence-সম্পর্কিত প্রশিক্ষণ ও কর্মশালা নিয়মিতভাবে আয়োজন করা;
- গবেষণা ও পরামর্শ সেবার পরিধি বৃদ্ধি;
- আইনের আলোকে নতুন প্রবিধানমালা ও অর্গানোগ্রাম প্রস্তুত/হালনাগাদকরণ;
- আধুনিক ও যুগোপযোগী নতুন ডিপ্লোমা/এ্যাডভান্স প্রশিক্ষণ কোর্স চালুকরণ।

## ১৯. চ্যালেঞ্জসমূহ

- শিল্প উন্নয়ন ও ব্যবসার প্রসারের লক্ষ্যে মানসম্মত শিক্ষা ও প্রশিক্ষণ নিশ্চিতকরণের লক্ষ্যে যুগোপযোগী নতুন নতুন কোর্সের আয়োজন;
- বিদ্যমান কোর্স সমূহের কারিকুলাম পরিমার্জন, শিক্ষা ও প্রশিক্ষণের ডিগ্রী/সার্টিফিকেসন্স আঞ্চলিক/আন্তর্জাতিক পরিমন্ডলে গ্রহণযোগ্যতা;
- শিল্প-বাণিজ্য-ব্যবস্থাপকীয় জ্ঞানের সংমিশ্রণ;
- তথ্যপ্রযুক্তি অবকাঠামোর উন্নয়ন;
- অনুষদ সদস্যদের সক্ষমতা অর্জনে উচ্চতর শিক্ষা ও প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি, আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত মাল্টিপারপাস প্রশিক্ষণ ভবন নির্মাণ ও শাখা ক্যাম্পাসের উন্নয়ন এবং
- প্রাতিষ্ঠানিক সক্ষমতা অর্জনে আঞ্চলিক/ আন্তর্জাতিক মানের প্রতিষ্ঠানের সাথে যৌথ উদ্যোগে শিক্ষা/প্রশিক্ষণ পরিচালনাসহ বিভিন্ন ক্ষেত্রে কার্যকর যোগাযোগ স্থাপন।

## ২০. অধিকতর দক্ষতা ও সফলতার সাথে কার্যাবলি সম্পাদনের জন্য করণীয়

- বিআইএম-এ বলিষ্ট নেতৃত্ব গড়ে তুলার লক্ষ্যে পরিচালক পদসহ সকল পদোন্নতি সংক্রান্ত জটিলতা নিরসন;
- গবেষণা ও পরামর্শ সেবার পরিধি বৃদ্ধির জন্য অধিকতর বাজেট বরাদ্দ;
- আইনের আলোকে নতুন প্রবিধানমালা ও অর্গানোগ্রাম প্রস্তুত/হালনাগাদকরণ ও সেআলোকে শূন্যপদ পূরণ তরান্বিত করা;
- আধুনিক ও যুগোপযোগী নতুন ডিপ্লোমা/এ্যাডভান্স প্রশিক্ষণ কোর্স চালুকরণ।

# পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর
# (ডিপিডিটি)

# পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি)

## ১.০ দপ্তর সংস্থার পরিচিতি

পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশের মেধাসম্পদ বিষয়ক একটি বিশেষায়িত সংস্থা। এ অধিদপ্তর জাতীয় ও আন্তর্জাতিক আইন অনুযায়ী মেধাসম্পদ সুরক্ষার দায়িত্বে নিয়োজিত। ডিপিডিটি মেধাসম্পদ ব্যবস্থাপনার ক্রমবর্ধমান ধারাকে ত্বরান্বিত করে আন্তর্জাতিক মানে উন্নীতকরণে বিশ্বব্যাপী মেধাসম্পদের সংরক্ষণ ও ব্যবস্থাপনার বিষয়ে একক দায়িত্ব পালনকারি জাতিসংঘের মেধাসম্পদ বিষয়ক সংস্থা World Intellectual Property Organization (WIPO) এর সহযোগিতায় কাজ করছে। বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন পূর্বতন ট্রেডমার্ক রেজিস্ট্রি এবং পেটেন্ট অফিস দুটিকে একীভূত করে সমন্বিত ভাবে কার্যক্রম পরিচালনার জন্য বিগত ২০ই ফেব্রুয়ারি, ১৯৮৯ খ্রিঃ তারিখে এক আদেশ বলে পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর গঠন করে শিল্প মন্ত্রণালয়ের অধীনে ন্যস্ত করা হয়। The Patents & Designs Act, 1911 এর ধারা-৫৫ ও ট্রেডমার্ক আইন, ১৯৪০ এর ধারা-৪ সংশোধন করে ২০ই মার্চ, ২০০৪ খ্রিঃ তারিখে শিল্প মন্ত্রণালয়ের অধীনে পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরটির যাত্রা শুরু হয়। সর্বশেষ গত ১১ই জুলাই, ২০২৩ খ্রি. তারিখে বাংলাদেশ শিল্প-নকশা আইন, ২০২৩ গেজেট আকারে প্রকাশিত হয়েছে। উক্ত আইনের ৩(১) বিধি অনুযায়ী বিদ্যমান পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর (Department of Patents, Designs and Trademarks) নামে কার্যক্রম চলমান রয়েছে।

**১.১ ভিশন** মেধাসম্পদ সুরক্ষায় বিশ্বমানের সেবা।

**১.২ মিশন** মেধাসম্পদ সংরক্ষণ ও সচেতনতা বৃদ্ধির মাধ্যমে সৃষ্টিশীলতায় (Innovation)গতি আনয়নসহ কার্যকর ও যুগোপযোগী সেবা নিশ্চিতকরণ।

## ২. লক্ষ্য ও উদ্দেশ্য:

- দেশের বুদ্ধিবৃত্তিক সম্পদের সুরক্ষা, উৎসাহ ও বাণিজ্যিক ব্যবহারের মাধ্যমে উদ্ভাবন, শিল্প ও ব্যবসার টেকসই উন্নয়ন নিশ্চিত করা।
- পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস নিবন্ধনের মাধ্যমে সৃজনশীলতাকে স্বীকৃতি ও আইনি সুরক্ষা প্রদান।
- গ্রাহক সেবার মানোন্নয়ন এবং ডিজিটাল আবেদন প্রক্রিয়াকে আরও সহজ ও দ্রুততর করা।
- দেশীয় শিল্পোদ্যোক্তাদের মেধা সম্পদ ব্যবহারে উৎসাহিত করা ও সচেতনতা বৃদ্ধি।
- আন্তর্জাতিক মান ও চুক্তির সাথে সামঞ্জস্য রেখে আইন ও নীতিমালা অনুসরণ নিশ্চিত করা।
- প্রতিষ্ঠানটির মান ও চুক্তির সাথে সামঞ্জস্য রেখে প্রশিক্ষণ, প্রযুক্তি ব্যবহার ও প্রশাসনিক উন্নয়ন সাধন।

## ৩. উত্তম চর্চা

i. অনিষ্পন্ন বিষয়ক সভা: অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে নিয়মিত মাসিক সমন্বয় সভার আয়োজন করা হয়। উক্ত সভায় অনিষ্পন্ন বিষয়সমূহ বিস্তারিতভাবে পর্যালোচনা করে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করা হয়।

ii. আইসিটি এর ব্যাপক ব্যবহার : দ্রুত ও সুষ্ঠুভাবে কর্মসম্পাদনের লক্ষ্যে প্রত্যেক কর্মকর্তাকে ও শাখায় একটি করে কম্পিউটার প্রদান করা হয়েছে। এক শাখা থেকে অন্য শাখায় তথ্য আদান-প্রদানের জন্য সকল পিসিকে LAN এর আওতায় আনার মধ্য দিয়ে একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলা হয়েছে।

iii. Help desk-এর ব্যবহার : এ অধিদপ্তরে আগত দর্শনার্থীদেরকে Help desk হতে দ্রুত প্রয়োজনীয় সেবা ও পরামর্শ প্রদান করা হয়।

## ৪.২০২৪-২০২৫ অর্থবছরে ইনোভেশন সংক্রান্ত তথ্য

| সাল | উদ্ভাবনী ধারণা | প্রয়োগ কৌশল | উদ্ভাবনের ফলে সাধিত পরিবর্তন |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ২০২৪-২০২৫ | শিল্প-নকশা আবেদনের ডিজিটাইজেশন এবং জার্নাল প্রকাশনা | সেবা গ্রহীতা অনলাইনে আবেদন গ্রহন করতে পারছেন এবং অনলাইনে জার্নাল প্রকাশিত হচ্ছে। | শিল্প নকশা ইউনিটের সকল আবেদন অনলাইনে রিসিভ ও জার্নাল অনলাইনে প্রকাশনায় স্বচ্ছতা ও নিরবচ্ছিন্ন সেবা প্রদান সম্ভব হচ্ছে। |

## ৫. ২০২৪-২০২৫ অর্থবছরের গুরুত্বপূর্ণ অর্জনসমূহ ও উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ

### • ডিপিডিটির অটোমেশন

ডিপিডিটির অটোমেশনের লক্ষ্যে IPAS version 3.1.1 হতে IPAS version 4.0 উন্নীত করণ কার্যক্রম ২৭/৫/২৫ তারিখে উদ্বোধন করা হয়েছে।






**WIPO কর্তৃক IPAS 4 ভার্সন উদ্বোধন অনুষ্ঠান**

### • জিআই সনদ প্রদান

২০২৪-২৫ অর্থবছরে ২৪ টি ভৌগোলিক নির্দেশক পণ্য এর জিআই সনদ প্রদান করা হয়েছে। যার মধ্যে নরসিংদীর লটকন, মধুপুরের আনারস, ভোলার মহিষের দুধের কাঁচা দই, মাগুরার হাজরাপুরী লিচু, সিরাজগঞ্জের গামছা, সিলেটের মনিপুরি শাড়ি, মিরপুরের কাতানশাড়ি, ঢাকাই ফুটি কার্পাস তুলা, কুমিল্লার খাদি, ব্রাহ্মণবাড়িয়ার ছানামুখী মিষ্টি, গোপালগঞ্জের ব্রোঞ্জের গহনা, সুন্দরবনের মধু, শেরপুরের ছানার পায়েস, সিরাজগঞ্জের লুঙ্গি, গাজীপুরের কাঁঠাল, কিশোরগঞ্জের রাতা বোরো ধান, অষ্টগ্রামের পনির, বরিশালের আমড়া, কুমারখালীর বেডশিট, দিনাজপুরের বেদানা লিচু, মুসিগঞ্জের পাতক্ষীর, টাঙ্গাইলের মির্জাপুরের জামুর্কির সন্দেশ, নওগাঁর নাক ফজলী আম, ঢাকাই ফুটি কার্পাস তুলার বীজ ও গাছ। এ পর্যন্ত মোট ৬২টি জিআই সনদ প্রদান করা হয়েছে।


নরসিংদীর লটকন


মধুপুরের আনারস


ভোলার মহিষের দুধের কাঁচা দই


মাগুরার হাজরাপুরী লিচু


সিরাজগঞ্জের গামছা


সিলেটের মণিপুরি শাড়ি


মিরপুরের কাতান শাড়ি


ঢাকাই ফুটিকার্পাস তুলা


কুমিল্লার খাদি


ব্রাহ্মণবাড়িয়ার ছানামুখী মিষ্টি


গোপালগঞ্জের ব্রোঞ্জের গহনা


সুন্দর বনের মধু


শেরপুরের ছানার পায়েস


সিরাজগঞ্জের লুঙ্গি


গাজীপুরের কাঁঠাল


কিশোরগঞ্জের রাতা বোরো ধান


অষ্টগ্রামের পনির


বরিশালের আমড়া


কুমার খালীর বেডশিট


দিনাজপুরের বেদানা লিচু


মুন্সীগঞ্জের পাতক্ষীর


নওগাঁর নাক ফজলি আম


টাঙ্গাইলের মির্জাপুরের জামুর্কির সন্দেশ


ঢাকাই ফুটি কার্পাস তুলার বীজ ও গাছ

২০২৪-২০২৫ অর্থবছরে ডিপিডিটি কর্তৃক প্রদত্ত ২৪টি জিআই পণ্য

- **বিশ্ব মেধাসম্পদ দিবস ২০২৫ উদযাপন**

  ডিপিডিটি কর্তৃক গত ৩০ এপ্রিল ২০২৫ তারিখে বিশ্ব মেধা সম্পদ দিবস পালন করা হয়।






বিশ্ব মেধাসম্পদ দিবস ২০২৫ উপলক্ষ্যে বাংলাদেশ ফরেন সার্ভিস একাডেমিতে ডিপিডিটি কর্তৃক আয়োজিত অনুষ্ঠান

- ২০২৪-২০২৫ অর্থবছরে রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা ৩৫ কোটি টাকা। রাজস্ব আয় ৪৩ কোটি ৩২ হাজার টাকা অর্জিত হয়েছে।

- মেধাসম্পদ বিষয়ক ২৪৬ টি পেটেন্ট, ৮১৯টি শিল্প নকশা এবং ২৯৮৩৮ টি ট্রেডমার্কস বিষয়ক নথি নিষ্পত্তি হয়েছে।

- অনলাইনে আবেদন গ্রহণ, স্ক্রুটিনি ও নিবন্ধন প্রক্রিয়া ডিজিটাল প্ল্যাটফর্মে পরিচালনার মাধ্যমে সেবাদান সহজতর হয়েছে। ট্রেডমার্ক শ্রেণিভুক্তির ক্ষেত্রে ৪৫টি ক্লাসে আবেদন গ্রহণ ও পর্যালোচনা করা হয়েছে। পেটেন্ট ও শিল্প-নকশা বিভাগে উদ্ভাবন ভিত্তিক আবেদনের সংখ্যা বৃদ্ধি পেয়েছে, যা দেশের প্রযুক্তিগত উন্নয়নের প্রতিফলন।

- অধিদপ্তরের আওতায় জনসচেতনতা বৃদ্ধিতে বিভিন্ন সেমিনার, ওয়ার্কশপ ও প্রচার কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। মেধাসম্পদ সংরক্ষণে আন্তর্জাতিক চুক্তি ও সহযোগিতার আওতায় প্রয়োজনীয় যোগাযোগ ও তথ্য বিনিময় পরিচালিত হয়েছে। প্রশাসনিক কাঠামো উন্নয়ন ও মানব সম্পদ দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

## ৬ মানব সম্পদ উন্নয়ন

ক)কর্মসম্পাদন:

iv. অনিষ্পন্ন বিষয়ক সভা : অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে নিয়মিত মাসিক সমন্বয় সভার আয়োজন করা হয়। উক্ত সভায় অনিষ্পন্ন বিষয়সমূহ বিস্তারিতভাবে পর্যালোচনা করে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করা হয়।

v. আইসিটি এর ব্যাপক ব্যবহার : দ্রুত ও সুষ্ঠুভাবে কর্মসম্পাদনের লক্ষ্যে প্রত্যেক কর্মকর্তাকে ও শাখায় একটি করে কম্পিউটার প্রদান করা হয়েছে। এক শাখা থেকে অন্য শাখায় তথ্য আদান-প্রদানের জন্য সকল পিসিকে LAN এর আওতায় আনার মধ্য দিয়ে একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলা হয়েছে।

vi. Help desk-এর ব্যবহার : এ অধিদপ্তরে আগত দর্শনার্থীদেরকে Help desk হতে দ্রুত প্রয়োজনীয় সেবা ও পরামর্শ প্রদান করা হয় ।

Online filing system-এর ব্যবহার : এখন আবেদন অনলাইনে জমা নেওয়া হচ্ছে। অনলাইনে দাখিলকৃত আবেদন দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা নেওয়া হচ্ছে। Online filing system চালু থাকার ফলে যে কোন ব্যক্তি online এর মাধ্যমে আবেদন প্রক্রিয়া দ্রুতভাবে দাখিল করতে পারে।

(খ) জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ

i. বিধি –বিধান সম্পর্কিত : সুষ্ঠুভাবে কর্ম সম্পাদনের লক্ষ্যে নব নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণের চাকরির শুরুতে আইন, বিধি-বিধান, নিয়ম ও আচার- আচরণ সম্পর্কে ধারনা প্রদান করা হয় ও উক্ত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়।

ii. আইসিটি সম্পর্কিত : কর্মকর্তা ও কর্মচারীদের আইসিটি বিষয়ে জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এ বিষয়ে বিভিন্ন ধরনের অভ্যন্তরীণ এবং বিদেশ প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়।

iii. ই-গভর্নেন্স সম্পর্কিত: ইন্টারনেট ওয়েব ব্রাউজিং, file sharing, LAN-এর ব্যবহার মাইক্রোসফট আউটলুকসহ বিভিন্ন বিষয়ে নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। বৈদেশিক প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তারা power point এর মাধ্যমে তাদের অভিজ্ঞতা শেয়ারের ব্যবস্থা চালু আছে।

iv. সোসাল মিডিয়া সেবা: Face book এর মাধ্যমে স্টেক হোল্ডারদের IP বিষয়ক বিভিন্ন প্রশ্নের জবাব দেয়া হয়।

(গ) তথ্য প্রযুক্তির ব্যবহার এবং অফিস অটোমেশন : অত্র অফিসের যাবতীয় কার্যক্রম IPAS অটোমেশনের মাধ্যমে দ্রুতভাবে সম্পাদন করা হয়।

(ঘ) সংস্থার কর্মচারীদের নিয়োগপূর্ব পুলিশ ভেরিফিকেশনের ভিত্তিতে তাদের আবেদন সাপেক্ষে নিজ নিজ পাসপোর্টের জন্য অনাপত্তি পত্র জারীকরণপূর্বক সংস্থার ওয়েবসাইটে প্রকাশ করা হয়।

(ঙ) ডিজিটাল নথি সংরক্ষণ: নথি–পত্রাদি সঠিকভাবে সংরক্ষণের জন্য ডিজিটাল ফাইল নম্বর প্রণয়ন করা হয়েছে। এর ফলে নথিসমূহ সংরক্ষণ সহজতর হয়েছে।

(চ) পুরস্কার প্রদান: সংস্থায় কর্মরত সদস্যের মধ্যে যে সকল সদস্য ভাল কাজ করে তাদের পুরস্কার প্রদান করা হয়। সৃজনশীল চিন্তাপ্রসূত কর্মকাণ্ড সম্পাদনে উৎসাহ দেয়া হয়।

## ৭. জনবল

| দপ্তর/সংস্থা | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | | | শূন্য পদ | বছর ভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ |
|---|---|---|---|---|---|---|
| | | পুরুষ | নারী | মোট পূরণকৃত পদ | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) (৩+৪) | (৬) (২-৫) | (৭) |
| ডিপিডিটি | ১১২ | ৬৫ | ১২ | ৭৭ | ৩৫ | - |

## ৮.শূন্য পদের বিন্যাস

| দপ্তর/সংস্থার নাম | অতিরিক্ত সচিব/সংস্থা প্রধানের পদ | যুগ্মসচিব/পরিচালকের পদ | গ্রেড ১-৯ | গ্রেড ১০-১৩ | গ্রেড ১৪-১৮ | গ্রেড ১৯-২০ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ডিপিডিটি | - | - | ০৭ | ০২ | ১৮ | ৮ | ৩৫ |

## ৯.২০২৪-২০২৫ অর্থবছরে নিয়োগ

| দপ্তর/সংস্থা | বছর | গ্রেড ভিত্তিক নিয়োগ | | | | | | | | মোট | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২-৯ | | ১০-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০ | | | | |
| | | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) (৩+৫+৭+৯) | (১২) (৪+৬+৮+১০) | (১৩) (১১+১২) |
| ডিপিডিটি | ২০২৪-২০২৫ | | | | | | | ৪ | ১ | ৪ | | ৫ |

## ৯.১ ২০২৪-২০২৫ অর্থবছরে পদোন্নতি

| দপ্তর/সংস্থা | বছর | গ্রেড ভিত্তিক পদোন্নতি | | | | | | | | মোট | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২-৯ | | ১০-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০ | | | | |
| | | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) |
| ডিপিডিটি | ২০২৪-২০২৫ | ০১ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০১ | ০ | ০১ |

## ৯.২ অবসর গ্রহণ (২০২৪-২০২৫ অর্থবছর)

| দপ্তর/সংস্থা | অর্থবছর | গ্রেড ভিত্তিক অবসর গ্রহণ | | | | | | | | মোট | | সর্বমোট( ১১+১২) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২-৯ | | ১০-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০ | | | | |
| | | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) (৩+৫+৭+৯) | (১২) (৪+৬+৮+১০) | |
| ডিপিডিটি | ২০২৪-২০২৫ | ০ | ০ | ০১ | ০ | ০ | ০ | ০ | ০ | ০১ | ০ | ০১ |

## ৯.৩ প্রশিক্ষণ (দেশে/বিদেশে)

| দপ্তর/সংস্থা | | ইনহাউজ প্রশিক্ষণ কর্মসূচি | | | দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ কর্মসূচি | | | বিদেশে প্রশিক্ষণ কর্মসূচি | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | গ্রেড | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | |
| | | | পুরুষ | নারী | | পুরুষ | নারী | | পুরুষ | নারী |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
| ডিপিডিটি | ১-৯ | | | | | ৬২ | ৪ | | ২৩ | |
| | ১০-১৩ | ১৮ | ৩৬৬ | ৭০ | | ২৩ | - | | | |
| | ১৪-২০ | | | | | ৪ | ৭ | | | |

## ১০. ২০২৪-২০২৫ অর্থবছরে ভ্রমণ ও পরিদর্শন

| দপ্তর/সংস্থা | পর্যায় | অভ্যন্তরীণ ভ্রমণ/পরিদর্শণ | বৈদেশিক সেমিনার/ ওয়ার্কশপ | বিদেশে এক্সপোজার ভিজিট | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ডিপিডিটি | দপ্তর/সংস্থা প্রধান | | | | |
| | গ্রেড ২-৫ | | | | |
| | গ্রেড ৬-৯ | | | | |
| মোট- | | | | | |

## ১১.বিভাগীয় মামলা

| মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থা | পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে (২০২৪-২০২৫) দায়েরকৃত বিভাগীয় মামলার সংখ্যা | মোট মামলা সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে (২০২৪-২০২৫) নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | বছর শেষে অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | চাকুরিচ্যুতি /বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দণ্ড | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ডিপিডিটি | ১ | ০ | ১ | ০ | ০ | ০ | ১ | ১ |

## ১২. ২০২৪-২০২৫ অর্থবছরে দপ্তর/সংস্থা কর্তৃক বিভিন্ন প্রকাশনা

| মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার নাম | প্রকাশনার নাম | প্রকাশনার ধরণ (মাসিক/ত্রৈমাসিক/ষান্মাষিক/বার্ষিক) | প্রচারের ধরণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর | স্যুভিনিয়র | বার্ষিক | বইআকারে | ২৬ এপ্রিল, ২০২৫ বিশ্ব মেধা সম্পদ দিবস উপলক্ষ্যে স্যুভিনিয়র প্রকাশ করা হয়েছে। |

## ১৩. ২০২৪-২০২৫ অর্থবছরে উন্নয়ন বাজেট বাস্তবায়ন

(কোটি টাকায়)

| অর্থবছর | প্রকল্পসংখ্যা | এডিপিবরাদ্দ | | | | অর্থছাড় | মোটব্যয় | বাস্তবায়ন অগ্রগতি % |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | জিওবি | প্রকল্পসাহায্য | সংস্থার নিজস্ব অর্থায়ন | মোট | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |

## ১৪. ভবিষ্যৎ কর্মপরিকল্পনা

- ➢ জনবলের অভাবে অধিদপ্তরের বিভিন্ন ইউনিটের কার্যাবলি বিলম্বিত হচ্ছে। জনবলের স্বল্পতা নিরসনের লক্ষ্যে নতুন সাংগঠনিক কাঠামো প্রস্তুত করবার কার্যক্রম চলমান রয়েছে যা ইতোমধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে অনুমোদন পেয়েছে;
- ➢ কর্মকর্তা-কর্মচারীদের অফিস যাতায়াতের যানবাহন স্বল্পতা রয়েছে;
- ➢ কর্ম পরিবেশ ও কর্ম মান উন্নত করার মানষে বিশ্বের অন্যান্য দেশের মেধাসম্পদ অফিসের সাথে তাল মিলিয়ে অফিস আধুনিকায়ন/পূর্ণ অটোমেশনের উদ্যোগ গ্রহণ করতে হবে;
- ➢ পেটেন্ট কো-অপারেশন ট্রিটি, হেগ এগ্রিমেন্ট ও মাদ্রিদ প্রটোকলে যোগদানের উদ্যোগ গ্রহণ করতে হবে;
- ➢ মেধাসম্পদ বিষয়ক আইনসমূহ যুগোপযোগী করার উদ্যোগ নিতে হবে;
- ➢ দ্রুত নতুন ভবনের নির্মাণে উদ্যোগ গ্রহণ করতে হবে।

## ১৫. চ্যালেঞ্জ সমূহ

- ➢ মেধাসম্পদ সেবাসমূহের সম্পূর্ণ অটোমেশন;
- ➢ নিজস্ব ভবন নির্মাণ (মামলা চলমান রয়েছে);
- ➢ ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন বিষয়ক Hague Agreement এ স্বাক্ষর;
- ➢ ট্রেডমার্ক বিষয়ক Madrid Protocol-এ স্বাক্ষর;
- ➢ পেটেন্ট বিষয়ক Patent Cooperation Treaty এ স্বাক্ষর;
- ➢ জনবল বৃদ্ধি করে প্রস্তাবিত নতুন জনবল কাঠামো বাস্তবায়ন;
- ➢ কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষ হিসেবে গড়ে তোলার জন্য দীর্ঘ মেয়াদি প্রশিক্ষণের ব্যবস্থা।

## ১৬. অধিকতর দক্ষতা ও সফলতার সাথে কার্যাবলি সম্পাদনের জন্য করণীয়

- কর্মী সংখ্যা বৃদ্ধি এবং আধুনিক প্রশিক্ষণের মাধ্যমে মানব সম্পদের দক্ষতা বাড়ানো;
- আবেদন, যাচাই ও অনুমোদন প্রক্রিয়ায় স্বয়ংক্রিয়তা (automation) নিশ্চিত করা এবং অনলাইন ট্র্যাকিং সিস্টেম আরও উন্নত করা;
- বিদ্যমান আইন ও বিধিমালা আন্তর্জাতিক মান অনুযায়ী হালনাগাদ করা এবং প্রয়োগে কঠোরতা আনা;
- মেধাসম্পদ সুরক্ষায় সুবিধা নিশ্চিত করতে বিভাগ/জেলায় তথ্য সহায়তাকেন্দ্র স্থাপন;
- শিক্ষা প্রতিষ্ঠান, উদ্যোক্তা ও শিল্প খাতে মেধাসম্পদের গুরুত্ব বিষয়ে সেমিনার, কর্মশালা ও প্রচারণা চালানো;
- বৈশ্বিক সংগঠনসমূহে সক্রিয় অংশগ্রহণ এবং দ্বিপাক্ষিক/বহুপাক্ষিক সহযোগিতা জোরদার করা;
- দেশীয় উদ্ভাবকদের পেটেন্ট ও নকশা নিবন্ধনে উৎসাহিত করতে প্রণোদনার ব্যবস্থা করা।

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন
(এনপিও)

# ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)

## ১.০ দপ্তর সংস্থার পরিচিতি

ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) শিল্প মন্ত্রণালয়ের অধীন একটি সরকারি দপ্তর যা ১৯৮৯ সালে প্রতিষ্ঠিত হয়েছে। এটি জাতীয় পর্যায়ের একটি বিশেষ প্রতিষ্ঠান যা বহুবিধ কার্যকলাপ যেমন উৎপাদনশীলতায় সচেতনতা সৃষ্টি, উৎপাদনশীলতার পরিকাঠামো উন্নয়ন ও উৎপাদনশীলতার উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি এবং অর্থনৈতিক উন্নয়নের গতি নিয়মিত ও তরান্বিত করে। এনপিও একমাত্র প্রতিষ্ঠান যা সরকারের উৎপাদনশীলতা নীতি তৈরি এবং বাস্তবায়নের জন্য দায়ী। এছাড়াও এনপিও জাপান ভিত্তিক এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) কর্তৃক প্রণীত পরিকল্পনা এবং কার্যক্রম সমূহ বাস্তবায়ন করে থাকে যা এশিয়া প্যাসিফিক অঞ্চলের জন্য একটি আন্ত-সরকারি বিভাগ।

## ১.১ ভিশন

উৎপাদনশীলতায় সর্বোচ্চ উৎকর্ষ সাধন।

## ১.২ মিশন

উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য কারখানা ও সেবা প্রতিষ্ঠানে প্রশিক্ষণ, পরামর্শ, গবেষণা, কারিগরি সহায়তা ও উন্নয়নমূলক বিভিন্ন কার্যক্রম পরিচালনার মাধ্যমে উৎপাদনশীলতার সর্বোচ্চ উৎকর্ষ সাধন।

## ২. কৌশলগত উদ্দেশ্য

- দক্ষ জনবল তৈরির মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি;
- শিল্প উন্নয়নে স্বীকৃতি ও সহায়তা প্রদান;
- উৎপাদনশীলতা বিষয়ে সচেতনতা বৃদ্ধি;
- উৎপাদনশীলতা বিষয়ে গবেষণা জোরদারকরণ;
- উৎপাদনশীলতা বিষয়ক নীতি নির্ধারণ ও উন্নয়ন।

## ৩. উত্তম চর্চা

- বিদেশে প্রশিক্ষণ গ্রহণ শেষে প্রশিক্ষণে অর্জিত জ্ঞান এনপিও'র কর্মকর্তা ও কর্মচারীদের সাথে শেয়ার করা হয়।

## ৪. ২০২৪-২০২৫ অর্থবছরের গুরুত্বপূর্ণ অর্জন ও উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ

- ২০২৪-২৫ অর্থ বছরে এনপিও কর্তৃক ১৯টি প্রশিক্ষণের মাধ্যমে ৫৮০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। 'এনপিও জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বৃদ্ধি বিষয় অবহিতকরণ' শীর্ষক প্রকল্পের আওতায় বিদেশি বিশেষজ্ঞদের মাধ্যমে এনপিও'র কর্মকর্তাদের KAIZEN, Lean Management System, ও Material Flow Cost Accounting বিষয়ের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



প্রশিক্ষণ কর্মসুচি

- ‘এনপিও জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বৃদ্ধি বিষয় অবহিতকরণ প্রকল্পের আওতায় উৎপাদনশীলতা বৃদ্ধির কৌশল বিষয়ে ৫টি জেলায় ১৫টি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে । প্রশিক্ষণ সমূহে ৪৫০ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছে।



টিইএস কর্মসূচি

- ২০২৪-২৫ অর্থবছরে এশিয়ান প্রোডাকটিভি অর্গানাইজেশন (এপিও) এর আওতায় ০৩ টি টেকনিক্যাল এক্সপার্ট সার্ভিস কর্মসূচি পরিচালিত হয়। উক্ত কর্মসূচির মধ্যে ০২ টি এনপিও’র কর্মকর্তাদের জন্য Training program on Business Excellence Framework for Bangladesh শীর্ষক প্রশিক্ষণ এবং Training on Six Sigma শীর্ষক প্রশিক্ষণ পরিচালিত হয়। Training on Sustainable Beekeeping, Marketing and Quality control, Shikkha Shastha Unnayan Karzakram (SHISUK) এর কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হয় ।

- গত ২০-২৩ জানুয়ারি ২০২৫ এশিয়ান প্রোডাকটিভি অর্গানাইজেশন (এপিও), জাপান এবং ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও), শিল্প মন্ত্রণালয় এর যৌথ উদ্যোগে (চার) দিনব্যাপী আন্তর্জাতিক কর্মসূচি Holiday Inn Dhaka City Centre এ অনুষ্ঠিত হয়। উক্ত কর্মসূচিতে এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) এর আওতাভুক্ত ১৫টি দেশ হতে (বাংলাদেশের ০৫ জন অন্যান্য দেশ হতে ১৭ জন) মোট ২২ (বাইশ) জন প্রশিক্ষণার্থী ও বাংলাদেশের ০১ (এক) জন রিসোর্স পার্সন সহ মোট ০৪ (চার) জন রিসোর্স পার্সন এবং ০২ (দুই) জন এপিও প্রতিনিধি অংশগ্রহণ করে।



এপিও এবং এনপিও এর যৌথ উদ্যোগে আয়োজিত প্রশিক্ষণ কর্মসূচি

- গত ২০২৪-২৫ অর্থবছরে এশিয়ান প্রোডাকটিভি অর্গানাইজেশন (এপিও) এর বিভিন্ন প্রোগ্রামে বাংলাদেশ থেকে ২০ জন প্রতিনিধি অংশগ্রহণ করে।
- সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের উৎপাদনশীলতার প্রবণতা বিশ্লেষণ করে ৯ (নয়) টি বিস্তারিত উৎপাদনশীলতা প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।
- 'ন্যাশনাল প্রোডাকটিভিটি মাস্টার প্ল্যান ২০২১–২০৩০'এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং Monitoring & Evaluation Framework প্রণয়ন করা হয়েছে।

## ৫. জনবল

| দপ্তর/সংস্থা | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | | | শূন্য পদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ |
|---|---|---|---|---|---|---|
| | | পুরুষ | নারী | মোট পূরণকৃত পদ | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) (৩+৪) | (৬) (২-৫) | (৭) |
| ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) | ৯৯ | ৩০ | ১০ | ৪০ | ৫৯ | ৩৩ |

## ৬. শূন্য পদের বিন্যাস

| দপ্তর/সংস্থার নাম | অতিরিক্ত সচিব/সংস্থা প্রধানের পদ | যুগ্মসচিব/পরিচালকের পদ | গ্রেড ১-৯ | গ্রেড ১০-১৩ | গ্রেড ১৪-১৮ | গ্রেড ১৯-২০ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) | ০ | ০ | ১৮ | ১৭ | ১৬ | ১২ | ৫৯ |

## ৭. ২০২৪-২০২৫ অর্থবছরে নিয়োগ

| দপ্তর/সংস্থা | বছর | গ্রেড ভিত্তিক নিয়োগ | | | | | | | | মোট | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২-৯ | | ১০-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০ | | | | |
| | | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) |
| এনপিও | ২০২৪-২০২৫ | - | - | - | - | - | - | ০২ | - | ০২ | ০ | ০২ |

## ৮. ২০২৪-২০২৫ অর্থবছরে পদোন্নতি

| দপ্তর/সংস্থা | বছর | গ্রেড ভিত্তিক পদোন্নতি | | | | | | | | মোট | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২-৯ | | ১০-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০ | | | | |
| | | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) |
| এনপিও | ২০২৪-২০২৫ | ৪ | ১ | ১ | ০ | ২ | ২ | ০ | ০ | ৭ | ৩ | ১০ |

## ৯. অবসর গ্রহণ (২০২৪-২০২৫ অর্থবছর)

| দপ্তর/সংস্থা | অর্থবছর | গ্রেড ভিত্তিক অবসর গ্রহণ | | | | | | | | মোট | | সর্বমোট (১১+১২) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২-৯ | | ১০-১৩ | | ১৪-১৮ | | ১৯-২০ | | | | |
| | | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | পুরুষ | নারী | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | |
| ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) | ২০২৪-২০২৫ | ০ | ০ | ০ | ০ | ০১ | ০ | ০ | ০ | ০১ | ০ | ০১ |

## ১০ প্রশিক্ষণ (দেশে/বিদেশে)

| দপ্তর/সংস্থা | গ্রেড | ইনহাউজ প্রশিক্ষণ কর্মসূচি | | | দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ কর্মসূচি | | | বিদেশে প্রশিক্ষণ কর্মসূচি | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | |
| | | | পুরুষ | নারী | | পুরুষ | নারী | | পুরুষ | নারী |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
| এনপিও | ১-৯ | | | | ১ | ০ | ১ | ১৮ | ১৪ | ০৪ |

| দপ্তর/সংস্থা | | ইনহাউজ প্রশিক্ষণ কর্মসূচি | | | দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ কর্মসূচি | | | বিদেশে প্রশিক্ষণ কর্মসূচি | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | গ্রেড | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) |
| এনপিও | ১০-১৩ | | | | | | | ২ | ০১ | ০১ |
| | ১৪-২০ | | | | | | | - | - | - |

## ১১. ২০২৪-২০২৫ অর্থবছরে ভ্রমণ ও পরিদর্শন

| দপ্তর/সংস্থা | পর্যায় | অভ্যন্তরীণ ভ্রমণ/পরিদর্শণ | বৈদেশিক সেমিনার/ ওয়ার্কশপ | বিদেশে এক্সপোজার ভিজিট | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | দপ্তর/সংস্থা প্রধান | | | | |
| এনপিও | গ্রেড ২-৫ | | | | |
| | গ্রেড ৬-৯ | | | | |
| মোট- | | | | | |

## ১২. বিভাগীয় মামলা

| দপ্তর/ সংস্থা | পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে (২০২৪-২০২৫) দায়েরকৃত বিভাগীয় মামলার সংখ্যা | মোট মামলা সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে (২০২৪-২০২৫) নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | বছর শেষে অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | চাকুরিচ্যুতি / বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দন্ড | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| এনপিও | | | | | | | | |

## ১৩. ২০২৪-২০২৫ অর্থবছরে দপ্তর/সংস্থা কর্তৃক বিভিন্ন প্রকাশনা

| দপ্তর/সংস্থার নাম | প্রকাশনার নাম | প্রকাশনার ধরণ (মাসিক/ত্রৈমাসিক/ষান্মাষিক/ বার্ষিক) | প্রচারের ধরণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) | উৎপাদনশীলতা হ্রাস-বৃদ্ধি বিষয়ক প্রতিবেদন<br>• রসায়ন সেক্টর<br>• ট্যানারি ও লেদার সেক্টর<br>• বস্ত্র সেক্টর<br>• ফিস প্রসেসিং ও ফাইন্যান্সিয়াল ইন্টারমিডিয়েশন সেক্টর<br>• প্রকৌশল সেক্টর<br>• সেবা সেক্টর<br>• কৃষি সেক্টর<br>• চিনি ও খাদ্য সেক্টর<br>• পাট শিল্প সেক্টর | বার্ষিক | বই আকারে প্রকাশ করা হয় এবং ওয়েবসাইটে প্রকাশ করা হয়। | মুদ্রণের জন্য বিজি প্রেসে প্রেরণ করা হয়েছে। |

## ১৪. ২০২৪-২০২৫ অর্থবছরে উন্নয়ন বাজেট বাস্তবায়ন

(কোটি টাকায়)

| অর্থ বছর | প্রকল্প সংখ্যা | এডিপি বরাদ্দ | | | | অর্থ ছাড় | মোট ব্যয় | বাস্তবায়ন অগ্রগতি % |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | জিওবি | প্রকল্প সাহায্য | সংস্থার নিজস্ব অর্থায়ন | মোট | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ২০২৪-২০২৫ | ০১ | ১.৫০ | - | - | ১.৫০ | ১.৩৪ | ১.২৯ | ৮৬ |

## ১৫. প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি

(লক্ষ টাকায়)

| সংস্থার নাম | ক্রমিক নং | প্রকল্পের নাম বাস্তবায়ন কাল | প্রাক্কলিত ব্যয় | জুন ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় | ২০২৪-২০২৫ অর্থবছরে জুন, ২০২৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি | | জুন ২০২৫ পর্যন্ত ব্যয় |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | বরাদ্দ | ব্যয় (%) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৮ | ৯ |
| ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) | ১ | **নামঃ** ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ<br>বাস্তবায়নকাল: জানুয়ারি, ২০২০-জুন, ২০২৫ | ৯৩২.৭২ | ৬৯২.০১ | ১৫০.০০ | ১২৯.২৮ (৮৬.১৯%) | ৮২১.২৯ |

## ১৬. ভবিষ্যৎ কর্মপরিকল্পনা

- ন্যাশনাল প্রোডাকটিভিটি মাস্টার প্ল্যান ২০২১–২০৩০' এর কার্যকর বাস্তবায়ন এবং এর আওতায় Institutional Appreciation Award ও National Productivity Policy প্রণয়ন ও বাস্তবায়ন;
- জাতীয় পর্যায়ে অর্থনীতির বিভিন্ন খাত ও উপখাতের উৎপাদনশীলতার স্তর নির্ধারণ, বিশ্লেষণ ও নিয়মিত প্রকাশের মাধ্যমে Productivity Index তৈরি করা;
- সরকারি ও বেসরকারি উভয় খাতে উৎপাদনশীলতা বৃদ্ধি, দক্ষতা উন্নয়ন, পরামর্শ সেবা ও গবেষণার ক্ষেত্র সম্প্রসারণ করে Public–Private Productivity Partnership (PPPP) প্রতিষ্ঠা;
- ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (NPO) কে একটি অধিদপ্তরে উন্নীত করা এবং প্রয়োজনীয় আইন, বিধি ও প্রশাসনিক কাঠামো হালনাগাদ করা;
- এনপিও'র বিদ্যমান অর্গানোগ্রাম ও নিয়োগবিধি সংশোধন এবং নতুন পদ সৃষ্টি করে দক্ষ মানবসম্পদ উন্নয়ন;
- বিভাগীয় ও আঞ্চলিক পর্যায়ে অফিস স্থাপন, যার মাধ্যমে মাঠ পর্যায়ে প্রশিক্ষণ ও পরামর্শ সেবা পৌঁছে দেওয়া;
- এনপিও কর্মকর্তাদের জন্য দেশীয় ও আন্তর্জাতিক প্রশিক্ষণের কার্যক্রম বৃদ্ধি করে সক্ষমতা উন্নয়ন (Capacity Building);
- আধুনিক সুযোগ-সুবিধাসম্পন্ন ন্যাশনাল প্রোডাকটিভিটি ট্রেনিং একাডেমি / সেন্টার স্থাপন এবং কেন্দ্র ও বিভাগীয় পর্যায়ে উন্নতমানের প্রশিক্ষণ অবকাঠামো গড়ে তোলা;
- নিজস্ব আধুনিক অফিস ভবন নির্মাণ, যেখানে গবেষণা, ডেটা অ্যানালাইসিস, প্রশিক্ষণ ও ইনোভেশন ল্যাবের সুবিধা থাকবে;
- উৎপাদনশীলতা সম্পর্কিত Productivity Data Bank তৈরি করে প্রমাণভিত্তিক সিদ্ধান্ত গ্রহণ নিশ্চিত করা;
- দেশের এসএমই সেক্টর, কৃষি, সেবা ও সরকারি খাতের জন্য আলাদা Productivity Enhancement Program প্রণয়ন ও বাস্তবায়ন।

## ১৭. চ্যালেঞ্জ সমূহ

- ন্যাশনাল প্রোডাকটিভিটি মাস্টার প্ল্যান ২০২১-২০৩০ বাস্তবায়ন;
- সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের চাহিদানুযায়ী  মানসম্মত প্রশিক্ষণ, গবেষণা ও পরামর্শ সেবা প্রদান;
- এনপিও প্রদত্ত সুপারিশ/পরামর্শ বাস্তবায়ন এবং উৎপাদনশীলতা পরিমাপের ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্যের অপ্রাপ্যতা;
- সরকারি-বেসরকারি খাতে উৎপাদনশীলতা বিষয়ে সচেতনতা ও আগ্রহের অভাব;
- এনপিও'র মানবসম্পদ, কারিগরি সক্ষমতা ও অবকাঠামোগত সীমাবদ্ধতা, যা কার্যক্রমের গতি ও মানে প্রভাব ফেলে;
- উৎপাদনশীলতা বিষয়ক কার্যক্রমে আঞ্চলিক পর্যায়ে এনপিও'র উপস্থিতি ও সেবা সম্প্রসারণের অভাব।

## ১৮. অধিকতর দক্ষতা ও সফলতার সাথে কার্যাবলি সম্পাদনের জন্য করণীয়

- এনপিও কে অধিদপ্তরে উন্নতি করা;
- বিভাগীয়/আঞ্চলিক অফিস স্থাপন;
- এনপিও এর জনবলের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;
- এনপিও এর সেবা প্রদানের জন্য কেন্দ্র ও বিভাগীয় পর্যায়ে আধুনিক সুবিধাসহ প্রশিক্ষণ একাডেমি /প্রশিক্ষণ সেন্টার স্থাপন।

# প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়

# প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়

## ১.০ দপ্তর সংস্থার পরিচিতি

প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় শিল্প মন্ত্রণালয়ের অধীন সেবাধর্মী একটি কারিগরি প্রতিষ্ঠান। বয়লার শিল্প কারখানার জন্য একটি আবশ্যকীয় যন্ত্র। সাধারণত সকল কারখানায় বয়লার ব্যবহৃত হয়। তন্মধ্যে বিদ্যুৎ কেন্দ্র, সার কারখানা, চিনি কল, টেক্সটাইল মিল, পেপার মিল, ফিড মিল, রাইস মিল, ঔষধ শিল্প ও পোষাক শিল্প উল্লেখযোগ্য। কোন বয়লার দুর্ঘটনা কবলিত হলে বা বিস্ফোরিত হলে বয়লার সম্পৃক্ত পরিচারক ও জনগণের জানমালের ব্যাপক ক্ষতি হয়।

প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের অধীন ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, ময়মনসিংহ, সিলেট, গাজীপুর, নারায়ণগঞ্জ ও নরসিংদীসহ সর্বমোট ১০ টি আঞ্চলিক কার্যালয় হতে বয়লার সংশ্লিষ্ট সেবা প্রদান কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। শিল্প কারখানায় অধিকতর নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিতকরণের লক্ষ্যে Boiler Act, 1923 রহিতক্রমে উহা যুগোপযোগী করে বয়লার আইন, ২০২২ প্রণয়ন করা হয় এবং বয়লার আইন, ২০২২ (২০২২ সনের ৬নং আইন) এর ধারা ৫২ তে প্রদত্ত ক্ষমতাবলে বয়লার বিধিমালা,২০২৫ প্রণয়ন করা হয়েছে। বয়লার দুর্ঘটনা প্রতিরোধে নিম্নমানের বয়লারের পরিবর্তে মানসম্মত, নিরাপদ, জ্বালানি সাশ্রয়ী ও পরিবেশবান্ধব বয়লার নির্মাণ করা হচ্ছে। বর্তমানে অনলাইনে বয়লার নিবন্ধন ও নবায়নের কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে।

**১.১ ভিশন :** সারাদেশে নিরাপদ বয়লার।

**১.২ মিশন :** দেশে মানসম্মত বয়লার তৈরি ও নিরাপদ চালনা নিশ্চিতকরণ।

## ২. লক্ষ্য ও উদ্দেশ্য :

- শিল্প কলকারখানায় বয়লার দুর্ঘটনা ঝুঁকি হ্রাস;
- বয়লার ব্যবহার ও পরিচালনায় নিরাপত্তা নিশ্চিতকরণ;
